pensably necessary, a husband can take his wife's *Stridhan* even though it be of the absolute nature, and he is not liable to make good that property to her : he cannot, however, take it in any other case.

However, if the husband has no means of subsistence, without using his wife's separate property, in a famine or other distress, he may take it in such circumstances, but not in any other case. Coleb. Da'. bha'. pp. 76, 77. Authority.

So *Jágnyavalkya* declares : " A husband is not liable to make good the property of his wife, taken by him in a famine, or for the performance of a duty, or during illness, or while under restraint*(m). "

(m) '*While under restraint*,'—which a creditor or other person imposes on him for the purpose of recovering his right, being debarred at the same time from ablution, from food, &c.—W. Da'. Kra. Sang. p. 42.

436 *Kátyáyana* has declared the husband (and the rest) to have no right to the use of the woman's separate property as before described, during the non-existence of any such calamity as a famine or the like :— " Neither the husband, nor the son, nor the father, nor the brothers, can assume the power over a woman's property to take it or to bestow it. If any one of these persons by force consume the woman's property, he shall be compelled to make it good with interest (y), and shall also incur a fine. If such person, having obtained her consent, use the property amicably, he shall be required to pay merely the principal (r) when he becomes rich. But if the husband have a second wife, and do not show honor to his first wife, he shall be compelled by force to restore her property, though amicably lent to him(l). If food, raiment (s), and dwelling (a) be withheld from the woman, she may exact her own (h), and take a share (of the estate) with the co-heirs(i)†. Vyavastha'

(y) ' Make it good with interest,'—that is, the woman's separate property taken by force must,

* The last hemistich of this verse is not the same in the *Dáya Krama Sangraha* and *Dáyatattwa* as in the *Dáyabhága*, wherein it is " *na strioi dátumarhati*," (he is not liable to make good to the woman,) whereas the reading inserted in the two former books is " *nákámo dátumarhati*" (he is not liable to make good unless willing :) this latter reading is considered to be more proper and reasonable.

† Coleb. Da'. bha'. pp. 76, 77. W. Da'. Kra. Sang. pp. 42, 43. Coleb. Dig. vol. III. pp. 573, 574 & 581.

ব্যাজ সুদ্ধ দিবে ইহা উহ্য, 'সবৃদ্ধিং' পদ স্ত্রীধনের বিশেষণ নয়, তাহা স্ত্রীধনের বিশেষণ হইলে 'সবৃদ্ধি' শুদ্ধ হইত*।

মিতি শেষঃ,—নতু স্ত্রীধন বিশেষণং, সবৃদ্ধিমিতি তদ্বিশেষণত্বে সবৃদ্ধ্যেবেতিব সাধুস্যাদিতি*।

(র) 'কেবল মূল'—বলাতে ব্যাজ বর্জ্জিত হইয়াছে*।

(র) 'মূলমেব'—ইত্যেবকারেণ বৃদ্ধিব্যবচ্ছেদঃ*।

(ল) 'কিন্তু যদি (ইত্যাদি)'—অর্থাৎ পতি যদি এক স্ত্রীর স্ত্রীধন লইয়া অপর স্ত্রীর সহিত বাস করে, এবং তাহাকে অবজ্ঞা করে, তবে তাহার স্ত্রীধন প্রীতিতে লইয়া থাকিলেও রাজা তাহা বলপূর্ব্বক দেওয়াইবেন*।

(ল) 'অথচেদিতি'—স্ত্রিয়া ধনং গৃহীত্বা যদ্যপর ভার্য্যয়া সহ বসতি তাঞ্চাবজানীতে প্রীত্যা গৃহীতমপি স্ত্রীধনং বলাদ্দাপ্য ইত্যর্থঃ*।

(স) 'গ্রাসাচ্ছাদন'—অর্থাৎ জীবনোপায়িক অন্নবস্ত্রাদি যদি ভর্ত্তা না দেন, আর ঐ স্ত্রী যদি নির্দ্দোষা হয় তবে সে স্বয়ং তাহা লইবে*।

(স) 'গ্রাসাচ্ছাদনেতি'—জীবনোপায়িকমন্নবস্ত্রাদি যদি ভর্ত্তা ন দদাতি স্বয়ঞ্চ নির্দ্দোষা তদা স্বয়মাকৃষ্য স্ত্রিয়া তদ্‌গ্রাহ্যমিত্যর্থঃ*।

(হ) 'স্বীয় প্রাপ্য'—অর্থাৎ স্বকীয় প্রাপ্য গ্রাসাচ্ছাদনাদি। দা, ভা, টী, পৃ, ১০২।

(হ) 'স্বমিতি'—স্বকীয়ং গ্রাসাচ্ছাদনাদীত্যর্থঃ। দা, ভা, টী, ১০২।

(অ) 'বাস'—অর্থাৎ বাস গৃহ*।

(অ) 'বাসো'—নিবাসগৃহং*।

(ই) 'বিভাগ'—অর্থাৎ ভর্ত্তা মরিলে, তৎপ্রাপ্তি যোগ্যাংশ ঋক্‌থিদের অর্থাৎ দেবরাদির স্থানে পাইবে*।

(ই) 'বিভাগমিতি'—ভর্ত্তরি মৃতে তৎপ্রাপ্তি যোগ্যাংশংঋক্‌থিনো দেবরাদেঃ সকাশাদাদদীতেত্যর্থঃ*।

ব্যবস্থা ও প্রমাণ। ৪৩৭ ভর্ত্তা স্ত্রী-ধন প্রতিশ্রুত হইলে পুত্রেরা তাহা ঋণের ন্যায় সেই স্ত্রীকে দিবে যে পতিকুলে বাস করে, যে পিতৃকুলে থাকে তাহাকে দিবে না†। কাত্যায়ন।

৪৩৭ ভর্ত্রা প্রতিশ্রুতং দেয়মৃণবৎ স্ত্রীধনং সুতৈঃ। তিষ্ঠেৎ ভর্ত্তৃকুলে যাতু ন যা পিতৃকুলে বসেৎ†॥ কাত্যায়নঃ।

ব্যবস্থা। ৪৩৮ তথাচ স্বাধীনা হইয়া যে পিতৃকুলে বাস করে তাহাকে প্রতিশ্রুত স্ত্রীধন না দিলেও হানি নাই†।

৪৩৮ তথাচ স্বাতন্ত্র্যাৎ পিতৃকুলবাসিন্যৈঃ প্রতিশ্রুত স্ত্রী ধনাদানেঽপি ন ক্ষতিরিতি†।

প্রমাণ তাহা ঐ কাত্যায়নই কহিয়াছেন, যথা,—"অপকার ক্রিয়াযুক্তা (অ), নির্লজ্জা (ই), অর্থনাশিনী (উ) ও ব্যভিচারে রতা স্ত্রী স্ত্রী-ধন পাইতেও যোগ্যা নহে"†॥

তদাহ সএব—"অপকার ক্রিয়াযুক্তা (অ) নির্লজ্জা (ই) চার্থনাসিনী (উ)। ব্যভিচাররতাযাচ স্ত্রীধনং ন চ সার্হতি"॥

এতাদৃশী নারীর স্ত্রীধনও বান্ধবেরা কাড়িয়া লইবে। বিবাদচিন্তামণি।

এতাদৃশ্যাঃ স্ত্রীধনমপ্যাচ্ছিদ্য বান্ধবৈর্গ্রাহ্যমিতি। বিবাদচিন্তামণিঃ†।

(উ) 'অপকারক্রিয়া'—বিষপ্রযোগাদিঃ।

(উ) 'অপকারক্রিয়া'—বিষপ্রয়োগাদিঃ†।

(এ) 'নির্লজ্জা'—গ্রামন্তরে বৃথা গমনাদিশীলা†।

(এ) 'নির্লজ্জা'—বৃথাগ্রামান্তরগমনাদিশীলা†।

(ও) 'অর্থনাশিনী'—বৃথা ব্যয়কারিণী†।

(ও) 'অর্থনাশিনী'—বৃথা ব্যয়শীলা†।

* দা, ক্র, সং, পৃ, ২০। উ, দা, ক্র, সং, পৃ, ৪৪, ৪৫।

† বি, দা, ভা, টী, র, ৯। কোল্, ডা, বা, ৩, পৃ, ৫৮৫।

in the form of a loan, be rendered with interest: the words 'with interest (savriddhim)' must not be supposed a discriminative of (strídhan) "the woman's separate property," for supposing this to be the case, *savriddhi* would be the proper form in which the word would appear.*

(r) '*Merely the principal*'.—Here the insertion of the word "merely" is intended to preclude (the payment of) interest.

(l) '*But if,*' *&c.*—the meaning of which is, that if the husband, after making use of the separate property of one wife, reside with another wife, and neglect the former, he shall be compelled by the ruling power to restore such property, even though it had been amicably lent.*

(s) '*Food and raiment.*'—Should the husband not allow his wife the necessaries of life, food, and clothing, then she may, if immaculate, require the supply of food and raiment which is her due.*

(h) '*She may exact her own;*'—that is, her due supply of food and raiment. *Srikrishna's* commentary on the *Dáyabhága*. Coleb. p. 77.

(a) '*Dwelling,*'—place of residence.*

(i) '*A share,*'—that is, on the death of her husband, she is to receive from his co-heirs, his younger brother, and the rest, the share to which he was entitled.*

What has been promised to a woman by her husband, as her exclusive property, must be delivered by his sons, provided she remain with the family of her husband; but not if she live in the family of her father†.—*Kátyáyana*. Vyavasthá.

Consequently,—

There is no harm in not delivering to a woman who resides, of her own authority, with the family of her father, what has been promised to her as her exclusive property†. "

This is intimated by *Kátyáyana* himself:— "But a wife who does malicious acts injurious to her husband (e), who has no sense of shame (o), who destroys his effects (k), or who takes delight in being faithless to his bed, does not even deserve the *strídhan* (*strídhanam na cha sárhati*‡.)" Authority.

Kinsmen, resuming the exclusive property of such a woman, may take it to themselves. The *Vivádachintámani*.†

(e) "*Acts injurious to her husband,*"—the administering of poison or the like.†

(o) '*Who has no sense of shame;*'—who goes to other towns on false pretences or the like.†

(k) '*Who destroys his effects;*'—who incurs expenses for immoral purposes.†

* W. Dá. Kra. Sang. pp. 44,45. † Coleb. Dig. vol. III. 585.

‡ Mr. Colebrooke renders the phrase "*Strídhanam na cha sárhati,*"—by "is held unworthy of the property above described;"—but this does not appear to be accurate, the verbatim translation of the passage being '*na*'—does not, '*cha*'— even, '*sárhati*'—deserve, '*strídhanam,*'—woman's own property (in general, not the above described alone.)

আদালতে দত্ত ও গ্রাহ্য হওয়া এবং সর্ উইলিয়ম্ মেক্নাটন্ সাহেবের পরীক্ষিত ও মনোনীত ব্যবস্থা।

প্র.। মৃত কোন জালিয়ার স্ত্রী (নিজ সপত্নীর তিন পুত্র বাঁচিয়া থাকিতে) সমুদায় স্বোপার্জ্জিত ধন অর্থাৎ এক বাটী ও অন্য বিষয় নিজ পারলৌকিক উপকারার্থে দুই ব্রাহ্মণকে দান করিল; এবং গ্রহীতাদিগকে ঐ বাটীতে দখল দিয়া আপনি তাহাদের সঙ্গে বাস করিল, আর ঐ বাটীতে তৎসপত্নীর এক পুত্র ও তাহার স্ত্রী বাসকরণ কালীন ঐ জালিয়ানী কাল প্রাপ্তা হইল। তাহার (অর্থাৎ ঐ দাত্রীর) মরণান্তে তৎসপত্নীপুত্র তাহার শ্রাদ্ধাদি করিয়া পরে মরিল। এক্ষণে তাহার (অর্থাৎ ঐ সপত্নী পুত্রের) স্ত্রী সেই বাটী দাওয়া করে। এমত অবস্থায় উক্ত দান বৈধ ও সিদ্ধ কি না?

কোন বিধবা নিজ পরিশ্রমে উপার্জ্জিত ধন দান দ্বারা অথবা যেমত ইচ্ছা সেইরূপে হস্তান্তর করিতে পারে।

উ.। ঐ জালিয়ানী যদি নিজ পরিশ্রমে কিছু ধন উপার্জ্জন করিয়া থাকে, এবং ঐ উপার্জ্জিত ধন দিয়া যদি ঐ বাটী ক্রয় করিয়া থাকে, আর নিজ পারলৌকিক উপকারার্থে যদি তাহা দুই ব্রাহ্মণকে দান করিয়া থাকে, ও নিজ মৃত্যুর পূর্ব্বে যদি ঐ দত্ত বস্তু তাহারদিগকে সমর্পণ করিয়া দিয়া থাকে, তবে তাহাতে তাহার স্বত্ব ধ্বংস হইয়া ঐ গ্রহীতাদের স্বত্ব জন্মিয়াছে। অতএব দাত্রীর সপত্নীপুত্র ও তাহার স্ত্রী ঐ বাটীতে থাকিলেও গ্রহীতাদের স্বত্ব ধ্বংস হইতে পারে না। গ্রহীতারা ঐ দান গ্রহণ না করিলে অথবা বিক্রয়াদি দ্বারা তাহা হস্তান্তর করিলেই কেবল তাহাদের স্বত্ব যাইতে পারে। দায়ভাগাদি গ্রন্থের মতানুসারে সপত্নীপুত্রের স্ত্রীর ঐ বিষয়ে কোন দাওয়া হইতে পারে না, যেহেতু তাহাতে তাহার কোন স্বত্ব নাই, অপিচ সৌদায়িক ধন ও অন্যরূপ স্ত্রীধন দান বিক্রয় করিলে তাহা শাস্ত্রানুসারে সিদ্ধ।

প্রমাণ—

দায়ভাগাদি গ্রন্থে ধৃত নারদ প্রভৃতিধর্ম্মশাস্ত্রকর্ত্তাদের বচন—"শিল্পকর্ম্মদ্বারা অথবা প্রীতিতে (পিতামাতার ও পতির জ্ঞাতি-কুটুম্ব ভিন্ন) অন্য হইতে যে ধন প্রাপ্তি হয় তাহাতে পতির স্বামিত্ব আছে, তদ্ভিন্ন অন্য ধন স্ত্রীধন কথিত। প্রাপ্ত সৌদায়িক ধনে স্ত্রীদের স্বাধীনতা আছে, যেহেতু তাহা জ্ঞাতি-কুটুম্ব-কর্ত্তৃক অনুকম্পা হেতুতে জীবিকা স্বরূপ দত্ত। সৌদায়িক ধনে স্ত্রীদের স্বাধীনতা পরিকীর্ত্তিত হইয়াছে।"

চিত্রকর্ম্ম সূত্রকর্ত্তনাদি দ্বারা যাহা অর্জ্জিত তাহাতে পতির প্রভুত্ব আছে, তিনি তাহা আপদ্ বিনাও গ্রহণ করিতে পারেন।"

ঢাকার কোর্ট আপীল। মেক্. হি. ল. বা. ২ চা. ৮. মকদ্দমা ৩৩, পৃ. ২৩৯—২৪১।

প্র. ২। কোন হিন্দু যদি অবিভক্ত ভ্রাতাদের সমক্ষে সাধারণ পৈতৃক ধনের নিজ যোগাংশ এবং পূর্ব্ব প্রশ্নে বর্ণিতরূপে* তাহার স্বোপার্জ্জিত ভূমি পত্নীকে স্ত্রীধন স্বরূপে দিয়া থাকে, তবে ঐ ব্যক্তির মৃত্যুর পর ঐ বিষয় তৎস্ত্রীকে স্ত্রীধন রূপে অর্শিবে, অথবা তদবিভক্ত ভ্রাতাদের প্রাপ্য হইবে; এবং ঐ বিষয় যদি ধনির পত্নীর প্রাপ্য হয়, তবে দান বিক্রয়াদিদ্বারা তাহা হস্তান্তর করিতে ঐ স্ত্রীর ক্ষমতা আছে কি না, যদি দান বিক্রয় করিতে তাহার ক্ষমতা না থাকে, তবে তাহার মরণান্তে ঐ বিষয় কাহাকে অর্শিবে?—তৎপতির উত্তরাধিকারিগণকে বর্ত্তিবে অথবা কাহাকে অর্শিবে? ত্রিহুতে (অর্থাৎ মিথিলায়) প্রচলিত শাস্ত্রানুসারে† এই সকল প্রশ্নের উত্তর প্রদান আবশ্যক।

---

* পূর্ব্ব প্রশ্ন এই যে—'ভ্রাতাদের সহিত অবিভক্তরূপে বাসকরণ কালীন কোন হিন্দু নিজ ধন অথবা সাধারণ ধন ভিন্ন অন্য ধনদ্বারা ভূমি সম্পত্তি উপার্জ্জন করে।' দ্রষ্টব্য মেক্. হি. ল ব, ২. পৃ, ৩২।

† ভর্ত্তৃদত্ত স্ত্রীধন দানাদি বিষয়ে মিথিলায় ও বঙ্গদেশে প্রচলিত শাস্ত্রের একই মত।

Legal opinions delivered in, and admitted by the several Courts of Judicature, and examined and approved of by Sir W. Macnaghten.

Q. A fisherman's widow (there being at the time three sons of her contemporary wife living) made a gift of the whole of her self-acquired estate, consisting of a house and other property, to two *Brahmins*, for the purpose of promoting her spiritual welfare: and having put the house into the possession of the donees, lived with them in it, and died while a son of her rival wife and his wife were residing in the same house. On her (the donor's) death, her step-son performed her exequial ceremonies, and then died. Now his (the step-son's) widow claims the house. Under these circumstances, is the gift good and valid?

A widow may dispose of, by a gift or otherwise, as she pleases, the property earned by her own exertions.

R. Supposing the fisherman's widow to have acquired some wealth by her own personal exertions, and to have purchased the house with such acquisitions, and to have bestowed it on two *Brahmins* for her own spiritual welfare, and to have delivered the gift to them before her death, in that case, her property over it became extinct, and, on the extinction of her right, the donees' title accrued. The donees' right cannot be lost, even though the donor's rival wife's son and his wife lived in that house. The extinction of their (the donees') property can be occasioned only by their non-acceptance of the gift, or by their disposing of it by sale or other alienation. According to the doctrine of the *Dáyabhága* and other legal authorities, the step-son's widow cannot have any claim to the property, for she has no right over it, and the law admits the validity of a sale and gift made by a woman of the donations of her affectionate kindred and of other peculiar property.

Authorities:—

The texts of *Nárada* and other legislators are quoted by the authors of the *Dáyabhága* and other works of law. "The wealth which is earned by mechanical arts, or which is received through affection from any other (than the kindred), is always subject to her husband's dominion. The rest is pronounced to be the woman's property." "The independence of women who have received such gifts is recognised in regard to that property; for it was given by their kindred to soothe them, and for their maintenance. The power of women over the gifts of their affectionate kindred is ever celebrated."

"In that which she has gained by the exercise of an art, such as painting or spinning, he is entitled to take it, even without the occurrence of any distress.

Dacca Court of Appeal.—Mac. H. L., V. II. Chap. VIII. Case XXXIII. pp. 239—241.

Q. 2. If a Hindoo, in the presence of his undivided brethren, made over to his wife his own share in the joint ancestral property, and the lands acquired by him in the mode described in the preceding question,* as her *stridhan* or peculiar property, will such lands after his death go to his widow as her *stridhan*, or will they devolve on his undivided brethren; and, if they go to the widow of the proprietor, has she or has she not a right to dispose of them by sale or gift: and if she has not a right to dispose of them by sale or gift, to whom will they belong after death? to her husband's heirs, or to whom? An answer to these questions is required to be delivered according to the law of *Tirhoot*†.

* The mode described in the preceding question is: 'A *Hindoo* acquires landed property by means of his own funds, or by means other than those of the joint funds, at a time he is living in partnership with his brethren.' See Macn. H. L. vol. II. p. 32.

† In respect of the disposition of the *stridhan* given by a husband, there is no difference of opinion between the *Hindu* law as current in Mithila, and that current in Bengal.

পতি কর্ত্তৃক পত্নীকে যাহা দত্ত হয় তাহা স্ত্রীধন কথিত। কিন্তু ভর্ত্তৃদত্ত ঐ বিষয় যদি স্থাবর হয় তবে ঐ স্ত্রী তাহা দানাদি করিতে অধিকারিণী নহে।

উ. ২। দ্বিতীয় প্রশ্নে বর্ণিতরূপে কোন হিন্দু যদি অবিভক্ত ভ্রাতাদের সমক্ষে অবিভক্ত পৈতৃক ধনের নিজ প্রাপ্য অংশ এবং পূর্ব্ব প্রশ্নে বর্ণিতরূপে স্বোপার্জ্জিত ভূমি ভ্রাতাদের অবিরুদ্ধাচরণে ও বিনা আপত্তিতে (অতএব অনুভূত সম্মতিতে) নিজ স্ত্রীকে স্ত্রীধনরূপে দিয়া থাকে, তবে তদবস্থায় তম্মরণান্তে ঐ বিষয়ের স্বত্ব তৎপত্নীকে বর্ত্তিবে তদবিভক্ত ভ্রাতাগণকে বর্ত্তিবে না। এমতে ঐ মৃত ব্যক্তির পত্নী অন্য স্থাবর রূপ স্ত্রীধনের ন্যায় ভর্ত্তৃদত্ত উক্ত ভূমি দান বিক্রয় করিতে অধিকারিণী নহে।

প্রমাণ—

১। যাহা সুদায় হইতে প্রাপ্ত, অথবা নিজ ক্ষমতায় উপার্জ্জিত, অথবা স্বামির সম্মতিক্রমে ঐ স্ত্রীর কুটুম্ব কর্ত্তৃক দত্ত, তাহা নির্ব্যূঢ়রূপে উপার্জ্জিত। বিবাদচিন্তামণি ও বিবাদরত্নাকর প্রভৃতি গ্রন্থে ধৃত বৃহস্পতি বচন।

২। কোন ব্যক্তি নিজ উপার্জ্জিত ধন স্বেচ্ছানুসারে দানাদি করিতে পারে। বিবাদচিন্তামণি ও বিবাদরত্নাকর প্রভৃতি গ্রন্থে ধৃত বৃহস্পতি বচন।

৩। বিবাহিতা বা অবিবাহিতা নারী পতির বা পিতার গৃহে পতি কিম্বা পিতামাতা হইতে যাহা প্রাপ্তা হয় তাহা সৌদায়িক কথিত। সৌদায়িক ধনের স্থাবর ভাগও ইচ্ছানুসারে দান বিক্রয় করিতে স্ত্রীদের স্বাধীনতা পরিকীর্ত্তিত হইয়াছে। বিবাদচিন্তামণি ও বিবাদরত্নাকর প্রভৃতি গ্রন্থে ধৃত কাত্যায়ন বচন*।

৪। সৌদায়িক ধন দানাদি করিতে স্ত্রীদের ক্ষমতা সাধারণরূপে কথিত হওয়াতে, এস্থলে ভর্ত্তৃদত্ত স্থাবর বিষয়ে বিশেষ করা হইয়াছে*। বিবাদরত্নাকরের বাক্যানুবাদ।

৫। পতিকর্ত্তৃক প্রীতিতে যাহা স্ত্রীকে দত্ত হয়, সে তাহা পতির মরণান্তে ইচ্ছানুসারে ব্যবহার করিবে অথবা স্থাবর ব্যতিরেকে দিবে*। বিবাদচিন্তামণি ও বিবাদরত্নাকর ধৃত নারদ বচন।

মেক্. হি. ল. বা. ২, পৃ. ৩৪—৩৬।

প্র.। চারি জাতির মধ্যে (অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র মধ্যে) কোন জাতীয়া এক স্ত্রী যদি বিবাহ কালে অলঙ্কার যৌতকস্বরূপ পায়, তবে তদ্রূপে প্রাপ্ত তাবৎ অলঙ্কার তাহার নিজস্ব, কি তাহাতে তৎপতির মাতা ও কনিষ্ঠ ভ্রাতা তৎসঙ্গে অংশি হইতে যথাশাস্ত্র অধিকারি?

কোন নারীকে তাহার বিবাহ কালে অস্থাবর ধন দত্ত হইলে তাহা তাহার স্ত্রীধন হয়।

উ.। উক্ত চারি জাতির কোন জাতীয়া নারীর বিবাহকালে তৎপতির ও পিতৃ মাতৃ কুলের কেহ অথবা অপর কোন ব্যক্তি অলঙ্কার বা অন্য ধন তাহাকে দিলে তাহা ধর্ম্মশাস্ত্রে অধ্যগ্নি স্ত্রীধন অর্থাৎ বিবাহকালীন অগ্নিসন্নিধানে দত্ত স্ত্রীধন উক্ত। তাহা সে নারীর নিজস্ব হয়, তাহার শাশুড়ী কিম্বা অন্য ব্যক্তি তৎসঙ্গে তাহাতে অংশি হইতে কোনক্রমে অধিকারি নয়। এই মতের প্রমাণ দায়ভাগ, দায়তত্ত্ব, বিবাদচিন্তামণি ও মিতাক্ষরা প্রভৃতি গ্রন্থে দৃষ্ট হইবে।

(প্রমাণ)।

কাত্যায়ন—"বিবাহকালে অগ্নিসন্নিধানে স্ত্রীদিগকে যাহা দত্ত হয়, বুধগণকর্ত্তৃক তাহা অধ্যগ্নি স্ত্রীধন কথিত হইয়াছে॥"

নারদ—"পতিকর্ত্তৃক প্রীতিতে যাহা দত্ত হয়, সে তাহা ইচ্ছানুসারে ব্যবহার করিবে, অথবা স্থাবর ব্যতিরেকে দিবে।"

মনু ও বিষ্ণু—"পতি বাঁচিয়া থাকিতে স্ত্রী যে অলঙ্কার ধারণ করে, দায়াদরা তাহা ভাগ করিয়া লইবে না, ভাগ করিয়া লইলে পতিত হইবে।"

পুনঃ কাত্যায়ন—"ভর্ত্তা, সুত, পিতা বা ভ্রাতারা স্ত্রীধন গ্রহণে বা দানে প্রভু নহে"†॥

* দ্রষ্টব্য ব্য, দ, পৃ, ১৫৩, ১৫৭। † দ্রষ্টব্য ব্য, দ, পৃ, ১৫২, ১৫৭, ১৬১, ৭৬১।

R. 2. If a Hindoo, as stated in the second question, in the presence of his undivided brethren, made over to his wife his own share in the joint ancestral property, and the lands acquired by him in the mode described in the preceding question, as her *Stridhan* or peculiar property, without any opposition or objection being made on the part of his brothers, from which their assent is inferrible, then under such circumstances, after his death, the right to his property will be vested in his widow, and not in his undivided brethren. In which case, his widow is not at liberty to dispose of the lands in question by sale or gift, no more than she is entitled to dispose of other immovable property given to her by her husband, which forms her *stridhan* or peculiar property.

That which is given by a husband to his wife, is termed her *stridhan*, or peculium.

But if such property given to her by her husband be *immovable*, she has no right to dispose of it.

Authorities:—1st. That which is received from affectionate kindred, or earned by valour, or given to a woman by her relations with the consent of her husband, is a valid acquisition. Text of *Vrihaspati*, cited in the *Viváda-chintámani*, *Viváda-ratnákara*, and other authorities.

2nd. A person may dispose of his own acquisitions as he pleases. Text of *Vrihaspati*, cited in the *Viváda-chintámani*, *Viváda-ratnákara*, and other authorities.

3rd. That which is received by a married woman or maiden, in the house of her husband or of her father, from her husband, or from her parents, is termed the gift of affectionate kindred. The power of women over the gifts of their affectionate kindred is ever celebrated, both in respect of donation and sale, according to their pleasure, even in the case of immovables. Text of *Kátyáyana*, cited in the *Viváda-chintámani*, *Viváda-ratnákara*, and other authorities.

4th. The power of women having been declared generally over property given by affectionate kindred, an exception is here propounded in the case of immovable property given to her by her husband. Interpretation of the text in the *Viváda-ratnákara*.

5th. What has been given by an affectionate husband to his wife, she may consume as she pleases when he is dead, or may give it away, excepting immovable property. Text of *Nárada*, cited in the *Viváda-chintámani*, *Viváda-ratnákara*, and other authorities.

Macn. H. L. vol. II. Case 14, pp. 34—36.

Q. Should a woman of any of the four classes receive jewels as a nuptial donation (technically termed *Youtuka*) at the time of her marriage, do all such ornaments so received, belong exclusively to her, or have her husband's mother and younger brother any legal right to share them with her?

R. A gift of ornaments or other effects to a woman of any one of the four classes at the time of her marriage, by a member of the family, either of her husband or her parents, or by a stranger, is by law termed *Adhyagni stridhan*, or in other words, the woman's peculiar property bestowed before the nuptial fire. It becomes her exclusive property, and the husband's mother or other persons have no right to share it with her. The authorities for this doctrine will be found in the *Dáyabhága*, *Dáyatattwa*, *Viváda-chintámani*, *Mitákshará*, and other works of law.

Personal property given to a woman at the time of her marriage becomes hers exclusively.

Kátyáyana:— "What is given to women at the time of their marriage, near the nuptial fire, is celebrated by the wise as the women's peculiar property bestowed before the nuptial fire."

Nárada:— What has been given by an affectionate husband to his wife, she may consume as she pleases, when he is dead, or may give it away, excepting immovable property."

Manu and *Vishnu*:— "Such ornamental apparel as women wear during the lives of their husbands, the heirs of those husbands shall not divide among themselves; they who divide them fall deep *into sin*."

Kátyáyana again:— "Neither the husband, nor the son, nor the father, nor the brothers, can assume the power over a woman's property to take it or bestow it."

শহর ঢাকা। ২১ এপ্রেল ১৮১৭ সাল। মেক্‌. হি. ল. বা. ২, চ্যা ৩, মকদ্দমা ২, পৃ. ১২১ ও ১২২।

প্র.। কোন পুরুষ দুই অপ্রাপ্তব্যবহার পুত্র থাকিতে নিজ স্থাবরাস্থাবর বিষয় এক দানপত্রদ্বারা পত্নীকে দান করে; অনন্তর ঐ দুই পুত্র প্রাপ্তব্যবহার ও হিতাহিত জ্ঞানবিশিষ্ট হইয়া উক্ত দানে সম্মতি দেয়। উক্ত দানের পরে উহাদের পিতা আর এক বিবাহ করে, এবং দ্বিতীয়া স্ত্রীর গর্ভে তাহার এক পুত্র হয়, এই পুত্র নিজ পিতার সমুদায় স্থাবরাস্থাবর বিষয় দাওয়া করিতেছে। এমত অবস্থায় তাহার পিতা দ্বিতীয় দারপরিগ্রহের পূর্ব্বে যে দান করিয়াছে তাহা নির্দ্দোষ ও সিদ্ধ বিবেচিত হইবে কিনা?

দ্বিতীয় দারপরিগ্রহ কালে পতি(প্রথমা) স্ত্রীকে যে অস্থাবর ধন দেয়তাহা তাহার নিব্যূঢ় স্ত্রীধন; (কিন্তু) স্থাবর ধন এরূপ নহে, তাহা দান করা হইলেও তাহাতে তাহার পতির স্বত্ব থাকে।

উ.। অপ্রাপ্তব্যবহার দুই পুত্র বাঁচিয়া থাকিতে কোন ব্যক্তি দ্বিতীয় দার-পরিগ্রহ কালীন (পূর্ব্বা) স্ত্রীকে ধন পারিতোষিক দিলে তাহা স্ত্রীধন কথিত, এবং পতির কৃত ঐ দান সম্পূর্ণ ও সিদ্ধ; পরন্তু যে ধন পতির অনধীনতায় পত্নী দান বিক্রয় বা ব্যবহার করিতে ক্ষমতাবতী তাহাই তাহার স্ত্রীধন। পতির স্থানে স্থাবর বিষয় পাইলে তাহা দানদ্বারা বা অন্যরূপে হস্তান্তর করিতে পত্নীর ক্ষমতা নাই; এতাবতা এরূপ ধন ঐ স্ত্রীর হইলেও তাহা স্ত্রীধন হয়না, যেহেতু তাহার উপর তাহার স্বয়ং প্রভুত্ব নাই। এমত অবস্থায় পত্নী ভর্ত্তৃদত্ত স্থাবরের যাবজ্জীবন উপভোগ মাত্র করিতে পারে। ঐ জ্যেষ্ঠা স্ত্রীর মরণে তদ্ভর্ত্তৃদত্ত অস্থাবর ধনে তাহার সন্তানেরাই কেবল অধিকারি, কেননা তাহা তাহার স্ত্রীধন। (কিন্তু) পতি কর্ত্তৃক পত্নীকে দত্ত স্থাবর ধনে তৎপতির স্বত্ব থাকে; এবং ঐ পতির মরণে তৎপত্নীদ্বয়ের গর্ভজাত তাহার সকল সুতই তাহাতে অধিকারি।

(প্রমাণ)।

"অধিবিন্না স্ত্রীকে দ্বিতীয় বিবাহের ব্যয়তুল্য ধন পারিতোষিক দাতব্য।।" "অথবা পতি দ্বিতীয় দারপরিগ্রহকালীন পূর্ব্বা স্ত্রীকে যাহা পারিতোষিক দেয় তাহা (এবং অন্যরূপে উপার্জ্জিত ধনও) স্ত্রী-ধন কথিত।"

"পতিকর্ত্তৃক প্রীতিতে পত্নীকে যাহা দত্ত হয়, পতি মরিলে সে তাহা ইচ্ছানুসারে ব্যবহার করিবে, অথবা স্থাবর ব্যতিরেকে দিবে।"

"শিল্পকর্ম্মদ্বারা অথবা (জ্ঞাতিকুটুম্ব ভিন্ন) অন্য হইতে প্রীতিতে যে ধন প্রাপ্তি হয় তাহাতে পতির (সর্ব্বদা) স্বামিত্ব আছে, তদ্ভিন্ন অন্যধন স্ত্রীধন কথিত।"

"মাতা মরিলে সহোদর ভ্রাতা ও সহোদরা ভগিনী সকলে মাতৃধন ভাগ করিয়া লইবে।।" উপরি ধৃত বচন কএকটী যাজ্ঞবলক্য, নারদ, কাত্যায়ন, মনু ও বৃহস্পতি ঋষির।

জিলা পুরণিয়া। মেক্‌. হি. ল. বা. ২, চ্যা. ৮, মকদ্দমা ৮, পৃ. ২১৫, ১১৬।

প্র.। কোন ব্যক্তি নিজ দৌহিত্রের স্ত্রীকে কিছু ভূমি ও কয়েকখান বাটী দিলেক, এই স্ত্রী সেই দান প্রাপ্ত বিষয়ে কিছুকাল দখিলকার থাকিয়া যে রোগে তাহার মৃত্যু হয় সেইরোগে পীড়িতাবস্থায় ঐ বিষয় নিজ দৌহিত্রকে দান করিল। এই স্ত্রীর পুত্র নিজ সহোদরা ভগিনী (অর্থাৎ বাদিনী,) আর এক ভগিনীর পুত্র (অর্থাৎ প্রতিবাদী) এবং এক বৈমাত্রেয় ভ্রাতা থাকিতে উক্ত বিষয় দান করিল। এমত অবস্থায় এই দুই দানের মধ্যে কোন্ দান যথা-শাস্ত্র ও সিদ্ধ।

কোন ব্যক্তি দৌহিত্রের স্ত্রীকে স্থাবর ধন দিলে তাহা ঐ স্ত্রীর (নিব্যূঢ়) স্ত্রীধন, তাহাতে ঐ স্ত্রীর সম্পূর্ণ ক্ষমতা আছে।

উ.। উক্ত স্ত্রীকর্ত্তৃক নিজ পতির মাতামহ হইতে প্রাপ্ত বিষয়ের দান শাস্ত্র-সিদ্ধ, যেহেতু ঐ ধন তাহার স্ত্রীধন,—যাহা শাস্ত্রে সৌদায়িক কথিত; এই স্ত্রী বাঁচিয়া থাকিতে তৎপুত্রের কৃত দান যথাশাস্ত্র ও সিদ্ধ নহে, যেহেতু তাহাতে তাহার প্রভুত্ব নাই। এই মত দায়ভাগ দায়তত্ত্ব ও বিবাদভঙ্গার্ণব প্রভৃতি গ্রন্থ সম্মত।

(প্রমাণ)।

কাত্যায়ন—"কোন স্ত্রী বিবাহের পরে বা পূর্ব্বে পতি গৃহে বা পিতৃ মাতৃ গৃহে পতি বা পিতামাতা হইতে যাহা দানে প্রাপ্তা হয় তাহা সৌদায়িক কথিত, তাদৃশ দান তাহাদের কর্ত্তৃক অনুকম্পা হেতুতে বর্ত্ত-

City of Dacca, April 21st, of 1817. Macn. H. L. vol. II. Ch. III. Case 2, pp. 121, 122.

Q. A man, having two minor sons, assigned his property, movable and immovable, to his wife by a deed of gift, and now the two sons, being of full age and disposing mind, consent to the gift. Subsequently to the gift, the father contracted a second marriage, and the second wife brought forth a son, who claims the whole personal and real property of his father. In this case, is the gift which the father made previously to contracting a second marriage to be considered good and legal?

Personal property, given by a husband to his wife on the occasion of contracting a second marriage, is hers absolutely; not so real property, over which the husband's right endures, notwithstanding the gift.

R. Property presented by a husband, while his two minor sons were living, to his wife, on his espousing a second wife, is denominated a woman's property, and the gift by the husband is complete and binding; but that alone is her peculiar property, which she has power to give, sell, or use, independently of her husband's control. The wife has no power to give or otherwise alienate the immovable property which she received from her husband: hence, though such property be hers, it does not constitute a woman's peculiar property, because she has not independent power over it. Under these circumstances, the wife has a right only to enjoy her husband's gift of the real estate during her life. On the death of the senior wife, her issue alone are entitled to take the movable property which she received from her husband, because that was her peculiar property. The right of the husband endures over the immovable estate which he gave to his wife; and on the death of the husband, all his sons by either wife are entitled to inherit it.

"To a woman, whose husband marries a second wife, let him give an equal sum, as a compensation for the supersession." "Or presented to her on her husband's marriage to another wife, (as also any other separate acquisition,) is denominated a woman's property."

"What has been given by an affectionate husband to his wife, she may consume as she pleases, when he is dead, or may give it away, excepting immovable property."

"The wealth which is earned by mechanical arts, or which is received through affection from any other (than the kindred), is (always) subject to her husband's dominion. The rest is pronounced to be the woman's property."

"When the mother is dead, let all the uterine brothers and the uterine sisters equally divide the maternal estate."

The texts quoted are those of *Jágnyavalkya*, *Nárada*, *Kátyáyana*, *Manu*, and *Vrihaspati*.

Zillah Purnea. Macn, H. L. vol. II, Ch. VIII. Case 8, pp. 215, 216.

Q. The maternal grandfather of a person made a gift of some lands and houses to his grandson's wife, who possessed the gift for some time; and she, while suffering under the disease of which she died, made a gift of the same property to her daughter's son. Her son, having his uterine sister (the plaintiff), another sister's son (the defendant), and a brother of the half blood, gave away the same property. In this case, which of the gifts is legal and binding?

The immovable property given by a man to his grandson's wife is her peculiar property, over which she has absolute dominion.

R. The gift made by the woman, of the property which she received from her husband's maternal grandfather, is legal, because the property given is her peculiar property, which by law is termed *shoudáyika*, or gift from affectionate kindred; and the gift by her son cannot be considered as valid and legal while she lives, because he has no right of proprietorship over it. This opinion is conformable to the *Dáyabhága*, *Dáyatattwa*, *Vivádabhangárnava*, and other authorities.

Kátyáyana :—"**What a woman, either after marriage or before it, either in the mansion of her husband or of her father, receives from her lord or her parents, is called the gift from affection-**

নোপায়রূপে দত্ত হওয়াতে তাহা শাস্ত্রে স্ত্রীর নির্ব্যূঢ় স্ত্রীধন কথিত। সৌদায়িক ধনে স্ত্রীদের স্বাধীনতা সর্ব্বদা পরিকীর্ত্তিত হইয়াছে, এবং তাহা ভূমি বা বাটী হইলেও তাহারা স্বেচ্ছানুসারে দান বা বিক্রয় করিতে পারে।"

পুনঃ কাত্যায়ন—"পতি বা পুত্র, কিম্বা পিতা অথবা ভ্রাতারা কেহই স্ত্রীধন ব্যবহার করিতে বা হস্তান্তর করিতে প্রভু নহে।"

জিলা নদিয়া। ২৬ জুলাই ১৮২০ সাল। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ৮, মকদ্দমা ৬, পৃ. ২১২,২১৩।

প্র.। দুই সহোদর ভ্রাতা ছিল ও তাহাদের কিছু পৈতৃক নিষ্কর ভূমি ছিল। জ্যেষ্ঠের পুত্র ছিল না, এক কন্যা মাত্র ছিল, কনিষ্ঠের দুই পুত্র ছিল। জ্যেষ্ঠ নিজ কন্যার বিবাহ দিয়া উক্ত ভূমি সম্পত্তির কিয়দংশ কন্যার অন্নাচ্ছাদনার্থ দিলেক, অথবা তৎ কন্যা পিতার মরণান্তে তাহা উত্তরাধিকারিণীরূপে প্রাপ্তা হইল,—(অর্থাৎ) উক্ত বিষয়ে সে কিরূপে অধিকারিণী হইল তাহা স্পষ্টতঃ প্রকাশ পাইতেছে না। এমত অবস্থায় ঐ স্ত্রী তাহার পিতৃব্য পুত্রের সম্মতি বিনা সেই বিষয় অপরকে দান করিতে যোগ্যা কি না?

কন্যা যে স্থাবর বিষয় দানে প্রাপ্তা হয় তাহা তাহার নির্ব্যূঢ় ধন; (কিন্তু) যাহা দায়রূপে প্রাপ্তা হয় তাহা তদ্রূপ নহে

উ.। উক্ত ভ্রাতাদের মধ্যে এক জন যদি নিজ একমাত্র কন্যার বিবাহ দিয়া তাহার প্রতিপালন নিমিত্ত পৈতৃক ভূমি সম্পত্তির কিয়দংশ দান করিয়া থাকে, এবং তাদৃশ দানোপলক্ষে ঐ কন্যা যদি তাহা দখল করিয়া থাকে, তবে এমত অবস্থায় সে (কন্যা) নিজ পিতৃব্যের দুই পুত্রের সম্মতি বিনা ঐ বিষয় অপরকে দান করিতে পারে, কেননা তাহা সৌদায়িক স্ত্রীধন কথিত ও তাহাতে তাহার স্বাধীনতা স্বীকৃত হইয়াছে। পক্ষান্তরে উক্ত বিষয় যদি উত্তরাধিকারি সূত্রে তাহার হইয়া থাকে, তবে পিতৃব্য-পুত্রের সম্মতি ব্যতীত তাহা দিতে তাহার ক্ষমতা নাই। এইমত বঙ্গদেশে প্রচলিত গ্রন্থানুমত।

প্রমাণ—

দায়ভাগ ও দায়ক্রমসংগ্রহাদি গ্রন্থে ধৃত কাত্যায়ন বচন—"বিবাহিতা বা অবিবাহিতা দুহিতা পতির কিম্বা পিতার গৃহে পতি কিম্বা পিতামাতা হইতে যাহা প্রাপ্তা হয় তাহা সৌদায়িক কথিত। সৌদায়িক ধনে স্ত্রীদের স্বাধীনতা স্বীকৃত হইয়াছে যেহেতু জ্ঞাতি কুটুম্ব কর্ত্তৃক তাহা অনুকম্পা হেতুতে বর্ত্তন স্বরূপ দত্ত। সৌদায়িক ধনের স্থাবর ভাগও ইচ্ছানুসারে দান বিক্রয় করিতে স্ত্রীদের স্বাধীনতা পরিকীর্ত্তিত হইয়াছে।" নিম্নলিখিত বাক্য দায়ভাগ হইতে ধৃত—"সে ক্ষান্তা হইয়া যাবজ্জীবন বিষয়ের উপভোগ করিবে তাহার পরে দায়াদরা গ্রহণ করিবে।"

"পত্নী" পদ উপলক্ষণ রূপে সামান্যতঃ ব্যবহৃত হইয়ছে, এতদ্দ্বারা ইহা বুঝিতে হইবে যে এই নিয়ম স্ত্রীমাত্রের সম্বন্ধধনাধিকারে প্রযুজ্য।"

জিলা বীরভূম। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ৮, মকদ্দমা ৭, পৃ. ২১৪।

রামদুলাল সরকার প্রভৃতি—বনাম—শ্রীমতী জয়মণি দেবী।

৪৩১ ও ৪৩২ সংখ্যক ব্যবস্থার নজীর।

এই মকদ্দমাতে বিচারের বিষয় এই ছিল যে বাদিদের প্রতি লিখিত বিশেষ কাগজ রাধাকান্ত চট্টোপাধ্যায়ের উইল কি না। বিচার কালীন বাদিদের পক্ষে ঈশানচন্দ্র নামক এক জন সাক্ষিকে উক্ত উইলের পোষকতা নিমিত্তে ডাকা হয়, কিন্তু তদ্বিরুদ্ধে এই আপত্তি হইল যে উক্ত উইলে তাহার স্বার্থ আছে যেহেতু তাহাতে তৎপত্নীকে অন্নাচ্ছাদন দেওয়া হইয়াছে এবং শাস্ত্রানুসারে পতি তাহা পাইতে অধিকারী।

এতাবতা আদালতের পণ্ডিতদিগের প্রতি এই প্রশ্ন করা হইল যে—

প্রশ্ন। কোন বিবাহিতা নারীকে উইলপত্রদ্বারা কিছু দেওয়া হইলে, তাহাতে তৎপতির কোন স্বার্থ আছে কি না?

উ.। কোন নারীকে যদি তৎপতির বা তাহার নিজ জ্ঞাতি-কুটুম্ব-কর্ত্তৃক উইলপত্রদ্বারা কিছু দত্ত হয়, তবে তাহা স্ত্রীধন, তাহাতে তৎপতির কোন অধিকার নাই। কিন্তু তাহা অপর ব্যক্তি-কর্ত্তৃক দত্ত হইয়া থাকিলে নারী পতির সম্মতি বিনা তদ্বিষয়ীভূত নিজ স্বত্ব দানাদি করিতে পারে না।

ate kindred; and such a gift, having by them been presented through kindness, that the women possessing it may live well, is declared by law to be their absolute property. The absolute exclusive dominion of women over such a gift is perpetually celebrated; and they have power to sell or give it away, as they please, even though it consist of lands and houses."

Kátyáyana : "Neither the husband, nor the son, nor the father, nor the brothers, have power to use or to aliene the legal property of a woman."

Zillah Nuddea, July 26th, 1820. Macn. H. L. Vol. II. Ch. VIII. Case 6, pp. 212, 213.

Q. There were two brothers of the whole blood, who had some ancestral rent-free lands. The elder had an only daughter, but no son, and the younger had two sons. The elder disposed of his daughter in marriage, and either gave a part of the landed estate for his daughter's maintenance, or the daughter, on the death of her father, acquired it by right of succession. The mode of its coming into her possession does not clearly appear. Under these circumstances, is she competent to make a gift of such property to a stranger, without the consent of her paternal uncle's sons?

Landed property which a daughter obtains by a gift is hers absolutely; not so that which she acquires by inheritance.

R. If one of the brothers, having contracted his only daughter in marriage, gave a certain quantity of land out of his ancestral landed estate for her support, and the daughter took possession by right of such donation, in this case, she is competent to give it away to a stranger without the sanction of her father's brother's two sons, as that property is termed the gift of affectionate kindred, over which her independency is recognized. If, on the other hand, the property became hers by succession, she had no power to give it without her father's nephew's consent. This is consonant to the authorities prevalent in Bengal.

Authorities :—The texts of *Kátyáyana*, laid down in the *Dáyabhága*, *Dáyakramasangraha*, and other tracts:—"That which is received by a married woman or a maiden, in the house of her husband or of her father, from her husband or from her parents, is termed the gift of affectionate kindred. The independence of women who have received such gifts is recognized in regard to that property; for it was given by their kindred to soothe them, and for their maintenance. The power of women over the gifts of their affectionate kindred is ever celebrated, both in respect of donation and of sale, according to their pleasure, even in the case of immovables." The following is a passage of the *Dáyabhága* : "Let her enjoy with moderation the property until her death. After her, let the heirs take it."

"The word 'wife' is employed with a general import: and it implies, that the rule must be understood as applicable generally to the case of a woman's succession by inheritance."

Zillah Beerbhoom. Mac. H. L. Vol. II. Chap. VII. Case. VIII. pp. 214, 215.

Rám Dulál Sarkár and another versus *Srimati Joymani Debi.*

Case bearing on the vyavasthas Nos. 431 and 432.

This was an issue to try whether a certain paper writing, addressed to the plaintiffs, was the will of Rádha'kánt Chátterjea. In the course of the trial a witness of the name of Ishánchandra was called, on the part of the plaintiffs, to support the will; against whom it was objected that he was interested, because maintenance was devised to his wife by the will, and the husband was by law entitled to receive it.

Whereupon this question was put by the Court to the Pandits:—

Q. If a legacy be given to a married woman, has her husband any interest in it?

A. If the legacy be given to her by the relations of her husband, or by her own relations, it is *Stridhana*, and the husband has no right to it; but if given to her by a stranger, she cannot part with her interest in it without her husband's consent.

অনন্তর এই আপত্তি করা হইল যে উক্ত উইলে ঐ সাক্ষির স্বার্থ আছে কেননা সে নিজ পুত্র প্রাপ্ত-ব্যবহার হওন পর্য্যন্ত কোন স্থাবর বিষয় নিজ জিম্মায় ও রক্ষণাবেক্ষণাধীনে রাখিয়াছে।

কিন্তু আদালত ঐ আপত্তি অগ্রাহ্য করিলেন এই কারণে যে সে কেবল এক ট্রস্টী স্বরূপ মাত্র, তাহাতে তাহার স্বার্থ কিছু নাই। জজেরা উক্ত ব্যক্তিকে সাক্ষিরূপে গ্রাহ্য করিতেন, কিন্তু আর এক আপত্তিতে বা বাধা হেতুতে অর্থাৎ যে একইটী মকদ্দমা হইতে এই ইষু উত্থিত হইয়াছে তাহাতে সম্ভবা কোন ঘটনায় ঐ ব্যক্তির কোন স্বার্থ হইতে পারে কি না এই সন্দেহ উপস্থিত হওয়াতে ঐ সাক্ষী অগ্রাহ্য হইল।

ইস্ট্ সাহেবের নোট, নং ৪৫। প্রথম টরমের পর সিটিং, ১৮১৬ সাল।—দ্রষ্টব্য মর্লি'র ডাইজেস্ট্ বা. ২, পৃ. ৬৫।

গ.—বনাম—ক.

৪৩০, ৪৩২ ও ৪৩৮ সংখ্যক ব্যবস্থার নজীর।

ককারাদি নাম বিশিষ্ট কোন হিন্দু অর্থাৎ এই মকদ্দমার প্রতিবাদী গকারাদি নামক স্বজাতিয়া কোন হিন্দু স্ত্রীকে অর্থাৎ বাদিনীকে ঐ জাতির আচারানুসারে বিবাহ করিলেক, এবং তদ্গর্ভে তাহার অনেক পুত্র ও কন্যা জন্মিল। বাঙ্গালা ১১৯৩ সালের অনেক পূর্ব্বে ঐ সকল পুত্রই মরিল, কিন্তু তন্মধ্যে কোন কোন দুহিতা জীবিতা আছে। ১১৯৩ সালে ককারাদি নামা ব্যক্তি পুত্রার্থে জকারাদি নাম্নী নারীকে বিবাহ করিল, কিন্তু তদ্বিবাহে কোন দানাদি প্রাপ্ত হইল না, কেবল বস্ত্র, অলঙ্কার ও তৈজসাদি যৎকিঞ্চিৎ দান সামগ্রী ঐ নারীর পিতা হইতে পাইল। এই শেষ বিবাহের পূর্ব্বে গকারাদি নামিকা নারী তদ্বিষয়ে পতির সহিত কলহ করিল এবং ইহা কহিয়া শাসাইল যে যদি তুমি অন্য দারপরিগ্রহ কর তবে আমি আত্মঘাতিনী হইব অথবা গৃহ ত্যাগ করিয়া স্থানান্তরে থাকিব। তাহার সান্ত্বনা নিমিত্তে ককারাদি ব্যক্তি এক কাগজ দস্তখত করিয়া দিল, এবং তদ্দ্বারা আর আর বস্তু মধ্যে সাড়ে তিন খান বসত বাটী এবং এক খান বাগান তাহাকে দিল, কিন্তু দানকালে এমত কহিল না যে তাহা তাহার জীবনপর্য্যন্ত অথবা চিরকালের নিমিত্তে দত্ত হইল। ঐ কএক বাটীর মধ্যে একখান ককারাদি ব্যক্তি নিজ পিতা হইতে প্রাপ্ত হয়, অবশিষ্ট তাহার নিজের ক্রীত। এরূপে দত্ত বিষয় ভিন্ন ককারাদি নামক ব্যক্তি শিবোত্তররূপে দত্ত আর দুইখান বাটীতে দখিলকার ছিল, তাহার ভাড়া পাইত এবং সেই ভাড়ার টাকা হইতে ঐ দেব সেবার আবশ্যক দ্রব্য যোগাইত।

জকারাদি নাম্নী নারী নিসন্তান ছিল, কিন্তু উক্ত কাগজ লিখিত পঠিত হওনের পরে গকারাদি নামিকার গর্ভে ককারাদি প্রতিবাদির কএক সন্তান হইয়াছে, এবং সে পতির নামে নালিশ উপস্থিত করার পরে এক সন্তানও জন্মিয়াছে। উক্ত লিখিত পঠিত অনুসারে ককারাদি ব্যক্তি ঐ বাটীর অথবা তদ্দ্বারা দত্তঅন্যান্য বস্তুর দখল দিলেক না, কিন্তু গকারাদি যেমত পূর্ব্বে অধিক বৎসর ব্যাপিয়া ঐ বাটী কতিপয়ের মধ্যে এক বাটীতে বাস করিত তেমনি তাহাতে ক্রমিক বাস করিতে লাগিল, এবং এক্ষণে সে উক্ত সাড়ে তিন খান বাটীর দখল পাইবার নিমিত্তে পতির নামে নালিশ করে।

পণ্ডিতদিগের প্রতি বক্ষমাণ প্রশ্ন করা হয়।

১ প্রশ্ন। উপরি উক্তরূপে ও কারণে পতি পত্নীকে (কোন বিষয়) দান করিলে ঐ দত্ত বিষয় প্রাপ্তির নিমিত্তে ঐ পতির নামে নালিশ করিতে তৎ পত্নীর অধিকার আছে কি না?

২ প্রশ্ন। উক্তরূপ দানকে ঐ পত্নীর জীবনপর্য্যন্ত মাত্র বলবৎ বুঝিতে হইবে, অথবা সে নিজ জীবন কালে ঐ সকল বাটী বিক্রয় করিতে অথবা মৃত্যুকালে উইল পত্রদ্বারা দিতে ক্ষমতাবতী?

পণ্ডিত গোবর্দ্ধন কমল শর্ম্মা যে উত্তর দেন, তদ্যথা—

প্রথম প্রশ্নের উত্তর।—দুই পত্নীবিশিষ্ট কোন ব্যক্তি সাক্ষ্যযুক্ত কোন কাগজের দ্বারা প্রথমা স্ত্রীকে তাহার সর্ব্বতোভাবে সন্তোষার্থে যে বিষয় দিয়াথাকে সে বিষয় সেই স্ত্রীর ধন, শাস্ত্রীয় বিধানানুসারে তাদৃশ ধন প্রাপ্তির নিমিত্তে ঋণের ন্যায় ঐ পত্নী পতির নামে নালিশ করিতে পারে।

It was next objected that he himself took an interest under the will, as having the custody and care of certain real property for his son till he came of age.

But the Court overruled the objection, the party taking no beneficial interest, but only as a bare trustee; and they would have admitted the witness, but on another objection, a doubt occurring whether he might not have an interest in a possible event in the equity suit, out of which this issue was directed; the witness was withdrawn.

East's Notes, No. XLV. Sittings after first term, 1816.—See Morley's Digest, Vol. II. p. 65.

G. *versus* K.

Case bearing on the Vyavasthás, Nos. 430 432, and 436.

" K, a *Hindu*, the defendant in this case, married G, the lessor of the plaintiff, a *Hindu* woman of the same cast, according to ceremonies used by others of that cast, and had many sons and daughters by her. All the sons died long before the year 1193 B. S., but some of the daughters are living. In 1193, K, for the purpose of having male issue, married J, with whom he received no marriage portion, but a small present from her father of clothes, ornaments, and furniture. Before this last marriage, G, quarreling with her husband on that subject, threatened to destroy herself, or quit his house and live elsewhere, if he married any other woman. In order to pacify her, K signed a paper, whereby he gave her, amongst other things, three dwelling houses and a half, and a garden, without saying whether for life or for ever. One of those houses descended to K from his father; and the rest were purchased by himself. Besides the houses so conveyed, K was in possession of two other houses, consecrated to *Shiva*, from which he received rents, and out of those rents provided things necessary for the idol.

J has had no child, but G has borne children to the defendant K since the execution of the aforesaid paper, and one child since process was commenced by her against her husband. K did not deliver possession, according to the writings, either of the premises in question or of the other things conveyed thereby, but G continued to live in one of the houses, as she had done for many years before; and she now brought this action against her husband to obtain possession of the said three houses and a half.

The following questions were put to the *Pandits*.—

1st. Does a gift made by a husband to a wife, in such a manner, and on such an occasion, as stated above, give the wife a right to sue her husband for the property given?

2nd. Is such a gift to be understood as a gift for life only, or has the wife a right to sell the houses in her life-time, or to devise them at her death?

The *Pandit* Goverdhun Kowl Sherma gave the following answers.

Answer to the 1st Q. Whatever property a man who has married two wives has given to the first wife, by means of a paper witnessed, in order to satisfy her in all respects, such property is the property of the wife. In order to recover such property the wife may sue the husband, according to what the *Shástra* directs, in like manner as for a debt.

এবং তিনি (অর্থাৎ উক্ত পণ্ডিত) এইমতের প্রমাণার্থে দায়ভাগে ধৃত যাজ্ঞবল্ক্য বচন উদ্ধৃত করেন—"পিতা মাতা অথবা ভর্ত্তা কর্ত্তৃক যাহা দত্ত তাহা 'অধ্যগ্নি' কথিত, এবং তাহা 'স্ত্রীধনও' উক্ত হয়।" এই বিষয়ে কাত্যায়নেরও উক্তি আছে তদ্‌যথা—"ভর্ত্তা, সুত, পিতা বা ভ্রাতারা স্ত্রীধন লইতে অধিকারি নহে, তাহাদের মধ্যে কেহ যদি বলপূর্ব্বক স্ত্রীধন ভক্ষণ করে তবে রাজা তাহা ব্যাজশুদ্ধ দেওয়াইবেন, এবং সমুচিত শাস্তি দিবেন"। দায়তত্ত্বের স্ত্রীধন প্রকরণে উক্তরূপ বিষয় সৌদায়িক স্ত্রীধন কথিত। যাহা পতি কিম্বা পিতামাতা হইতে প্রাপ্ত হয় তাহাকে সৌদায়িক স্ত্রীধন বলি,—অর্থাৎ তাহা সু-কারণে দত্ত; কোন স্ত্রী সৌদায়িক ধন পাইলে বোধা এই যে সে তাহা দানাদি করিতে ক্ষমতাবতী।

দ্বিতীয় প্রশ্নের উত্তর।—দ্বিতীয় প্রশ্নে বর্ণিতরূপ স্ত্রীধন ঐ স্ত্রীর জীবন পর্য্যন্ত স্ত্রীধন থাকে, উক্তরূপ বিষয় বিক্রয় করিতে সে স্ত্রীর ক্ষমতা আছে,* এবং তাহা যদি স্থাবর না হয় তবে মৃত্যুকালে তাহা দানাদি করিতেও তাহার ক্ষমতা আছে। যে স্থাবর বিষয় উক্তরূপে অবশিষ্ট থাকে তাহা তাহার মরণান্তে তাহার যথাশাস্ত্র উত্তরাধিকারিগণকে অর্শিবে অর্থাৎ তাহার সন্তান, পতি, পিতা, ও মাতা প্রভৃতিকে বর্ত্তিবে। উক্ত মতের প্রমাণরূপে উক্ত পণ্ডিত কর্ত্তৃক যে২ বচন ধৃত হয় তদ্‌যথা, কাত্যায়ন কহেন "পতি পত্নীকে যে কিছু বিষয় দেয়, সে তাহা পতির অনুপস্থিতিতে† যেমত ইচ্ছা সেইরূপে রাখিবে। পতি যদি উপস্থিত‡ থাকে তবে তাহা যত্নে রক্ষা করিবে, অন্যথা ভর্ত্তার সম্পর্কীয় কাহাকে সমর্পণ করিবে। ভর্ত্তৃদত্তধন ভর্ত্তা মরিলে পত্নী যেমত ইচ্ছা সেইরূপে দানাদি করুক, কিন্তু পতির জীবন পর্য্যন্ত রক্ষা করিবে।" নারদ-ও এই বিষয়ে কহিয়াছেন, যাহা দায়ভাগে ধৃত হইয়াছে, তদ্‌যথা, "পতিকর্ত্তৃক প্রীতিপূর্ব্বক পত্নীকে যাহা দত্ত হইয়াছে পতি মরিলে পত্নী তাহা স্থাবর ব্যতিরেকে যেমত ইচ্ছা সেইরূপে ব্যয় বা দান করুক॥" এবিষয়ে দেবলের বচন-ও আছে, যথা—"স্ত্রীর ধন তাহার মরণান্তে তৎপুত্রকন্যা মধ্যে সমানরূপে বিভক্ত হইবে, কিন্তু ঐ স্ত্রী যদি নিসন্তান হয় তবে তৎপতি তাহা লইবে, নতুবা তৎ স্ত্রীর মাতা, ভ্রাতা বা পিতা লইবেন।"

পণ্ডিত রামচরণ উক্ত প্রশ্নের যে উত্তর দিয়াছেন তদ্‌যথা,

প্রথম প্রশ্নের উত্তর—"অধিকার আছে। এবিষয়ের বিস্তার নিম্নে লিখিতেছি—দুই ভার্য্যাবিশিষ্ট ব্যক্তি প্রথমা স্ত্রীকে যে ধন দিয়াছে তাহা (তাহার) স্ত্রীধন। তাদৃশ ধন গ্রহণে বা দানে পতির, বা পিতার অথবা পুত্রের কিম্বা ভ্রাতার কোন অধিকার নাই, তন্মধ্যে কেহ যদি বলপূর্ব্বক ঐ ধন গ্রহণ করে, তবে বিচারপতি তাহাকে দিয়া ব্যাজশুদ্ধ তাহা দেওয়াইবেন, এবং (তাহার নামে) অভিযোগ হইলে তাহাকে শাস্তি দিবেন। মহামহোপাধ্যায় জীমূতবাহন প্রভৃতি শাস্ত্রসম্মতরূপে এই ব্যবস্থাপিত করিয়াছেন।

দ্বিতীয় প্রশ্নের উত্তর এই যে—ভর্ত্তৃদত্তধন যদি স্থাবর না হয় তবে স্ত্রী নিজ জীবন কালে তাহা বিক্রয় করিতে ক্ষমতাবতী, এবং ঐ ধন স্থাবর না হইলে সে তাহা মৃত্যুকালেও দানাদি করিতে পারে। স্থাবর ধন সে কেবল ব্যবহার ও উপভোগ করিতে পারে, তাহার পরে তাহা স্ত্রী-ধনের অধিকারিগণকে অর্শিবে।

ইস্ট্ সাহেবের নোট্, নং ১২৯,—১৭৯৪ সাল। মর্লি'র ডাইজেষ্ট্ বা. ২, পৃ. ২৩৪—২৩৭।

* উক্তরূপ বিষয় বিক্রয় করিতে স্ত্রীর যে ক্ষমতা সে স্থাবর ব্যতিরিক্ত হইলে, ভর্ত্তৃদত্ত স্থাবর বিক্রয়ের ক্ষমতা তাহার নাই।

† 'পতির অনুপস্থিতে'—অর্থাৎ পতির মরণে।

‡ 'পতি যদি উপস্থিত থাকে'—অর্থাৎ জীবিত থাকে।

দ্রষ্টব্য—নিম্ন ধৃতবচন কতিপয় এবং ব্য. দ, পৃ. ১৫৫ ও ১৫৯।

And he quoted as authorities for this opinion *Jágnyavalkya*, who says, as recorded in the *Dáyabhága*—'That which father, mother, or husband, has given, is called "gotten near the fire," and it is also called "the property of females." On the same subject *Kátyáyana* has spoken thus:—'Neither a husband, nor yet a son, nor a father, nor brothers, have a right to appropriate *strídhan*, i. e. the property of females; and if any one of these shall possess himself of such property by force, he must be made to return it with interest, and must be well chastised.' In the *Dáya-tattwa*, where it treats of the property of females, such property is termed *soudáyika strídhan*. That which is obtained from a husband or from parents, I reckon to be *soudáyika*, i. e. given for a good purpose, and when a woman obtains *soudáyika strídhan*, it implies that she has the power of disposing of it.

Answer to the 2nd. Q. The property of females, given as stated in the second question, is theirs as long as they live. A woman has power over this kind of property to sell it*; and if it be not immovable property, she has also the power of disposing of it at her death: and whatever immovable property so remains after her death will descend to the lawful heirs in succession, that is to say, to her children, husband, father, mother, &c.

And the following were quoted by the *Pandit* as authorities on this subject. *Kátyáyana* says: 'Whatever property the husband has given to the wife, let her keep it, in his absence†, in any manner she pleases. If he be present‡, let her take care of it; if not, let her deliver it to some of his relations. Let the wife dispose of the property given to her by her husband in any manner she pleases when the husband dies, but while he is alive let her keep it.' On this point *Nárada* has spoken, as quoted in the *Dáyabhága*, as follows: 'Whatever the husband, of his own pleasure, has given to the wife, let the wife, when he dies expend or give away as she pleases, excepting only the immovable property. On this, also, *Devala* has spoken thus:—'The property of the wife is to be divided equally, after her death, to (her) sons and daughters. But if she be without children, let her husband take it, or else her mother, or her brother, or even her father.'

To the same questions the *Pandit* Ramchurn Sherma, answered as follows:—

Answer to the 1st Q. It does. On this I here write the particulars. Whatever property the man, who has married two wives, has given to the first wife, that property is *strídhan*: neither husband, father, son, nor brothers, have any power to seize such property, or to give it away in charity. If any of these persons shall possess himself of this property by force, the magistrate shall cause him to restore it with interest, and shall chastise him on a complaint being made. The great and learned *Jímútaváhana* and others have determined this according to the *Shástra*.

To the 2nd. Q. As long as she lives, the wife has a right to sell the *strídhan* given to her by her husband, unless it be immovable property, and at her death she may also devise it, if it be not what is termed immovable property. A woman can only have the use and occupation of immovable property; and afterwards it will descend to the heirs of *strídhan*, or female property.

East's Notes, No. CXXIX. 1794.—Morley's Digest, vol. II. pp. 234—237.

* Excepting, however, the immovable portion thereof.
† '*In his absence*'—that is, on his death.
‡ '*If he be present*'—that is, if he be living.
See the following authorities, and *ante*, pp. 756 and 760.

বৈদ্যনাথ কবিরাজের পুত্র গোঁসাইচন্দ্র কবিরাজ আপিলান্ট—বনাম—মোসম্মাৎ কৃষ্ণমণি ও মোসম্মাৎ জয়মণি রেস্পণ্ডেন্ট।

আর্জিদাবীর মর্ম্ম এই যে—মনোহর কবিরাজ মৃত্যুকাল পর্য্যন্ত নিজ বিষয়ে অধিকারী থাকে, তদনন্তর তৎপুত্র উদয়নারায়ণ কবিরাজ অর্থাৎ বাদিদের পিতামহ তাহাতে অধিকারী হয়। উদয়নারায়ণের দুই পুত্র ছিল,—গঙ্গানারায়ণ কবিরাজ যে বাদিনী কৃষ্ণমণির পিতা, ও দেবনারায়ণ কবিরাজ যে অন্যবাদিনী জয়মণির পিতা। বাঙ্গালা ১১৯৬ সালে গঙ্গানারায়ণ নিজ কন্যা কৃষ্ণমণিকে রাখিয়া কালপ্রাপ্ত হয়। অনন্তর অন্যভ্রাতা দেবনারায়ণ নিজমৃত্যু পর্য্যন্ত কৃষ্ণমণির সঙ্গে যৌতরূপে বিষয়ে অধিকারী থাকিয়া বাঙ্গালা ১২১৪ সালে কাল প্রাপ্ত হয়। দেবনারায়ণের বিষয়ে তৎপুত্র ভৈরবচন্দ্র অধিকারী হইয়া কৃষ্ণমণির সহিত যৌতরূপে দখিলকার থাকিল। ১২১৫ সালে ভৈরব কালপ্রাপ্ত হয়, কিন্তু মরণের পূর্ব্ব দিবস আপনার সমস্ত বিষয় বাদিনীদিগকে বাচনিক দান করে (কেবল ২০ বিঘা ভূমী বাদ রাখে ও তাহা গুরুকে দেয়) যে তাঁহারা সমভাগে ভাগ করিয়া লইবে। বাদিনীরা এক্ষণে ঐ বিষয় প্রাপ্তির নিমিত্তে নালিষ করে।

প্রতিবাদী বৈদ্যনাথ কবিরাজ ঐ দাবীর প্রতিরোধ করে,—সে কহে যে মনোহর কবিরাজের পুত্রের ও পৌত্রের মৃত্যুর পর বিষয় সম্পূর্ণরূপে ভৈরবের দখলে আইসে, ও মনোহর কবিরাজের নাম অপরিবর্ত্তিত রূপে কালেক্টরি বহিতে চলিত থাকে। ভৈরব নিসসন্তান মরে, এবং প্রতিবাদী মনোহরের দৌহিত্র হওয়াতে হিন্দুদের দায় শাস্ত্রানুসারে উক্ত বিষয়ে অধিকারী। কৃষ্ণমণি বন্ধ্যা ও জয়মণি অবীরা হওয়াতে সম্প্রান্ত ধনে অধিকারিণী হইতে পারে না।

এই মকদ্দমা প্রথমে মেস্তর হেনরি শেক্‌সপিয়র সাহেবের সম্মুখে উপস্থিত হয়, তিনি আদালতের পণ্ডিতের প্রতি বক্ষ্যমাণ প্রশ্ন করেন।

প্রথম।—সার্দ্ধ অষ্টাদশ বর্ষ বয়স্ক ভৈরব কবিরাজ নিজ মৃত্যুর এক দিবস পূর্ব্বে স্বজ্ঞানাবস্থায় থাকিয়া বাচনিক দান করে, ঐ দান সিদ্ধ কি না?

হেতু আসন্নতর, অতএব প্রশস্ত। পরন্তু সমান-প্রবরের মধ্যে সমান গোত্র থাকাতে উক্ত উক্তিতে উভয়ের অধিকার হইতে পারে। পরন্তু ঐ সগোত্র ও সমান প্রবর ব্রাহ্মণও সগ্রামস্থ হওয়া চাই। অনন্তর দায়ক্রমসংগ্রহে লিখিত হইয়াছে যে—"এতৎসর্ব্বাভাবে ব্রাহ্মণী ধনে সগ্রামস্থ শ্রোত্রিয়াদেরধিকারঃ, ক্ষত্রিয়াদি স্ত্রীধনে তু রাজ্ঞএবাধিকারঃ"*—অর্থাৎ এই সকলের অভাবে ব্রাহ্মণীর ধনে সগ্রামস্থ বেদজ্ঞ সুব্রাহ্মণের অধিকার। ক্ষত্রিয়া বৈশ্যা ও শূদ্রার ধনে রাজাই অধিকারী। ইহাও পুংধনাধিকারক্রমের সাংদৃষ্টিক ন্যায়ে লিখিত হওয়া দৃষ্ট হইতেছে, কিন্তু তদুক্ত পুংধনাধিকার ক্রম ধরিলে ক্ষত্রিয়াদির ধনেও অগ্রে উক্তরূপ ব্রাহ্মণ অধিকারী, পরে রাজা, ইহার বিস্তার ব্যবস্থা দর্পণের ২৮৮ হইতে ২৯২ পৃষ্ঠায় দ্রষ্টব্য।

ভিন্ন ভিন্ন আদালতে দত্ত ও গ্রাহ্য হওয়া এবং সর উইলিয়ম মেকনাটন সাহেবের পরীক্ষিত ও মনোনীত ব্যবস্থা।

প্র.। কোন স্ত্রী নিজধনে কিছু ভূমি ক্রয় করিয়া কএক পুত্র ও এক পৌত্র রাখিয়া মরে, এই পৌত্রের পিতা ঐ স্ত্রীর পূর্ব্বে গত হয়। এমত অবস্থায়, ঐ স্ত্রীর ত্যক্ত বিষয় সমুদায় তৎ পুত্রদিগকে অর্শিবে, অথবা পিতৃব্যদিগের সহিত ঐ ধনে অংশি হইতে তৎপৌত্রের কোন অধিকার আছে?

স্ত্রীর ধন মৃতপিতৃক পৌত্রকে নিরাসপূর্ব্বক পুত্রকে অর্শে

উ.। উপরিউক্ত অবস্থাতে, ঐ মৃতা স্ত্রীর স্বোপার্জ্জিত সমুদায় বিষয়ে তৎ পুত্রেরা অধিকারি। তৎপৌত্রের পিতা ঐ স্ত্রীর পূর্ব্বে মরাতে ধনাধিকারি হইতে তাহার কোন অধিকার নাই। যদি কোন কুমারী কন্যা থাকে তবে তাহার বিবাহের ব্যয় নিমিত্ত কিঞ্চিৎ দিতে হইবেক।

প্রমাণ—মনু—"মাতা মরিলে সকল সহোদর ভ্রাতারা ও ভগিনীরা মাতৃবিষয় ভাগ করিয়া লউক"

ঢাকা কোর্ট আপীল। ২১ মে ১৮১১ সাল। রঘুনন্দন শর্ম্মা—বনাম—গোপীনাথ ভট্টাচার্য্য প্রভৃতি। মেক, হি, ল, বা, ২, মকদ্দমা ১, পৃ, ১২১।

প্র.। কোন হিন্দু নিজ কন্যার বিবাহ কালে তাহাকে এক বিঘা ভূমি যৌতক দেয়, যে ভূমি তৎ কন্যা যাবজ্জীবন ভোগ করে। ঐ কন্যা এক কন্যা ও পুত্র রাখিয়া মরিলে, তৎপুত্র ঐ বিষয় লইয়া দখলে রাখে, (এবং) নিজ মৃত্যুর পূর্ব্বে ভাগিনেয় বিদ্যমানে ঐ ভূমি অপর এক ব্যক্তিকে দেয়। স্পষ্ট জানা যাইতেছে না যে সে (অর্থাৎ ঐ দাতা) মরিলে কে তাহার শ্রাদ্ধাদি করিয়াছিল। এমত অবস্থায় ঐ পুত্রের কৃত দান সিদ্ধ কি না?

মাতার স্ত্রীধনে পুত্রকে নিরাস করিয়া দুহিতা কন্যা তদুত্তরাধিকারী অধিকারী।

উ.। উক্ত বিষয়ে মূল দাতার দুহিতার স্বত্বাধিকার, তাহাতে ঐ পুত্রের কোন স্বত্বাধিকার না থাকাতে, তৎ কর্ত্তৃক কৃত ঐ বিষয়ের যে কোন রূপ হস্তান্তর তাহা অসিদ্ধ।

মুরসিদাবাদের কোর্ট আপীল। গৌরনাথ—বনাম—কুঞ্জমাধব। মেক, হি, ল, বা, ২, চা, ৩, মকদ্দমা ৮, পৃ, ১২৬।

* দা. ক্র. সং. পৃ.। উ, দা. ক্র. সং. পৃ.।

† দৃষ্ট হইতেছে যে এই মকদ্দমার বিরোধীয় বিষয়, ঐ স্ত্রীকর্ত্তৃক উপার্জ্জিত হইয়া থাকিলেও তাহা বস্তুতঃ স্ত্রীধন নয়, এতাবতা তদধিকার স্ত্রীধনাধিকার ক্রমানুসারে হয় নাই। তাহা যদি স্ত্রীধন হইত তবে ঐ কন্যা পুত্রদিগের সহিত তুল্যাধিকারিণী হইত। মেকনাটন সাহেবের নোট।

উক্ত ব্যবস্থা কি স্ত্রীধন কি পুংধন কোন রূপ ধনাধিকার বিষয়ক শাস্ত্রের সঙ্গে মিলেনা, যদ্যপি উক্ত ব্যবস্থার প্রমাণে ধৃত বচন স্ত্রীধন বিষয়ক বটে তথাপি তদ্ব্যবস্থা স্ত্রীধন বিষয়ক নয়, কেননা তাহা হইলে, ঐ কন্যা পুত্রদের সহিত তুল্যাধিকারিণী, পক্ষান্তরে পুংধনবিষয়ক শাস্ত্রানুসারে উক্ত মৃতপিতৃকপৌত্র পুত্রগণের (অর্থাৎ তৎ পিতৃব্যগণের) সহিত তুল্যাধিকারী হইত।

able to the *samána-pravaras:* the succession of the *samána-gotras* may, however, be deduced from the above passage, they being included among the *samána-pravaras*. But to be heirs to a woman's peculium, persons of the above descriptions should be inhabitants of the same village with her. It has subsequently been laid down in the said work that, "failing all these, in the case of property of a *bráhmaní* woman, *bráhmanas*, inhabitants of the same village, exceedingly learned in the *Vedas*, are entitled to the succession. But in the case of the property of women of the *Kshetriya* and other tribes, the king is exclusively entitled to the inheritance."* This also appears to have been established in accordance with the order of succession to the property of males, as laid down in that book, wherein it will however be found that, even to the property of women of the *Kshetriya* and other classes, *bráhmanas* of the above description succeed before the king, and that the king can never succeed to a *bráhmaní's* property, which must be taken by a *bráhmana*. See *ante*, pp. 289—293.

Legal Opinions delivered in, and admitted by, the several courts of judicature, and examined and approved of, by Sir William Macnaghten.

Q. A woman, having purchased some landed property with her own funds, died leaving sons and a grandson, whose father died before her. In this case, will the whole property left by her devolve on her sons, or has the grandson any right to share it with his uncles?

R. Under the circumstances above stated, the sons of the deceased woman are entitled to her entire estate which had been acquired by herself. The grandson whose father previously died has no right to inheritance. Should there be any maiden daughter, a small portion must be given to defray her nuptial expenses.†

A woman's property goes to her sons, to the exclusion of her grandson, whose father lied before her

Authorities.—*Manu:*—"When the mother is dead, let all the uterine brothers and uterine sisters equally divide the maternal estate."

Dacca Court of Appeal, May 21st, 1811. Raghunandan Sarma *versus* Gopí Náth Bhattachárjya and others. Macn. H. L. vol. II. Ch. III. Case 1, p. 121.

Q. A Hindoo, on the marriage of his daughter, gave her one *beegha* of land as (*joutuka*) peculiar property, which she enjoyed during her life-time. She was survived by a daughter and son, the latter of whom took and retained possession of the property. Before his death, he gave the land in question to a stranger, his sister's son being then living: after his death, it did not clearly appear who had performed his funeral obsequies. Under these circumstances, was the alienation by the son valid?

R. The property in question belonged of right to the daughter of the original donee; and her son having no proprietory right in the same, any alienation of the property by him was invalid.

The daughter or her heir inherits the mother's peculiar property, in preference to the son

Moorshedabad Court of Appeal. Gourcenath *v.* Koonjmadhub. Macn. H. L. vol. II. Cha. III. Case. 8. p. 126.

* See W. Dá. Kra. Sang. p. 29.

† It appears that the property in this case, though acquired by the woman, was not of the nature termed her *stridhan* or *peculium*, and the descent of it was consequently not governed by the rules applicable to that species of property. Had this been the case, the daughter would have been a coheir with the sons.—Note by Sir. W. Macnaghten.

This *vyavasthá* agrees neither with the rules governing the descent of *strídhan*, nor with those applicable to inheritance in general. Although the authority quoted regards *strídhan*, yet the *vyavasthá* in question is not according to the rules governing such property, as, in that case, the daughter would succeed to an equal portion with any of the sons: on the other hand, that is, in case the property had been deemed to be an inheritance, and not *strídhan*, the grandson whose father is dead would have been a coheir with his uncles.

প্র,। কোন শূদ্রা স্ত্রী পিত্রর্জ্জিত দুই বাটীতে দায়শাস্ত্রানুসারে অধিকারিণী হইল। তাহার বিবাহের পর ঐ বাটী তাহার পতির দখলে আসিল,—যেহেতু তাহারা তাহাতে বাস করিতেছিল। অনন্তর তৎপতি তৃতীয় এক ব্যক্তিকে ঐ বাটীর কবালা লিখিয়া দেয় তথাপি ঐ স্ত্রী ঐ বাটীতে দখলিকার থাকে। এমত অবস্থায় তৎপতি উক্ত রূপ হস্তান্তর করিতে যোগ্য কি না?

কোন স্ত্রীর ধনে বিবাহ দ্বারা পতির অধিকার জন্মে না।

উ.। দায়শাস্ত্রানুসারে স্ত্রীর অধিকৃত বাটী হস্তান্তর করিতে পতির ক্ষমতা ছিল না, এতাবতা তাহার কৃত বিক্রয় সম্পূর্ণরূপে অসিদ্ধ, যেহেতু বিবাহের পূর্ব্বে পত্নী যে পৈতৃক ধনে অধিকারিণী হয় বিবাহ সম্বন্ধ জন্য তাহা বিক্রয় করিতে পতির অধিকার জন্মে না। সহর মুরসিদাবাদ। মাণিক চাঁদ—বনাম—ছোটে লাল। মেক, হি, ল, বা, ২, চা, ৩, মকদ্দমা ৯, পৃ, ১২৭।

প্র,। কোন ব্যক্তি মরিলে তাহার স্ত্রী আবার বিবাহ করিল। এই স্ত্রী পূর্ব্বে নিজ পিতামাতার স্থানে কিছু অলঙ্কার পাইয়াছিল। তাহার দ্বিতীয় স্বামী ব্যভিচার দোষে তাহাকে প্রহার করিয়া পরিত্যাগ করিল। এমত অবস্থায় এই পতি তাহাকে প্রহার করিতে ও পরিত্যাগ করিতে শাস্ত্রানুসারে যোগ্য কি না? যদি হয়, তবে ঐ স্ত্রী পিতামাতা হইতে ও পূর্ব্ব পতি হইতে যে ধন পাইয়াছে সে তাহাতে সম্পূর্ণরূপ অধিকারিণী হয় কি না!

কোন স্ত্রী ব্যভিচার দোষে পরিত্যক্তা হইলে স্ত্রীধনে বঞ্চিত হয় না।

উ.। ব্যভিচারিণী স্ত্রীকে পরিত্যাগ করিতে পতি সক্ষম বটে, পরন্তু ঐ ব্যভিচারিণী নিজ পিতা মাতার ও পূর্ব্ব পতির দত্ত অলঙ্কার পাইতে অধিকারিণী*। জিলা মেদিনীপুর, ১৫ মে, ১৮০৭ সাল। মেক, হি, ল, বা, ২, চা, ৩, মকদ্দমা ৭, পৃ, ১২৬।

যদ্যপি ধর্ম্মশাস্ত্রের আচারকাণ্ডানুসারে সহমৃতার মরণ পতির মৃত্যুকালীন অবধৃত হইয়া উভয়ের শ্রাদ্ধ এককালীনই হয়, তথাপি বস্তুতঃ পতির মরণের পর ঐ স্ত্রী মরাতে ব্যবহারে তাহার মরণ পতির মরণের পরই গণ্য—যেহেতু পতির মরণোত্তর ঐ স্ত্রী যে দানাদি করে তাহা তাহার জীবদ্দশায় ও সজ্ঞানাবস্থায় কৃত বিবেচনায় সিদ্ধ। অতএব,—

যদ্যপি ধর্ম্মশাস্ত্রীয়াচারকাণ্ডানুসারেণ সহমৃতায়াঃ মরণস্য পতিমরণকালীনত্বেনাবধারণাৎ উভয়োঃ শ্রাদ্ধমেকদৈব কৃতং, তথাপি বস্তুতঃ পতিমরণকালোত্তরং মৃতত্বেন ব্যবহারে তস্যা মরণং পতিমরণোত্তরমেব গণ্যং,—যতঃ পত্যুঃ মরণোত্তরং তয়া যদ্দানাদিকং কৃতং তৎ সিদ্ধমেব, তস্য তজ্জীবদ্দশায়াং সজ্ঞানাবস্থায়াঞ্চ কৃতত্বেনাবধারণাৎ। তস্মাৎ,—

৪৭৯ নিজমরণান্তর পত্নীর হইবে এই নিয়মে পতি কোন বিষয় পত্নীকে দিয়াগেলে তাহা তৎ পত্নীর স্ত্রীধন, তাহার মরণান্তে স্ত্রীধনাধিকারিরাই তদ্ধনাধিকারি।

৪৭৯ পত্যা নিজমরণান্তরং পত্ন্যা ভবিষ্যতীতি নিয়মেন যৎ তস্যৈ দত্তং তদ্ধনস্য স্ত্রীধনত্বং. তন্মরণান্তে স্ত্রীধনাধিকারিণ এব তদ্ধনমর্হন্তি।

৪৮০ কোন নারী উত্তরাধিকারিণীরূপে কাহারো স্ত্রীধন প্রাপ্তা হইলে সে ধন তাহার স্ত্রীধন নয়, কিন্তু সঙ্ক্রান্ত ধন, এতাবতা তাহার মরণে পূর্ব্বস্বামির উত্তরাধিকারিরাই তদ্ধনাধিকারি।

৪৮০ অধিকারিত্বেন প্রাপ্তস্ত্রীধনায়াঃ স্ত্রিয়াস্তদ্ধনং ন স্ত্রীধনং, কিন্তু সঙ্ক্রান্তধনং, তস্মাৎ তন্মরণে পূর্ব্বস্বাম্যুত্তরাধিকারিণ এব তদধিকারিণঃ†।

* হিন্দুদের ধর্ম্মশাস্ত্রানুসারে কলি যুগে দ্বিতীয়বার বিবাহ নিষিদ্ধ; পরন্তু এই ব্যবহার নীচ জাতির মধ্যে চলিত আছে। মেক্‌নাটন সাহেবের নোট।

† এস্থলে বক্তব্য এই যে, যে স্ত্রীধন একবার স্ত্রীধনাধিকার ক্রমে অর্শিয়াছে তাহা আর স্ত্রীধন নয়, তদনন্তর তাহা বরাবর সঙ্ক্রান্তধনাধিকার ক্রমানুসারে অর্শিতে থাকিবে। মেক, হি, ল, বা, ১, পৃ' ৭৮।

Q. A *Shúdra* woman succeeded by the law of inheritance to two houses acquired by her father. After her marriage, her husband was in possession of the houses, inasmuch as they were their place of residence. The husband executed a deed of sale for the houses in question to a third person. The wife, however, remained in possession of them. Under these circumstances, was the husband competent to make the alienation in question?

R. The husband was not competent to alien the houses inherited by his wife, and the sale by him was consequently wholly invalid, as marriage does not confer on the husband any right to dispose of a paternal estate to which his wife had succeeded before marriage.

The estate of a woman does not, by her marriage, vest in her husband.

City of Moorshedabad, Manick Chand *v.* Chotee Laul.—Macn. H. L. vol. II. Chap. 3. Case 9. p. 127.

Q. On the death of an individual, his widow contracts a second marriage. The widow formerly had received some jewels from her parents, and her second husband chastised her for adultery and divorced her. In this case, is the husband legally competent to punish his wife and to divorce her? If so, does the woman become sole proprietor of the property given to her by her parents and former husband?

R. The husband is at liberty to divorce his wife who violates his bed; but the adulteress is entitled to her parents' and former husband's gift of jewels.*

Divorce on account of adultery does not subject the woman to the loss of her peculiar property

Zillah Midnapore, May 15th, 1808.—Macn. H. L. vol. II. Cha. III. Case 7, p. 126.

Although, according to the *A'chára-kánda*† of the *Hindu* law, the woman who burned herself with the body of her husband is taken to have died at the time with her husband, and the *Sráddhas* of both of them are simultaneously performed, yet, according to the *Vyavahára-kánda*† of that law, her death is held to have occurred after that of her husband, she having actually died after him, and any gift, &c. made by her after her husband's death being good and valid under the idea of her being then alive and in possession of her senses.

Consequently,—

479. Whatever is given to her by the husband, on condition of the same being her property after his death, becomes her *strídhan* at the time mentioned, and devolves after her death on the heirs of her *strídhan.*

480. *Strídhan* inherited by a woman ceases to be *her strídhan*, but is treated as the property which devolves under the ordinary rules of inheritance, and as such it descends after her death on the heir of the former owner.‡

* In the *Kali*, or present age, according to the *Hindu* law, the marriage of a widow is forbidden; but this practice is prevalent among the inferior classes.

† See preface, p. I.

‡ It may be here observed that *strídhan*, which has once devolved according to the law of succession which governs the descent of this peculiar species of property, ceases to be ranked as such, and is ever afterwards governed by the ordinary rules of inheritance.—Macn. H. L. vol. I. p. 38.

এস্থলে কুমারী বা বাগ্‌দত্তা অধিকারিণী হওনান্তে বিবাহিতা হইয়া পশ্চাৎ যদি বন্ধ্যা হয় অথবা পুত্র প্রসব না করিয়া বিধবা হয়, তবে তাহার মরণে তৎসম্বন্ধীয় মাতৃ ধনে তাহার পুত্রবতী ও সম্ভাবিত পুত্রা ভগিনীরা অধিকারিণী। ইহাদের অভাবে বন্ধ্যা বিধবার ও অধিকার, তাহার পতির নয়,—যেহেতু স্ত্রীধনেই ভর্ত্তার অধিকার, এখন সম্বন্ধীয় ধন হওয়াতে ইহা স্ত্রীধন নয়, ইহা বোধ্য। দা, ক্র, সং, পৃ, ২২।

অত্র কুমারী বাগ্‌দত্তা বা জাতাধিকারা অনন্তরং পরিণীতা সতী পশ্চাৎ বন্ধ্যাত্বেনাবধৃতা পুত্রমনুৎপাদ্যৈব বা বিধবা, তদা তস্যাং মৃতায়াং তৎসম্বন্ধীয় মাতৃ ধনে তদ্ভগিন্যোঃ পুত্রবতী সম্ভাবিত পুত্রয়োঃ, তয়োরভাবে বন্ধ্যাবিধবয়োরপ্যধিকারঃ, ন তদ্ভর্ত্তুঃ,—ভর্ত্রধিকারস্য স্ত্রীধন বিষয়ত্বাৎ, অস্যচ সম্বন্ধধনত্বেন স্ত্রীধনত্বাভাবাদিতি বোধ্যং। দা, ক্র, সং, পৃ, ২২।

৮৭৯ সংখ্যক ব্যবস্থার নজীর

দেবনাথ সাণ্ডাল প্রভৃতি—বনাম—(রাসবিহারী শর্ম্মার এগ্‌জিকিউটর) প্যাট্রীক মেট্‌ল্যাণ্ড ও হেনরি উইলিয়ম্‌ ড্রেক্‌ (সাহেবান)।

নালিশী আরজিতে লিখিত আর আর বিষয়ের মধ্যে এক বয়ান এই যে উইলকর্ত্তা কর্ত্তৃক তৎ পত্নীকে যে পাঁচ হাজার টাকা দত্ত হইয়াছে তাহা অদত্ত, যেহেতু ঐ পত্নী পতির সহিত চিতারোহণ করিয়াছেন, ও তদ্দেহ দাহন পতির মরণ কালে পরিগণিত, এবং হিন্দুদের ধর্ম্মশাস্ত্র আচার ও ব্যবহার অনুসারে অনুমিত এই যে তিনি স্বামির সঙ্গে এক কালে মরিয়াছেন; এবঞ্চ পত্নীর উদ্দেশে যে ৫০০০ মুদ্রা পরিত্যক্ত হইয়াছে তাহা উইল কর্ত্তার অবশিষ্ট বিষয় ভুক্ত হইবে। আর ঐ আর্জিতে এই প্রার্থনা করা হইল যে উইল সাব্যস্ত হয়, ও তাহাতে কৃত দানাদি ডিক্রী হইয়া ফলে সম্পন্ন হয়, বিষয়ের হিসাব লওয়া যায়, এবং আজ্ঞা হয় যে ঐ স্ত্রীকে দত্ত যে ৫০০০ টাকা তাহা অদত্ত, আর অবশিষ্ট ধন দৌহিত্র দিগকে সমর্পিত হয়, ইত্যাদি।

বাদিরা আর্জি দাবীতে শাস্ত্রের যে মত ব্যক্ত করে আদালত তাহাতে সম্মত হইলেন না, এবং এমত স্বীকৃত হইল না যে যে স্ত্রী চিতারোহণ করিয়াছে সে কল্পিত রূপে স্বামির সহিত এক কালে মরিয়াছে। এবপ্ত উইলের দ্বারা তাহার প্রাপ্ত ধন অবশিষ্ট এস্‌টেটের সামিল হয় নাই; পরন্তু তাহার দুহিতারা তাহার উত্তরাধিকারিণী বিবেচনায় ঐ টাকা তাহাদের হক্কে ডিক্রী হইল। ১৮২০ সাল, মার্চ মাস। কন্‌. হি, ল, পৃ, ৩৭১—৩৭৪।

৮৮০ সংখ্যক ব্যবস্থার নজীর

প্রাণকৃষ্ণ সিংহ আপিলান্ট—বনাম—মোসম্মাৎ ভগবতী (মৃত জগমোহন ঘোষের স্ত্রী) রেস্‌পণ্ডেন্ট।

বাঙ্গলা ১১৬১ সালে গৌরাঙ্গ সিংহ নিজ কন্যা আনন্দময়ীর জগমোহনের সহিত বিবাহে এক তালুক আর এক পুষ্করিণী দান-পত্রদ্বারা ঐ কন্যাকে দান করিল, ও তাহাতে লিখিল যে এই বিষয় নিজ অধিকার হইতে পৃথক্ করিয়া নিজ কন্যাকে সমর্পণ করিয়া দিলাম, সে তাহা নিজ পতির নামে রেজিষ্টরি করাইয়া লইয়া নিজ ধনের ন্যায় ভোগ দখল করিবে। ঐ বিষয় খালিসা দপ্তরে জগমোহনের নামে রেজিষ্টরি হইয়া তাৎকালিক গবর্ণমেন্ট কর্ত্তৃক দানপত্রের মজমুন মোতাবেক এক সনন্দ প্রদত্ত হয়। ১১৬৩ সালে আনন্দময়ী এক কন্যা এবং ঐ কন্যার পতিকে রাখিয়া অপুত্রা মরে। এই ১১৬৭ সালে এই কন্যা এক কন্যা রাখিয়া মরে যে কন্যা এক্ষণে অবীরাবস্থায় জীবিতা। ১১৬৩ সালে গৌরাঙ্গ সিংহ রাধাকান্ত নামে এক দত্তক পুত্র রাখিয়া কাল প্রাপ্ত হয়. তদনন্তর এই দত্তক লোকান্তরগত হয়। জগমোহন ১১৯৬ সালে এক দত্তক পুত্র এবং তৃতীয়া স্ত্রী ভগবতীকে রাখিয়া মরে। প্রকাশ পাইবে যে জগমোহন নিজ পত্নী আনন্দময়ীর মৃত্যুর পর (অবধি) নিজ মৃত্যু পর্য্যন্ত উক্ত বিষয়ে দখলিকার ছিল, অনন্তর তাহার পত্নী ভগবতী তাহার উত্তরাধিকারিণীরূপে ঐ বিষয় দখল করে।

On the death of a maiden daughter, or of one diffianced, in whom the succession (to the *stridhan*) had vested, and who, having been subsequently married, is ascertained to have become barren, or a widow without giving birth to a son, the property which has passed to her from the mother *as an inheritance,* would devolve next on the sisters, having, and likely to have, male issue, and, in their default, on the barren and widowed sisters,—not on the husband of such daughter (as above mentioned in whom the succession had vested.)—For the right of the husband is relative to the *woman's separate* property, and wealth which has in this way passed from one to another, being ancestral property that has descended by inheritance, can no longer be considered as the '*woman's separate* property.'*—See W. Da'. Kra. Sang. pp. 46, 47.

Debnáth Sandial and others versus *Patrick Maitland and Henry William Droz, executors of Rasbehary Surmono.*

Case bearing on the Vyavasthá No. 479

The bill stated among other things that a legacy of 5000 rupees, left to the wife, lapsed, as she burned herself with the body of her husband, which act of burning related back to the time of her husband's death, and she is supposed, by the laws, customs, and usages of *Hindus*, to have died simultaneously with her husband; and that the 5000 rupees left to the wife is part of the residue of the testator's estate. The bill prays that the will may be established, that the trusts thereof be decreed and carried into execution, that an account be taken, that the legacy of 5000 rupees left to the wife be declared lapsed, and that the residue be declared to belong to the three grandsons, &c.

The court did not concur in the statement of the *Hindu* law, as it was given by the complainants in their bill. The wife who had burned herself with her husband was not admitted to have constructively died at the *same time* with him, and her legacy did not go to the residue of his estate, but was decreed to her daughters as her representatives. March 1820. Cons. H. L. pp. 371—374.

Prankishen Sing, appellant, versus *Mussummat Bhugwutee, (widow of Jugmohun Ghose,) Respondent.*

Case bearing on the Vyavasthá No. 480.

In the Bengal year 1161, Gourung Sing made over to his daughter Anund-moyee, on her marriage with Jugmohun, a *talook* and tank, by a deed of gift, reciting, that he separated it entirely from his own possessions; that he made it over to his said daughter; that she was to get it registered in her husband's name, and hold it as her property. The *talook* was registered in the *khálsa* in the name of Jugmohun; and a *sunud* was granted conformable to the terms of the gift, by the existing Government. Anund-moyee died in 1163, without issue male, but left a daughter* and that daughter's husband. The daughter died in 1176, leaving a daughter, now living, a widow without issue. Gourung Sing died in 1164, leaving an adopted son Rádhákaunt, who subsequently died. Jugmohun died in 1196, leaving an adopted son, and Bhugwutee, his third wife. It would appear that after the death of his wife Anund-moyee, Jugmohun held the property in question till his decease; and that it was then taken possession of by his widow Bhugwutee,

* The above passage slightly differs from Mr. Wynch's translation, which does not appear to be an accurate and faithful one of the Sanskrit text, contained in his own edition as well as in the other edition of the work, q. v.

প্রাণকৃষ্ণ ঐ বিষয়ের স্বত্বাধিকার নিমিত্ত ভগবতীর নামে মুরসিদাবাদের দেওয়ানী আদালতে নালিশ করিলে প্রতিবাদিনীর হক্কে বিচার নিষ্পত্তি হইল; ঐ নিষ্পত্তির নারাজিতে সদরদেওয়ানী আদালতে আপীল হইলে, তথায় বিচারের বিষয় এই হইল যে আনন্দময়ীর মরণে কে তাহার বিষয়ের যথার্থ উত্তরাধিকারী! এই বিষয়ে ব্যবস্থা দিবার নিমিত্তে পণ্ডিতকে ডাকা হইল; তাহাতে রাধাকান্ত পণ্ডিত যে উত্তর দিলেন তদ্যথা, আনন্দময়ীর মৃত্যুর পর ঐ বিষয় তাহার কন্যাকে অর্শে, তাহা স্ত্রীধনান্তর্গত, এবং স্ত্রীধন হওয়াতে তাহা কন্যাকে বর্ত্তে, পরন্তু তাহা তৎ কন্যার স্ত্রীধন নয়; এতাবতা তাহার মরণে ঐ বিষয় তৎকন্যার কন্যাকে অর্শিবে না, কিন্তু তাহার মাতার ভ্রাতাকে বর্ত্তিবে, যদি সে জীবিত না থাকে তবে তাহার পুত্রকে অর্শিবে। সদরদেওয়ানী আদালতের জজ (আরল্ করণওয়ালিস্, এফ্, এসপেকি, ডবলিউ কোপর ও টী গ্রেহাম) সাহেবান্ বিচার করিলেন যে ঐ বিষয় বাদির প্রাপ্য; এবং তদনুসারে জিলার জজের ফয়সলা রদ করিয়া ডিক্রী সাদের করিলেন*। ২৫ এপ্রেল ১৭৯৩ সাল।

---

* আনন্দময়ীর বিবাহে তৎ পিতা তাহাকে ঐ বিষয় দেওয়াতে অবশ্যই তাহা তাহার স্ত্রীধন হইয়াছিল (শ্রেষ্টর কোল, দা, ভা, চ্যা, ৪, সেক্, ১,) এবং তাহার দুহিতা অবিবাহিতা বা বিবাহিত হউক অথবা বিধবা হউক তাহাকেই ঐ বিষয় অর্শিতে উচিত ছিল (ঐ সেক, ২, পারা ১২ও ২২)। কিন্তু এই দুহিতার মরণে, ঐভূমি তৎসম্বন্ধে স্ত্রীধন না হইয়া সঙ্ক্রান্ত ধন হওয়াতে, তাহা তাহার দুহিতাকে অর্শিবে না যেহেতু সে অবীরা (কোল্, দা, ভা, চ্যা, ১১, সেক্, ২, পারা ৩); কিন্তু আনন্দময়ীর অত্যন্ত নিকট উত্তরাধিকারিকে অর্শিবে। এই মকদ্দমাতে রাধাকান্ত পণ্ডিত যে ব্যবস্থা দেন তাহার হেতু এই বোধ হইতেছে (যথা উক্ত হইল;) এবং তাহাতে আরো বোধ হইতেছে যে ঐ অবীরা কন্যা নিজ মাতার মরণ কালেই তদবস্থাপন্না হইয়াছিল, কেননা সে যদি তৎকালে অবিবাহিতা থাকিত অথবা যদি তাহার পতি জীবিত থাকিত তবে তাহার মাতার যে কোনরূপ ধনে ঐ মাতার ভ্রাতাকে বা ভ্রাতৃপুত্রকে নিরাস করিয়া সেই অধিকারিণী হইত (কোল্, দা, ভা, চ্যা, ১১, সেক, ২) এবং এ মরিলেই কেবল তাহারা অধিকারি হইতে পারিত—(ঐ, পারা ৩০)।

as his heir. At the suit of Prankishen against her, in the Dewanny Adawlut of Moorshedabad, for the right to the property, judgment went for the defendant; in appeal from which judgment to the Sudder Dewanny Adawlut, the question was, who was the rightful heir to the property of Anundmoyee at her demise? On this point the *Pandit* was called on to explain the law: and the answer of *Rádhákánt Pandit* was this: 'Upon the death of Anundmoyee the property devolves on her daughter. It comes under the description of *strídhan*, and as such devolves on the daughter. But it is not the *strídhan* of the daughter, and upon her death it will not go to her daughter, but to the brother of her mother, and, if he be not living, to his son. The Sudder Dewanny Adawlut (present Earl Cornwallis, F. Speke, W. Cowper, and T. Graham,) adjudged, that the claimant should recover the property, and passed a decree accordingly, reversing that of the Zillah Judge.* 25th of April 1793. S. D. A. R. vol. I. p. 3.

* The property, having been given to Anundmoyee by her father, on the occasion of her marriage was undoubtedly her *strídhan*, (*Jímútaváhana*, Cha. IV, Sect. 1,) and should have devolved, upon her death, on her daughter, whether unmarried, married, or widow. (*Ibid.* Sect. 2. § 12 and 22.) But on the demise of that daughter, the land being, in respect of her, an inheritance, and not the peculiar property termed *strídhan*, it would not pass to her daughter, a childless widow, (*Jímútaváhana*. Cha. II, Sect. 2, § 3,) but to the next nearest heir. This appears to be the ground of the opinion delivered by Rádhákánt Pandit in this cause: and it supposes the childless widow to have been so at the time of her mother's decease; for, if she had been then unmarried, or if her husband had been living, she would have succeeded to her mother's property of every sort. in preference to the mother's brother or his son; (*Jímútaváhana*, Cha. II. Sect. 2,) who could only have come in after her decease. (*Ibid.* § 30.)

ভিন্ন ভিন্ন রূপ স্ত্রীধনে অধিকারিগণের ক্রম নির্ণয়।

অবিবাহিতার ধনে—

১ সহোদর ভ্রাতা
২ মাতা
৩ পিতা

তদভাবে যথাসম্ভব পিতৃমাতৃ কুটুম্বেরা অপ্রজার ধনাধিকারক্রমে অধিকারি।

বাগ্দত্তার বরদত্ত ধনে প্রথমে বর অধিকারী। তদভাবে উক্তক্রমে অধিকারির ক্রম।

বিবাহিতা সপ্রজা স্ত্রীর—

যৌতক ধনে—

১ কুমারী দুহিতা
২ বাগ্দত্তা ,,
৩ { পুত্রবতী ,, / সম্ভাবিতপুত্রা ,, }
৪ { বন্ধ্যা দুহিতা / পুত্রহীনা বিধবা }
৫ পুত্র
৬ দৌহিত্র
৭ পৌত্র
৮ প্রপৌত্র
৯ সপত্নীর পুত্র
১০ সপত্নীর পৌত্র
১১ সপত্নীর প্রপৌত্র

অযৌতক ধনে—

১ { পুত্র / অবিবাহিতা দুহিতা }
২ { পুত্রবতী দুহিতা / সম্ভাবিতপুত্রা ঐ }
৩ পৌত্র
৪ দৌহিত্র
৫ প্রপৌত্র
৬ সপত্নীর পুত্র
৭ সপত্নীর পৌত্র
৮ সপত্নীর প্রপৌত্র
৯ { বন্ধ্যা দুহিতা / পুত্রহীনা বিধবা ঐ }

পিতৃদত্ত ধনমাত্রে*—

১ অবিবাহিতা দুহিতা
২ পুত্র
৩ { পুত্রবতী দুহিতা / সম্ভাবিতপুত্রা ঐ }
৪ দৌহিত্র †
৫ পৌত্র
৬ প্রপৌত্র
৭ সপত্নীর পুত্র
৮ সপত্নীর পৌত্র
৯ সপত্নীর প্রপৌত্র
১০ { বন্ধ্যা দুহিতা / পুত্রহীনা বিধবা ঐ }

বিবাহিতা অপ্রজা স্ত্রীর ধনে অধিকারিগণের ক্রম—

শুল্ক এবং অন্বাধেয়রূপ ধনে, তথা অবিবাহিতাবস্থায় মাতা ও পিতার দত্ত ধনে।—

১ সহোদর ভ্রাতা
২ মাতা
৩ পিতা
৪ ভর্ত্তা

বন্ধুদত্ত তথা শুল্কান্বাধেয়াদি ভিন্ন অন্যরূপ স্ত্রীধনে—

ব্রাহ্ম দৈব আর্ষ প্রাজাপত্য বা গান্ধর্ব্ব বিবাহে বিবাহিতার ধনে—

১ ভর্ত্তা
২ ভ্রাতা
৩ মাতা
৪ পিতা

আসুর, রাক্ষস, অথবা পৈশাচ বিবাহে বিবাহিতার ধনে—

১ মাতা
২ পিতা
৩ ভ্রাতা
৪ ভর্ত্তা

উক্ত পর্য্যন্তাভাবে ব্রাহ্মাদি অষ্টবিধ বিবাহের যে কোন বিবাহে বিবাহিতা স্ত্রীর যে কোনরূপ স্ত্রীধনে—

৫ দেবর
৬ { দেবরের পুত্র / ভ্রাতৃ শ্বশুরের পুত্র }
৭ নিজ ভাগিনীর পুত্র
৮ ভর্ত্তার ভাগিনেয়
৯ নিজ ভ্রাতৃপুত্র
১০ নিজ জামাতা
১১ সপিণ্ড
১২ সকুল্য
১৩ সমানোদক
১৪ সমানগোত্র
১৫ সমান প্রবর §

---

* দ্রষ্টব্য—ব্য, দ, পৃ, ৭১২। † দ্রষ্টব্য—পৃ, ৭৯৯। ‡ দ্রষ্টব্য—পৃ, ৮০১। § দ্রষ্টব্য—পৃ, ৮১১, ৮১৩।

TABLE OF THE ORDERS OF SUCCESSION TO THE DIVERSE DESCRIPTIONS OF STRI'DHAN.

ORDER OF SUCCESSION TO THE PECULIUM OF AN UNMARRIED DAUGHTER.

1 The whole brother. 2 The mother. 3 The father.

Failing these, her parent's relations, as they happen to be, succeed according to the order of succession to a childless woman's property, *q. v.*

To a betrothed girl's property given by her to-be husband,—First, the husband succeeds ; in his default, the abovementioned heirs succeed according to the above order.

ORDER OF SUCCESSION TO THE STRÍDHAN OF A MARRIED WOMAN HAVING CHILDREN.

To *her property received at the time of her nuptials* :—

1 The unmarried daughter not betrothed,
The betrothed daughter,
3 { The daughter who has a son, The daughter likely to have a son,
4 { The barren daughter, The (sonless) widowed one,
5 Son,
6 Daughter's son,
7 Son's son,
8 Son's grandson in the male line,
9 The son of a rival wife,
10 Her son's son,
11 Her son's grandson in the male line.

To *that received at any time other than that of her nuptials* :—

1 { Son, Unmarried daughter,
2 { The daughter having a son, The daughter likely to have a son,
3 Son's son,
4 Daughter's son,
Son's grandson in the male line,
6 The son of a rival wife,
7 Her son's son,
8 Her son's grandson in the male line,
9 { The barren daughter, The (sonless) widowed daughter.

To *that given by her father*:*—

1 The unmarried daughter,
2 Son,
3 { The daughter having a son, The daughter likely to have a son,
4 Daughter's son,†
5 Son's son,
6 Son's grandson in the male line,
7 The son of a rival wife,
8 Her son's son,
9 Her son's grandson in the male line,
10 { The barren daughter, The sonless widowed daughter.

ORDER OF SUCCESSION TO A CHILDLESS MARRIED WOMAN'S STRÍDHAN

Given by her parents before marriage, her fee or gratuity, or bestowed after marriage:‡ :—	*Other than that given by her parents, before marriage, her fee or gratuity, or bestowed after marriage.*	
	If married according to the *bráhma, daiva, ársha, prájápatya,* or *gándharva* form :—	If married according to the *ásura, rákshasha,* or *paishácha* form:—
1 The whole brother,	1 The husband.	1 The mother,
2 The mother,	2 The brother,	2 The father,
3 The father,	3 The mother,	3 The brother,
4 The husband.	4 The father.	4 The husband.

SUCCESSION OF HEIRS AFTER THOSE AFORESAID TO ANY DESCRIPTION OF PROPERTY OF A WOMAN MARRIED ACCORDING TO ANY OF THE EIGHT FORMS.

5 Husdand's younger brother,
6 { The sons of the husband's younger and elder brothers,
7 Her sister's son,
8 Her husband's sister's son,
9 Her own brother's son,
10 Her son-in-law,
11 The *sapindas,*
12 The *sakulyas,*
13 *Samánodakas,*
14 *Samána-gotras,*
15 *Samána-pravaras.* §

---

* See *ante*, p. 798. † See *ante*, p. 800. ‡ See *ante*, p. 802. § See *ante*, pp. 812, 814.

সপ্তম অধ্যায়।—দত্তক প্রকরণ

প্রথম পরিচ্ছেদ।—পুত্র আবশ্যক।

ব্যবস্থা ৪৮১ শ্রাদ্ধ তর্পণাদি ঋণশোধন এবং বংশরক্ষার্থে ও স্বর্গসাধননিমিত্তে পুত্রোৎপাদন অতীব আবশ্যক*।

প্রমাণ ৵০ ব্রাহ্মণ জন্মমাত্রে তিন ঋণে ঋণী হইয়া ভূমিষ্ঠ হয়,—অর্থাৎ ব্রহ্মচর্য্যার্থে ঋষিদের, যজ্ঞার্থে দেবতাদের ও সন্তানার্থে পিতৃলোকের নিকট, অথবা যে পুত্রবান হয়, যজ্ঞ করে, ও ব্রহ্মচর্য্যনিষ্ঠ সে অঋণী।

,, ৵০ তিন ঋণ পরিশোধ করিয়া মোক্ষে মনোনিবেশ করিবে, যে ঐ ঋণ পরিশোধ না করিয়া মোক্ষ চেষ্টা করে তাহার অধোগতি হয়॥—বিধিবৎ বেদাধ্যয়ন ও ধর্ম্মতঃ পুত্রোৎপাদন এবং শক্ত্যনুসারে যজ্ঞ করিয়া মোক্ষে মনোনিবেশ করিবে॥ কোন দ্বিজ বেদাধ্যয়ন পুত্রোৎপাদন ও যজ্ঞ নিষ্পাদন না করিয়া মোক্ষ ইচ্ছা করিলে তাহার অধোগতি হইবে॥ মনুঃ, অ, ৬, ব, ৩৫—৩৭।

,, ৶০ উত্তমর্ণ ও অধমর্ণ হইতে পুত্র আমাকে মুক্ত করিবে—এই স্বার্থনিমিত্তে পিতারা পুত্র কামনা করেন, অতএব পুত্র জন্মিয়া যাহাতে পিতা নরকে না যান (তন্নিমিত্তে) স্বার্থ পরিত্যাগ করত যত্নপূর্ব্বক পিতাকে ঋণ হইতে মুক্ত করিবে॥ তপস্বী হউক বা অগ্নিহোত্রী হউক যদি কেহ ঋণী হইয়া মরে তবে তাহার তপস্যা ও অগ্নিহোত্র উত্তমর্ণের হয়॥—নারদ। দ্রষ্টব্য—ব্য, দ, পৃ, ৫২০।

,, ।০ যে ব্যক্তি ঋণাদি লইয়া উত্তমর্ণকে না দেয় সে তাহার দাস ভৃত্য স্ত্রী বা পশু হইয়া তদ্গৃহে জন্মে।—বৃহস্পতি। ঐ।

,, ।৵০ "কিম্বা সেই অঋণী যে পুত্রবান্"—ইত্যাদি (বেদ) বাক্যে পুত্রদ্বারা অঋণিত্ব সাধন করিবে—এই বিধির পর্য্যবসান হওয়াতে সিদ্ধান্ত এই যে অঋণি করণ হেতু পুত্রই অঋণিত্বের কারণ। দ, মী, পৃ, ১২।

৪৮১ শ্রাদ্ধতর্পণাদি ঋণশোধন বংশরক্ষণ স্বর্গসাধনার্থঞ্চ পুত্রোৎপাদনং অতীবাবশ্যকং*।

৵০ ব্রাহ্মণো হ বৈ জায়মানস্ত্রিভির্ঋণৈর্ঋণবান্ জায়তে,—ব্রহ্মচর্য্যেণ ঋষিভ্যো, যজ্ঞেন দেবেভ্যঃ, প্রজয়া পিতৃভ্যঃ, এষ বা অনৃণো যঃ পুত্রী যজ্বা ব্রহ্মচারী চেতি।—দ, মী, পৃ, ৩।

৵০ ঋণানি ত্রীণ্যপাকৃত্য মনোমোক্ষে নিবেশয়েৎ। অনপাকৃত্য মোক্ষন্তু সেবমানো ব্রজত্যধঃ॥—অধীত্য বিধিবদ্বেদান্, পুত্রাংশ্চোৎপাদ্যধর্ম্মতঃ। ইষ্ট্বা চ শক্তিতো যজ্ঞৈর্মনোমোক্ষে নিবেশয়েৎ॥ অনধীত্য দ্বিজোবেদানমুৎপাদ্য তথা সুতান্। অনিষ্ট্বা চৈব যজ্ঞৈশ্চ মোক্ষমিচ্ছন্ ব্রজত্যধঃ॥ মনুঃ, অ, ৬, ব, ৩৫—৩৭।

৶০ ইচ্ছন্তি পিতরঃ পুত্রান্ স্বার্থহেতোর্যতস্ততঃ। উত্তমর্ণাধমর্ণেভ্যো মামযং মোক্ষয়িষ্যতি॥ অতঃ পুত্রেণ জাতেন স্বার্থমুৎসৃজ্য যত্নতঃ। ঋণাৎ পিতা মোচনীয়ো যথা নো নরকং ব্রজেৎ॥ তপস্বী বাগ্নিহোত্রী বা ঋণবান্ ম্রিয়তে যদি। তপশ্চৈবাগ্নিহোত্রঞ্চ তত্সর্ব্বং ধনিনাং ভবেৎ॥ নারদঃ। দ্রষ্টব্য—ব্য, দ, পৃ, ৫২০।

।০ উদ্ধারাদিকমাদায় স্বামিনে ন দদাতি যঃ। স তস্য দাসো ভৃত্যঃ স্ত্রী পশুর্বা জায়তে গৃহে॥—বৃহস্পতিঃ। ঐ।

।৵০ এষ বা অনৃণো যঃ পুত্রীত্যাদি বাক্যেষু পুত্রেণানৃণ্যং ভাবয়েদিতি বিধিপর্য্যবসানে পুত্রস্যানৃণ্যকরণতয়া অঙ্গতাসিদ্ধেঃ।—দ, মী, পৃ, ১২।

* হিন্দুদের বিশ্বাসানুসারে মনুষ্যের পারলৌকিক সুখ পুত্রকৃত শ্রাদ্ধ তর্পণ ও ঋণ পরিশোধনের উপর নির্ভর করে, তাহা ক্লেশ মোচনের উপায় স্বরূপ হয়। সন্তানহীন ব্যক্তির মহাপ্রাণি 'পুৎ' নামক নরকে প্রেরিত হয়, এবং তথায় সময়ে সময়ে পুত্রের অবশ্য দানীয় জলপিণ্ডের অভাবে ক্ষুৎপিপাসায় যন্ত্রণা ভোগ করে।—এস্‌ট্রে, হি, ল, বা, ১, পৃ, ৩১, ৩২।

CHAPTER VII.—ADOPTION.

SECTION 1.—A SON IS NECESSARY.

Vyavastha

481. It is necessary for every person to have a son for presentation of the oblation of food and libation of water, the discharge of his debts (spiritual and temporal,) and the attainment of future beatitude.*

Authority.

I. A *Bráhmana*, immediately on being born, is produced a debtor on three obligations: to the holy saints, for the practice of religious duties: to the gods, for the performance of sacrifice: to his fore-fathers, for offspring. Or he is absolved from debt who has a son, has performed sacrifices, and practises religious duties.— D. Mím. Sect. I. § 5.

II. When he has paid his three debts *to the sages*, the manes, *and the gods*, let him apply his mind to final beatitude; but low shall he fall, who presumes to seek beatitude, without having discharged those debts. After he has read the *Vedas* in the form prescribed by law, has legally begotten a son, and has performed sacrifices to the best of his power, (and has paid his three debts,) he may then apply his heart to eternal bliss. But if a *Brahman* have not read the *Veda*, if he have not begotten a son, and if he have not performed sacrifices, yet shall aim at final beatitude, he shall sink to a place of degradation.—*Manu*, Chap. VI. *v.* 35—37.

III. Fathers desire male offspring for their own sake, (reflecting,) this son will redeem me from every debt whatsoever due to superior and inferior beings: therefore a son, begotten by him, should relinquish his own property, and assiduously redeem his father from debt, lest he fall to a region of torment. If a devout man, or one who maintained the sacrificial fire, die a debtor, all the merit of his devout austerities, or of his perpetual fire, shall belong to his creditors.—*Nárada.*

IV. He, who, having received a sum lent or the like, does not repay it to the owner, will be born (hereafter) in his creditor's house, a slave, a servant, a woman, or a quadruped.—*Vrihaspáti.*

V. From passages of scripture, such as, "or he is absolved from debt who has issue," &c. this precept resulting, 'Let him procure absolution from debt through a son,' it is established, that the son, as being the instrumental cause of such absolution, is a means of completion.—D. Mím. Chap. I. § 38.

---

* The future beatitude of the man depending, according to *Hindu* superstition, on the performance of his obsequies and the payment of his debts by a son, as the means of redeeming him from an instant state of suffering after death. The dread is, of a place called *put;* a place of horror, to which the manes of the childless are supposed to be doomed; there to be tormented with hunger and thirst, for want of those oblations of food, and libations of water, at prescribed periods, which it is the pious, and indeed indespensable, duty of a son *(puttra)* to offer.—Str. H. L. vol. I. pp. 61, 62.

।৵৹ পুত্রোৎপাদন বিধি নিত্য হওয়াতে তদুল্লঙ্ঘন প্রত্যবায়ের কারণ। দ, মী, পৃ, ৩।

।১৹ পুত্রহীনের স্বর্গ নাই। ঐ, পৃ, ৩।

।৷৹ মৃত পিতাকে পুং নামে নরক হইতে উদ্ধার করে এই হেতু স্বয়ং স্বয়ম্ভু সুতকে পুত্র বলিয়াছেন॥ —মনু ও বিষ্ণু।

॥/৹ পুং নামে নরক ও বংশহীন ব্যক্তি নারকী উক্ত হইয়াছে, পিতাকে তাহা-হইতে ত্রাণ করাতে সুত পুত্র বলাযায়॥—হারীত।

॥৵৹ পুত্রের মুখ দেখিয়া পিতা জীবনকালেই পিতৃঋণ হইতে মুক্ত হন। এবং পুত্র জন্মিলে তাহাতে পিতৃঋণ অর্পণ করিয়া আপনি স্বর্গী হয়েন। অগ্নিহোত্র ব্রত তিন বেদ অধ্যয়ন এবং প্রচুর দক্ষিণা দিয়া যজ্ঞ করিলে যে ফল তাহা জ্যেষ্ঠ পুত্র জন্মিলে জনকের ফলের ষোড়শাংশের একাংশও নহে॥—শঙ্খ ও লিখিত।

॥১৹ পুত্রদ্বারা লোকজয়ী হয়, পৌত্রদ্বারা অনন্ত স্বর্গ পায়, এবং প্রপৌত্রদ্বারা সূর্য্য লোক প্রাপ্তি হয়॥ —মনু—শঙ্খ—লিখিত—বিষ্ণু—বশিষ্ঠ ও হারীত।

৸৹ পুত্র পৌত্র প্রপৌত্র দ্বারা অনন্তলোক ও স্বর্গ প্রাপ্তি হয়।—যাজ্ঞবল্ক্য।

৸/৹ স্বর্গভোগেচ্ছু মন্দপাল ঋষি পুত্রহীনতা হেতু পিতৃলোক রক্ষককর্ত্তৃক নিবারিত হইয়াছিলেন।—মহাভারত।

৪৮২ উক্ত হেতুতে অথবা উক্তকার্য্য নিমিত্তে পুত্রোৎপাদন কেবল গৃহির আবশ্যক নয় কিন্তু অন্যাশ্রমিরও বটে*।

/৹ উক্ত মনুবচনত্রয়। ব্য, দ, পৃ, ৮২৩।

৵৹ ঋষিরা কহেন—'অপুত্রের গতি নাই—ইহা লোকে ও বেদে শ্রুত'।—বেতাল ও ভৈরব পূর্ব্বকালে তপস্যার্থে পর্ব্বতে গমন করেন, তৎপূর্ব্বে তাঁহারা অবিবাহিত ছিলেন, তাঁহাদের পুত্র থাকাও শুনিতে পাওয়া যায় না'॥ (হে মনীষি) তাঁহাদের সন্নিবেশ শুনিতে ইচ্ছা করি। মার্কণ্ডেয়

।৵৹ পুত্রোৎপাদনবিধের্নিত্যতয়া তল্লোপস্য প্রত্যবায়নিমিত্তং। দ, মী, পৃ, ৩।

।১৹ নাপুত্রস্য লোকোঽস্তি। ঐ, পৃ, ৩।

।৷৹ পুন্নাম্নো নরকাৎ যস্মাৎ পিতরং ত্রায়তে সুতঃ। তস্মাৎ পুত্র ইতি প্রোক্তঃ স্বয়মেব স্বয়ম্ভুবা।—মনু-বিষ্ণু।

॥/৹ পুন্নামা নিরয়ঃ প্রোক্তশ্ছিন্নতন্তুশ্চ নৈরয়ঃ তত্রৈব ত্রায়তে যস্মাৎ তস্মাৎপুত্র ইতি স্মৃতঃ॥—হারীতঃ।

॥৵৹ পিতৃঋণমনৃণোজীবন্ দৃষ্ট্বাপুত্রমুখং পিতা স্বর্গী স তেন জাতেন তস্মিন্ সংন্যস্য তদৃণং॥ অগ্নিহোত্রং ত্রয়োবেদা যজ্ঞাশ্চ শতদক্ষিণাঃ। জ্যেষ্ঠপুত্রপ্রসূতস্য কলাং নার্হন্তি ষোড়শীং॥—শঙ্খলিখিতৌ।

॥১৹ পুত্রেণ লোকান্ জয়তি পৌত্রেণানন্ত্যমশ্নুতে। অথ পুত্রস্য পৌত্রেণ ব্রধ্নস্যাপ্নোতি পিষ্টপং॥ মনু—শঙ্খ—লিখিত—বিষ্ণু—বশিষ্ঠ—হারীতাঃ।

৸৹ লোকানন্ত্যং দিবঃপ্রাপ্তিঃ পুত্রপৌত্রপ্রপৌত্রকৈঃ।—যাজ্ঞবল্ক্যঃ।

৸/৹ মন্দপাল ঋষিঃ স্বর্গংযিযাসন্ অপুত্রতয়া পিতৃলোকানুচরেণ বারিতঃ।—মহাভারতং।

৪৮২ উক্ত হেতুতয়া কার্য্যার্থম্বা পুত্রোৎপাদনং ন কেবলং গৃহীণাং কিন্ত্বন্যাশ্রমিণামপ্যাবশ্যকমেব*।

/৹ উক্ত মনুবচনত্রয়ং। ব্য, দ, পৃ, ৮২৩।

৵৹ ঋষয় উচুঃ। 'অপুত্রস্য গতির্নাস্তি শ্রূয়তে লোকবেদয়োঃ'।—বেতাল ভৈরবৌ যাতৌ পুরাবৈ তপসে গিরিং। পূর্ব্বমকৃতদারৌ তৌ তয়োঃ পুত্রা নচ শ্রুতাঃ'। তেষাত্ত সমাগিচ্ছামঃ শ্রোতুং সংস্থানমুত্তমং। মার্কণ্ডেয় উবাচ—'অপুত্রস্য গতির্নাস্তি প্রেত্য চেহচ সত্তমাঃ। স্বপুত্রৈস্ত্বপুত্রৈশ্চ পু-

* দ্রষ্টব্য মহরল্যাণ্ডের মনপসিস্ পৃ, ১৩৮

VI. **The precept enjoining the production of a son being positive, it results that the contravention of it, is the cause of an offence.—D. Mím. Chap. I. § 5.** — Authority.

VII. Heaven awaits not one destitute of a son.—*Ibid.* — "

VIII. Since a son delivers *(tráyate)* his father from the hell called '*put*,' therefore he is named *puttra* by the Self-Existent himself.—*Manu* and *Vishnu.* — "

IX. Certain hell is named '*put*'; and he, who is destitute of offspring is tormented in hell; a son is therefore called *puttra*, because he delivers his father from those regions of horror.—*Hárita.* — "

X. A father is exonerated in his life time from the debt to his own ancestors, upon seeing the countenance of a living son: he becomes entitled to heaven by the birth of his son, and devolves on him his own debt. The sacrificial hearth, the three *Vedas*, and sacrifices rewarded with ample gratuities, have not the sixteenth part of the efficacy of the birth of an eldest son.—*Shankha* and *Likhita.* — "

XI. By a son, a man conquers worlds; by a son's son, he enjoys immortality; and, afterwards, by the son of a grandson, he reaches the solar abode.—*Manu*, *Shankha*, *Likhita*, *Vishnu*, *Vashishtha*, and *Hárita.* — "

XII. The attainment of worlds, immortality and heaven depend on a son, grandson, and great grandson.—*Jágnyavalkya.* — "

XIII. The sage *Mandapála*, desiring admission to a region of bliss, was repulsed by the guards who watch the abode of progenitors, because he had no male issue.—*Mahábhárata.* See Coleb. Dig. vol. III. p. 253. — "

482. For reasons and purposes stated, a son is necessary not only for a householder (*grihi*,) but also for a person of any of the other conditions*. — Vyavastha

I. The three texts of *Manu* already cited.—See *Ante*, p. 824. — Authority

II. This is recongnised in the world and *Vedas*.—*Vetála* and *Bhoiraba* formerly went to a mountain to perform devotion. Previous to that they were unmarried, and sons of them are not mentioned, (as having been born or not born. If sons were born, O excellent of the regenerate,) we much wish to hear the particulars concerning them. *Márkandeya* replied: salvation is not for one destitute of male issue, both in the next world and in this: O excellent saints, those, who are fathers of male issue, by means of their own sons, and those of brothers, attain heaven. Having in this world attained great perfection, when *Vetála* and *Bhoirava* reached the abode of the great deity, they were happy on the hill *Koilása*. Then, oh! twice born men, *Nandí* by the order of *Shiva*, as

* See Sutherland's Synopsis, p. 148.

কহিলেন—' ইহকালে ও পরকালেও অপুত্রের সদ্গতি নাই। নিজ পুত্র বা ভ্রাতৃ পুত্রদ্বারা যাহারা পুত্রবন্ত তাহারা স্বর্গগামি। ইহলোকে সম্যগ্রূপে সিদ্ধ হইয়া যখন বেতাল ও ভৈরব মহাদেবের সদনে গিয়া কৈলাসে হর্ষিত হইলেন, তখন—হে দ্বিজেরা—হরের বাক্যে নন্দী তাহারদিগকে সান্ত্বনার্থে গোপনে এই তথ্য ও প্রবোধ জনক কথা কহিলেন—'হে শঙ্করাত্মজেরা! পুত্রোৎপাদনে যত্ন কর, যেহেতু পুত্রবানের গতি সর্ব্বত্র সুলভ। (মার্কণ্ডেয় কহিলেন) 'নন্দির এই বচন শুনিয়া তাঁহারা প্রীতমনা হইয়া কহিলেন—আমরা কেবল একটী পুত্র করিব। অনন্তর কোন সময়ে ভৈরব উর্ব্বশীতে গমন করিয়া তদ্গর্ভে সুবেশ নামে পুত্রোৎপাদন করিলেন। বেতালও তাহাকে স্বকীয় পুত্র করিলেন। পরে তৎপুত্রদ্বারা তাঁহাদের উভয়েরই দিব্যগতি হইল'। —দ, মী, পৃ, ৩১, ৩২।

"এক হইতে উৎপন্ন ভ্রাতাদের মধ্যে এক যদি পুত্রবান্ হয়, (তবে) ঐ সকলে তৎ পুত্রের দ্বারা পুত্রবন্ত—ইহা মনু কহিয়াছেন" ॥—যদ্যপি এই বচনানুসারে ভ্রাতৃপুত্র থাকিলে তদ্দ্বারাই পিতৃব্য পুত্রবান্, তথাপি তাদৃশ পুত্র দ্বারা—স্বকীয় পুত্রের আবশ্যকতার সম্যগ্ অভাব হয় না,—যেহেতু পুত্রের আবশ্যকতা কেবল শ্রাদ্ধতর্পণ ক্রিয়া নিমিত্তে নয় কিন্তু নাম সঙ্কীর্ত্তন নিমিত্তেও বটে, পরন্তু ভ্রাতৃপুত্র (যথাশাস্ত্র গৃহীত না হইলে) পিতৃব্যের বংশকর না হওয়ায় তদ্দ্বারা নাম সঙ্কীর্ত্তন হয় না। দ্রষ্টব্য—দ, চ, পৃ, ৭, ৮। দ, মী, পৃ, ৩৩—৩৯।

"সহস্র সহস্র ব্রাহ্মণ বাল্যকালহইতে ব্রহ্মচর্য্যানুষ্ঠান করত বংশরক্ষার্থে সন্তান উৎপন্ন না করিয়াও স্বর্গগমন করিয়াছেন"। (মনু)॥ "অষ্টাশীতি সহস্র ঊর্দ্ধরেতা মুনিরা কুলে সন্তান উৎপন্ন না করিয়াও স্বর্গগমন করিয়াছেন"। (যম)॥ এই বচনদ্বয়ে অপুত্র ব্যক্তির কঠোরব্রত দ্বারা স্বর্গভোগ উদাহৃত হইলেও কলিতে পুত্রোৎপাদনই পুৎনামে নরক হইতে নিস্তারের উপায় ও স্বর্গের সাধন, যেহেতু ইদানীংতাদৃশ ব্রত অসাধ্য।

ব্যবস্থা ৪৮৩ যেমত নরের তেমনি নারীর-ও পুত্র আবশ্যক*।

কারণ যেহেতু অপুত্রা নারী-ও স্বর্গে বঞ্চিতা হয়।

প্রবত্তোহি বর্ত্ততাঃ। সম্যক্ সিদ্ধিমবাপোহ যদা বেতাল ভৈরবৌ। হরস্য মন্দিরং যাতৌ কৈলাসং প্রতিহর্ষিতৌ। তদা হরস্য বচনাৎ নন্দী তৌ রহসি দ্বিজাঃ। প্রাহেদং বচনং তথ্যং সান্ত্বয়ন্নিব বোধকৃৎ। নন্দ্যুবাচ। 'অপুত্রৌ পুত্রজননে ভবন্তৌ শঙ্করাত্মজৌ। যতেতাং জাতপুত্রস্য সর্ব্বত্র সুলভা গতিঃ'। (মার্কণ্ডেয় উবাচ)। 'তস্যেদং বচনং শ্রুত্বা নন্দিনঃ প্রীতমানসৌ। একমেব করিষ্যাবো নন্দিনক্ষেত্যভাষতাং। ততঃ কদাচিদূর্ব্বশ্যাং ভৈরবো মৈথুনং গতঃ। তস্যাং স জনয়ামাস সুবেশংনাম পুত্রকং॥ তমেব চক্রে তনয়ং বেতালোঽপি স্বকং সুতং। ততস্তৌ তেন পুত্রেণ স্বর্গ্যাং গতিমবাপতুরিতি ॥—দ, মী, পৃ, ৩১, ৩২।

"ভ্রাতৄণামেকজাতানামেকশ্চেৎ পুত্রবান্ ভবেৎ। সর্ব্বাংস্তাংস্তেন পুত্রেণ পুত্রিণোমনুরব্রবীত্" ॥—যদ্যপি এতদ্বচনানুসারেণ সতি ভ্রাতৃপুত্রে তেনৈব পিতৃব্যস্য পুত্রবত্ত্বং তথাপি তাদৃশ পুত্রেণ স্বকীয় পুত্রস্যাবশ্যকতা ন সম্যগপাস্তা, যতঃ পুত্রস্যাবশ্যকতা ন কেবলংপিণ্ডোদকক্রিয়াহেতোঃ কিন্তু নামসঙ্কীর্ত্তনায়চ। পরন্তু ভ্রাতৃপুত্রস্য (অকৃতাবস্থায়াং) পিতৃব্যবংশকরত্বাভাবাত্তেন নাম সঙ্কীর্ত্তনং নসম্ভবতি। দ্রষ্টব্য দ, চ, পৃ, ৭, ৮। দ, মী, পৃ, ৩৩—৩৯।

"অনেকানি সহস্রাণি কৌমারব্রহ্মচারিণাং। দিবংগতানি বিপ্রাণামকৃত্বাকুলসন্ততিং" (মনুঃ) ॥—"অষ্টাশীতি সহস্রাণি মুনীনামূর্দ্ধরেতসাং। দিবংগতানি বিপ্রাণামকৃত্বাকুলসন্ততিং" (যমঃ) ॥—এতদ্বচনদ্বয়ে অপুত্রস্য কঠোরব্রতেন দিবঃ প্রাপ্ত্যদাহরণেঽপি কলৌ পুত্রোৎপাদনমেব পুন্নামনরক নিস্তারোপায়ঃ স্বর্গস্য সাধনঞ্চ,—ইদানীং তাদৃশ ব্রতস্যাসাধ্যত্বাৎ।

৪৮৩ যথা নরস্য তথা নার্য্যাঅপি পুত্র আবশ্যকঃ*।

অপুত্রা অপি স্বর্গবারণাৎ †

one consoling addressed them, in private, in the following true and instructive speech: he said: "Do you, sons of *Shiva,* destitute of male issue, exert yourselves in the production of a son. By one, to whom a son is born, every where salvation is easily attained." *Márkandeya* continued:—"Having heard these words of *Nandi,* they became elated in their hearts, and said to him: 'We will make one (son) only.' Accordingly *Bhoirava,* at some time, copulated with *Urvashi,* a celestial nymph, and procreated on her a son, named *Suresha. Vetála also,* affiliated him as his son: and in consequence, by means of this son, both attained heavenly salvation."—D. Mím. Sect. II. § 45.

"If, among several brothers of the whole blood, one have a son born, *Manu* pronounces them all fathers of a male child by means of that son:" (*Manu,* ch. IX. *v.* 182.) Although, according to this text a man destitute of an own son is the father of a son by means of his brother's (*aurasa*) son, yet all the necessities of having one's own son are not thereby superseded; inasmuch as a son is required not only for the sake of the funeral cake, water, and solemn rites, but also for the celebrity of name, that is, continuance of lineage; but a nephew (unless adopted,) cannot prolong his uncle's lineage.—See D. Ch. Sect. I. § 26. D. Mím. Sect. II. § 53, and 60—70.

"Many thousands of *Bráhmanas,* having avoided sensuality from their early youth, and having left no issue in their families, have ascended (nevertheless) to heaven:" (*Manu,* Chap. *v.* 159.) "Eighty-eight thousand holy sages of the sacerdotal class, superior to sensual appetites, and having left no male issue, have ascended (nevertheless) to heaven."* (*Yama.*)

Although in the above texts it is illustrated that a man may by means of devotional austerity attain heaven, yet, in the present age, the production of a son must be looked to as the only means of exemption from the hell called '*put*', and that of attaining celestial bliss: as such devotional austerity is impracticable, and such holy sages are rare, in the *Kali* age.

483. As for a man, so also for a woman, a son is necessary.†

For a woman too is excluded from heaven if destitute of a son.†

This is intimated by the expression '*api*' (also, though) used in the texts subjoined:—

* See *ante,* p. 37, note. † *Vide* D. Ch. Sect. I. § 25. and the next Section of this book.

প্রমাণ

তাহা বক্ষ্যমাণ বচনদ্বয়ে 'অপি' শব্দ প্রয়োগদ্বারা ইঙ্গিত হইয়াছে—"ভর্ত্তা মরিলে ব্রহ্মচর্য্যানুষ্ঠায়িনী যে সাধ্বী স্ত্রী সে অপুত্রা হইলেও ঐ ব্রহ্মচারিদের ন্যায় স্বর্গগামিনী হয়"। মনু॥ "ব্রত উপবাস ও ব্রহ্মচর্য্য অনুষ্ঠায়িনী এবং নিত্য স যমে ও দানে রতা (বিধবা) অপুত্রা হইলেও স্বর্গগামিনী হয়"*।—বৃহস্পতি॥

তদিঙ্গিতং বক্ষ্যমাণবচনয়োরপিশব্দপ্রয়োগেন—"মৃতে ভর্ত্তরি সাধ্বী স্ত্রী ব্রহ্মচর্য্যে ব্যবস্থিতা। দিবংগচ্ছত্যপুত্রাপি যথা তে ব্রহ্মচারিণঃ"। মনুঃ॥ "ব্রতোপবাসনিরতা ব্রহ্মচর্য্যে ব্যবস্থিতা। দমদাননরতা নিত্যম্ অপুত্রাপি দিবং ব্রজেত্"*।—বৃহস্পতিঃ।

পরন্তু অপুত্রার যে ব্রহ্মচর্য্য রূপ উপায়ান্তর সে বিধবাবস্থাতে মাত্র, যেহেতু তাহা পতি মরিলেই কেবল কর্ত্তব্য। অতএব সধবা মরিলে পুত্র বিনা তাহার উপায়ান্তর নাই†।

পরন্তু যদপুত্রায়াঃ ব্রহ্মচর্য্যরূপোপায়ান্তরমুক্তং তদ্বিধবাবস্থায়ামেব, তস্য ভর্ত্তৃমরণানন্তরং কর্ত্তব্যত্বাৎ, অতএব পুত্রেণ বিনা মৃতসধবায়া উপায়ান্তরাভাবঃ†।

৪৮৪ কিন্তু সপত্নীর পুত্র থাকিলে আর পুত্রের আবশ্যকতা থাকে না।

৪৮৪ সতিতু সপত্নীপুত্রে ন পুত্রান্তরস্যাবশ্যকতা।

একের পত্নীসমূহের মধ্যে যদি এক জন পুত্রবতী হয়, মনু কহেন—তাহারা সকলে সেই পুত্রদ্বারা পুত্রবতী॥ মনু অ, ৯, ব, ১৮৩।

সর্ব্বাসামেকপত্নীনামেকাচেৎ পুত্রিণী ভবেৎ। সর্ব্বাস্তাস্তেন পুত্রেণ প্রাহ পুত্রবতীর্মনুঃ॥—মনুঃ, অ, ৯, ব, ১৮৩।

সপত্নীর পুত্র সাক্ষাৎ স্বামির শরীর হইতে সম্ভূত হওয়াতে, সে (যথাশাস্ত্র) গৃহীত না হইলেও তাহার পুত্রত্ব আছে।—দ, মী, পৃ, ৩৮।

সপত্নীপুত্রস্য সাক্ষাদ্ভর্ত্তৃবয়বারব্ধতয়া অকৃতস্যাপি পুত্রত্বসম্ভবঃ।—দ, মী, পৃ, ৩৮।

দ্বিতীয় পরিচ্ছেদ।

ঔরস পুত্রাভাবে পুত্র-প্রতিনিধি আবশ্যক।

৪৮৫ ঔরস পুত্রাভাবে তৎ-প্রতিনিধি যত্নপূর্ব্বক কর্ত্তব্য।

৪৮৫ ঔরস পুত্রাভাবে তৎপ্রতিনিধির্যত্নেন করণীয়ঃ।

৵০ শ্রাদ্ধ তর্পণ ক্রিয়া ও নামসঙ্কীর্ত্তন (অর্থাৎ বংশ রক্ষণ) নিমিত্তে অপুত্র ব্যক্তি (অ) যত্নপূর্ব্বক যাদৃক্ তাদৃক পুত্র করিবে॥—মনু।

৵০ অপুত্রেণ (অ) সুতঃ কার্য্যো যাদৃক্ তাদৃক প্রযত্নতঃ। পিণ্ডোদক ক্রিয়াহেতোর্নামসঙ্কীর্ত্তনায় চ‡॥—মনুঃ।

৶০ শ্রাদ্ধ তর্পণ ও ক্রিয়া নিমিত্ত (উ) অপুত্র (অ) ব্যক্তি যে কোন উপায়ে যত্নপূর্ব্বক সর্ব্বদা (ই) পুত্র প্রতিনিধি করিবে§॥—অত্রি।

৶০ অপুত্রেণৈব (অ) কর্ত্তব্যঃ পুত্রপ্রতিনিধিঃ সদা (ই)। পিণ্ডোদকক্রিয়াহেতোর্যস্মাৎ তস্মাৎ প্রযত্নতঃ (উ)§।—অত্রিঃ।

(অ) 'অপুত্র'—যাহার পুত্র জন্মে নাই বা জন্মিয়া মরিয়াছে সে।—যেহেতু শৌনকের বচন এই যে পুত্রহীন অথবা মৃতপুত্র ব্যক্তি উপবাস করিয়া (পুত্র গ্রহণ করিবে)।—দ, চ, পৃ, ২।

(অ) 'অপুত্রেণ'—অজাতপুত্রেণ মৃতপুত্রেণ বা।—অপুত্রো মৃতপুত্রো বা পুত্রার্থং সমুপোষ্য চেতি শৌনক সংবাদাৎ।—দ, চ, পৃ, ২।

দ্রষ্টব্য *বা, দ, পৃ, ২০ †দ, চ, পৃ, ১ মেক, হি, ল, ন, ৫ম ট্রে, হি, ল, বা, ১, পৃ
‡ দ, চ, পৃ, § দ, চ, পৃ, ২, । দ, মী, পৃ, ১।

"And like those abstemious men, a virtuous wife ascends to heaven, *though* she have no child, if, after the decease of her lord, she devote herself to pious austerity:"* (*Manu.*) "Strict in austerities and rigid devotion, firm in avoiding sensuality, and ever patient and liberal, a widow attains *heaven, even though* she have no son."* (*Vrihaspati.*) Authority.

The means of devoting herself to pious austerity, as aforesaid, is, however, available by her only when a widow, she not being allowed to practise it during coverture: a woman dying during the life of her husband has therefore no other means than having a son.

484. A son is not, however, necessary for a woman whose husband has one by her co-wife. Vyavastha.

If among all the wives of the same husband, one bring forth a male child, *Manu* has declared them all, by means of that son, to be mothers of male issue."—*Manu.* Ch. ix. *v.* 183. Authority.

The son of a rival wife, originating immediately from portions of the husband, bears, though unadopted, the relation of son to another wife.—See D. Mim. Sect. II. § 69—71.

SECTION II.

IN WANT OF AN OURASA SON, A SUBSTITUTE FOR HIM IS NECESSARY.

485. A person destitute of a legitimate son begotten by himself (*ourasa*,) must anxiously adopt a substitute for such son.† Vyavastha.

I. A son of any description must be anxiously adopted, by a man destitute of male issue (a), for the sake of the funeral cake, water, and solemn rites (u); and for the celebrity of his name‡—*Manu.* Authority.

II. By a man destitute of male issue only, *must the substitute for* a son of some one description, always (i) be anxiously adopted "for the sake of the funeral cake, water, and solemn rites (u)"§—*Atri.*

(a) "By a man destitute of male issue:"—that is, by one to whom no son may have been born, or whose son may have died; for, a text of *Shounaka* expresses: one destitute of a son or one whose son may have died, having fasted for male issue, &c.— D. Ch. Sect. I. § 4.

* See *Ante*, p 37, note.

† Vide D. Ch. Sect. I. § 3. D. Mim. Sect. I § 3. Macn. H. L. vol. I. p. 63. Str. H. L. vol. I p. 61.

‡ D. Ch. Sect. I. § 3 § D. Ch. Sect. I § 3 D. Mim. Sect. I § 3

" জ্যেষ্ঠ পুত্রের জন্মমাত্রে মানব পুত্রবান্ হয়, ও তদ্দ্বারা পিতৃঋণ হইতে মুক্ত হয়"—যদ্যপি এই মনুবচনে পুত্রোৎপত্তি হইলে পিতৃঋণের পরিহার অবগতি হইতেছে তথাপি তৎপুত্র মরিলে শ্রাদ্ধ তর্পণাদি নিমিত্তে পুনর্ব্বার পুত্র করা আবশ্যক। ঐ।

এস্থলে 'পুত্র' পদ পৌত্রের ও প্রপৌত্রের উপলক্ষণ,—যেহেতু তাহারাও অবিশেষে পিণ্ডদাতা ও বংশকর। নতুবা পৌত্র থাকিতেও মৃত-পুত্র ব্যক্তির অকারণে পুত্রপরিগ্রহরূপ আপত্তি হয়। অতএব যাহার পুত্র পৌত্র ও প্রপৌত্র নাই তাহারই কেবল পুত্র করণ আবশ্যক বোধ হইতেছে*। দ, চ, পৃ, ২, ৩।

'অপুত্র'—অপুত্রতা (পুত্রকরণের প্রতি) নিমিত্ত শ্রুত হওয়াতে পুত্র না করণে প্রত্যবায় বোধ হইতেছে। পুত্রোৎপাদন বিধি নিত্য হওয়াতে তল্লঙ্ঘন প্রত্যবায়ের কারণ পর্য্যবসান হয়, যেহেতু 'অপুত্রের স্বর্গ নাই' ইহাতে পুত্রমাত্রেরই অভাবে স্বর্গের অলাভ শ্রুত। দ, মী, পৃ, ২, ৩।

(ই) 'সদা'—পদ ব্যবহৃত হওয়াতে যেমত স্ত্রী বন্ধ্যা হইলে আট বৎসর অপেক্ষা করিয়া বিবাহ কর্ত্তব্য এস্থলে সে প্রতীক্ষার অভাব বোধ হইতেছে।

(উ) 'পিণ্ড'—অর্থাৎ শ্রাদ্ধ। 'উদক'—তর্পণাদি। 'ক্রিয়া' ঔর্দ্ধদেহিক দাহাদি।—দ, মী, পৃ, ১৮।

'এই সমুদায় হেতুই পুত্রকরণের কারণ, তৎপ্রত্যেক (ব্যস্তিরূপ) নয়, অতএব পৃথক্‌রূপে তৎপ্রত্যেক হেতুতে (একং) পুত্রকরণ নয়, কিন্তু তৎসমুদায়ার্থে এক পুত্র কর্ত্তব্য এই ইহার অর্থ; যেহেতু পুত্রাভাবে 'পিণ্ড লোপ হয়।' দত্তক মীমাংসাকারের এই হেতুবাদ সম্পূর্ণ নয়, যেহেতু তিনি মনুর উক্ত নামসঙ্কীর্ত্তন অর্থাৎ বংশরক্ষণরূপ হেতু ত্যাগ করিয়া অত্রি বচন ধৃত পিণ্ডোদকক্রিয়ার্থমাত্রকে পুত্র প্রতিনিধিকরণের হেতু অবধারণ করিয়াছেন। কিন্তু

"যাহা উপরে লিখিত হইল তাহা হইতে প্রকাশ যে কোন বালক প্রাপ্তব্যবহার না হইলে কি বৈষয়িক কি শাস্ত্রীয় কোন কর্ম্ম করিতে নিষিদ্ধ,—কেবল শ্রাদ্ধাদি করা শাস্ত্রে বিশেষে আদিষ্ট হওয়াতে ও তাহা কাম্য কর্ম্ম না হওয়াতে তাহাই সে করিতে পারে। অপ্রাপ্তব্যবহার ব্যক্তির দত্তকগ্রহণার্থ পত্নীকে অনুমতি দান নিষিদ্ধ কর্ম্মের মধ্যে পরিগণিত,—প্রথমতঃ শাস্ত্রোক্ত বয়স্ প্রাপ্ত না হওয়াতে তাদৃশ কর্ম্মের নিমিত্তে আবশ্যক যে যোগ্যতা তাহা তাহার হইতে পারে না।—দ্বিতীয়তঃ, দত্তকগ্রহণ শাস্ত্রে নিত্য কর্ম্ম বলিয়া উক্ত হয় নাই, কিন্তু কাম্য কথিত হইয়াছে, যথা উক্ত হইয়াছে যে ব্যক্তি পিণ্ডোদকক্রিয়ার ও নাম-সঙ্কীর্ত্তনের আশা করে তাহাকে দত্তক পুত্র গ্রহণ করিতে হইবে। কিন্তু দত্তক গ্রহণ না করিলে সে পাপী হয় না, সে কেবল নিজে বিশেষ ফলে বঞ্চিত হয়, অতএব দত্তকগ্রহণ নিত্য কর্ম্ম নয়, কিন্তু কাম্য বটে, তাহা হওয়াতে ইহা আর সকল কাম্য কর্ম্মের ন্যায় ঐ ব্যক্তির ইচ্ছার উপর নির্ভর করে, কিন্তু শাস্ত্রাদিষ্ট নয়। অপ্রাপ্তব্যবহার ব্যক্তি হিতাহিত জ্ঞান বিহীন, যথা উপরেই উক্ত হইয়াছে,—অতএব তৎকর্ত্তৃক গৃহীত দত্তক অসিদ্ধ। অপ্রাপ্ত ব্যবহারকর্ত্তৃক তদ্বিষয়ক কোন অনুমতি দত্ত হইয়া থাকিলে তাহা তাহার কৃত উইল বা বাচনিক দানের ন্যায় শাস্ত্রতঃ অসিদ্ধ। এই মত যুক্তিযুক্তও বটে, কেননা দত্তক গ্রহণ দ্বারা যথাশাস্ত্র উত্তরাধিকারী নিজ অধিকারে বঞ্চিত হয়, এবং বর্ণিত হিতাহিত জ্ঞানবিশিষ্ট ব্যক্তি তাদৃশ কার্য্য করিতে যোগ্য। শাস্ত্র মতে ঐ হিতাহিত জ্ঞান ষোল বৎসরের মধ্যে না হওয়াতে যেং কর্ম্ম করায় শাস্ত্রে বিশেষ রূপে আদেশ নাই তাহাতে ষোল বৎসর পর্য্যন্ত ঐ বাধা খাটিবে। অপিচ অপ্রাপ্তব্যবহারের বিবেচনা অপরিপক্ক হওয়াতে,—তাহার তাদৃশ ক্ষমতা হইলে স্বার্থপর ব্যক্তিদের প্ররোচনায় তাহা অত্যন্ত অনিষ্টকর হইবে। এই নিমিত্তই যে স্থলে কোন কার্য্য সিদ্ধির প্রতি তৎকর্ত্তার হিতাহিত জ্ঞান থাকার আবশ্যকতা সে স্থানে ধর্ম্মশাস্ত্রকর্ত্তারা কৌশলপূর্ব্বক অপ্রাপ্তব্যবহারের তৎক্ষমতা দৃঢ় রূপে নিষেধ করিয়াছেন"॥

"এই মত ভিন্ন দেশীয় ব্যবহারশাস্ত্রকর্ত্তাদেরও কৌশলানুমত। রোমীয় দেওয়ানী আইনে পুত্র-প্রতিনিধিকরণ রূপ পরিবার পরিবর্ত্তন কার্য্য এত গুরুতর বিবেচিত এবং তাদৃশ কার্য্য এত মনোযোগ পূর্ব্বক নিরীক্ষিত হইয়াছে যে—তাহাতে মাজিস্‌ট্রেটের অনুজ্ঞা ভিন্ন কোন পুত্রপ্রতিনিধি গৃহীত না হওয়াব বিধান হয়। এই রূপ বাধার স্পষ্ট তাৎপর্য্য এই যে অন্যকে বঞ্চিত করিয়া কোন পরিবারে অধিকারি শৃঙ্খলার এরূপ পরিবর্ত্তনের শাসন হয়। এই মত হিন্দুদের ধর্ম্মশাস্ত্রকারি ঋষিদের মতের সহিত অনেকাংশে মিলে, তাঁহারা বিধান করিয়াছেন যে দত্তকগ্রহণোন্মুখ ব্যক্তি জ্ঞাতি কুটুম্বকে আহ্বান

The author of the *Mitákshará* observes that, if a boy have no parents, he, though independent, should not be personally liable for the debts of his father, for *Kátyáyana* has said that, though a boy have no parents and in consequence be free from dependence, yet he is not to be responsible for his paternal debts, because, independence is vested in the eldest, that is, in him who has attained age and qualification as before described. Before majority, no boy is liable to be summoned to any Court or to be imprisoned, just as he is not liable for debts. For it is said, they who have not attained discretion, ambassadors, persons about to give gifts for the sake of religion, persons engaged in religious ceremonies, and persons who are advanced in years, are not to be summoned to any Court or imprisoned. There is an apparent inconsistency of opinion between the sage before quoted and another sage who declared that a son from his birth is bound to pay his paternal debts, even from his own resources, to preserve his father from perdition, while that sage says that he becomes responsible only after attaining years of discretion. The meaning of the sage alluded to is that the son is bound to pay such debts after arriving at majority and not before. But the restriction as to the payment of debts till attaining majority is *not applicable to the performance of the obsequies of ancestors, which even a boy is enjoined to perform.*

From the above it will appear that, before attaining majority, every act whether worldly or religious is prohibited, *except the performance of obsequies*, or of the like nature, which is specially enjoined by the *Shástras* and not optional. Now the authority of a minor to his wife for the adoption of a son will come under the class of restrictions. 1st. He has not arrived at the age of discretion determined by the *Shástras*, and therefore cannot possess the qualifications required for such an act.—2ndly. Adoption is not enjoined by the *Shástras* as "*Nitya*," or enjoined, but "*Kámya*," or optional, as it is said that he, who desires the funeral cake, libations, and solemn rites, and the celebrity of his name, is required to adopt a son. But by the omission of adoption he incurs no sin, he only deprives himself of certain advantages: and therefore adoption is not a "*Nitya*" but a "*Kámya*" act: as such, like all other acts of a like nature, it rests in the desire of the party and is not enjoined by the *Shástras*. Adoption by a minor is invalid, since he cannot possess discretion as already defined. Any authority of the kind given by a minor, like any testamentary writing or verbal bequest made by him, is invalid, according to the Hindu law.—This doctrine is likewise consistent with reason, because adoption in general deprives the legal heir of his rights, and a person who is capable of doing that should be qualified to perform the acts specified in the definition of discretion. That discretion being unattainable, according to the *Shástras*, by persons under the age of sixteen, the restriction must be applied to all acts of a minor which he is not specially allowed to perform. Besides, as the judgment of a minor must be immature, any such power on his part is obviously liable to the greatest abuses, through the influence of interested and designing parties. It has therefore been the policy of the Hindu Legislators most strictly to forbid the recognition of any power in a minor where discretion is necessary to the validity of an act. This policy is consonant with the opinion of foreign jurists.

The civil Roman law attached such weight to so important an alteration in families, as adoption, and so zealously watched such acts, that it provided that no adoption should take place without the authority of the magistrate. The intention of such restriction evidently was to control such alteration in the line of inheritance in a family to the prejudice of others. This principle in a great measure coincides with that of the Hindu Legislative sages, who ordain that

করিয়া ও রাজাকে নিজ অভিপ্রায় নিবেদন করিয়া নিকট জ্ঞাতিকে অথবা জ্ঞাতির নিকট কুটুম্বকে গ্রহণ করিবে—ইত্যাদি"।

উক্ত মতদ্বয় বিবেচনা করিলে বোধ হইবে যে—শিরোমণিমহাশয় দত্তকগ্রহণকে নিত্য কর্ম্ম বিবেচনা করিয়া তাহা অপ্রাপ্তব্যবহার পুরুষেও করিতে পারার ব্যবস্থা করিয়াছেন। পক্ষান্তরে ঠাকুর বাবু তাদৃশ কার্য্যদ্বারা অধিকারি শৃঙ্খলার পরিবর্ত্তন ও দত্তক গৃহীত না হইলে যে ব্যক্তি যথাশাস্ত্র উত্তরাধিকারী হইত তাহার বঞ্চন ভাবনা করিয়া অপিচ দত্তকগ্রহণকে কাম্য কর্ম্ম বিবেচনায় তাহা অপ্রাপ্ত ব্যবহারের যোগ্যতাতীত কহিয়াছেন।—দত্তকগ্রহণ যে ধর্ম্ম কর্ম্ম হইয়াও ব্যবহার সম্লিষ্ট তাহা নির্ব্বিবাদ, কেননা কোন বালক যদি কেবল জলপিণ্ডদানাদি ক্রিয়ার্থে গৃহীত হইত তবে তদ্গ্রহণ শুদ্ধ ধর্ম্ম কর্ম্ম বলিয়া পরিগণিত হইতে পারিত, পরন্তু তাহা শুদ্ধ তদর্থে নয় কিন্তু তাহার বিষয়াধিকারী ও তাবৎ ব্যবহার বিষয়ে স্বলাভিষিক্ত হওন নিমিত্তেও বটে, এতাবতা দত্তক গ্রহণ যে ব্যবহার সম্লিষ্ট ধর্ম্মকার্য্য অত্র সন্দেহো নাস্তি। এক্ষণে বিবেচ্য এই যে তাহা নিত্য ধর্ম্ম কর্ম্ম, কি কাম্য?—কাম্য হইলে তাহা ব্যবহার সম্লিষ্ট না হইলেও, যথা ঠাকুর বাবু কহিয়াছেন, অপ্রাপ্তব্যবহার ব্যক্তি তাদৃশ কার্য্য করিতে পারিত না। কিন্তু "ব্রাহ্মণো হ বৈ জায়মানো ত্রিভিঋর্ণৈ ঋণবান জায়তে। ব্রহ্মচর্য্যেণ ঋষিভ্যো, যজ্ঞেন দেবেভ্যঃ, প্রজয়া পিতৃভ্যঃ" অর্থাৎ ব্রাহ্মণ জন্মমাত্রে তিন ঋণে ঋণী হইয়া ভূমিষ্ঠ হয়,—ব্রহ্মচর্য্যার্থে ঋষিদের নিকট, যজ্ঞার্থে দেবতাদের নিকট, সন্তানোৎপাদনার্থে পিতৃলোকদের নিকট ঋণী হয়।—এই বেদবচনে, ও "ঋণানি ত্রীণ্যপাকৃত্য মনোমোক্ষে নিবেশয়েৎ, অনপাকৃত্য মোক্ষন্তু সেবমানো পতত্যধঃ।" অর্থাৎ তিন ঋণ পরিশোধ করিয়া মোক্ষে মনোনিবেশ করিবে, যে ঐ ঋণ পরিশোধ না করিয়া মোক্ষ চেষ্টা করে তাহার অধোগতি হয়।—এই মনুবচনে, এবং "অপুত্রেণ সুতঃকার্য্যো যাদৃক্ তাদৃক্ প্রযত্নতঃ। পিণ্ডোদক ক্রিয়াহেতোর্নাম সঙ্কীর্ত্তনায়চ" অর্থাৎ শ্রাদ্ধ তর্পণ ক্রিয়া ও নাম সঙ্কীর্ত্তন নিমিত্তে অপুত্র ব্যক্তি যত্নপূর্ব্বক যাদৃক্ তাদৃক্ পুত্র করিবে,"—দত্তকচন্দ্রিকাধৃত এই মনুবচনে, এবঞ্চ "অপুত্রতায়া নিমিত্ততা শ্রবণাৎ পুত্রাকরণে প্রত্যবায়োবগম্যতে" অর্থাৎ অপুত্রতা (পুত্রকরণের প্রতি) নিমিত্ত শ্রুতহওয়াতে পুত্র না করণে প্রত্যবায় বোধ হইতেছে,—দত্তকমীমাংসার এই উক্তিতে দত্তক গ্রহণ নিত্য কর্ম্ম রূপে প্রতীয়মান হইতেছে। অপিচ "পুত্রোৎপাদন বিধের্নিত্যতয়া তল্লোপস্য প্রত্যবায় নিমিত্ততা পর্য্যবসানাৎ, না পুত্রস্য লোকোঽস্তীতি পুত্রসামান্যাভাব এবালোকতা শ্রবণাৎ" অর্থাৎ পুত্রোৎপাদন বিধি নিত্য হওয়াতে তদুল্লঙ্ঘন প্রত্যবায়ের কারণ পর্য্যবসান হয়, যেহেতু 'অপুত্রের স্বর্গনাই' ইহাতে পুত্রমাত্রেরই অভাবে স্বর্গের অলাভ শ্রুত—দত্তকমীমাংসার এই বিশেষোক্তিতে দত্তক গ্রহণ তন্মতে নিত্যকর্ম্ম বলিয়াই বোধ্য—কেননা নিত্যকর্ম্মের লক্ষণ এই যে তাহা না করিলে প্রত্যবায় হয়। অপিচ দত্তকমীমাংসাতে পুত্রকরণ বিধি নিত্য বলিয়া লিখিত ও তাহা না করণে প্রত্যবায় উক্ত হওয়াতে, তন্মতে দত্তক গ্রহণ নিত্য ধর্ম্ম কর্ম্ম, এবং দত্তক চন্দ্রিকাতে তাহার বিরুদ্ধোক্তি না থাকাতে অন্য মতে দত্তক গ্রহণ কাম্য কর্ম্ম হইলেও দত্তকমীমাংসার মত মান্য, যেহেতু দত্তক বিষয়ে দত্তকমীমাংসা ও দত্তকচন্দ্রিকার উক্তি সর্ব্বোপরি প্রবল। —পরন্তু দত্তক গ্রহণ নিত্য কর্ম্ম হইলে, ও তাহা হওয়াতে নিস্সন্তান পুরুষের দত্তক গ্রহণ আবশ্যক হইলেই যে তাহা যেকোন অপ্রাপ্তব্যবহার ব্যক্তি করিতে পারে শাস্ত্রীয় যুক্তি এমত বোধ হয় না, কেননা কি নিমিত্তে দত্তক গ্রহণ করিতে হয়, ও তাহা না করিলে কি হয় সে বোধ যাহার জন্মে নাই সে কি কারণে দত্তক গ্রহণে অধিকারী হইবে? এই নিমিত্ত প্রায়শ্চিত্ত কাণ্ডে বালকের বয়োবিশেষে বোধাবোধ কল্পনায় প্রায়শ্চিত্তাদির তারতম্য করিয়াছেন। এবং ব্যবহারকাণ্ডে অষ্টম বর্ষ পর্য্যন্ত শিশু গর্ভস্থ* সরূপ কল্পিত, দশম বর্ষ পর্য্যন্ত সে পোগণ্ড কথিত হইয়া* অবোধ বিবেচিত হইয়াছে,

* দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ৫৫৪, ৫৫৩.

a person being about to adopt a son should take an unremote kinsman or the near relation of a kinsman, having convened his kindred and announced his intention to the king, &c."

It appears on consideration of the two opinions above mentioned, that *Pundit* Bhurut-chunder Shiromani, considering the adoption of a son to be a positive act of religion, held that an infant is competent to adopt;—while Baboo Prosunno Coomar Tagore, considering that the order of succession would be changed, and the person, who would have been an heir if adoption did not take place, would be deprived of his rights by the act of adopting a son, considering also that act to be an optional one, held it to be beyond the capacity of a minor.—That adoption is a religious rite mixed with a civil function is unquestionable; for had a boy been adopted merely for the sake of the oblation cake, water, and solemn rites, his adoption might have been deemed a mere religious act, but he is adopted not only for those purposes, but also to inherit the adoptor's estate, and to be his representative in all civil matters. Thus there is no doubt that adoption is partly for religious and partly for civil purposes. Now, it is to be seen whether it is an optional or positive religious act.—If optional, an infant cannot do it, even though it did not partake of a civil nature.—But it appears from the following text of the *Veda.* " A *Bráhmana*, immediately on being born, is pronounced a debtor on three obligations: to the holy saints, for the practice of religious duties; to the gods for the performance of sacrifices; to his forefathers for offspring" and from the following text of *Manu:* " When he has paid his three debts (to the sages, the manes, and the gods,) let him apply his mind to final beatitude; but low shall he fall, who presumes to seek beatitude, without having discharged those debts;" and from the following text of the same sage cited in the *Dattaka-chandriká:* " A son of any description must be anxiouly adopted by a man destitute of male issue; for the sake of the funeral cake, water, and solemn rites, and for the celebrity of his name;" also from the following passage of the *Dattaka-mímánsá:* " Since it is shown by this, that being so destitute is a cause, in omitting to adopt a son, an offence even is incurred;" that the adopting of a son is a positive act; and from this special dictum of the latter authority: " The precept enjoining the production of a son being positive, it results that the contravention of it is the cause of an offence; and on defect of any son in general, exclusion from heaven is declared in this text: 'Heaven awaits not one destitute of a son: "&c.,—adoption in his opinion is certainly a positive religious act (*nitya dharma karma;*) since any (religious) act the non-observance or non-performance whereof causes an offence is termed '*nitya karma*' (positive act.) Further, the *Dattaka-mímánsá,* having declared that the precept enjoining the production of a son is a positive act, and the contravention of it is the cause of an offence, and there being nothing contrary to it in the *Dattaka-chandriká,* the opinion of the former must be respected, even though according to other authority or authorities the act in question is an optional one, the *Dattaka-mímansá* and *Dattaka-chandriká* being the highest and predominant authorities on the subject of adoption. But though adoption be a positive act of religion, and as such, it be incumbent upon persons destitute of sons to adopt, yet consistenly with the reason of the law it does not appear that an infant is competent to adopt a son; for how can that boy do so who does not understand why a son is to be adopted, and what is the consequence of not adopting a son? In the *Práyashchitta-kánda* distinction is made with regard to severity in the penance or expiation of infants, according to their age and understanding. In the *Vyavahára-kánda* too, an infant (*shishu*) before his eighth year is considered as similar to a child in the womb,* and to the tenth year a (mere) child,*

* See *ante*, pp. 555, 557.

অতএব তৎকাল পর্য্যন্ত তৎকর্ত্তৃক দত্তক গ্রহণ (তৎকার্য্য নিত্য ধর্ম্ম কর্ম্ম হইলেও) শাস্ত্রের মর্ম্মানুমত ও যুক্তিযুক্ত বোধ হয় না। দশম বর্ষ হইতে পঞ্চদশ বৎসর পর্য্যন্ত কিশোর কাল, এই কালে ক্রমে হিতাহিত বোধোদয় হইতে থাকে, তাহা হইলে দত্তক গ্রহণে অধিকারী হয়। অপিচ এতদ্দেশে ষোড়শ বর্ষ বয়ঃক্রমের পূর্ব্বে প্রায় স্বভাবতঃ পুত্রোৎপাদন শক্তি জন্মে, (ও সে শক্তি জননকালে প্রায় হিতাহিত বোধোদয়ও হইয়া থাকে,)—এতাবতা কাহারো পুত্রকরণশক্তি স্বভাবতঃ হইলে তদ্ব্যক্তির হিতাহিত বোধ সত্ত্বে তাহা শাস্ত্রতঃ হওয়াও যুক্তি সিদ্ধ। বৃহস্পতি কহেন "কেবলং শাস্ত্রমাশ্রিত্য ন কর্ত্তব্যো বিনির্ণয়ঃ, যুক্তিহীন বিচারেণ ধর্ম্মহানিঃ প্রজায়তে।" অর্থাৎ কেবল শাস্ত্রকে আশ্রয় করিয়া নিষ্পত্তি করিবে না,—যুক্তিহীন বিচারে ধর্ম্মহানি হয়॥ অতএব নাবালগকে দত্তক গ্রহণ করিতে শাস্ত্রে স্পষ্টতঃ নিষেধ নাই বলিয়াই যে হিতাহিত বোধশূন্য বালক দত্তক গ্রহণ করিতে পারে এমত ব্যবস্থা শাস্ত্রীয় যুক্তি সম্মত নয়, কিন্তু শাস্ত্রের যুক্তি বা তাৎপর্য্যানুসারে হিতাহিত জ্ঞানবান্ বালকেরই দত্তক গ্রহণ করা সঙ্গত। এতাবতা শিরোমণি মহাশয় যে নাবালগকে দত্তকগ্রহণে অধিকারি কহিয়াছেন সে নাবালগমাত্রে নয় কিন্তু হিতাহিত বোধ বিশিষ্ট অর্থাৎ তাহা গ্রহণ করিলে কি ফল ও না করিলে কি দোষ তজ্জ্ঞান বিশিষ্ট যে সেই। পক্ষান্তরে ইহাও শাস্ত্রীয় যুক্তি সম্মত নহে, যে ষোড়শ বৎসর প্রাপ্ত হইলেই হিতাহিত জ্ঞানবান্ হয় ও দত্তক গ্রহণ করিতে পারে ও তৎ পূর্ব্বে কখনো সে জ্ঞান ও ক্ষমতা হয় না,—কেননা পঞ্চদশ বৎসরের শেষ দিবসে কিশোরেরা হিতাহিত জ্ঞানহীন থাকে ও ষোড়শ বৎসরের প্রথম দিবসেই হঠাৎ হিতাহিতজ্ঞ ও বিজ্ঞ হইয়া উঠে এমত বিবেচনা কখনই কারণাধীন নয়, সঙ্গতও নয়।—তবে ষোড়শ বর্ষ বয়ঃক্রমের পূর্ব্বে কোন ব্যক্তি ব্যবহারকার্য্য করিতে স্পষ্টতঃ প্রতিষিদ্ধ হওয়াতে তাহার ন্যূন বয়স্ক ব্যক্তি হিতাহিত জ্ঞান হইলেও দত্তক গ্রহণানুসঙ্গিক যে ব্যবহার কার্য্য তাহাই করিতে পারে না, কিন্তু শুদ্ধ গ্রহণরূপ যে ধর্ম্ম কর্ম্ম তাহা করিতে কোন নিষেধ নাই, প্রত্যুত অপুত্র ব্যক্তিদের তাহা করা আবশ্যক রূপে আদিষ্ট হইয়াছে। এতাবতা এই নিষ্কর্ষ বোধ হইতেছে যে অপ্রাপ্তব্যবহার ব্যক্তি ষোড়শ বর্ষের পূর্ব্বে হিতাহিত জ্ঞানবান্ হইলে অথচ দত্তক গ্রহণ তাহার আবশ্যক হইলে সে তাহা করিতে পারে, পরন্তু সে স্বাভাবিক অধিকারির শৃঙ্খলা পরিবর্ত্তন করিয়া ঐ দত্তককে বিষয়াধিকারি করিতে পারে না, কেননা কোন ব্যক্তিকে দত্তক গ্রহণ ও পিণ্ডাধিকারি করা ধর্ম্ম কর্ম্ম, কিন্তু তাহাকে ধনাধিকারি করা ব্যবহার-কার্য্য, যাহা ষোড়শ বর্ষ বয়ঃক্রমের পূর্ব্বে কোন ব্যক্তি করিতে শাস্ত্রে নিষিদ্ধ, ও করিলে তাহা অকৃত অর্থাৎ অসিদ্ধ, —এতাবতা হিতাহিত জ্ঞানবান্ অপ্রাপ্তব্যবহার ব্যক্তি দত্তক গ্রহণ করিলেও সে দত্তক বিষয়াধিকারী হইতে পারে এমত বোধ হয় না, কেননা তাহার যে অধিকার সে তদ্গ্রহীতার কার্য্যদ্বারা। কিন্তু সে যখন ব্যবহার কার্য্য করণে অর্থাৎ ধনবিনিয়োগে অনধিকারী ও তৎকৃত তৎকার্য্য অকৃত গণিত, তখন তৎকার্য্যদ্বারা তদ্দত্তক কি রূপে ধনাধিকারী হইতে পারে? তথাচ যেমত দত্তকচন্দ্রিকাতে বিধান হইয়াছে যে ক্লীবাদির পিতৃধনে অধিকার না থাকা হেতু তাহাদের দত্তক পৈতামহ ধনে অধিকারী নয়, কিন্তু অন্নাচ্ছাদন মাত্রে অধিকারী,* তৎসাং দৃষ্টিক ন্যায়ে অপ্রাপ্তব্যবহার ব্যক্তির দত্তকও অন্নাচ্ছাদন পাইতে অধিকারী বোধ হইতেছে,—কেননা শাস্ত্রের সাধারণ বিধান এই যে—"একত্র নির্ণীতঃ শাস্ত্রার্থো

* "অন্ধপঙ্গুপ্রভৃতি পুত্রাণাং ধনানধিকারিতয়া তদৌরস ক্ষেত্রজয়োরেব পিতামহ ধন ভাগিত্ব শ্রুতের্ন্তদ্গৃহীত পুত্রাদেঃ পিতামহ ধনাধিকারঃ, কিন্তু ভরণ মাত্রং"।—অর্থাৎ অন্ধ পঙ্গু প্রভৃতি পুত্রের (পিতৃ) ধনে অধিকার না থাকাতে ও তাহাদের ঔরস ও ক্ষেত্রজ পুত্রই কেবল পিতামহ ধনভাগি হওয়াতে তাহাদের গৃহীত দত্তক পুত্রাদি পিতামহ ধনে অধিকারি নয়, কিন্তু ভরণ মাত্রে অধিকারি।—দ. চ. পৃ. ৩৩।

and as such is destitute of discretion.—Consequently, it is inconsistent with the reason of the law that an infant up to that age should adopt a son (though adoption be a positive act of religion.) From the tenth to the fifteenth year of age an infant is termed an adolescent: at this age, his faculties develop, and he commences to have discretion. Besides, nature enabling a boy in this country to beget a child before the sixteenth year of his age (when, generally speaking, he attains also discretion,) it is reasonable to infer that the boy, who is enabled by the law of nature to procreate a child, is also enabled by the reason of human law to have a child by adoption, provided he be not wanting in discretion. *Vrihaspati* says: "A decision must not be made solely by having recourse to the letter of the written codes: since, if no decision were made according to the reason of the law, there might be a failure of justice." Now it is unwarranted by the reason of the law to hold that a boy without discretion may adopt a son, because the law does not expressly prohibit him from doing so; but that boy only is capable of adopting who has attained judgment. So the term "infant," used in the opinion of *Pundit* Bhurut Chunder Shiromoni, must not be taken to mean any infant indiscriminately, but that infant alone who has attained discretion,—that is, one who understands what benefit and religious merit are to be gained by adopting a son, and what he is to lose by omitting to do so.—It is also inconsistent with the reason of the law to hold that a youth attains discretion and becomes capable of adopting at the sixteenth year of his age, and never before that, inasmuch as it is absurd to suppose that a boy on the last day of his fifteenth year remains indiscreet, but on the first day of his sixteenth year he on a sudden becomes endued with discretion and a perfectly sensible man. However, as persons are expressly prohibited by the *Sástra* from doing any civil act before the sixteenth year of their age, let persons under that age (though endued with discretion) not do the civil part of the act, but nothing prohibits their performing the religious part of it, which on the contrary is strictly enjoined to be performed by persons destitute of sons,—the same being a positive act of religion. It appears therefore certain that a boy, when he attains discretion, even before the sixteenth year, may adopt a son, provided it be necessary for him to adopt; but he cannot make him successor to his estate by breaking the natural order of succession, since he can adopt a child to present the oblations of food and libations of water, that being a mere act of religion; but to make a person successor to his estate is a civil act, which he is prohibited from doing before the sixteenth year of his age. Consequently, even if a child be adopted by an infant endued with discretion, that son cannot be entitled to succeed to his estate; inasmuch as the heritable right of such son is derivable from the act of his adoptive father, who being an infant had no power to do the civil act, that is, to dispose of his property, and whose disposition thereof is null and void.—As, however, it has been laid down in the *Dattaka-chandriká* that the adopted sons of eunuchs and the like do not inherit the estates of their adoptive grandfathers, but are entitled to maintenance only* by reason of their adoptive fathers, through whom they claim, having no title to their patrimony, by parity of reasoning, the adopted sons of infants should be entitled to maintenance only, since it is the general maxin of the law that—"the sense of the law ascertained in one

* As sons, blind, lame, and so forth, do not inherit,—and since it is ordained, that their legitimate son, and son of the wife only, participate in the estate of the grandfather; a son given, or other description of son, adopted by such persons, has no right to the estate of the paternal grandfather; but to maintenance only.—D. Ch. Sect. VI. § 1.

বাধকংবিনা অন্যত্রাপি তথা কল্প্যতে"*—অর্থাৎ এক স্থানে নির্ণীত শাস্ত্রার্থ বাধা না থাকিলে অন্যস্থলেও সেইরূপ খাটে। অপ্রাপ্তব্যবহারের ও তদ্দত্তকের অবস্থা ক্লীবাদির ও তদ্দত্তকের অবস্থার প্রায় তুল্য হওয়াতে উক্ত বিধান তৎপ্রতি প্রযুজ্য হওনের কোন বাধা নাই, তাহা না থাকাতে হিতাহিত বোধবিশিষ্ট অপ্রাপ্তব্যবহারকর্ত্তৃক দত্তক গৃহীত হইলে সে দত্তক দত্তকচন্দ্রিকার উক্ত বিধানানুসারে অন্নাচ্ছাদন মাত্রে অধিকারী হওয়াই বোধ হইতেছে।

ভিন্ন ভিন্ন আদালতে দত্ত ও গ্রাহ্য হওয়া এবং সর্ উইলিয়ম্ মেকনাটন্ সাহেবের পরীক্ষিত ও মনোনীত ব্যবস্থা।

প্র.। অবিবাহিত ব্যক্তি কোন বালককে পুত্ররূপে দত্তক গ্রহণ করিতে পারে কি না?

অবিবাহিত ব্যক্তি দত্তক গ্রহণ করিতে পারে।

উ.। অবিবাহিত ব্যক্তি আপনার ও পিতৃপুরুষের জল পিণ্ড সংস্থানের নিমিত্তে দত্তক গ্রহণ করিতে পারে।

এই মত দত্তকচন্দ্রিকা ও দত্তকদর্পণ প্রভৃতি গ্রন্থানুমত। জিলা জঙ্গল মহাল। ১১ মে, ১৮২৬ সাল। মেক, হি, ল, বা ১, চ্যা, ৬, মকদ্দমা ১, পৃ, ১৭৫।

প্র, ১। পতির মরণান্তে পত্নী দত্তক গ্রহণ করিতে যোগ্যা কি না?

মৃত পতির অনুমতি বিনা পত্নী দত্তক লইতে পারে না।

উ, ১। পতি যদি তাহাকে দত্তক লইবার অনুমতি দিয়া মরিয়া থাকে, তবে তদবস্থায় সে শাস্ত্রানুসারে দত্তক গ্রহণ করিতে পারে, নতুবা পারে না।

প্রমাণ—বিবাদচিন্তামণি ও বিবাদভঙ্গার্ণব ধৃত বশিষ্ঠ বচন; তদ্যথা,—"কোন স্ত্রী পতির অনুজ্ঞা ভিন্ন দত্তক পুত্র গ্রহণ অথবা তদর্থে পুত্রদান করিবে না"।

প্র, ২। কোন ব্যক্তি এক গর্ভবতী পত্নীকে রাখিয়া পিতার পূর্ব্বে কালপ্রাপ্ত হয়, অনন্তর এই পত্নী এক সন্তান প্রসব করে; এমত অবস্থায় ঐ পরে জাত সন্তান পিতৃধনে অধিকারী কি না?

উ, ২। পরিবার একত্র থাকিতে ঐ পুত্র যদি এক গর্ভিণী পত্নীকে রাখিয়া পিতার পূর্ব্বে মরিয়া থাকে, অনন্তর ঐ পত্নী যদি এক পুত্র প্রসব করিয়া থাকে, তবে ঐ পুত্র পিতামহের মরণে নিজ পিতৃব্যের সহিত অথবা (পিতামহের) অন্য উত্তরাধিকারির সহিত পিতার অংশে অধিকারী; কিন্তু ঐ বিধবা যদি কন্যা প্রসব করিয়া থাকে, তবে সে কন্যা অংশ দাওয়া করিতে পারে না, কেননা শাস্ত্রে এমত বিধান নাই যে—যে পৌত্রীর পিতা পিতামহের পূর্ব্বে মরে সে পৌত্রী পিতামহের ধনে অধিকারিণী হইতে পারে; কিন্তু মূল ধনী যদি মৃত পুত্রের ও আপনার মধ্যে বিষয় বিভাগ করিয়া থাকে; তবে তদবস্থায় ঐ পৌত্রী পিতার অংশে অধিকারিণী।

প্রমাণ,—দায়তত্ত্ব ধৃত কাত্যায়ন বচন—"বিভাগের পূর্ব্বে (কোন) পুত্র মরিলে তাহার পুত্র যদি পিতামহ হইতে জীবনোপযুক্ত বিষয় না পাইয়া থাকে তবে তাহাকে তাহার অংশ দিতে হইবে। পিতৃব্য অথবা তৎপুত্র হইতে ঐ পৌত্র নিজ পিতার অংশ লইবে।

প্র, ৩। দত্তক গ্রহণ সম্বন্ধে একরার লিখিত পঠিত হওয়ার ব্যবহার আছে কি না; যদি থাকে, তবে যে দত্তক সম্বন্ধে কোন লেখা স্বাক্ষর করা হয় নাই তাহা সুতরাং বাতিল ও অকর্ম্মণ্য কি না?

দত্তকপত্র নিষ্ফল

উ, ৩। দত্তক গ্রহণ বিষয়ক দস্তাবেজ স্বাক্ষর করিয়া লওনের আবশ্যকতা জ্ঞাপক শাস্ত্র নাই।

* দ্রষ্টব্য—দা. ভা. টী. পৃ. ৮১, ৮২। ব্য. দ. পৃ ৩৫৩।

† অর্থাৎ ক্লীবাদি পিতৃধনে অনধিকারিতা প্রযুক্ত নিজং দত্তককে ধনাধিকারি করিতে অক্ষম, অপ্রাপ্তব্যবহার-ও ধন বিনিযোগে অনধিকারিতা প্রযুক্ত নিজ দত্তককে ধনাধিকারি করিতে অক্ষম।

instance, is applicable to others also, provided there be no impediment."* The circumstances of an infant and his adopted son being similar to those of eunuchs and the like and their adopted sons,* there is no impediment to the rule, laid down for the latter, being applied to the adopted sons of infants. †—Consequently, when a son is adopted by a minor, endued with discretion, that son should be entitled to maintenance according to the rule of the *Dattaka-chandriká*.

Legal opinions delivered in, and admitted by, the several courts of judicature, and examined and approved of by Sir William Macnaghten.

Q. Is an unmarried person competent to adopt a boy as his son, or otherwise?

R. An unmarried person may, for the purpose of securing his own and his ancestors, funeral oblations of food and water, adopt a boy.

An unmarried person may adopt.

This is consonant to the *Dattaka-chandriká*, *Dattaka-darpana*, and other works. Zillah Jungle Mehals, May 11th 1826. Macn H. L. vol. II. Chap. VI. Case 1. p. 175.

Q. 1. Is a woman, on the death of her husband, competent to adopt a son or not?

R. 1. If her husband left directions with her to adopt a boy, and then died, in that case the widow is authorised by law to receive a son in adoption, but not otherwise.

A widow cannot adopt a son without the permission of her late husband.

Authorities:—The text of *Vashishtha*, cited in the *Vivádachintámani* and *Vivádabhangárnava:*— "Let not a woman either give or receive a son in adoption, unless with the assent of her husband."

Q. 2. A person died before his father, leaving a widow in a state of pregnancy, who was subsequently delivered of a child. In this case, is the posthumous child entitled to its father's property?

R. 2. If the son leaving a pregnant wife died before his father, while the family were in a state of union, and the widow subsequently brought forth a son, such son, on the death of his grandfather, is entitled to inherit his father's portion along with his uncles or other heirs; but if the widow bring forth a daughter, she cannot claim a share, because there is no provision in the law that a granddaughter, whose father's death happened previously to that of his father may inherit from her grandfather. But supposing the original proprietor to have divided his estate between himself and his deceased son, in that case the granddaughter is competent to inherit her father's share.

Authorities:—The text of *Cátyáyana*, cited in the *Dáyatattwa*: "Should a son die before partition, his share shall be allotted to his son, provided he had received no fortune from his grandfather. That son's son shall receive his father's share from his uncle, or from his uncle's son."

Q. 3. Is it customary to enter into any written agreement on the occasion of adopting a boy: and if so, is an adoption in which no writing was executed necessarily null and void?

R. 3. There is no law requiring the execution of a written instrument on the occasion of

A written in-

* See *Srí Krishna's* commentary on the *Dáyabhága* Sans. pp. 81. 82. *Ante*, p. 357.

† That is, as eunuchs and the like, being themselves not entitled to their patrimony, cannot make their adopted sons entitled to such property, so an infant not having power to dispose of property, cannot make his adopted son successor to property.

নিমিত্ত লিখিত প্রমাণের আবশ্যকতানাই।

পরন্তু তাহা লিখিত পঠিত হওনের রীতি প্রবল বটে। কোন ব্যক্তি যদি দত্তক গ্রহণ বিধান বিহিত ক্রিয়া সম্পাদন পূর্ব্বক কোন লিখিত পঠিত বিনা পঞ্চম বর্ষের অন্যূর্দ্ধ বালককে গ্রহণ করে, এবং বালকের পিতা মাতা যদি স্বেচ্ছাপূর্ব্বক তাহাকে দত্তক করণের নিমিত্তে দান করিয়া থাকে, তবে তদবস্থায় ঐ দত্তক নির্দ্দোষ ও সিদ্ধ।

বিবাদার্ণবসেতু ও বিবাদভঙ্গার্ণব ধৃত বচন—"হে রাজন্, পঞ্চম বর্ষের ঊর্দ্ধ বয়স্ক বালক দত্তকাদি রূপে গৃহীত হইবে না; গ্রহীতা পঞ্চম বর্ষবয়স্ক পুত্র গ্রহণ করিবে, এবং প্রথমে পুত্রেষ্টি যাগ করিবে"।

জিলা নদিয়া, ২০ সেপ্টেম্বর ১৮১০ সাল। কৃষ্ণকান্ত গোস্বামী—বনাম—পরমানন্দ গোস্বামী। মেক্, হি, ল, বা, ২, চ্যা, ৬, মকদ্দমা ২, পৃ, ১৭৫—১৭৮।

প্র,। কোন ব্যক্তি নিজ মৃত্যুর পূর্ব্বে ভ্রাতারা জীবিত থাকিতে অপ্রাপ্ত ব্যবহারা পত্নীকে তাহার নিমিত্তে দত্তক গ্রহণ করিতে আদেশ করে। এমত অবস্থায় ভ্রাতারা থাকিতেও সে পত্নীকে দত্তক পুত্র গ্রহণের অনুমতি করিতে ক্ষমতাবান্ ছিল কি না?

পতির ভ্রাতারা থাকিতেও অপ্রাপ্তব্যবহারা পত্নী দত্তক গ্রহণ করিতে পারে।

উ,। মৃত ব্যক্তি যদি নিজ মৃত্যুর পূর্ব্বে ভ্রাতারা জীবিত থাকিতে পত্নীকে দত্তক পুত্র গ্রহণের আদেশ করিয়া অনন্তর কাল প্রাপ্ত হইয়া থাকে, তবে পুত্রগ্রহণের নিমিত্তে এরূপে দত্ত আদেশ শাস্ত্রসিদ্ধ বিবেচনা করিতে হইবে। পত্নীর অপ্রাপ্ত ব্যবহার থাকন, ও ভ্রাতাদের জীবন শাস্ত্রানুসারে দত্তক গ্রহণের প্রতি প্রতিবন্ধক নহে। এই মত মনু, ব্যবহারতত্ত্ব, ও দত্তকমীমাংসাদি গ্রন্থানুমত।

শহর মুরশিদাবাদ, ১৯ মার্চ ১৮১৫ সাল। সর্ব্বমঙ্গলার কর্ম্মকর্ত্তা হারাধন রায়—বনাম—বিশ্বনাথ রায় প্রভৃতি। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ৬, মকদ্দমা ৫, পৃ. ১৮০।

দত্তক গ্রহণার্থে পতির আদেশ প্রাপ্তা পত্নী এক কালে দুই দত্তক গ্রহণ করিতে পারে না। পরে গৃহীত দত্তক অসিদ্ধ

প্র,। কোন ব্যক্তি পত্নীকে এক দত্তক গ্রহণের অনুমতি দিয়া লোকান্তর গত হয়। অনন্তর তাহার পত্নী এককালে দুই পুত্র গ্রহণ করে; এমত অবস্থায়, তদুভয়ের অথবা একের দত্তকতা শুদ্ধ ও সিদ্ধ কি না?

উ,। নিস্সন্তান ব্যক্তি যদি ধর্ম্ম কর্ম্ম নিমিত্তে পত্নীকে দত্তক গ্রহণের অনুমতি দিয়া থাকে, তবে তদ্রূপে গৃহীত বালক ঔরস পুত্রের প্রতিনিধি হয়। তাদৃশ অনুমত্যনুসারে ঐ বিধবা দত্তক গ্রহণ করিতে যোগ্যা। পতির অনুমতিতে (যথা প্রশ্নে লিখিত) প্রকাশ যে এক পুত্রপ্রতিনিধি হইলেই ধর্ম্মকর্ম্ম সম্পাদন নিমিত্তে যথেষ্ট হইবে। অতএব তাদৃশ অনুজ্ঞানুসারে ঐ পত্নী এককালে দুই পুত্র গ্রহণ করিতে পারে না,—দ্বিতীয় দত্তক অসিদ্ধ।

প্রমাণ,—"শ্রাদ্ধতর্পণ ক্রিয়া ও নামসঙ্কীর্ত্তন নিমিত্তে অপুত্র ব্যক্তি যত্নপূর্ব্বক যাদৃক্ তাদৃক পুত্র করিবে"।

উক্ত বচনে "পুত্র" পদ একবচনান্ত;—দ্বৈতনির্ণয়কর্ত্তা কহেন যে ইহাতে বহু পুত্র গ্রহণ নিষিদ্ধ. ইত্যাদি। মনু—'ক্রিয়ালোপ (না হওন) নিমিত্তে মনীষিরা ক্ষেত্রজাদি এই একাদশ রূপ সুতকে (ঔরস) পুত্র প্রতিনিধি কহিয়াছেন"।

ঢাকা কোর্ট আপীল। ৩০ এপ্রেল ১৮১৩ সাল। মেক্. হি. ল. বা. ২, চ্যা. ৬, মকদ্দমা ৭, পৃ. ১৮১।

প্র,। যদি কোন নারী দত্তক গ্রহণ করিতে পতি হইতে অনুমতি পাওয়ার এজহার করিয়া দত্তক গ্রহণ করে, এবং ঐ অনুমতি পাওয়ার এজহার যদি তাহার নিজোক্তি ভিন্ন অন্য কাহারো দ্বারা সপ্রমাণ না হয়, তবে ঐ দত্তক সিদ্ধ কি না?

receiving a boy in adoption, though the practice of resorting to writing is prevalent. If a person, having performed the ceremonies prescribed for adoption, affiliate a boy whose age does not exceed five years, without having recourse to any written instrument, and the parents of the boy, at their own free will, give the boy for the purpose of affiliation, in such case the adoption is good and legal.

The passage quoted in the *Vivádárnavasetu* and *Vivádabhangárnava:*—"But after their fifth year, O king, sons given and the rest must not be adopted: let the adopter take a boy five years old, and first perform a sacrifice for male offspring."

Zillah Nuddea. September 20th, 1810. Kishenkaunt Goswamee, *v.* Purmanund Goswamee Macn. H. L. vol. II. Chap. VI. Case 2. pp. 175--178.

Q. A person previously to his death left directions with his wife, who was then under age, to adopt a son for him while his brothers were alive. In this case, was he at liberty to desire his wife to adopt a son, though his brothers were living?

A widow being a minor may adopt a son under instructions from her late husband, though her husband's brothers are living.

R. If the deceased, previously to his death, and during the lifetime of his brothers, left directions with his wife to accept a son in adoption, and subsequently died, on his death, the directions so given should be considered legal for the purpose of affiliation. The non-age of his widow and the existence of his brothers are, according to law, no obstacle to the adoption. This opinion is conformable to the doctrines of *Manu*, the *Vyavahára-tattwa*, the *Dattaka-mímánsá*, and other law books. City Moorshedabad. March 19th, 1815 Haradhan Roy, agent of Sarbamongula. *v.* Biswonath Roy and others. Macn. H. L. vol. II. Chap. VI. Case 5. p. 180.

Q. A person, having left directions with his wife to make an adoption, died, and, subsequently, his widow, at one and the same time, adopted two sons; in this case, is the adoption of both, or either, good and valid?

A widow, having received instructions from her husband to adopt a son, cannot make two adoptions at the same time. The one made secondly will be invalid.

R. If a childless person, from religious motives, desire his wife to adopt a son, the child so adopted becomes the substitute of a legitimate son. The widow is with such permission competent to adopt. From the direction of the husband, as it is stated in the question, he evidently considered that one substituted son would be sufficient for the performance of religious ceremonies. Consequently, in obedience to such order, the widow cannot adopt two sons at the same time; and the second adoption is illegal.

Authorities.--"A son of any description must be anxiously adopted by one who has none, for the sake of the funeral cake, water, and solemn rites, and for the celebrity of his name."

In the text, the word 'son' is in the singular number: the author of the *Dwaitanirnaya* construes this as forbidding many adoptions, &c. *Menu*: "*Sages* declare these eleven sons, (the son of the wife and the rest,) as specified, to be substitutes for the real legitimate son; for the obsequies would fail, (*Kriyálopát.*)" Dacca Court of Appeal, April 30th, 1813. Macn. H. L. vol. II. Chap. VI. Case. 7. pp. 181, 182.

Q.1. If a woman, asserting that she had received permission from her husband to adopt a son, shall make such adoption, and the granting of the permission be not supported by any other evidence besides her assertion, is the adoption legal?

পত্নী মৃত পতি হইতে অনুমতি পাওয়ার এজহার করিলে তাহা যথেষ্ট প্রমাণ নয়।

উ,। ঐ পত্নী যদি দত্তক গ্রহণ করিতে পতি হইতে অনুমতি প্রাপ্তা হওয়ার এজহার করে, আর ঐ অনুমতি যদি অন্য সাক্ষির সাক্ষ্য বা অন্য প্রমাণদ্বারা সপ্রমাণ না হয়, তবে তদবস্থায় ঐ দত্তক সিদ্ধ নয়।

প্রমাণ—"পতির অনুমতি বিনা কোন নারী (দত্তক করণার্থে) পুত্রদান বা গ্রহণ করিবে না"। দত্তকচন্দ্রিকাদি গ্রন্থধৃত বশিষ্ঠ বচন।

প্র,। দত্তক পুত্র ও তদ্গ্রহীত্রী মাতার মধ্যে যদি বিরোধ উপস্থিত হয়, এবং তাহার নিষ্পত্তি নিমিত্তে ঐ দত্তক পুত্র যদি এই মজমুনে এক একরার লিখিয়া দেয়, যে তাহার মাতা যাবজ্জীবন ভূমি সম্পত্তিতে দখলিকার থাকিবেন, ও সে (দত্তক) ঐ মাতার পরে কেবল এই শর্তে দখিলকার হইবে যে ঐ মাতার ও তাহার মধ্যে যদি কোন গুরুতর বিরোধ হয়, তবে তাহার (অর্থাৎ ঐ দত্তকের) সকল স্বত্ব ধ্বংস হইবে, ও তাহার দত্তকতা অসিদ্ধ হইবে;—তাহাদের মধ্যে কোন বিরোধ উপস্থিত হইলে ঐ দলিলের দ্বারা ঐ মাতা তৎ পুত্রকে নিস্স্বত্ব করিতে অধিকারিণী কি না?

উ,। উপরি উক্ত অবস্থাতে ঐ দলিলের দ্বারা উক্ত রূপ অধিকার মাতাকে বর্ত্তে, যেহেতু কোন বিষয়ের অধিকারী ব্যক্তি তাহা যেমত ইচ্ছা সেই রূপে বিনিয়োগ করিতে পারে। এইমত দায়ভাগ, বিবাদভঙ্গার্ণব ও বিবাদার্ণবসেতু প্রভৃতি গ্রন্থানুমত।

প্রমাণ,—উক্ত গ্রন্থাদিতে ধৃত নারদ বচন—"তাহারা যদি নিজং অংশ দান বা বিক্রয় করে, তাহারা তৎসমুদায় যেমত ইচ্ছা তেমনি করিতে পারে, যেহেতু তাহারা নিজধনের প্রভু"।

মোসম্মাৎ তারামণি দেব্যা—বনাম—দেবনারায়ণ রায় ও বিষ্ণুপ্রসাদ। সদরদেওয়ানী আদালত, ১৪ জানওয়ারি ১৮২৭ সাল। মেক্. হি. ল. বা, ২, চ্যা, ৬, মকদ্দমা ১০, পৃ, ১৮৩।

কুষ্ঠী (প্রায়শ্চিত্ত না করিলে) দত্তক গ্রহণ করিতে পারে না।

প্র,। ব্রাহ্মণ জাতীয় কোন ব্যক্তি কুষ্ঠরোগার্ত্তাবস্থায় দত্তক পুত্র গ্রহণ করে। এমত অবস্থায় ঐ দত্তক শুদ্ধ ও সিদ্ধ কি না?

উ.। কুষ্ঠরোগার্ত্ত ব্যক্তি দত্তক গ্রহণ করিতে অনধিকারী; যেহেতু সে যাবজ্জীবন অশুচি, তন্নিমিত্তে তাহার দত্তক অবশ্যই অসিদ্ধ *।—মেক্. হি, ল, বা, ২, চ্যা, ৬ মকদ্দমা ২০, পৃ, ২০১।

প্র,। কুষ্ঠ বা তৎসদৃশ রোগার্ত্ত কোন ব্যক্তি বিধি বিহিত প্রায়শ্চিত্ত করিয়া দত্তক পুত্র গ্রহণ করে। এমত অবস্থায় ঐ দত্তক শুদ্ধ ও শাস্ত্রসিদ্ধ কি না?

প্রায়শ্চিত্ত না করিলে কুষ্ঠী দত্তক গ্রহণ করিতে পারে না।

উ,। কুষ্ঠ বা তৎ সদৃশ রোগার্ত্ত ব্যক্তি বিধি বিহিত প্রায়শ্চিত্ত করিলে পর শুচি হইয়া বেদবিহিত পার্ব্বণ শ্রাদ্ধ করিতে অধিকারী হয়, অতএব তাদৃশ শুচি ব্যক্তির গৃহীত দত্তক শুদ্ধ ও শাস্ত্রসিদ্ধ †। মেক, হি, ল, বা, ২, চ্যা, ৬, মকদ্দমা ২১, পৃ, ২০১।

গৌরীপ্রসাদ রায় আপিলাণ্ট—বনাম—মোসম্মাৎ জয়মালা রেস্পণ্ডেণ্ট্।

জিলা ঢাকার আদালতে মোসম্মাৎ জয়মালা নিজ নাবালগ্ পুত্র শিবপ্রসাদের পক্ষে যে আর্জি দাখিল করে তাহার বয়ান এই যে পার্ব্বতীনামে তাহার এক জ্যেষ্ঠা সপত্নী ছিল, তাহার পতি নিস্স-

* কুষ্ঠী ব্যক্তি যথাবিহিত প্রায়শ্চিত্ত করিয়াছে কি না তাহা এ মকদ্দমায় স্পষ্টরূপে বর্ণিত হয় নাই। কুষ্ঠী ব্যক্তি যদি প্রায়শ্চিত্ত না করিয়া থাকে তবে উক্ত ব্যবস্থা অবশ্যই যথার্থ; কিন্তু প্রায়শ্চিত্ত সম্পন্ন হইলে তাহার গৃহীত দত্তক সিদ্ধ, যেহেতু প্রায়শ্চিত্তে কুষ্ঠির অশুচিতা দূর হয়। ইহার পরের মকদ্দমা দ্রষ্টব্য। মেক্নাটন্ সাহেবের নোট।

† এই মত যথার্থ, কিন্তু যে পণ্ডিত এই ব্যবস্থা দেন তিনি তৎপোষকতায় কোন প্রমাণ তুলেন নাই। জগন্নাথের বিবাদ ভঙ্গার্ণবের বক্ষ্যমাণ উক্তিতে ঐ ত্রুটি সারা যাইতে পারে, তদ্যথা;—রঘুনন্দনের মত এই যে কুষ্ঠ বা তৎসদৃশ রোগার্ত্ত ব্যক্তির প্রতি বেদোক্ত ধর্ম্মকর্ম্ম করণের নিমিত্তে প্রায়শ্চিত্ত বিহিত হইয়াছে, তৎ সাংদৃষ্টিক ন্যায়ে সে যেমত ধর্ম্ম কর্ম্ম করিতে অধিকারী তেমনি ধনাধিকারী হইতেও যোগ্য।

R. 1. If the woman state herself to have been authorised by her husband to adopt a boy, and the sanction be not proved by the testimony of witnesses or other evidence, the adoption in such case is not legal.

A woman's assertion, that she had been authorised by her late husband to adopt a son, is not sufficient proof

Authorities.—"Let not a woman either give or receive a son in adoption; unless with the assent of her husband." *Vashishtha*, cited in the *Dattaka-chandriká* and other authorities.

Q. 2. If a dispute arise between an adopted son and his adopting mother, and, to decide it, the adopted son execute an agreement of the following purport, that his mother is to remain in possession of the landed property during her lifetime, and that he is to inherit after her only on the following condition, that, should any serious difference occur between his mother and himself, he is to lose all his rights, and his adoption is to be held void; does such document, on the occurence of any difference between them, confer a legal right on the mother to disinherit the adopted son?

R. 2. Under the circumstances stated, such agreement does confer the right alluded to on the mother, because the owner of any possessions may dispose of them as he pleases. This opinion is conformable to the *Dáyabhága*, *Virádabhangárnava*, *Virádárnavasetu*, and other tracts.

Authorities:—The text of *Nárada* cited in the above authorities: "Should they give or sell their own shares, they do all that as they please, for they are masters of their own wealth."

Musst. Taramunee Debia *v.* Debnaraen Roy and Bishenpersaud. Sudder Dewanny Adawlut. January 14th, 1824. Macn. H. L. vol. II. Chap. VI. Case 10, pp. 183, 184.

Q. A man of the first class while afflicted with leprosy, adopted a son. In this case is the adoption good and valid?

A leper cannot adopt.

R. A person afflicted with leprosy is incompetent to adopt a son; for he bears the impurity till *death*; consequently the adoption must be considered as void *.—*Ibid.* Case 20, p. 201.

Q. A person having been afflicted with leprosy, or the like disease, performs the expiation (*práyashchitta*) ordained in the law for it, and adopts a boy as his son. In this case, is the adoption good and legal or otherwise?

R. The person afflicted with leprosy or the like disease, after his performance of the prescribed penance, becomes purified, and is competent to perform *párvana*, or double rites and ceremonies, as declared in the *Veda*, therefore the adoption made by the person so purified is good and legal†.—*Ibid.* Case 21, p. 201.

Unless he have performed the prescribed expiation

Gourcepershaud Roy Appellant v. Mussummaut Joymálá Respondent.

It was set forth in the plaint filed by *Mussummaut Joymálá*, in the Zillah Court of Dacca, on the part of her son Sheopershaud, a minor, that her husband had another and a senior wife named Parbutee; that he, being childless, had in the year 1199, B. S, given permission to

* It is not distinctly stated in this case whether the leper performed the prescribed expiation. Certainly the opinion is correct, provided the leper have not performed expiation; but if performed, the adoption is legal, for the impurity of the leper is removed after penance performed. See the following case.—Note by Sir. W. Macnaghten.

† The opinion is correct, but the law officer by whom it was delivered has omitted to support it by any authority. The following passage from the Digest of *Jagannátha* may serve to supply the omission "*Raghunandna* holds that expiation for a man afflicted with elephantiasis, or other similar disease, is ordained for the purpose of enabling him to perform acts of religion ordained in the *Veda*. By parity of reasoning, he becomes competent to inherit property, as well as to perform religious ceremonies."

স্তান হওয়াতে বাঙ্গলা ১১৯৯ সালে প্রত্যেক পত্নীকে এক২ দত্তক গ্রহণ করিতে অনুমতি দেয় এবং তদনুমতির পোষকতায় সে স্বয়ং গৌরীপ্রসাদ নামক এক বালককে জ্যেষ্ঠাপত্নী পার্ব্বতীর নিমিত্তে দত্তক গ্রহণ করে; বাদিনীর পতি ১২০৪ সালে কাল প্রাপ্ত হয়, ও ১২০৮ সালে বাদিনী পতি হইতে প্রাপ্ত অনুমতি ক্রমে নিজের নিমিত্তে শিবপ্রসাদকে দত্তক গ্রহণ করে. এতাবতা সে (অর্থাৎ শিবপ্রসাদ) তৎপিতার বিষয়ের অর্দ্ধাংশে অধিকারী,—যে অংশ প্রাপ্তির নিমিত্তে জয়মালা এই নালিশ উপস্থিত করিয়াছে। প্রতিবাদী জওয়াবে ওজর করে যে—বাদিনীর এজহার মত তৎপতি তাহাকে দত্তক গ্রহণের অনুমতি দেয় নাই, এবং যে কোন অবস্থাতে দ্বিতীয় দত্তক অশাস্ত্রীয়। জিলার জজ হালতের প্রমাণ না লইয়া প্রথমতঃ বর্ত্তমান মকদ্দমা সম্বন্ধে দত্তক বিষয়ক শাস্ত্র কি তাহা স্থির করা উচিত বোধ করিলেন, এবং তদভিপ্রায়ে তিনি তাঁহার (আদালতের) পণ্ডিতের প্রতি বক্ষ্যমাণ প্রশ্ন করিলেন—"যদি বাদিনীর এজহারের অনুসারে গৌরীপ্রসাদ দত্তক গৃহীত হওনের এবঞ্চ বাদিনীর পতির মরণের পর তদনুমত্যনুসারে শিবপ্রসাদ দত্তক গৃহীত হইয়া থাকে, তবে ঐ দত্তক সিদ্ধ কি না, এবং এমতে গৃহীত ব্যক্তি ধনাধিকারী কি না? উক্ত প্রশ্নের যে উত্তর দত্ত হয় তদ্‌যথা,—"নিস্‌সন্তান ব্যক্তি শ্রাদ্ধাদি নিমিত্ত দত্তক গ্রহণ করিলে ঐ দত্তক ঔরস পুত্র তুল্য হয়, সে যদি দত্তক গ্রহণ করিতে স্বয়ং অক্ষম হয় তবে পত্নীকে তাহা করিবার ভার দিতে পারে, এবং যদি (এককালে একাধিক পুত্র প্রাপ্তির আকাঙ্ক্ষায়) স্ত্রীদের প্রত্যেককে এক পুত্র গ্রহণ করিবার অনুমতি দেয়, তবে তাহা শাস্ত্রীয়। এ মকদ্দমায় কথিত হইয়াছে যে উক্ত পুরুষ নিজ জ্যেষ্ঠা পত্নীর নিমিত্তে স্বয়ং দত্তক গ্রহণ করিয়াছে, কিন্তু শাস্ত্রে এমত বিধান নাই যে কোন বিশেষ স্ত্রীর নিমিত্তে দত্তক গ্রহণ করিবে,—কেননা তাহার গৃহীত দত্তক সকল পত্নীরই উপকারী;—এতাবতা পতি পূর্ব্বে কোন অনুমতি দিয়া থাকিলে তাহা পরেকৃত তাহার নিজ ক্রিয়ার দ্বারা অকর্ম্মণ্য হইয়াছে। এই গৃহীত দত্তকের জীবন কালে পত্নী অন্য দত্তক গ্রহণ করিতে পারে না। কিন্তু গৃহীত দত্তক পুত্রের উচিত যে ঐ পত্নীর উপযুক্ত বর্ত্তনোপায় করিয়া দেয়। পণ্ডিতের এই মত বিবেচনান্তে জজ সাহেব বাদির দাবী খরচা সমেত ডিস্‌মিস্‌ করিলেন।

অনন্তর ঢাকার প্রবিন্‌স্যাল্‌ কোর্টে জয়মালা আপীল করিলে, ঐ আদালত জিলার ডিক্রী রদ করিয়া আপিলান্টের হক্কে এই হুকুমে অর্দ্ধেক বিষয় ডিক্রী করিলেন যে সে নিজ অপ্রাপ্তব্যবহার পুত্রের নিমিত্তে জিম্মা রাখিবে।

গৌরীপ্রসাদ সদর দেওয়ানী আদালতে আপীল করিলে, মকদ্দমার কাগজ পত্র জিলার ও প্রবিন্‌স্যাল কোর্টের পণ্ডিতের ব্যবস্থা সহিত সদরের পণ্ডিতদিগের নিকট সমর্পিত হইল. ইঁহারা যে ব্যবস্থা দিলেন তদ্‌যথা,—যদি কোন ব্যক্তির দুই স্ত্রী থাকে ও সে তৎপ্রত্যেককে এক দত্তক গ্রহণ করিতে অনুমতি দেয়, অনন্তর যদি সে নিজে জ্যেষ্ঠা স্ত্রীর সহিত একত্র এক দত্তক গ্রহণ করে, এবং তাহার মৃত্যুর পরে যদি দ্বিতীয়া স্ত্রী পতি হইতে প্রথমে প্রাপ্ত অনুমত্যনুসারে এক দত্তক গ্রহণ করে, তবে দ্বিতীয়া স্ত্রীর গৃহীত দত্তক শাস্ত্রসিদ্ধ নহে.—কেননা কোন ব্যক্তি যদি অনুমতি দেওয়ার পর স্বয়ং অনুমতির কর্ম্ম করে, তবে তাহার কৃতকর্ম্মদ্বারা অন্যকে দত্ত অনুমতি অকর্ম্মণ্য হয়।—মৃত ব্যক্তির তাবৎ ধন তাহার নিজ গৃহীত দত্তককে অর্শে।" কিন্তু রেস্‌পণ্ডেন্টের পক্ষে প্রবিন্‌স্যাল কোর্টে উপস্থিত সাক্ষির সাক্ষ্যে প্রকাশ পাওয়াতে যে দ্বিতীয়া স্ত্রীকে তৎপতি প্রথমে যে অনুমতি দেয় তাহা প্রথমা স্ত্রীর নিমিত্তে দত্তক গ্রহণ করার পর দৃঢ় করে। তন্নিমিত্তে পণ্ডিতদিগকে ইহা লিখিতে আদেশ করা হইল যে এই সকল অবস্থাতে মকদ্দমার ভাব পরিবর্ত্তন হইবে কি না। তাহাতে পণ্ডিতেরা উত্তর করিলেন যে উক্ত অবস্থাতে গ্রহীতা পিতার অনেক পুত্র প্রাপ্তির ইচ্ছা থাকাতে (এবং ঐ ইচ্ছা প্রশংসনীয় হওয়াতে) তাহার স্থাবরাস্থাবর বিষয় তাহার দুই দত্তক পুত্র মধ্যে সমভাগে বিভক্ত হওয়া উচিত। উপরিউক্ত ব্যবস্থাতে পতির অনুমতি ক্রমে দুই পত্নী পর পর দত্তক গ্রহণ করিলে তাহা শাস্ত্র সিদ্ধ উক্ত হওয়াতে এবং ঐ ব্যবস্থা নারায়ণী

each of his wives to adopt a son, and, in furtherance of that permission, had himself adopted a boy named Gooreepershaud, on account of his senior wife Parbutee; that the plaintiff's husband died in the year 1204, and that in the year 1208 the plaintiff, in consequence of the permission obtained from him, adopted on her own account Sheopershaud, who was therefore entitled to half the estate of her late husband, for the recovery of which on his behalf, she brought the present action. It was urged in answer by the defendant, that the husband of the plaintiff had not given permission to adopt as alleged by her, and that under any circumstances the second adoption was illegal. The Zillah Judge, without going into the evidence regarding the fact, thought fit in the first instance to ascertain the law of adoption as far as it affected the case in question. With this view he put the following interrogatory to his Hindoo law officer: "Supposing the adoption of Sheopershaud to have taken place as stated by the plaintiff, that is, subsequently to the adoption of Gooreepershaud, and to the death of her husband, though agreeably to his permission; is such subsequent adoption valid, and does it entitle the person so adopted to share in the estate or not?" The answer to the above reference was in the following terms: "If a childless person adopt a son for the sake of his obsequies, the adopted son becomes like a son of the body; he may also, if unable to adopt a son himself, authorise his wife to do so, and if (with a view to having more than one son at the same time) he authorise his two wives each to adopt a son, it is legal. But in this instance it is stated that the husband himself adopted a son on account of his first wife. There being, however, no authority for his adoption on account of a particular wife, the son adopted by him renders service to all his wives; and hence any previous permission given by the husband is annulled by his own subsequent act. During the lifetime of a son so adopted, the wife cannot adopt another. But the son adopted by the father should make a suitable provision for his widow." On consideration of the above opinion of the law officer, the Zillah Judge dismissed the suit, with costs against the plaintiff.

On appeal by *Joymâlâ* to the Provincial Court of Dacca, that Court reversed the decree of the Zillah Judge, and decreed a moiety of the estate to the appellant to hold in trust for her minor son.

A petition for a special appeal to the Sudder Dewanny Adawlut having been presented by Gooreepershaud, the proceedings, together with the law opinions of the pundits of the Zillah and Provincial Courts were referred to the law officers of the Sudder Dewanny Adawlut, who delivered their sentiments on the case as follows. "If a man having two wives give authority to each to adopt a son, and afterwards in concurrence with his senior wife adopt a son, and after his death the second wife, in pursuance of the authority originally obtained from him, adopt a son, the adoption by the second wife is not legally valid; because if a person giving permission, afterwards himself does the thing permitted, the permission given to another becomes by his act void. All the property of the deceased devolves on the son adopted by him." But it appearing from the evidence of the respondent's witnesses in the Provincial Court, that the permission granted originally by the husband, was confirmed to the second wife after he had made an adoption in favour of his senior wife, the pundits were therefore required to state whether these circumstances would alter the nature of the case; to which they replied, that, under these circumstances, the desire of the adoptive father being obviously to have many sons (which was a laudable desire) his estate real and personal should be shared by each of the adopted sons in equal proportions. On consideration of the above opinion, establishing

দেবা ও রামকিশোরের বিরুদ্ধে শ্যামচন্দ্র ও রুদ্রচন্দ্রের মকদ্দমার নিষ্পত্তির সহিত মিলাতে (দ্রষ্টব্য বা, ১ পৃ, ৮৫) তাহা বিবেচনান্তে রেস্পণ্ডেন্টের পক্ষে হওয়াপ্রবিন্স্যাল কোর্টের ডিক্রী যথার্থ ও ন্যায্য বিবেচিত হইল। তদনুসারে তাহা সদরদেওয়ানী আদালতের জজ (জে. এইচ্‌, হারিংটন সাহেব) বহাল রাখিলেন *। ১২ ডিসেম্বর ১৮১৪ সাল। স, দে, রি, বা, ২, পৃ, ১৩৬।

২০০, ৫০২, ৩০৩, ৩০৬, ও ৫১১ সংখ্যক ব্যবস্থার নজীর।

বিরোধীয় বিষয়ের মালিকের দুই কন্যা বয়ানযুক্ত আর্জিতে উক্ত বিষয় তাহাদের পিতার করারে এই ইজেক্ট্‌মেন্টের নালিশ উপস্থিত করে।

বাদিনীদের মকদ্দমা সম্পূর্ণতা নিমিত্তে পণ্ডিতদিগকে এক প্রশ্ন জিজ্ঞাসা করা হয়।

প্রশ্ন,—কোন পুরুষ ভূমি সম্পত্তি রাখিয়া এবং এক পত্নী ও তিন দুহিতা রাখিয়া অপুত্র মরে, তন্মধ্যে এক কন্যার তৎপিতৃজীবন কালে এক পুত্র জন্মে। জিজ্ঞাসা—তৎপিতার মরণান্তে বিষয় দখল পাইতে কে অধিকারী?

উত্তর। ঐ বিধবা (পত্নী) যাবজ্জীবন বিষয়াধিকারিণী, তাহার মৃত্যুর পরে অবিবাহিতা দুহিতারা সমভাগিনী, যে দুহিতা পিতার জীবনকালে বিবাহিতা হইয়াছে সে কিছুতে অধিকারিণী নয়। পিতার জীবন কালে যদি এক কন্যা বিবাহিতা হইয়া থাকিত, ও অন্য কন্যা বিবাহিতা না হইয়া থাকিত, ও মধ্যে যদি পত্নীর অধিকার না হইয়া থাকিত, তবে ঐ অবিবাহিতা দুহিতাই কেবল অধিকারিণী হইত।

ফরগিসন সাহেব প্রতিবাদির পক্ষে কহিলেন—আমার মওক্কেল মৃত ধনির দত্তক পুত্র এবং উত্তরাধিকারী বলিয়া দাওয়া করে, ও প্রমাণ হইয়াছে যে ধনির মৃত্যুর পরে তাহার পত্নী পতির জীবন কালে দত্তানুমত্যনুসারে ঐ দত্তক পুত্র গ্রহণ করে। এবং অনেক সাক্ষিতে সাক্ষ্য দেয় যে মৃত ধনী তাহাকে (অর্থাৎ প্রতিবাদিকে) আপন মৃত্যুর পরে দত্তক গ্রহণ করিবার নিমিত্তে নিজ পত্নীকে ক্ষমতা অর্পণ করে।

এস্থলে পণ্ডিতদিগকে বক্ষ্যমাণ প্রশ্ন কতিপয় করা হইল।

১। পত্নীকে দত্তক গ্রহণে অধিকারিণী করিবার নিমিত্তে লিখিত অনুমতি আবশ্যক ছিল কি না?

উ,। না।

২। এই ভারার্পণ উপলক্ষে কোন ক্রিয়া আবশ্যক কি না?

উ,। না, ইহা কেবল বাচনিক হইতে পারে, কিন্তু ঐ পত্নীর অনুমতি প্রাপ্তা হওন বিষয়ে যদি সেই ভিন্ন অন্য সাক্ষী না থাকে, তবে তাহার কথায় বিশ্বাস কর্ত্তব্য নয়, ও তাহার কথায় তাহা প্রমাণ হইতে পারে না।

৩,। ধনির মরণ কালে তাহার দৌহিত্র জীবিত থাকাতে অন্য ব্যক্তি দত্তক গৃহীত হইতে পারে কি না?

উ,। হাঁ, যে কোন অপর ব্যক্তি বিনা বাধায় (হইতে পারে)।

এতাবতা, স্বামির দত্ত সাধারণ ক্ষমতানুসারে, যেমত অপর ব্যক্তিকে দত্তক গ্রহণ করিয়াছে তাহা করিতে তাহার ক্ষমতা সাব্যস্ত হওয়াতে, এবং দত্তক গ্রহণ সপ্রমাণ হওয়াতে, বাদিনীদিগকে এ মকদ্দমায় নিস্‌সম্পর্ক করিবার নিমিত্তে আর কএকটি প্রশ্ন করিতে রহিয়াছে।

এস্থলে পণ্ডিতদিগকে বক্ষ্যমাণ প্রশ্ন করা হইল।

প্র,। পত্নীকে দত্তক গ্রহণের এমত ক্ষমতা অর্পিত হইলে সে পতির মৃত্যুর পর যে কোন কালে ঐ ক্ষমতার কার্য্য করিতে পারে কি না?

উ,। হাঁ, তাহা ঐ পত্নীর জীবন কালে হইতে পারে।

* এই মকদ্দমার জিলার নিষ্পত্তি শুদ্ধ ও শাস্ত্রসিদ্ধ, তদ্ভিন্ন অন্য সমুদয় শাস্ত্রানুমত নয়। এই মকদ্দমার সদরীয় নিষ্পত্তির দোষ বক্ষ্যমাণ মাদরাজের মকদ্দমাতে হওয়া প্রিবি কৌন্‌সিলের নিষ্পত্তিতে উত্তম রূপে বর্ণিত হইয়াছে।—তাহা দ্রষ্টব্য

the legality of two successive adoptions by two wives under authority from their husband, which corresponds with the decision in the case of Shamchunder and Rooderchunder *versus* Naraenee Debeh and Ramkishore, (vide Vol. I, page 85,) the decree of the Provincial Court in favour of the respondent appeared just and proper. It was accordingly affirmed by the Sudder Dewanny Adawlut, (present J. H. Harington.)* December 12th, 1814. S. D. A. R. Vol. II. p. 136.

CASE bearing on the Vyavasthás Nos. 500, 502, 505, 506, & 511.

This was an action of ejectment, brought by the two daughters of A. B., a deceased proprietor of the property in question, to recover the premises as set out in a bill of particulars as having belonged to their father.

To complete the plaintiffs' case a question was asked of the *pundits*.

Quere, A man dies leaving landed property, a widow, and three daughters, but no male issue; one of those daughters has a son born during her father's life time. *Quere*, who is entitled to possession at the father's death?

A. The widow is entitled to an estate for life, and after her death the unmarried daughters have equal shares: the daughter that is married in her father's lifetime is not entitled to any. If one daughter had been married, and the other not, at the father's death, no intervention of the widow's estate having occurred, the unmarried daughter would have succeeded solely.

Fergusson, for the defendant, stated that his client claimed, as the adopted son and heir of the deceased A. B., and it was proved that he had been so adopted by the widow of A. B., after his death, according to instructions given to her for this purpose by him during his lifetime.

And several witnesses swore to having heard A. B. invest his wife with a power to appoint him (defendant) an adopted son after his death.

The following questions were here put to the *Pandits*.

1st. Whether any written authority was necessary to be given by the husband, to entitle his widow to adopt?

A. No.

2ndly. Are any ceremonies usual on such occasion of deputing?

A. No, it may be merely verbal; but if there were no other witness of the widow's having received such a power from her husband but the widow herself, she would not be believed, and could not prove it.

3rdly. Whether, if there be living a son of the deceased's daughter at the time of his death, any other can be adopted?

A. Yes, any stranger even, without restriction.

Thus the power of the widow to adopt, as she had done, a stranger after her husband's death, by virtue of a general power, being established, and the fact of adoption being proved, there remained only a few questions more of Hindoo law to put the lessors of plaintiff out of Court.

Here the following question was asked of the *Pundits*:—

Q. May such a power of adoption, delegated to the widow, be exercised at any time after her husband's death?

A. Yes, so it be in the widow's lifetime.

* The Zillah decision in this case is consonant with the law: the other decisions do not seem to be so. The inaccuracy of the Sudder decision in this case will be perceived on perusal of the Privy Council decision in the Madras case hereinafter printed.

এই দত্তক ঐ পত্নীকর্ত্তৃক তৎ পতির মৃত্যুর পনেরো বৎসর পরে গৃহীত হয়, এমতে ঐ বিধবা কিছু কালের নিমিত্তে কেবল আপনি ঐ বিষয় ভোগ করে, কিন্তু প্রতিবাদী যোড়শ বর্ষ বয়ঃ প্রাপ্ত হওন অবধি ঐ বিধবা তাহা ঐ দত্তকের সম্পূর্ণ কর্তৃত্বাধীনে ও লাভের নিমিত্তে ছাড়িয়া দেয়. ইহা প্রতিবাদির মকদ্দমার দৃঢ় পোষক বটে, কেননা দত্তক গ্রহণ না করিলে ঐ পত্নী যাবজ্জীবন ঐ সমুদায় বিষয়ে উপভোগিনী থাকিত কিন্তু দত্তক গ্রহণে সে আপনাকে তাহা হইতে বঞ্চিত করিয়াছে।

দুহিতাদের সহিত কোন কলহ হইয়াছিল না।

পণ্ডিতদিগকে ইহাও জিজ্ঞাসা করা হইয়াছিল যে ধনির মরণ কালীন যে বালক জন্মে নাই তাহাকে ঐ পত্নী দত্তক গ্রহণ করিতে পারে কি না?

উ.। পারে।

ফরগিসন সাহেব যে তাঞ্জোরের রাজার মকদ্দমার উল্লেখ করেন, তাহাতেও দত্তক গ্রহণের বাচনিক ক্ষমতা দত্ত হয়, ও তাহা ভারতবর্ষের তাবৎ লব্ধপ্রতিষ্ঠ পণ্ডিত কর্ত্তৃক শাস্ত্রসম্মত বলিয়া দৃঢ়ীকৃত ও স্পষ্টরূপে সাব্যস্ত হইয়াছে।

মকদ্দমার বৃত্তান্ত ও শাস্ত্র বিধান স্পষ্টরূপে সাব্যস্ত হওয়াতে আদালত প্রতিবাদির হক্কে বিচার করিলেন।—ইষ্ট সাহেবের নোট। মকদ্দমা নং ১০, ২৪ মার্চ ১৮১৪ সাল।

মৃত সুন্দর নারায়ণের পত্নী মোসম্মাৎ সুলক্ষণা আপিলাণ্ট—বনাম—রামদুলাল পাঁড়ে প্রভৃতি রেস্‌পণ্ডেণ্ট।

৪০০, ৫০৮, ৫০৫, ৫০৭, ৫০৮, ও ৫০৯, সংখ্যক ব্যবস্থার নজীর।

বাদী নিজ নাবালগ্‌ পুত্র শ্যামাপ্রসাদের পক্ষে এই নালিশ করে, ঐ পুত্রের মাতা বিষ্ণুপ্রিয়া রাজা যাদুরামের দুহিতা ছিল; এবং এই নালিশ এই বুনিয়াদে উপস্থিত হয় যে শাস্ত্রানুসারে দাবীকৃত জমীদারী যাদুরামের দৌহিত্র উক্ত নাবালগের হক।

প্রতিবাদী সুন্দরনারায়ণ আপত্তি করে যে যাদুরামের পৌত্র কুণ্ডরনারায়ণের পুত্র জয়নারায়ণের মৃত্যুর পর কুণ্ডরনারায়ণের দ্বিতীয়া স্ত্রী সুগন্ধার হস্তে ঐ জমীদারী পড়িলে তিনি পতি হইতে প্রাপ্ত ক্ষমতানুসারে তাহাকে (অর্থাৎ প্রতিবাদিকে) দত্তক গ্রহণ করেন, এবং ঐ কালে তৎ পিতার নিকট এক নিয়মপত্র লিখিয়া দেন, অনন্তর ১২১০ সাল পর্য্যন্ত তিনি জমীদারীতে দখিলকার থাকিয়া মৃত্যুর অল্প কাল পূর্ব্বে তাহা প্রতিবাদিকে সমর্পণ করেন। জিলার জজ এই মকদ্দমা ডিক্রী করেন, ও তাহাতে লিখেন যে পূর্ব্ব মকদ্দমায় প্রতিবাদির দত্তক হওনের এজহার মিথ্যা ও নিয়মপত্র জাল বিবেচিত হইয়াছে। বর্ত্তমান মকদ্দমাতে যাদুরামের দুহিতা বিষ্ণুপ্রিয়া, হরিপ্রিয়া ও কুচামণির লক্ষ্মীনারায়ণ প্রভৃতি চারি পুত্র জমীদারির উত্তরাধিকারি বোধ হইতেছে।

এই নিষ্পত্তিতে অসম্মত হইয়া সুন্দর নারায়ণ মুরশিদাবাদের প্রবিন্‌স্যাল কোর্টে আপীল করিলে ঐ আদালত উক্ত নিষ্পত্তি বহাল রাখিলেন।

অনন্তর সদরদেওয়ানী আদালতে আপীল করার পরে সুন্দর নারায়ণ কালপ্রাপ্ত হয় ও তাহার পত্নী আপিলাণ্ট রূপে তৎস্থলাভিষিক্ত হয়। সদরদেওয়ানী আদালতের জজ জে. এইচ্‌. হারিংটন সাহেব আদেশ করিলেন যে আপিলাণ্টের এজহারি নিয়মপত্র ও তদ্বংশের বংশাবলিপত্র আদালতের পণ্ডিতদিগকে দেওয়া যায় যে তাঁহারা বক্ষ্যমাণ প্রশ্ন কতিপয়াত্মক শাস্ত্রীয় ব্যবস্থা লিখেন।—১, পত্নী পতির দত্ত ক্ষমতানুসারে দত্তক গ্রহণ করিলে সুন্দর নারায়ণের দর্শিতরূপ নিয়মপত্র তৎ কর্ত্তৃক লিখিত ও দত্ত হওয়ার রীতি আছে কি না? ঐ বিধবা যদি এমন দস্তাবেজ স্বাক্ষর করিয়া দেয় তবে তাহাতে ঐ দত্তক পুত্রকে উক্ত বিধবার জীবনকালে তৎপতির জমীদারী দখল পাইতে অধিকার আছে কি না? ২ যদি কোন বিধবা মৃত পতির অনুমত্যনুসারে দত্তক গ্রহণ করে তবে তদবধি ঐ দত্তক পুত্র কি ঐ বিধবা তৎ-

This adoption had been made fifteen years after her husband's death, so that the widow enjoyed the property solely for some time; but since the defendant had come to the age of sixteen she had given it up entirely to his management and benefit, which was strong corroboration of the truth of the defendant's case, because the widow herself had actually, by the adoption, deprived herself of a life estate, which she would otherwise have had in the whole premises. There had not been any quarrel with the daughters.

It was also inquired of the *Pundits* whether a widow could adopt a child which was not in existence in her husband's lifetime?

A. Yes.

In the case of the Rajah of Tanjore, quoted by *Fergusson,* there was also a parol adoptive power, and this was authenticated and clearly established as law by all the *Pundits* of any distinction in Indea.

The facts of the case and the law being clearly established, the Court gave judgment for the defendant. East's Notes, Case No. X. 24th of March, 1814.

Mussummaut Solukhna, widow of Soondernarain Appellant v. Ramdolal Pande and others.

CASE [be]aring on th[e] Vyavasthás Nos. 50[3,] 504, 505, 507, 50[8,] & 509.

The plaintiff sued in behalf of the minor, Shamapersaud, his son, whose mother, Bishenpria, was the daughter of Raja Jadooram; and the suit was instituted on the ground that the zemindary claimed was the right of the minor, grandson of Jadooram, by the Hindoo law of succession.

The defendant Soondernarain pleaded that, after the demise of Jynarain Rai, son of Koornarain Rai and grandson of Jadooram Rai, the zemindary having fallen to Rance Soogunda, the 2nd wife of Koornarain, she, under authority delegated from her husband, adopted him (Soondernarain,) executing at the same time, to his father, an instrument termed *Niyumputra;* after which she continued in possession of the zemindary till 1210, when, shortly before her death, she made it over to the defendant.

The Zillah Judge passed a decree, reciting that, in the preceding cause, the allegation of the defendant, as to his adoption, had been adjudged false, and the *Niyumputra* a fabrication; that in the present case, Lukkhinarain and others, four sons of Bishenpria, Hureepria, and Koochamunee, daughters of Jadooram, appeared to be heirs of the zemindary.

On appeal by Soondernarain from this judgment to the Provincial Court of Moorshedabad, that Court affirmed it.

After the institution of a further appeal to the Sudder Dewanny Adawlut, Soondernarain died, and was succeeded by his widow, as appellant. The Sudder Dewanny Adawlut (present J. H. Harington) directed that the *Niyumputra* set up by the appellant and the genealogical table of the family, should be given to their Pundits, for an exposition of the Hindoo law on the points as contained in the following questions: 1st. If a widow, with authority from her husband, adopts a son, is it usual or not for her to execute a document of the nature of the *Niyumputra* exhibited by Soondernarain? and if such document be executed by the widow, does it or not preclude the right of the adopted son to succeed to the husband's zemindary during the life of the widow? 2nd. If a widow adopts a son with the sanction of her husband, does the widow, or the son, thence forward, perform the obsequies and other religious

পতির ও পূর্ব্বপুরুষের শ্রাদ্ধাদি পারলৌকিক ক্রিয়া করিবে? ৩ যদি কোন জমিদার এক মাতৃহীন পুত্র ও দ্বিতীয়া পত্নীকে রাখিয়া মরে, তবে তৎপত্নী ও প্রথমা পত্নীর পুত্রের মধ্যে কলহ সম্ভাবনায় কিম্বা তৎপুত্রের মরণাশঙ্কা ভিন্ন অন্য কোন কারণে দ্বিতীয়া স্ত্রীকে দত্তক গ্রহণের ক্ষমতা দানের রীতি ও শাস্ত্র আছে কি না? ৪ সুন্দর নারায়ণ যদি সুগন্ধাকর্ত্তৃক তৎপতির অনুমত্যনুসারে গৃহীত না হইয়া থাকে, অথবা তাহার দত্তকতা যদি সপ্রমাণ না হয় অথবা সপ্রমাণ হইয়াও যদি যথাশাস্ত্র না হয়, তবে বিরোধীয় জমিদারীতে (যাহা পূর্ব্বে রাজা যাদুরামের তদনন্তর তৎপুত্র কুঞর নারায়ণের তদনন্তর তৎপুত্র জয় নারায়ণের ও জয়নারায়ণের মৃত্যুর পর তস্য বিমাতা সুগন্ধার দখলে ছিল তাহাতে,) সুগন্ধার মৃত্যুকালীন রাজা যাদুরামের দুহিতা বিষ্ণুপ্রিয়া ও হরিপ্রিয়া, এবং এই দুহিতাদের পুত্র শ্যামাপ্রসাদ, নন্দলাল, আনন্দলাল ও লক্ষ্মীনারায়ণ, এবং সুগন্ধার মৃত্যুর পরে জাত রাজা যাদুরামের দুহিতাদের আর দুই পুত্র মধুসূদন ও গঙ্গানারায়ণ জীবিত থাকিতে সুগন্ধার মরণান্তে কে উত্তরাধিকারি হইবে?

উক্ত প্রশ্নের পণ্ডিতেরা যে উত্তর দিলেন তদ্যথা,—১ কোন নারী পতি হইতে প্রাপ্ত ক্ষমতানুসারে তন্মরণান্তে দত্তক গ্রহণ করিলে নিয়মপত্র রূপ দস্তাবেজ স্বাক্ষর করার শাস্ত্র নাই, প্রথাও নাই; এবং তাদৃশ দস্তাবেজ স্বাক্ষরিত হইলেও ঐ দত্তক পুত্র তাহার গ্রহীত্রী মাতার জীবনকালে তৎপতির ও ঐ পতির মৃত পুত্রের ত্যক্ত জমীদারিতে অধিকারী। তাদৃশ দস্তাবেজের বলে ঐ বিধবা দখিলকার হইতে অধিকারিণী নহে। ২ পতির দত্ত ক্ষমতানুসারে কোন নারী দত্তক গ্রহণ করিলে তদবধি উক্ত ক্রিয়া সকল ঐ দত্তক পুত্রে করিবে, তাহাতে তাহারই অধিকার; ঐ বিধবা তাহা করিবে না। ৩ যদি কোন জমিদারের দুই পত্নী থাকে, ও জ্যেষ্ঠা মরিয়া থাকে কিন্তু তাহার গর্ভজাত একাদশ বর্ষ বয়স্ক এক পুত্র থাকে, ও কনিষ্ঠার পুত্র না থাকে, তবে ঐ জমীদার পীড়িত হওনে তন্মৃত্যুর অল্প দিবস পূর্ব্বে তৎ পত্নী এমত নিবেদন করিলে যে আমার সহিত মৎসপত্নীপুত্রের মনের মিল হইবে না, ঐ পুত্রের সহিত কলহ হইলে দত্তক গ্রহণ করিতে দ্বিতীয়া স্ত্রীকে ঐ জমীদারের অনুমতি দেওয়া শাস্ত্রসিদ্ধ নহে, কিন্তু ঐ পুত্র যদি মরে তবে দত্তক গ্রহণ করিবে এমত শর্ত্তে অনুমতি শাস্ত্রীয় বটে। এবং কোন জমীদার ঔরস পুত্র সত্ত্বে যদি (ধর্ম্ম কর্ম্মার্থে) বহু পুত্র প্রাপ্তির বাঞ্ছায় ঐ পুত্রের সম্মতিতে পত্নীকে দত্তক গ্রহণের অনুমতি দেয় তবে তাহা শাস্ত্রসম্মত ও দেশাচারসিদ্ধ বটে *। ৪ রাণী সুগন্ধা যদি পতির অনুমতি বিনা সুন্দর নারায়ণকে দত্তক গ্রহণ করিয়া থাকেন, অথবা তাহার দত্তকতা যদি শাস্ত্রানুসারে সিদ্ধ না হয়, তবে বিরোধীয় জমীদারী সুগন্ধার মরণের পর যাদুরামের দৌহিত্র শ্যামাপ্রসাদ, আনন্দলাল, নন্দলাল ও লক্ষ্মীনারায়ণ (যাহারা তৎকালে জীবিত ছিল) এবং যাদুরামের অন্য দৌহিত্র গঙ্গানারায়ণ ও মধুসূদন (যাহারা তৎপরে জন্মিয়াছে)—এই ছয় জন উত্তরাধিকারি সকলেই এক্ষণে জীবিত থাকাতে ইহারদিগকে অর্শে।

অনন্তর আদালত পণ্ডিতদিগের প্রতি আরো এই প্রশ্ন করিলেন যে যাদুরামের হরিপ্রিয়া নামা এক্ষণে বর্ত্তমানা দুহিতার যদি আর এক বা একাধিক পুত্র জন্মে তবে তাহারা ঐ ত্যক্ত বিষয়ের কোন অংশে অধিকারি হইবে কি না?—এতদুত্তরে কথিত হইল যে যাদুরামের যে সকল দৌহিত্র এক্ষণে জীবিত আছে তাহাদের সহিত তাহারা ঐ বিষয়াধিকারি হইবে।

কোন হিন্দু ঔরস পুত্র থাকিতে ঐ পুত্রের জীবনকালে দত্তক গ্রহণ করিতে পত্নীকে ক্ষমতা অর্পণ করিতে পারে কি না—শাস্ত্র সম্পর্কীয় এই কথা বিবেচনা করা আদালতের অত্যন্ত আবশ্যক বোধ হইল,—এই ক-

* ঔরস পুত্রের সম্মতিতে দত্তক গ্রহণের অনুমতি দেওয়া কাশ্যাদি প্রচলিত শাস্ত্র সম্মত বটে, কিন্তু বঙ্গদেশীয় শাস্ত্রানুমত নয়, আচার সিদ্ধও নয়।

ceremonies, in the name of the husband and his ancestors ? 3rd. If a zemindar die leaving a son, whose mother is dead, and a second wife, is it customary and legal or not to authorise the 2nd wife to adopt a son, on account of probable disagreement between her and the son of the first wife, or on any other account, except in the event of the death of the son by the 1st wife ? 4th. If Soondernarain was not adopted by Soogunda under authority from her husband; or if his adoption be not proved, or, though established, be not of avail in law ; who were the legal heirs at the demise of Ranee Soogunda to the zemindaree in dispute, possessed formerly by Raja Jadooram; then by his son Koornarain ; then by Jynarain, son of Koornarain; and after Jynarain's death, by Soogunda, his step-mother,—there existing, at Soogunda's demise, Bishenpria and Hureepria, daughters of Raja Jadooram, Shamapershad, Anundlal, Nundlaul, and Lukkhinarain, sons of the said daughters of Jadooram ; and there now existing also Moodoosoodun, and Gunganarain ; two other sons of the daughter of Jadooram, who have been born since the demise of Soogunda ?

The answers returned to these questions by the Pundits were as follows: 1st. When a woman, after the death of her husband, adopts a son under authority received from him for that purpose, it is not lawful or customary to execute an instrument of the purport of the *Niyumputra ;* and though such an instrument be executed, the adopted son, during the life of the woman adopting him, becomes proprietor of the estate left by the husband and his deceased son. The widow is not entitled to possess the estate by virtue of such a document. 2nd. When a woman, under authority from her deceased husband, adopts a son, thenceforward the ceremonies mentioned must be performed by the adopted son in whom the right vests ; not by the widow." 3rd. If a zemindar have two wives, and, by the first, who is deceased, a son eleven years of age, and no son by the second ; in such case it is not lawful for the zemindar, when ill, a few days before his death, on the representation of his second wife, that there would not be cordiality between her and the son of the first wife, to give authority to his second wife to adopt a son, in case of disagreement with the said son. But provisional authority to adopt in the event of the death of such son, would be lawful. And if a zemindar, having a son of his body, with the consent of such son, or from a wish to have more sons (for the performance of religious acts) give authority to his wife to adopt a son, such authority, according to the *Shaster* and usage of the country, is lawful.* 4th. If Ranee Soogunda adopted Soondernarain without authority from her husband, or his adoption be not valid in law, the zemindaree in dispute legally devolves after the death of Sogunda to Shamapershad, Anundlal, Nundlal, and Lukkhinarain, sons of the daughters of Jadooram, who were then alive, and to Gunganarain and Muddoosoodun, two other sons of the daughters of Jadooram, who are since born, the whole six heirs being now alive, in equal proportions.

The Pundits were further questioned by the Court, whether, supposing one or more sons, to be hereafter born to Hureepria, the surviving, daughter of Jadooram, they would be entitled to any share of the inheritance; and it was declared, in answer, that they would be entitled to share with the other daughters' sons of Jadooram, who are now living.

Whether a Hindoo, having a son of his body, can in any case authorise the adoption of a son during the life of such son of his body, appeared to the Court an important question of law not

* To authorise one's wife, with the consent of the son of his body, to adopt a son, is consonant to the law as current in the Benares school and the other schools subordinate thereto, but not to the law and usage of Bengal.

থার সম্পূর্ণ বিচার ও মীমাংসা হয় নাই, কিন্তু দত্তক গ্রহণে সুগন্ধাকে ক্ষমতা অর্পণ করণের ক্ষমতা থাকার প্রমাণ ব্যতীত বর্ত্তমান মকদ্দমায় উক্ত কথার বিচার করা অনাবশ্যক।

দত্তক গ্রহণার্থ ক্ষমতা অর্পিত হওনের যে প্রমাণ তাহা সন্দেহময়, ঐ প্রমাণ সেই সকল ব্যক্তি কর্ত্তৃক দত্ত হইয়াছে যাহারা আদালতের বিবেচনায় নিয়মপত্র দস্তখতের বিষয়ে মিথ্যা সাক্ষ্য দিয়াছে, সুন্দরনারায়ণকে দত্তক গ্রহণার্থে সুগন্ধার উপর তৎপতিকর্ত্তৃক ভারঅর্পিত হওয়া সাব্যস্ত করণের নিমিত্তে ঐ প্রমাণ উপযুক্ত বিবেচিত হইল না, অতএব বিরোধীয় বিষয়াধিকারী হইতে সুন্দর নারায়ণ কোন স্বত্ব বর্ত্তান বিবেচিত হইল না।

জিলা ও প্রবিন্স্যাল কোর্টের ডিক্রীর যতদূর উক্ত দত্তকতা ও সুন্দর নারায়ণের স্বত্ব অসিদ্ধ জ্ঞাপক তাহা স্থিরতর রহিল। পরন্তু যেহেতু এক্ষণে যাদুরামের ছয় দৌহিত্র থাকা দৃষ্ট হইতেছে—অর্থাৎ শ্যামাপ্রসাদ, আনন্দলাল, নন্দলাল, লক্ষ্মীনারায়ণ, মধুসূদন, ও গঙ্গানারায়ণ (তন্মধ্যে শেষোক্ত দৌহিত্রদ্বয় সুগন্ধার মরণান্তে হরিপ্রিয়ার গর্ভে জন্মে) অতএব পণ্ডিতদিগের দত্তব্যবস্থানুসারে ঐ ছয় দৌহিত্র সমানরূপে জমীদারীতে অধিকারি হইবে,—কিন্তু ভবিষ্যতে হরিপ্রিয়ার আর পুত্র জন্মিলে ঐ ভাবি দৌহিত্রেরা অন্যান্য দৌহিত্রের সহিত স্বত্ববন্ত হইবে, তৎ স্বত্ব সংরক্ষণ পূর্ব্বক যাদুরামের উপরিউক্ত ছয় দৌহিত্র সুগন্ধার পূর্ব্বাধিকারি জয়নারায়ণের উত্তরাধিকারি বলিয়া ঐ জমীদারী তাহাদের প্রাপ্য কথিত হইল। ২৭ মে ১৮১১ সাল। স, দে, আ, রি, বা, ১, পৃ, ৩২৪।

৫০০, ৫০৩, ৫০৪, ৫০৭, ও ৫০৮ সংখ্যক ব্যবস্থার নজীর।

শ্যামচন্দ্র ও রুদ্রচন্দ্র আপিলান্ট—বনাম—নারায়ণী দেব্যা ও রামকিশোর রায় রেস্পণ্ডেন্ট্।

জিলা মৈমনসিংহের আদালতে শ্যামচন্দ্র ও রুদ্রচন্দ্র মৃত কৃষ্ণকিশোর রায়ের বিভব মৈমনসিংহ পরগণার চারি আনা অংশ নারায়ণী ও রামকিশোর রায় হইতে প্রাপ্তির নিমিত্তে এই মকদ্দমা উপস্থিত করে। বাদিরা নিজ দাবীর পোষকতায় এজহার করিল যে প্রতিবাদিনী নারায়ণী দেবী রামকিশোরকে দত্তক গ্রহণে যথাযোগ্যরূপে ক্ষমতা প্রাপ্তা হয় নাই,—জমীদারের প্রধানা পত্নী রত্নমালা কর্ত্তৃক গৃহীত দত্তক নন্দকিশোরের মৃত্যু হওয়াতে বাদিরা তদ্ গ্রহীতা পিতা কৃষ্ণকিশোরের ভ্রাতৃপুত্র হওয়াতে তাহারাই তাহার (অর্থাৎ নন্দকিশোরের) উত্তরাধিকারি।

প্রতিবাদিরা প্রথমতঃ রামকিশোরের দত্তকতা অশাস্ত্রীয় হওয়ার উক্তি অযথার্থ কহে; দ্বিতীয়তঃ কহে যেহেতু বাদিরা নন্দকিশোরের পিতার বৈমাত্রেয় ভ্রাতৃ পুত্র, অতএব নন্দকিশোরের নিকট সম্পর্কীয় না হওয়াতে তাহারা বিষয়াধিকারি হইতে যোগ্য নহে।

পূর্ব্বে নিষ্পন্ন এক মকদ্দমার কাগজ পত্র বিবেচনায় জিলার জজের এমত রায় হওয়াতে যে বাদি শ্যামচন্দ্র ও রুদ্রচন্দ্র বিরোধীয় চারি আনা অংশের কোন অংশে অধিকারি নয়, তাহাদের বিরুদ্ধে খরচা সমেত নিষ্পত্তি হইল।

উক্ত নিষ্পত্তির বিরুদ্ধে বাদিরা ঢাকার প্রবিন্স্যাল কোর্টে আপীল করিল। প্রকাশ পাইল যে ১৮০১ সালের ৪ ডিসেম্বর তারিখে নারায়ণী দেব্যা ও (গৌর কিশোরের দত্তক পুত্র যুগল কিশোরের পুত্র) হরকিশোরের মধ্যে আপীল মকদ্দমাতে সদরদেওয়ানী আদালতে এক ডিক্রী হয়, ঐ আপীলে পণ্ডিতদের এই মত হয় যে নন্দকিশোরের উত্তরাধিকারী হরকিশোর হইবে, নারায়ণী হইবে না—যেহেতু নারায়ণী নন্দকিশোরের জননী নহে কিন্তু বিমাতা, পরন্তু ঐ নারায়ণীর যদি দত্তক গ্রহণের ক্ষমতা প্রাপ্তা হইয়া থাকে, তবে রামকিশোর তৎকর্ত্তৃক দত্তক গৃহীত হওয়াতে সেই দত্তক ভ্রাতারূপে নন্দকিশোরের উত্তরাধিকারী হইবে। জিলা রংপুরের আদালতে পূর্ব্ব মোকদ্দমাতে রামকিশোরকে দত্তক গ্রহণের ক্ষমতা বিষয়ে যে প্রমাণ প্রদর্শিত হইয়াছিল প্রবিন্স্যাল্ কোর্ট তাহাতে সন্তুষ্ট হইয়া ইহা সাব্যস্ত বিবেচনা করিলেন

fully investigated, or settled; but which, without proof of authority for the adoption having been delegated to Soogunda, it was not necessary to determine in the present instance.

The evidence to the delegation of the authority for the adoption, which was in itself manifestly suspicious, and which was given by the same persons who, in the judgment of the Court, gave false testimony to the execution of the *Niyumputra*, was not considered competent to establish the fact of authority having been delegated to Soogunda by her husband for the adoption of Soondernarain, and, consequently, no title of succession to the disputed estate was deemed to have vested in him.

The decrees of the Zillah and Provincial Courts, as far as they rejected the alleged adoption and title of Soondernarain, were affirmed. But as there appeared to be now six daughters' sons of Jadooram, viz. Shamapershad, Anundlal, Nundlal, Lukkhinarain, Mudoosoodun, and Gunganarain, (the two last born to his daughter Hureepria since Soogunda's death,) and, according to the exposition of the Hindoo law delivered by the Pundits, these six were entitled to share the zemindary equally, with reservation of the eventual birth of other sons to Hureepria, who would be entitled to share with the other daughters' sons; the zemindary was adjudged, with this reservation, to the six daughters' sons of Jadooram above specified, as being the heirs at law to Jynarain, who held the estate before Soogunda. May 27th, 1811. S. D. A. Rep. vol. I. p. 324.

Shamchunder and Rooderchunder, Appellants, versus *Narayni Dibeh and Ramkishor Rai, Respondents.*

CASE bearing on the Vyavasthás Nos. 502, 503, 504, 505, & 506.

This was an action brought by Shamchunder and Rooderchunder in the zillah court of Mymunsing, to recover from Narayni Dibeh and Ramkishor Rai a 4 anna share of pergunnah Mymunsing, &c. forming the estate of the late Kishenkishor Rai. The plaintiffs, in support of their claim, alleged that the defendant Narayni Dibeh had not been duly empowered to adopt Ramkishor, and that, on the decease of Nundkishor, adopted by Rutunmala, the zemindar's elder widow, the plaintiffs were his heirs, as nephews of Kishenkishor, his adoptive father.

The defendants, first, contradicted the assertion of the plaintiffs with respect to the illegality of Ramkishor's adoption; and second, insisted that, as the plaintiffs were only sons of the half brothers of the adoptive father of Nundkishor, the distant degree of relationship which they bore to Nundkishor would not entitle them to succeed to his property.

On referring to the proceedings in another cause before tried, the zillah Judge being of opinion that the plaintiffs (Shamchunder and Rooderchunder) were not entitled to any part of the 4 anna share in dispute, judgment was given against them in the zillah Court, with costs.

The plaintiffs appealed from the above decision to the Provincial Court of Dacca. It appeared that, on the 4th of December 1801, a decree was passed by the Sudder Dewanny Adawlut in a cause between Narayni Dibeh and Hurkishor (son of Joogulkishor who was adopted by Gopalkishor,) on which appeal the pundits of the Sudder Dewanny Adawlut gave an opinion, that the heir of Nundkishor would be Hurkishor, not Narayni Dibeh, as she was not mother but step-mother; but that if she had authority to make an adoption, then Ramkishor, having been adopted by her, would be heir to Nundkishor, as his adoptive brother. The Provincial Court were satisfied with the evidence given in the former cause in the zillah Court of Rungpore, with respect to the authority for adopting Ramkishor, and held it to be established that he was

যে রামকিশোর উপযুক্তরূপে ও শাস্ত্রানুসারে দত্তক গৃহীত হইয়াছে, তাহাতে দাবীকৃত চারি আনার কোন অংশে আপীলান্টেরা অধিকারী হওয়া বিবেচিত না হওয়াতে জিলার ডিক্রীর বিরুদ্ধে হওয়া আপীল খরচা সমেত ডিসমিস্ হইল।

অনন্তর শ্যামচন্দ্র ও রুদ্রচন্দ্র সদরদেওয়ানী আদালতে (এইচ্. কোল্‌ব্রুক ও জে. ফম্বেল সাহেবানের হুজুরে) আপীল করেন। নিম্ন আদালতের ডিক্রী সকলের বিরুদ্ধে তাঁহারা যে আপত্তি করেন তদ্যথা,—প্রথমতঃ রামকিশোর একই ব্যক্তির দ্বিতীয় দত্তক হওয়াতে তাহার দত্তকতা অশাস্ত্রীয়; দ্বিতীয়তঃ—দুই দত্তক শাস্ত্রীয় বলিয়া মানিলেও এক দত্তক অন্য দত্তকের উত্তরাধিকারী হইতে পারে না। জজেরা শাস্ত্রসম্বন্ধীয় প্রশ্ন নিজ পণ্ডিতদিগকে বক্ষ্যমাণরূপে জিজ্ঞাসা করিলেন,—"চারি আনা অংশের জমীদার কৃষ্ণকিশোরের মৃত্যুর পরে তাঁহার জ্যেষ্ঠা পত্নী নন্দকিশোরকে দত্তক গ্রহণ করেন; এবং ঐ জ্যেষ্ঠা পত্নী ও নন্দকিশোর মরিলে উক্ত জমীদারের কনিষ্ঠা পত্নী রামকিশোরকে দত্তক গ্রহণ করেন,—রামকিশোর, ও কৃষ্ণকিশোরের ভ্রাতার দত্তক যুগল কিশোর, আর কৃষ্ণকিশোরের বৈমাত্রেয় ভ্রাতার পুত্র শ্যামচন্দ্র ও রুদ্রচন্দ্র উক্ত বিষয়ের দাওয়াদার হওয়াতে তন্মধ্যে কে যথাশাস্ত্র ঐ বিষয়াধিকারী? এবং এক গ্রহীতা পিতার দুই দত্তক হইলে তাহাদের একের মরণে অন্যে তদুত্তরাধিকারিরূপে তদ্বিষয়াধিকারী হইতে পারে কি না?" উক্ত প্রশ্নের উওরে পণ্ডিতেরা কহিলেন যে—"কৃষ্ণকিশোরের মৃত্যুর পর তাঁহার জ্যেষ্ঠা পত্নী উপযুক্তরূপে ক্ষমতা প্রাপ্তা হইয়া যদি এক দত্তক গ্রহণ করিয়া থাকেন, তবে ঐ পুত্র বিষয়াধিকারী; কিন্তু ঐ পুত্রের মরণের পর যদি কনিষ্ঠা স্ত্রীও উপযুক্ত ক্ষমতাক্রমে এক দত্তক গ্রহণ করিয়া থাকেন, তবে জ্যেষ্ঠা স্ত্রীর দত্তক পুত্র সন্তান বিহীন অথবা গ্রহীত্রীমাতার পুত্ররূপ ভ্রাতৃহীন অবস্থায় মরিলে তাহার বিষয় কৃষ্ণকিশোরের কনিষ্ঠা স্ত্রীর দত্তককে অর্শিবে,—কৃষ্ণকিশোরের ভ্রাতার দত্তককে অথবা তাহার বৈমাত্রেয় ভ্রাতার পুত্রদিগকে অর্শিবে না। এক দত্তক পুত্রের বিষয় অন্য দত্তক পুত্রকে অত্যন্ত নিকট জ্ঞাতি বলিয়া অর্শে।" নারায়ণী দেবীর দত্তক রামকিশোর যথাযোগ্য ক্ষমতানুসারে গৃহীত হওয়া সপ্রমাণ হওন বিষয়ে ঢাকার প্রবিন্‌স্যাল কোর্টের সহিত সদরদেওয়ানী আদালত একমত হইলেন, এবং পণ্ডিতদিগের উক্ত মত হইতে ইহা প্রকাশ পাওয়াতে যে এক ব্যক্তির দুই দত্তক সিদ্ধ, ও দত্তক পুত্র গ্রহীতার বংশে যেমত ক্রমাগত ধনে অধিকারী তেমনি জ্ঞাতির ধনেও অধিকারী, ও বিরোধীয় সমুদায় চারি আনাতে রামকিশোরই যথার্থতঃ অধিকারী, ঐ বিষয়ে আপীলান্টদের কৃত দাওয়া অগ্রাহ্য বোধ হওয়াতে সদর আদালত ঐ আপীল খরচা সমেত ডিস্‌মিস্ করিলেন (অ)। ২১ আগষ্ট ১৮০৭ সাল। স, দে, আ, রি, বা, ১, পৃ, ২০৯।

(অ) এই মকদ্দমার নিষ্পত্তিতে গ্রহীতা পিতার বংশে জ্ঞাতির ধনে দত্তক পুত্রের অধিকার সাব্যস্ত হইল, এবং এক ব্যক্তির অনেক পত্নী দত্তক গ্রহণার্থ পতির দত্ত ক্ষমতানুসারে পর পর দত্তক গ্রহণ করিলে তাহা শাস্ত্র সম্মত হওয়া নির্দ্দিষ্ট হইল।

সদর দেওয়ানী আদালতীয় রিপোর্টের ১ বালামের ৩৯ পৃষ্ঠায় ধৃত হরকিশোর রায় রেস্‌পণ্ডেন্টের বিরুদ্ধে নারায়ণী দেবী আপীলান্টের মকদ্দমার নিষ্পত্তি ও তন্নিম্নে লিখিত কোলব্রুক সাহেবের নোট দ্রষ্টব্য। ঐ নিষ্পত্তি ও নোট এই গ্রন্থে দত্তকের ধনাধিকার প্রকরণে প্রকটিত হইল।

duly and legally adopted ; and it being in consequence considered that the appellants were entitled to no part of the 4 anna share, the appeal against the zillah decree was dismissed, with costs.

On a further appeal by Shamchunder and Rooderchunder to the Sudder Dewanny Adawlut, (present H. Colebrooke and J. Fombelle,) the pleas set up by them against the foregoing decrees were, first, that the adoption of the respondent Ramkishor, being a second adoption in the family of the same man, was illegal; second, that, even admitting two adoptions to be legal, one adopted son could not succeed to the property of the other adopted son, as the collateral heir. The questions of Hindoo law, connected with the case, were proposed by the Court to their pundits in the following form: "After the death of Kishenkishor, zemindar of the 4 anna estate, without issue, his elder widow having adopted Nundkishor; and when the elder widow and Nundkishor died, his younger widow having adopted Ramkishor; and claims to the estate having been preferred by Ramkishor, by Joogulkishor, the adopted son of Kishenkishor's brother, and by Shamchunder and Rooderchunder, sons of Kishenkishor's half brother; which of the claimants is heir at law to the property? and in the case of two adopted sons of a common adoptive father, can one, on the decease of the other, succeed to his property as the collateral heir?" In answer to this reference, it was stated by the *Pundits*, that "if, after the death of Kishenkishor, his elder widow, duly authorised, adopted a son, that son was proprietor of the estate ; and if, after the death of that son, the younger widow also adopted a son, under due authority, then, provided the adopted son of the elder widow left no issue, or brother by the mother who adopted him, his property would devolve on the adopted son of the younger widow of Kishenkishor, and not on the adopted son of Kishenkishor's brother, or on the sons of his half brother. The succession to one adopted son is vested in the other adopted son, as being the nearest collateral." The Court of Sudder Dewanny Adawlut agreed with the Provincial Court of Dacca, with respect to the adoption of Ramkishor by Narayni Dibeh being proved to have been duly authorised; and as, under the above opinion of the *Pundits*, it appeared that two adoptions in the family of the same man are valid; that an adopted son succeeds collaterally as well as lineally in the family of his adoptive father; and that Ramkishor was the rightful heir to the whole 4 anna estate in contest ; the claim preferred to it by the appellants was pronounced to be inadmissible. The appeal was in consequence dismissed by the Sudder Dewanny Adawlut, with costs. (a).—21st August, 1807, S. D. A. R. vol. I. p. 209.

(a) The right of a son by adoption to inherit from his collaterals in the family of his adoptive father, was established by the decision in this cause, as well as the lawfulness of two successive adoptions, by the widows of the same person, under authority for that purpose from their husband.

See the Decision in the case—Narayni Debeh, Appellant *versus* Hurkishor Rai, Respondent—S. D. A. Rep. vol. I, p, 39 ; and Mr. Colebrooke's note on the same.

৫০০, ও ৫০৩, সংখ্যক বার নজীর।

রঙ্গমা (বিধবা) স্বয়ং ও লছ্মীপতি নাইডুর পক্ষে } .. .. আপীলান্ট্

বনাম্

আচমা (বিধবা,) রামনাথ বাবু, ও পত্তুরী কালিদাস } .. .. রেস্পণ্ডেন্ট্

এবং

আচমা (বিধবা) .. .. আপীলান্ট্

বানাম্

রামনাথ বাবু .. .. রেস্পণ্ডেন্ট্

রাইট্ অনরেবিল্ টি, পেম্বর্টন্ লি সাহেব—

এই দুই আপীলের বিচার্য্য বিষয় উত্তর সরকারস্থ এক অতি বিশাল বিষয় সম্বন্ধ, তাহা ১৭৯৮ সালে বেঙ্কাটাদ্রি নামক এক জমীদারের ছিল।

বেঙ্কাটাদ্রি, নিস্সন্তান হওয়াতে, ১৭৯৮ সালের ২ এপ্রেল তারীখে জগন্নাথ নামক এক বালককে পুত্ররূপে গ্রহণ করেন। এই উপলক্ষে ১৭৯৮ সালের ৭ এপ্রেল তারীখে তিনি এক কাগজ দস্তখত করেন। এই কাগজে দত্তক গ্রহণের উল্লেখান্তে তিনি কহিয়াছেন যথা—"অতএব বিশ্বাস কর্ত্তব্য যে আমি ইহা স্বাক্ষর করিয়াছি, আমার গৃহ-দেবতা সাক্ষী, জগন্নাথ নাইডু আমার মৌরূসী জমীদারীর এবং ধনের ও ঋণের হকদার এবং উত্তরাধিকারী, আর (জগন্নাথ ভিন্ন) অন্য কোন ব্যক্তিকে (তাহা) দিতে কোন ক্রমে আমার ক্ষমতা নাই"।

এই দত্তকতার সত্যতার বা সিদ্ধতারবিষয়ে কোন আপত্তি হয় নাই। পরে তিনি (অর্থাৎ বেঙ্কাটাদ্রি) রামনাথ নামক আর এক বালককে দত্তক গ্রহণ করিতে ও তদুভয় মধ্যে বিষয় বিভাগ করিয়া দিতে ইচ্ছুক হইলেন। আপীলান্টেরা কহে এবং অনেক সাক্ষিরা শপথপূর্ব্বক সাক্ষ্য দেয় যে তিনি দ্বিতীয় দত্তক সিদ্ধ কি না এবিষয়ে কোন২ পণ্ডিতের মত জিজ্ঞাসা করিয়াছিলেন, ও তাঁহারা পরামর্শ দিয়াছিলেন যে দ্বিতীয় দত্তক যথাশাস্ত্র গ্রহণ করা হইতে পারে না।

আপীলান্টেরা আপত্তি করে প্রমাণসকল হইতে এই অনুভব কর্ত্তব্য যে তিনি রামনাথকে প্রতিপালন করিয়াও পণ্ডিতদিগের উক্ত মত হেতু শাস্ত্রানুসারে তাহার দত্তকতা সিদ্ধ করণের নিমিত্তে যে যে ক্রিয়া আবশ্যক তাহা কখনো করেন নাই। কিন্তু ঐ দ্বিতীয় দত্তকের দত্তকতা (যদি তাহা শাস্ত্রানুসারে সিদ্ধ হয়) সিদ্ধির নিমিত্তে যাহা যাহা আবশ্যক আমাদের কোন সন্দেহ নাই যে তিনি তাহা করিয়াছিলেন।

১৮১৫ সালে জগন্নাথ ১৮ বৎসর বয়স্ক হইয়া প্রাপ্তব্যবহার হয়। অনন্তর ১৮১৬ সালে বেঙ্কাটাদ্রি দুই পুত্রের মধ্যে স্বতন্ত্র রূপে বিষয় অংশ করিয়া দেয়, তৎকালেও রামনাথ অপ্রাপ্তব্যবহার ছিল, যথা বোধ হইতেছে যে প্রায় নয় বৎসর বয়স্ক ছিল। তাদৃশ বিভক্ত বিষয় জগন্নাথ দখল করিয়া লইল, এবং রামনাথকে যে অংশ দত্ত হইল বোধ হইতেছে বেঙ্কাটাদ্রি তাহাতে দখিলকার থাকিলেন। ঐ ১৮১৬ সালে বেঙ্কাটাদ্রি মরেন। জগন্নাথ বেঙ্কাটাদ্রির সমুদায় বিষয় দাওয়া করে—এই এজহারে যে রামনাথের দত্তকতা অসিদ্ধ, এবং নিদানে তাহাতে সে আমার সমদায়দ হয় নাই।

যে দুই মকদ্দমার এক্ষণে বাদানুবাদ হইতেছে তাহার প্রথম (মকদ্দমা) ১৮২০ সালে রামনাথ—বেঙ্কাটাদ্রি তাহাকে দত্তক পুত্র বলিয়া বিষয়ের যে অংশে দেয় সেই অংশে স্বীয় স্বত্ব স্থাপনার্থে—জগন্নাথের নামে উপস্থিত করে।

১৮২৪ সালে রামনাথের বিরুদ্ধে মকদ্দমা নিষ্পত্তি হয়, পরন্তু সে তাহাতে অসম্মত হইয়া আপীল

Rungama (widow,) for herself and on behalf of Lutchmiputty Naidoo, ... Appellant,

Versus

Atchama (widow,) Ramanadha Baboo, and Puttoory Cally Doss, ... Respondents.

And

Atchama (widow) ... ... Appellant,

Versus

Ramanadha Baboo, ... Respondent.

CASE bearing on the Vyavasthás Nos. 500, & 508.

THE RIGHT HON. T. PEMBERTON LEIGH:

The question in these appeals relates to a very large property in the Northern Circars, which, in the year 1798, belonged to a zemindar named *Vencatadry*.

Vencatadry, being childless, on the 2nd of April 1798 adopted as his son a boy Jaganadha. On this occasion he signed a paper bearing date the 7th of April 1798. In this paper, after reciting the adoption, he proceeds to say: "Therefore, be it believed, that I have executed this, my tutelar deity bearing witness, that Jaganadha Naidoo is *huckdar*, or heir, to my zemindary *mourasy*, to my wealth and debts; and that I have it not in my power, on any account whatever, to make over (the same) to any other person besides him *(Jaganadha Naidoo.)*"

Of the fact, or the validity of this adoption, no question is made. He afterwards became desirous of adopting another boy, named *Ramanadha*, and of dividing his property between them. It is said by the appellants, and many witnesses have sworn, that he consulted certain *Pundits* as to the validity of a second adoption, and was advised by them that a second adoption could not be legally made.

It was contended by the appellants that, upon the whole evidence it was to be inferred that, in consequence of this opinion, although he brought up *Ramanadha* as his son, he never adopted him with those religious ceremonies which were necessary, in order to constitute a valid adoption, according to the Hindoo law. We have no doubt, however, that he did whatever was necessary to constitute a valid adoption, if such second adoption could, by the Hindoo law, be valid.

In 1815, *Jaganadha* attained the age of eighteen, when he came of age. After this, in 1816, *Vencatadry* made a new division, between his two sons, *Ramanadha* being still under age, and, as it seems, about nine years old. *Jaganadha* took possession of the property so allotted to him; and *Vencatadry* seems to have remained in possession of what was allotted to *Ramanadha*. In the course of the year 1816, *Vencatadry* died. *Jaganadha* claimed the whole of the property of *Vencatadry*, alleging that the adoption of *Ramanadha* was invalid, and at all events did not constitute him a co-heir.

The first of the suits, now in controversy, began in 1820, being a suit instituted by *Ramanadha* against *Jaganadha*, to establish his right to that portion of the property which had been allotted to him, in his character of adopted son, by *Vencatadry*.

In 1824, a decision was pronounced against *Ramanadha*, from which, however, he appealed,

করে। এবং ঐ আপীল শুনানির পূর্ব্বে ১৮২৫ সালের ২৮ ফেব্রুয়ারি তারীখে জগন্নাথ মরে। তাহার ঔরস পুত্র ছিল না, কিন্তু রঙ্গমা ও আচমা নাম্না দুই স্ত্রী, এবং এক বালক ছিল—যে বালক তাহার গৃহে প্রতিপালিত হইয়া ছিল, এবং কথিত হইয়াছে যে সে তাহার লছ্মীপতি নামিত দত্তক পুত্র।

তখন এই কথা বিচারের বিষয় হইল যে জগন্নাথের বিষয়াধিকারী হইতে কে যোগ্য;—কিন্তু জগন্নাথের বিষয় যে কত, অর্থাৎ তিনি বেঙ্কাটাদ্রির সমুদায় অথবা কেবল অর্দ্ধেক বিষয়ে অধিকারী ছিলেন ইহা তখন অনিশ্চিত থাকিল। জগন্নাথ যদি এক ঔরস বা যথাশাস্ত্র গৃহীত দত্তক রাখিয়া যাইতেন তবে তাঁহার বিষয়াধিকারী কে হইবে এবিষয়ে আপত্তি থাকিত না, ঐ পুত্রই তদ্বিষয়াধিকারী হইত। যদি তিনি পুত্র না রাখিয়া অবিভক্ত ভ্রাতা রাখিয়া যাইতেন তবে ঐ ভ্রাতা অধিকারী হইত। যদি তিনি পুত্র কিম্বা অবিভক্ত ভ্রাতা না রাখিয়া মরিতেন তবে তাঁহার বিধবা পত্নী বা পত্নীদের একজন উত্তরাধিকারিণী হইত*।

জগন্নাথের মরণে রামনাথ বেঙ্কাটাদ্রির সমুদায় বিষয়াধিকারের দাওয়া করিলেন—এই এজ্‌হারে যে তিনি ও জগন্নাথ দুই অবিভক্ত ভ্রাতা, ও জগন্নাথ কোন ঔরস কিম্বা দত্তক পুত্র রাখিয়া যান নাই।

রঙ্গমা প্রথমে রামনাথের দাবীতে সম্মত হইয়া ছিলেন, তাঁহার বয়ান এই যে তিনি নিজ কর্ম্ম করিতে রামনাথকে ক্ষমতা অর্পণ করিয়াছিলেন কিন্তু তৎকর্ত্তৃক প্রতারিতা হইয়াছেন।

লছ্মীপতি অনুমান ছয় বৎসর বয়স্ক বালক ছিল, তাহার পক্ষে কোন দাবী উপস্থিত করা হয় নাই। পরন্তু আচমা জগন্নাথের সমুদায় বিষয়ের দাবীতে এক মকদ্দমা উপস্থিত করেন, আর কহেন যে তিনি ধনাধিকারিণী। পরে রামনাথ ও রঙ্গমাতে বিরোধ হওয়াতে লছ্মীপতির দাবী উপস্থিত হয়। সদর দেওয়ানী আদালত বিচার করিলেন যে জগন্নাথ ও রামনাথ দুই অবিভক্ত ভ্রাতা, অতএব বেঙ্কাটাদ্রি হইতে আগত দায়রূপ সমুদায় বিষয়ে রামনাথ অধিকারী;—এই ডিক্রীর বিরুদ্ধে বর্ত্তমান দুই আপীল হয়।

আমাদের যেং কথার বিচার কর্ত্তব্য তাহা প্রথমতঃ বেঙ্কাটাদ্রির বিষয় বিষয়ক, দ্বিতীয়তঃ—জগন্নাথের অধিকার বিষয়ক।

এই মকদ্দমার পরস্পর বিবাদমান বিবাদিদের প্রথম লছ্মীপতি—এ বেঙ্কাটাদ্রি হইতে আগত সমুদায় বিষয় দাওয়া করে এই কারণে যে জগন্নাথই কেবল বেঙ্কাটাদ্রির দত্তক পুত্র ছিলেন এবং আমি লছ্মীপতি জগন্নাথের দত্তক পুত্র। দ্বিতীয়—আচমা, ইনি কহেন লছ্মীপতি প্রকৃষ্ট রূপে দত্তক গৃহীত হয় নাই, এবং আমি জ্যেষ্ঠা পত্নী হওয়াতে জগন্নাথের বিষয়াধিকারিণী*। তৃতীয়—রঙ্গমা, ইনি লছ্মীপতির দাবী বলবত্ করেন অথচ কহেন যদি সে দত্তক পুত্র না হয়, তবে আমি আচমার সহিত জগন্নাথের ত্যক্ত বিষয়ভাগিনী। চতুর্থ—রামনাথ, ইনি কহেন যে ডিক্রী হইয়াছে তাহা স্থিরতর থাকিবে।

রামনাথের সম্বন্ধে বক্তব্য এই যে—তাঁহার সমুদায় স্বত্ব তাঁহার দত্তকতার সিদ্ধির উপর নির্ভর করে—যদি প্রকৃষ্ট রূপে গৃহীত না হইয়া থাকেন তবে তিনি জগন্নাথের সমদায়াদ নহেন, দায়াদ-ও নহেন। এতাবতা প্রথমে বিচারের বিষয় এই যে প্রথম দত্তক পুত্র বিদ্যমান ও দত্তকের সম্পূর্ণ অধিকারসম্পন্ন থাকিতে দ্বিতীয় দত্তক গৃহীত হইলে তাহা সিদ্ধ কি না?

শাস্ত্রের এই কথা বহুকাল ব্যাপিয়া সন্দেহময় থাকা দৃষ্ট হইতেছে, এবং এই মকদ্দমায় (নিম্ন আদালতের) জজেরা কহেন তাহা স্থিরীকৃত হয় নাই।

তিনপ্রকার প্রমাণ উপলব্ধিত হইয়াছে, প্রথম—পণ্ডিতদিগের মত; দ্বিতীয়—হিন্দুদের শাস্ত্রীয় গ্রন্থ সমূহ;—তৃতীয় (শাস্ত্রবিষয়ক) ইউরোপীয় গ্রন্থকর্ত্তাদের প্রমাণ।

প্রথম—পণ্ডিতদিগের মধ্যে পরস্পর অনেক মতবৈলক্ষণ্য আছে।

* পত্নীদের মধ্যে জ্যেষ্ঠাই কেবল ধনাধিকারিণী হয় না, কিন্তু সকলেই সমানরূপে অধিকারিণী। দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ৫২।

and before the appeal had been heard, and on the 28th of February 1825, *Jaganadha* died. He left no natural born issue, but two wives, *Rungama* and *Atchama*, and a boy who had been brought up in his house, and who is said to be his adopted son, named *Lutchmiputty*.

The question then arose, who was entitled to succeed to the estate of *Jaganadha*; the question of what the estate of *Jaganadha* consisted, that is, whether he was entitled to the whole, or only half of the estate of *Vencatadry*, still remaining unsettled. With respect to the right of succession to *Jaganadha*, it is not disputed that, if he left a son, whether natural born, or legally adopted, such son would be entitled to succeed; that, if he left no son, but an undivided brother, such brother would be entitled to succeed; that, if he left no son nor undivided brother, the widow, or one of the widows, would be entitled to succeed.*

On the death of *Jaganadha*, *Ramanadha* set up a title to the whole estate of *Vencatadry*, alleging that he and *Jaganadha* were undivided brothers, and that *Jaganadha* had left no issue, natural born or adopted.

Rungama at first acquiesced in the claim of *Ramanadha*, it being alleged by her that she was deceived by *Ramanadha*, who got authority to act for her.

Lutchmiputty was a child of about six years old, and no claim was brought forward on his behalf. *Atchama*, however, instituted a suit, claiming the whole of the estate of *Jaganadha*, and insisted that she was entitled to inherit. Afterwards, *Ramanadha* and *Rungama* having quarreled, the claim of *Lutchmiputty* was advanced The Sudder Adawlut decided that *Jaganadha* and *Ramanadha* were undivided brothers; and that *Lutchmiputty* was not the adopted son of *Jaganadha*; that consequently *Ramanadha* was entitled to the whole inheritance which had come from *Vencatadry*: and against this decree the present appeals are brought.

The question for our decision relates, first, to the estate of *Vencatadry*; and secondly, to the succession of *Jaganadha*.

The conflicting parties are:—First, *Lutchmiputty*, who claims the whole inheritance which came from *Vencatadry*, on the ground that *Jaganadha* was the only adopted son of *Vencatadry*, and that he, *Lutchmiputty*, is the adopted son of *Jaganadha*. Secondly, *Atchama*, who insists that *Lutchmiputty* was not well adopted, and that she, as eldest widow, is entitled to succeed to the inheritance of *Jaganadha*. Thirdly, *Rungama*, who maintains the case of *Lutchmiputty*, but insists that, if he is not the adopted son, she is entitled to share with *Atchama*, in the succession of *Jaganadha*. Lastly, *Ramanadha*, who mantains the decree as it stands.

As far as concerns *Ramanadha*, his whole title depends on the validity of his adoption. If not well adopted, he was neither co-heir with *Jaganadha*, nor heir to *Jaganadha*.

The first question, therefore, is, as to the validity of a second adoption, the first adopted son still existing, and remaning in possession of his character of a son.

This appears to have been long a point of great doubt in Hindoo law, and is stated by the Judges in this case, to be unsettled.

Three classes of authority have been referred to:—first, The opinions of the *Pundits*, secondly, The native authorities as found in the Hindoo treatises; and thirdly, The European authorities.

First. As to the *Pundits*; there is a considerable difference of opinion amongst them.

---

* If there be many widows, they inherit simultaneously and equally; the eldest of them does not alone succeed to the exclusion of the rest. See *ante*, p. 53.

বেঙ্কাটাদ্রির মরণান্তে, ১৪০ জন ব্রাহ্মণে এক সার্টিফিকেট্ দস্তখত করেন,—তাহার মর্ম্ম এই যে রামনাথের দত্তকতা অসিদ্ধ। পরন্তু যেহেতু জগন্নাথ বিষয়ে নথিলকার থাকন কালীন ঐ মত তৎকর্ত্তৃক উপস্থিত করা হয়, অতএব তাহার উপর অতি অল্প নির্ভর করা যাইতে পারে।

পক্ষান্তরে, ১৮১৮ সালে রামনাথ কর্ত্তৃক উপস্থিত মকদ্দমার পূর্ব্বে, উক্ত প্রবিন্স্যাল কোর্ট নিজ পণ্ডিতদের এবং মধ্য ও দক্ষিণ অঞ্চলীয় আদালতসকলের পণ্ডিতদিগের স্থানে এ বিষয়ে বক্ষ্যমাণ মত গ্রহণ করেন।

১। "কোন ব্যক্তি এক স্ত্রীর সহিত একত্র দত্তক গ্রহণ করিয়া, তদনন্তর তৎস্ত্রীর প্রতি অসন্তুষ্ট হইয়া দ্বিতীয় দারপরিগ্রহ করত ঐ দ্বিতীয়ার সহিত একত্র এক দত্তক গ্রহণ করিতে শাস্ত্রানুমত কি না?"

২ "কোন ব্যক্তি এক দত্তক গ্রহণান্তে কোন কারণে আর এক দত্তক গ্রহণ করে,—ঐ ব্যক্তির ত্যক্ত বিষয়ে তাহার প্রথম দত্তক কিম্বা দ্বিতীয় দত্তক অধিকারী,—অথবা দুই পুত্রই তদ্বিষয়ভাগী" ?

পণ্ডিতেরা সকলেই একমত হইয়া ব্যবস্থা দিলেন যে দ্বিতীয় দত্তক সিদ্ধ, এবং উভয় পুত্রে সমান রূপে অধিকারী ?

ঐ সকল ব্যবস্থা কোন ক্রমে সিদ্ধান্ত নহে, এবং আপীলান্টেরা আপত্তি করে যে ঐ ব্যবস্থাসকল যে যে গ্রন্থমূলক তাহা দ্বিতীয় দত্তকতা সিদ্ধির সম্পূর্ণ বৈপরীত্য বোধক।

কোলব্রুক সাহেবের কৃত জগন্নাথের বিবাদভঙ্গার্ণবানুবাদে এই কথার আন্দোলন হইয়াছে, এবং কথিত হইয়াছে যে এ বিষয়ে বিভিন্ন মত আছে। (তদ্বিষয়ক) অত্যন্ত আবশ্যক বাক্যসকল ঐ গ্রন্থের ৩৮৬, ৩৮৯, ৩৯৫ ও ৩৯৭ পৃষ্ঠাতে প্রাপ্য। ঐ গ্রন্থকর্ত্তা কহেন পূর্ব্বে গৃহীত দত্তক অথবা ঔরস পুত্র থাকিতেও দত্তক গ্রহণ সিদ্ধ হওয়াই প্রকৃষ্ট মত;—এই মতের মূল এক প্রাচীন বচন, তদ্যথা—"এষ্টব্যা বহবঃ পুত্রাঃ যদ্যপ্যেকো গয়াংব্রজেত্"। অর্থাৎ বহুপুত্র বাঞ্ছনীয়, যদি একজন-ও গয়ায় যায়।

এরূপ আচারের যে কোন ফল কেন হউক না, ইহার যে প্রমাণ তাহা বিশেষে দত্তকবিষয়ক দত্তক-মীমাংসা ও দত্তকচন্দ্রিকা নামক হিন্দু ধর্ম্ম শাস্ত্রীয় গ্রন্থদ্বয়ের (প্রমাণ) দ্বারা পরাস্ত হইয়াছে।

তন্মধ্যে প্রথমোক্ত গ্রন্থের প্রথম পরিচ্ছেদের ৩ পারাগ্রাফের প্রথম বাক্য প্রচীন ঋষি অত্রির বচন, তদ্যথা,—"অপুত্রেণৈব কর্ত্তব্যঃ পুত্রপ্রতিনিধিঃসদা। পিণ্ডোদকক্রিয়াহেতোর্যস্মাৎ তস্মাৎপ্রযত্নতঃ"॥—অর্থাৎ শ্রাদ্ধ তর্পণ ও ক্রিয়া নিমিত্ত কেবল অপুত্র ব্যক্তিই যেকোন উপায়ে যত্নপূর্ব্বক সর্ব্বদা পুত্রপ্রতিনিধি করিবে। শুদ্ধ এই বচনটি ব্যবহৃত হইলে ইহার এমত অর্থ হওয়া স্থির হইতে পারে যে তাদৃশ জনই কেবল দত্তক গ্রহণ করিতে বাধ্য। পরন্তু টীকাতে ঐ অর্থ করা হয় নাই, কেননা টীকার উক্তি এই যে (দ্রষ্টব্য পরিচ্ছেদ ১, পারা ৬) 'কেবল অপুত্র পুরুষই,'—এই বাক্যস্থ 'কেবল' পদদ্বারা পুত্রবান ব্যক্তির দত্তক গ্রহণে অযোগ্যতা দর্শিত হইয়াছে। অনন্তর গ্রন্থকর্ত্তা অত্রির বচনের প্রায় সমার্থক মনুবচন ধরিয়া কহিতেছেন—'পুত্র থাকিতেও কোন কোন মহান্ ব্যক্তির দত্তক গ্রহণরূপ যে দৃষ্টান্ত তাহা নিপাতনে (সিদ্ধ) বোধ করিতে হইবে, তাহা তৎকার্য্য করণের (অর্থাৎ পুত্রসত্ত্বে দত্তক গ্রহণের) অনুজ্ঞাপক সাধারণ বিধি নহে। তৎপরের পারাগ্রাফে বোধ হয় গ্রন্থকর্ত্তার মত এই যে বর্ত্তমান পুত্রের অনুমতিতে দ্বিতীয় দত্তক গ্রহণ করা যাইতে পারে*।

মনু ও অত্রির বচনদ্বয় দত্তকচন্দ্রিকাতেও ধৃত হইয়াছে, (দ্রষ্টব্য পরিচ্ছেদ ১, পারা ৩,) ও তাহাতেও ঐ দুই বচনের দত্তক মীমাংসার ন্যায় অর্থ করা হইয়াছে।

উক্ত গ্রন্থদ্বয়ের উক্তি জগন্নাথের (উক্তি) হইতে অধিক পরিষ্কার। ঐ গ্রন্থদ্বয় বিশেষে দত্তকতা বিষয়ে লিখিত; এবং আমাদের বোধ হয় তাহা সমুদায় ভারতবর্ষ ব্যাপিয়া অত্যন্ত মান্য, ও তন্মত দ্বিতীয় দত্তক গ্রহণের প্রতি প্রবলরূপে বিরুদ্ধ।

* এই মত বঙ্গদেশে চলিত নহে, কাশ্যাদি প্রদেশে বটে।

On the death of *Vencatadry*, there is a certificate signed by 140 Brahmins, that the adoption of *Ramanadha* was invalid. But as this was an opinion produced by *Jaganatha*, then in possession of the estate, but little weight is due to it.

On the other hand, in 1818, before the institution of the suit by *Ramanadha*, the Northern Provincial Court took the opinion of their own *Pundit* and of the *Pundits* of the Centre and Southern Division of the courts, on these questions :—

"1. Is a person, having, conjointly with a wife, adopted a son, and thereafter being displeased with her, and marrying a second wife, authorised by Hindoo law, conjointly with her, the second wife, to adopt a son ?

"2. A person, adopting a son, having for any reason adopted a second son, is the former, or the latter, heir to the estate of the adopting father, or are both sons entitled to share the same ?"

These *Pundits* all agree in holding that the second adoption is valid, and that both sons are equally entitled to inherit.

These opinions, however, are by no means conclusive, and the appellants contend, that the native authorities, upon which they are founded, are strongly against the validity of a second adoption.

In the Digest of Hindoo Law, on Contracts and Successions, with a commentary by *Jagannátha*, translated by Mr. *Colebrooke*, the question is discussed and treated as one in which a difference of opinion prevailed. The most material passages of the Treatise are found in pages 386, 389, 395, 397. The author holds the better opinion to be, that an adoption is valid, although a previously adopted son, or even a natural born son, be already in existence ; the main foundation of that opinion being an ancient text, "that many sons are to be desired, in order that one may travel to Goya."

Whatever, however, may be the effect of this practice, its authority is far outweighed by two other Hindoo works, expressly on the subject of adoption, the *Dattaka-mímámsá* and the *Dattaka-chandriká*.

The first passage, sect. I, plac. 3, in the former of these works, is the citation of a text of an ancient sage, *Atri*, in these words, "By a man destitute of a son, only, must a substitute for the same always be adopted (for the sake of the funeral cake, water, and solemn rites.)" This, perhaps, standing alone, may be held to mean that upon such a one only was it incumbent to adopt a son. The commentary, however, excludes this construction, for it says, sect. I, plac. 6, "By a man destitute of a son only.' The incompetency of one having male issue is signified by the term 'only' in this passage." The author then, after quoting a text from *Menu*, much to the same effect with that cited from *Atri*, observes, that the instances of adoption, by certain illustrious persons, of sons, although they already had male issue, must be considered as exceptional cases, and not as generally authorising the act. In the next paragraph [12] the author seems to concede, that a second son may be adopted, with the sanction of the existing issue.*

The *Dattaka-chandriká* (sect. I, plac. 3) cites the same text from *Atri* and *Menu*, and puts the same construction on them, as the *Dattaka-mímánsá*.

We think that these treatises are more distinct than the work of *Jagannátha:* they are written on the particular subject of adoption ; they enjoy, as we understand, the highest reputation throughout *India* ; and their weight is strong against the second adoption.

* This doctrine is prevalent in the other schools, not in Bengal.

মনুসংহিতার সর্ উইলিয়ম্ জোন্সের অনুবাদে (৩১৩ পৃষ্ঠায়) আমরা বক্ষ্যমাণ বচন প্রাপ্ত হইলাম—"পিতা, কিম্বা ভর্ত্তার অনুজ্ঞাতে মাতা যাহাকে পুত্ররূপে দান করেন—সে, তদ্গ্রহীতা অপুত্র থাকিলে, তাহার দত্তক পুত্র গণিত হয়"।

হলহেড্ সাহেবের অনুবাদিত বিবাদার্ণবসেতুতে (দ্রষ্টব্য চা, ২১, পরি, ৯) ঐ কথা স্পষ্ট রূপে লিখিত আছে—"যে ব্যক্তির পুত্র নাই, পৌত্র নাই, প্রপৌত্র নাই বা ভ্রাতৃপুত্র নাই সেই দত্তক গ্রহণ করিবে, এবং এক দত্তক থাকিতে দ্বিতীয় দত্তক গ্রহণ করিতে পারিবে না"।

এই সকল প্রমাণানুসারে শাস্ত্রের মত আমাদের নিষ্কর্ষ করিতে হইলে দ্বিতীয় দত্তক সিদ্ধির বিরুদ্ধে সিদ্ধান্ত করণে আমাদের কোন সন্দেহ নাই।

(পরন্তু) সর্ টামস্ এস্ট্রেঞ্জ সাহেব তাঁহার 'এলিমেন্ট্স্ অব্ হিন্দু ল' নামক গ্রন্থের (দ্বিতীয় বার মুদ্রিত কাপির) ১ বালামের ৭৮ পৃষ্ঠায় বক্ষ্যমাণ রূপে নিজ মত প্রকাশ করিতেছেন—"সচরাচর পুংসন্ততির অভাবেই এই অধিকারের ব্যবহার হয়,—এস্থলে পুংসন্ততি পদে পৌত্র বা প্রপৌত্র। কিন্তু যেহেতু স্বয়ং কোন পুরুষকর্ত্তৃক কিম্বা উপযুক্ত রূপে তাহার অনুমতি প্রাপ্তা পত্নীগণকর্ত্তৃক (তাহার মৃত্যুর পরে) পরং দুই দত্তক গ্রহণের বাধা নাই, অতএব পতির মতি ও ইচ্ছা হইলে প্রথম বর্ত্তমানেও দ্বিতীয় দত্তক গ্রহণ করা হইতে পারে, এবং তাহা "এষ্টব্যা বহবঃ পুত্রা যদ্যপ্যেকো গয়াং ব্রজেৎ" অর্থাৎ বহু পুত্র বাঞ্ছনীয় যদি (তাহাদের) একজনও গয়ায় যায়"—এই বচন প্রমাণে ভবিতব্য। এই মতের পোষকতায় তিনি (বক্ষ্যমাণ) দুই মকদ্দমার উল্লেখ করেন 'শ্যামচন্দ্র—বনাম—নারায়ণী' (বাঙ্গলার স, দে, আ, রি, বা, ১, পৃ, ২০৯) যাহা ১৮০৭ সালে নিষ্পন্ন হয়, ও 'গৌরীপ্রসাদ রায়—বনাম—মোসম্মাৎ জয়মালা' (বাঙ্গালার স, দে, রি বা, ২, পৃ, ১৩৬) যাহা ১৮১৪ সালে নিষ্পন্ন হয়।

পরন্তু উক্ত দুই মকদ্দমার প্রথমে এই মাত্র নিষ্পত্তি হইয়াছে যে প্রথম দত্তক পুত্র অপুত্র মরিলে দ্বিতীয় দত্তক গ্রহণ সিদ্ধ।—এ কথায় কোন আপত্তি নাই। দ্বিতীয় মকদ্দমাতে দুই পত্নীমান্ এক পুরুষ তৎপ্রত্যেক পত্নীকে এক দত্তক গ্রহণ করিতে অনুমতি দেয়। তন্মধ্যে একজন দত্তক গ্রহণ করে। অনন্তর সে পুরুষ স্বয়ং অন্য স্ত্রীর সহিত এক দত্তক গ্রহণ করে*; এবং চূড়ান্ত রূপে বিচার হয় যে ঐ দুই পুত্রই তৎপতির অর্থাৎ তাহাদের গ্রহীতা পিতার ধনে সমানরূপে অধিকারি।

এই মকদ্দমা অতি আনথা রূপ, ইহাতে দুই দত্তক সিদ্ধ হওয়া বোধ হইতেছে। (নিম্ন) আদালত কহেন এই নিষ্পত্তি প্রথম মকদ্দমার অর্থাৎ নারায়ণীর বিরুদ্ধে শ্যামচন্দ্রের মকদ্দমার (নিষ্পত্তির) সহিত মিলে, পরন্তু প্রকৃত প্রস্তাবে, উপরিউক্ত কারণে, তাহা কোন ক্রমে ইহার পোষক নহে।

আমাদের বোধ হয় রামনাথের পক্ষে যে ইউরোপীয় প্রমাণ প্রদর্শিত হইয়াছে তাহা এই কএক মাত্র। উক্ত (দুই) মকদ্দমা সম্বন্ধে বক্তব্য এই যে তাহা উক্ত বিষয়ক শাস্ত্রের সিদ্ধান্ত-কারক বলিয়া কখনো বিবেচিত হয় নাই। হরকিশোর রায়ের বিরুদ্ধে নারায়ণী দেবীর মকদ্দমার নোটে (দ্রষ্টব্য বাঙ্গালার স, দে, আ, রি, বা, ১, পৃ, ৪২) যাহা বোধ হইতেছে যে জগন্নাথের বিবাদভঙ্গার্ণবের অনুবাদকর্ত্তা কোলব্রুক্ সাহেব রিপোর্টলেখককে দিয়াছিলেন, তাহাতে ঐ সাহেব কহেন যে উক্ত বিষয়ে সন্দেহ আছে, যদিও জগন্নাথের উক্তি দ্বিতীয় দত্তকের পোষক বটে, তথাপি গুরুতর রূপে মান্য যে দত্তকচন্দ্রিকা তাহার মত উক্ত মতের বিরুদ্ধ।

আমরা যতদূর জানিতে পারিয়াছি, তাহাতে যে সকল ইউরোপীয় ভদ্রনস্তর ঐ বিষয়ের অনুশীলন করিয়াছিলেন তাঁহারা সকলেই দ্বিতীয় দত্তক সিদ্ধতার বিরুদ্ধে সিদ্ধান্ত করিয়াছেন। এস্ট্রেঞ্জ সাহেবের 'এলিমেন্ট্স্ অব্ হিন্দু ল' নামক (দ্বিতীয় বার মুদ্রিত) গ্রন্থের দ্বিতীয় বালামের ৮৫ পৃষ্ঠায় অত্যন্ত প্রামাণিক মে. সদরল্যাণ্ড এই রূপে শাস্ত্রবিধান লিখিয়াছেন যথা,—"কোন হিন্দু ঔরস কিম্বা দত্তক পুত্র থাকিতে শাস্ত্র সম্মত রূপে দত্তক গ্রহণ করিতে পারে না,—পরে গৃহীত দত্তক অসিদ্ধ হইবে, নিদানে তাদৃশ রূপে গৃহীত দত্তক ধনাধিকারী হইবে না"।

---

* ঐ মকদ্দমার অবস্থা অবিকল এমত নহে। দ্রষ্টব্য ব্য, দ, পৃ, ৮৮৯।

In the ordinances of *Menu*, translated by Sir *William Jones*, we find this passage, in page 183: "He, whom his father, or mother with her husband's assent, gives to another as his son, provided that the donee have no issue, is considered as a son given."

In the *Vivadarnava Setu*, translated by Mr. *Halhed*, (Ch. XXI, sect. IX,) the proposition is distinctly stated, "He who has no son, or grandson, or grandson's son, or brother's son, shall adopt a son; and while he has one adopted son, he shall not adopt a second."

If we are to form our opinion of the law, from the effect of these authorities, we can have no hesitation in coming to a conclusion adverse to the validity of a second adoption.

Sir *Thomas Strange*, (however,) in the Elements of Hindoo Law, vol. I. p 78 (2nd. Edit.) expresses himself as follows:—"In general it is in default of male issue that the right is exercised, issue here including a grandson, or great grandson. But as there exists nothing to prevent two successive adoptions, the first having failed, whether effected by a man himself, or by his widow or widows after his death, duly authorised; so, even where the first subsists, a second may take place, such having been the pleasure and will of the husband; upon the principle of 'many sons being desirable, that some one of them may travel to *Goya*;' a pilgrimage considered to be particularly efficacious in forwarding departed spirits beyond their destined place of torture." In support of these propositions, he refers to two cases—*Shamchunder v. Naraynee Dibeh* (1 Ben. Sud. Dew. Rep. 209,) which was decided in 1807; and *Gooreepershaud Rai v. Mussummaut Jymala* (2 Ben. Sud. Dew. Rep. 136,) which was decided in 1814.

Now, the first of these cases decided only that a second adoption is valid, when the first adopted son has died without issue; a point of law which is not disputed. In the second case, a man having two wives, gave authority to each of them, to adopt a son. One of them made the adoption. He himself, together with the other wife, afterwards made an adoption;* and it was finally held, that the two sons were entitled equally to inherit to the husband.

This was a very peculiar case; it certainly seems to assume the validity of a double adoption. This decision is also stated by the Court to be in conformity with the preceding case of *Shamchunder v. Naraynee Dibeh*, which, in truth, for the reason already mentioned, it in no degree supports.

These, we believe, are the only European authorities referred to, on behalf of *Ramanadha*. With reference to these cases, it may be observed that they have never been considered as settling the law upon this subject. In a note to the case of *Naraynee Dibeh v. Hurkishor Rai* (1 Ben. Sud. Dew. Rep. 42,) which, it seems, was supplied to the Reporter, by Mr. Colebrooke, the Translator of *Jagannatha's* Digest, he states the point as one of doubt, and on which, although the authority of *Jagannatha* was in favour of the adoption, the weighty authority of the *Dattaka-chandriká* was the other way.

Every European, without any exception, as far as we have any information, who has since examined the subject, has come to a conclusion adverse to the second adoption. In a note to *Strange's* Elements of Hindoo Law, vol. II. p. 85 (2nd. Edit.) the law is thus stated by Mr. *Sutherland*, a very high authority:—"A Hindoo cannot have legally adopted children; a son legitimate or adopted existing, any subsequent adoption would be invalid; at least the son so adopted would not inherit."

* Such is not exactly the case. See *ante*, p. 890.

সদরল্যাণ্ড সাহেব দত্তকবিষয়ক শাস্ত্র সম্বন্ধীয় সিনপ্‌সিস্ অর্থাৎ চুম্বক মধ্যে (দ্রষ্টব্য পৃ, ২১২) নিজ মত এই রূপে প্রকাশ করিতেছেন—"পুত্রের করণীয় শ্রাদ্ধ তর্পণাদি ক্রিয়া সম্পাদনের নিতান্ত আবশ্যকতা পুত্রকরণের প্রতি মুখ্য কারণ, তদুপরেই হিন্দুদের পারলৌকিক সুখ নির্ভর করা অনুভূত হইয়াছে, (অতএব) পুত্র প্রতিনিধি করণোন্মুখ ব্যক্তির ক্রিয়া করণাই সন্ততিহীন হওয়া চাই।—সন্ততি পদে পৌত্র প্রপৌত্রও বোধ্য। ইহা হইতে নিষ্কর্ষ এই হইতে পারে যে তাদৃশ পুংসন্ততি বাঁচিয়া থাকিয়াও যদি শাস্ত্রোক্ত (জাতিপাত বা পাতিত্য বৎ) কোন দোষে উক্ত ক্রিয়াদি করণে অক্ষম হয়, তবে শাস্ত্রানুসারে দত্তক গ্রহণ করা যাইতে পারে।

ইস্‌টীল্ সাহেবের কৃত হিন্দুজাতির শাস্ত্রীয় সিনপ্‌সিসের ৪৮ পৃষ্ঠায় তৎকর্ত্তৃক লিখিত হইয়াছে যে—"দত্তক গ্রহণ কেবল সেই স্থলেই হইতে পারে যেখানে ঔরস পুত্র বা পৌত্র নাই, অথবা যেখানে ঔরস পুত্র জাতিভ্রষ্ট হইয়াছে"। অপিচ ৫২ পৃষ্ঠায় লিখিত হইয়াছে যে—দত্তক পুত্রের মরণে (সম্পূর্ণরূপে জাতিভ্রষ্টতাও মরণ তুল্য) আর এক বালক মনোনীত ও সেই রূপে দত্ত হইতে পারে; কিন্তু কোন পুরুষ এক বালককে দত্তক গ্রহণ করিয়া আবার দ্বিতীয়া স্ত্রী প্রভৃতির ইচ্ছাতে আর এক জনকে দত্তক গ্রহণ করিতে পারে না। এককালে একজন দত্তকই কেবল থাকিবে"। যদিও ইহা সত্য বটে যে উক্ত গ্রন্থ সুবা বঙ্গের আচারবিষয়ক, তথাপি আর আর ক্ষুদ্র বিষয়ে বৈলক্ষণ্য থাকিলেও ভিন্নং প্রদেশে প্রচলিত দত্তক শাস্ত্র মধ্যে এ বিষয়ে প্রভেদ আমরা অবগত নহি।

কিন্তু মে. উইলিয়ম্ মেক্‌নাটন্ সর্ব্বাপেক্ষা প্রমাণিক প্রমাণ, তাঁহার ভূমিকা হইতে প্রকাশ পাইতেছে যে তিনি নানা স্থান হইতে যত অনুসন্ধান পাইতে পারিতেন তাহা পাওয়ার পর, এবং মনোযোগ পূর্ব্বক সকল মূল গ্রন্থ দৃষ্টির পর, আর অনেক বৎসর ব্যাপিয়া পণ্ডিতদিগের যে সকল ব্যবস্থা সুপ্রীম্‌কোর্টে লিখিতাবস্থায় রক্ষিত হইয়াছিল তাহা দৃষ্টির পর হিন্দু ধর্ম্মশাস্ত্র বিষয়ক তাঁহার 'প্রীন্‌সিপলস্ এণ্ড প্রেসিডেন্ট্‌স্' নামক গ্রন্থ লিখিত হয়।

উপরিউক্ত অভিযোগদ্বয়াত্মক তাঁহার রিপোর্ট লিখিত হওনের পর উক্ত গ্রন্থ প্রকটিত হয়, এতাবতা তিনি অবশ্যই তাহা জ্ঞাত হইয়া থাকিবেন; ফলতঃ তিনি তদুভয়ের একের উল্লেখও করিয়াছেন। তিনি নিজ বিবেচনানুসারে এবিষয়ের যে শাস্ত্র তাহা কিছুমাত্র সন্দেহ ও দ্বৈধ বিনা লিখিয়াছেন। তিনি কহেন (দ্রষ্টব্য তদ্‌গ্রন্থের বা, ১, পৃ, ৮০)—"নিষ্কর্ষ এই যে কোন পুরুষ এক বালককে দত্তক গ্রহণ করিলে এবং ঐ বালক বাঁচিয়া থাকিলে সে অন্য বালককে দত্তক গ্রহণ করিতে পারে না"। অনন্তর—"বহু পুত্র বাঞ্ছনীয়, যদি (তাহাদের মধ্যে) এক জন-ও গয়ায় যায়"। এই বচন বিবেচনা করিয়া কহিয়াছেন যে তাহা কেবল ঔরসপুত্রদের প্রতি প্রযুজ্য।

আমরা আমাদের অত্যন্ত বিজ্ঞ আসেসর সর এড্‌ওয়ার্ড রায়ন সাহেবের স্থানে অবগত হইলাম যে মে. উইলিয়ম্ মেক্‌নাটন্ সাহেবের গ্রন্থ তাহাতে লিখিত শাস্ত্রের যে কোন বিষয়ের সিদ্ধান্ত রূপে সুপ্রিম্‌কোর্টে সর্ব্বদা ব্যবহৃত হয়*, এবং তথাকার জজেরা পণ্ডিতদিগের ব্যবস্থাপেক্ষা তাহা অধিক মান্য করেন। বিবেচ্য বিষয়ে সর্ এড্‌ওয়ার্ড (রায়ন) সাহেব মে. মেক্‌নাটনের লিখিত মতে নিজ প্রামাণিক মত যোগ করিলেন।

সদর আদালতের জজেরা কহেন তাঁহারা জানেন যে—বহু কালাবধি এই বিষয় সন্দেহময় বলিয়া বিবেচিত হইয়াছে, এবং তাঁহারা পণ্ডিতদের মতে সম্পূর্ণ নির্ভর করিয়াই কার্য্য করিয়াছেন—যে পণ্ডিতেরা দ্বিতীয় দত্তকের পোষক।

ঐ পণ্ডিতেরা দুই মূল প্রমাণের উপর নির্ভর করিয়াছেন।

প্রথম—"এষ্টব্যা বহবঃ পুত্রা যদ্যপ্যেকো গয়াং ব্রজেৎ"।

---

* কিন্তু ব্যবস্থা দর্পণের ৩০৩ পৃষ্ঠা দেখ।

In Mr. *Sutherland's* Synopsis of the Hindoo Law of Adoption, p. 212, he thus expresses himelf:—"The primary reason for the affiliation of a son being the obligatory necessity of providing for the performance of the exequial rites, celebrated by a son for his deceased father, on which the salvation of a Hindoo is supposed to depend, it is necessary that the person proceeding to adopt should be destitute of male issue capable of performing those rites. By the term issue, the son's son and grandson are included. It may be inferred that, if such male issue, although existing, were disqualified by any legal impediment (such as loss of caste,) from performing the rites in question, the affiliation of a son might legally take place."

In Mr. *Steel's* Synopsis of the Law of Hindoo Castes, he states, p. 48:—"An adoption can take place only where no begotten son or grandson exists, or where the begotten son has lost caste." Again, at p. 52: "In the case of the death of an adopted son (and total loss of caste is considered equivalent to death,) another may be selected and given in the same manner; but a man, after adopting one cannot adopt another, at the desire of a second wife, &c. Only one adopted son can subsist at one time." It is true that the treatise purports to relate to the customs of the provinces of Bombay; but we are not aware of a difference between the different provinces, on this point, though there appears to be some minor differences, on other points of the law of adoption.

But by far the most important authority is Mr. *William Macnaghten*, whose Principles and Precedents of Hindoo Law were composed, as appears from the preface, after collecting all the information that could be procured from all quarters, and after a careful examination of all the original authorities, and of all the opinions of the *Pundits*, recorded in the Supreme Court, for a series of years.

This work was published after his report of the two cases already referred to, and of course he could not but be acquainted with them; indeed, he refers to one of them. Now, Mr. *Macnaghten* states the law, as he considers it to be, without the slightest doubt or hesitation. He says, vol. I. p. 80, "It is clear that a man having adopted a boy and that boy being alive, he cannot adopt another." And he examines the text, that "many sons are to be desired, in order that one may travel to *Goya*," and says that it applies only to natural born sons.

We are informed by our very learned Assessor, Sir Edward Ryan, that this work of Mr. Macnaghten's is constantly referred to in the Supreme Court, as all but decisive of any point of Hindoo law,* contained in it, and that much more respect would be paid to it, by the Judges there, than to the opinions of the *Pundits*. Upon the particular point in question, Sir Edward adds all the weight of his own high authority, concurring as he does entirely in the law, as stated in Macnaghten.

The Judges in the *Sudder* Court state, that they are aware that this has been long considered a doubtful point, and they seem to proceed entirely on the opinion of the *Pundits*, who favour the second adoption.

Those *Pundits* rest upon two main points:—
First. The text that 'many sons are to be desired in order that one may travel to *Goya*.'

* But see *ante*, p. 607

দ্বিতীয়—যে ব্যক্তির কেবল এক পুত্র সে অপুত্র বিবেচ্য*,—এই মতের উপর।

যদি মে. মেকনাটনের উক্তি যথার্থ হয় তবে প্রথমোক্ত বচন স্পষ্টতই এস্থলে প্রযুজ্য নয়। দ্বিতীয় সম্বন্ধে বক্তব্য এই যে পণ্ডিতেরা যে যে উক্তির উপর নির্ভর করেন তদ্দৃষ্টে স্পষ্টতঃ বোধ হয় তাহা দত্তক গ্রহীতার প্রতি প্রযুজ্য নয়, কিন্তু দত্তক দাতার প্রতি বটে।

অতএব সমুদায় বিবেচনায় উক্ত কারণে আমরা স্থির করিয়াছি যে রামনাথের দত্তকতা সিদ্ধ হয় নাই। এবং সদর কোর্টের বিচার অবশ্যই রদ হইবে।

এবিষয়ে যদি আমাদের ভিন্ন বিবেচনা স্থির হইত তবে জগন্নাথ দত্তক গৃহীত হওন কালে বেঙ্কাটাদ্রি যে দলিল লিখিয়া দেওয়া কথিত হইয়াছে তাহার ফলাফল বিবেচনা করিতাম।

এই মকদ্দমাতে রামনাথের কষ্ট হওয়া বিবেচনা করিয়া আমরা চিন্তাপূর্ব্বক দেখিলাম যে রামনাথের স্বত্ব জগন্নাথ কর্ত্তৃক পরে স্বীকৃত হওয়া কারণে স্থিরতর থাকিতে পারে কি না, ও পরে কৃত তাদৃশ স্বীকার পূর্ব্বসম্মতির সমান বিবেচিত হইতে পারে কি না?

পরন্তু আমাদের বিবেচনায় উক্ত কারণে তাঁহার স্বত্ব স্থিরতর রাখা অসম্ভব। জগন্নাথ প্রাপ্ত ব্যব-হার হওয়ার পরে বেঙ্কাটাদ্রির কৃত বিভাগে সম্মত হওয়া বিবেচিত হইলেও সে সম্মতি তৎপিতা রাম-নাথের স্বত্ব আছে বলাতেই হইয়াছিল, যদি আমরা এমত কল্পনাও করি যে পরে কৃত তাদৃশ স্বীকার হিন্দু শাস্ত্রানুসারে পূর্ব্বসম্মতির তুল্য হইবে—যাহা কোন ক্রমে স্পষ্ট বোধ হয় না, তথাপি এমত দৃষ্ট হয় না যে ঐ স্বীকারকে বলবৎ করণের নিমিত্তে যাহা যাহা জানা আবশ্যক ছিল তাহা ঐ জগন্নাথের জানা হইয়াছিল অথবা যেং অবস্থাতে তাঁহার স্বীকার বলবৎ হইতে পারিত তিনি তদবস্থাপন্ন ছিলেন। পরন্তু দৃষ্ট হইতেছে যে বেঙ্কাটাদ্রির কিছু স্থাবরাস্থাবর বিষয় ছিল যাহা জগন্নাথের অনুমতি বিনা জীবনকালে দানরূপ ক্রিয়াদ্বারা দান করিতে তাঁহার ক্ষমতা ছিল, এবং আমরা বোধ করি তিনি যতদূর পারিতেন তাহা দুই পুত্রকে দায়ী করিয়াছিলেন। আমাদের বিবেচনা হয় যে নিজ মনস্থ যতদূর পর্য্যন্ত সফল করিতে বেঙ্কাটাদ্রির ক্ষমতা ছিল তাহা জগন্নাথের বিষয়ের বিরুদ্ধে অর্থাৎ বিষয় হানি করিয়া করা উচিত। যদি জগন্নাথ সমুদায় পৈতামহ বিষয় লয়েন, (এবং আমাদের বিবেচনায় তিনি তাহা পাইতে অধিকারী বটেন, ও তাহা তাঁহার পিতা তাঁহার সম্মতি বিনা দান বিক্রয় করিতে পারিতেন না,) তবে আমাদের বিবেচনা হয় যে বিভাগের অন্তর্গত যে বিষয় দানাদি করিতে তাঁহার সম্মতির আবশ্যকতা ছিল না তাহা তাঁহাকে রামনাথের লাভের নিমিত্তে ছাড়িয়া দিতে হইবে।

জগন্নাথের উত্তরাধিকারিত্ব বিষয়ক বিবাদ হইতে রামনাথকে সরাইলে পর, জগন্নাথের উত্তরাধি-কারিত্ব লইয়া লছমীপতি ও আচমার বিরোধ থাকে,—কেননা লছমীপতির দাওয়ার প্রতি আপত্তি করিতে আচমার সহিত রঙ্গমার একরূপ স্বত্ব থাকিলেও রঙ্গমা লছমীপতির দাবীর পোষকতা করিতেছেন।

এক্ষণে বিবেচ্য কথা এই যে ঐ বালক প্রকৃষ্টরূপে দত্তক গৃহীত হইয়াছে কি না?

এই বিষয় চিন্তাপূর্ব্বক দীর্ঘকাল বিবেচনান্তে সকল ধরিয়া আমরা বুঝিতেছি যে এ বিষয়েও দত্তকতা সম্বন্ধে নিম্ন আদালতের বিচারে আমাদের অনৈক্যমত হইতে এবং লছমীপতিকে প্রকৃষ্টরূপে দত্তক গৃহীত হওয়া বিবেচনা করিতে হইল; এবং সে জগন্নাথের সমুদায় বিষয়ে অধিকারি হইতে যোগ্য—কেবল জগন্নাথের পত্নীরা যে রূপ জীবিকা পাইতে যোগ্যা তাহা পাইবে। ১৬, ১৭, ১৮, ১৯, ও ৩০ জুন, ও ১, ২, ও ৩ জুলাই ১৮৪৬। মুরস্ ইণ্ডিয়ান আপীল, বা, ৪, পৃ, ৮৯—১১৩।

* একপুত্রোহ্যপুত্রোমে মতঃ। দ, মী, পৃ, ৫১।

Second. 'Upon the doctrine that 'he who has only one son is to be considered as childless.'

Now, the first text is evidently out of the case, if Mr. *Macnaghten's* explanation be correct; and as to the second, in referring to the passages on which the Pundits rest, they manifestly relate, not to a person who receives a child, but to one who gives a child, in adoption.

Upon the whole, therefore, for these reasons, we have come to the conclusion, that the adoption of *Ramanadha* was not valid, and that the judgment of the *Sudder* Court upon that point must be reversed.

If we had come to a different conclusion on this subject, it would have been necessary for us to examine into the effect of the deed, alleged to have been executed by *Vencatadry*, on the adoption of *Jaganadha*.

Feeling the hardship of this case on *Ramanadha*, we have looked with some anxiety to see whether his title could be maintained, on the ground that it was subsequently recognised by *Jaganadha*, and that such subsequent recognition might be considered equivalent to previous assent.

We think it, however, impossible to maintain his right upon this ground. Supposing *Jaganadha* to have acquiesced, after he came of age, in the division of property made by *Vencatadry*, it was an acquiescence on the footing of a right already asserted by the father, to exist in *Ramanadha*, and it does not appear that *Jaganadha* possessed all the knowledge, or was placed in the circumstances which must exist, in order to make his ratification binding, even if we assume, what is not by any means clear, that such subsequent ratification, would be eqivalent for that purpose, in Hindoo law, to previous consent. It appears, however, that there was some property, both real and personal, of which *Vencatadry* had the power of disposing; and by an act *inter vivos*, without the consent of *Jaganadha*; and we think that he made a gift, as far as he could, of his property between his two sons.—We think, that effect must be given against the estate of *Jaganadha*, to the intentions of *Vencatadry*, as far as he had the power of effecting them. If *Jaganadha* takes, as we think he is entitled to do, the whole ancestral property, which the father could not dispose of, without his consent, we think he must give up, for the benefit of *Ramanadha*, the whole property included in the division, to the disposition of which his consent was not necessary.

Ramanadha being removed from the contest, as to the succession of *Jaganadha*, the question as to that succession is in dispute between *Lutchmiputty* and *Atchama*; for *Rungama*, though she may have the same interest with *Atchama* in opposing *Lutchmiputty*, supports his claim.

The question then is, was this boy well adopted or not?

Upon the whole, after a long and anxious consideration of the subject, we feel ourselves called upon to differ upon this point also, with respect to the adoption, from the judgment of the Court below, and to hold that *Lutchmiputty* was well adopted, and is entitled to succeed to the whole estate of *Jaganadha*, subject to such maintenance as his widows may by law be entitled to.—16th, 17th, 18th, 19th, & 30th of June, and 1st, 2nd, and 3rd of July 1846.—Moore's Indian Appeals, Vol. IV. pp. 89—118.

৫০৭ ও ৫০৮ সংখ্যক ব্যবস্থার নজীর।

অপ্রাপ্তব্যবহার কৃষ্ণনাথ চৌধুরীর ওসী পরমানন্দ ভট্টাচার্য্য আপীলাণ্ট—বনাম—উমাকান্ত লাহিড়ী প্রভৃতি রেস্‌পণ্ডেণ্ট্।

বাঙ্গলা ১১৮৩ সালে গঙ্গানারায়ণ চৌধুরী জমীদার হরনাথ চৌধুরী নামে এক পুত্রকে এবং রেস্‌পণ্ডেণ্ট্‌দিগের মাতা গৌরী দেবী নামক এক দুহিতাকে রাখিয়া লোকান্তর গত হয়েন, বাঙ্গলা ১১৯৯ সালের ৩ চৈত্রে হরনাথ নিস্‌সন্তান মরেন, কিন্তু মৃত্যুর পূর্ব্বে নিজ পত্নী গঙ্গাদেবীর প্রতি দুই দলিল লিখিয়া দেন, ও তাহাতে এক দত্তক পুত্র গ্রহণের সঙ্কুচিত অনুমতি দান করেন। তন্মধ্যে প্রথম দলিল অনুমতিপত্র, তাহার মজমুন যথা,—"শ্রীমতী গঙ্গাদেবী প্রতি লিখিতমিদং। আমি এমত কাহিল যে আমার জীবন সংশয়; এবং আমার পুত্র নাই, তন্নিমিত্তে আমি অনুমতি দিতেছি যে ঈশ্বর না করেন যদি আমি গত হই তবে তুমি যুগলকিশোর রায়ের দ্বিতীয় পুত্র শিবকিশোর শর্ম্মাকে দত্তক গ্রহণ করিবে সেই আমার অন্ত্যেষ্টিক্রিয়া করিবে ও বিষয়াধিকারী হইবে। আমি এ বিষয়ে যুগলকিশোরকে লিখিয়াছি; কিন্তু তিনি যদি সম্মতি দিতে অস্বীকার করেন তবে তুমি অন্য কোন ব্রাহ্মণের পুত্রকে গ্রহণ করিবে, তদবস্থায় ঐ গৃহীত দত্তক পুত্র আমার অন্ত্যেষ্টিক্রিয়া করিবে এবং আমার বিষয়াধিকারী হইবে"। দস্তখতের নীচে লিখিত ছিল যে—"আমি তাহাকে দত্তক গ্রহণ করিতে ক্ষমতা দিলাম"। দ্বিতীয় দলীল প্রথম দলীলের পোষক। ইহাও গঙ্গাদেবীর প্রতি লিখিত হয়, তদযথা,—আমি নিস্‌সন্তান এবং সঙ্কটাপন্ন পীড়িত হওয়া বিবেচনায় ২৩ ফাল্গুন তারিখে শিবকিশোর রায়কে দত্তক গ্রহণ করিতে তোমাকে অনুমতি দিয়াছিলাম, এবং পুত্র দান করিবার অনুমতি দেওনের নিমিত্তে আমি যুগলকিশোরকেও লিখিয়াছিলাম। তদবধি যুগলকিশোর নিজ পত্নী রুদ্রাণীদেবীকে দত্তক করণার্থে পুত্র দান করিতে অনুজ্ঞা দিয়াছেন। তদনুসারে আমি তাহাকে (অর্থাৎ শিবকিশোরকে) নিজ পুত্ররূপে গ্রহণ করিলাম; যদি সুস্থ হই তবে নিজেই বিধিবিহিত ক্রিয়া করিব, কিন্তু যদি ঈশ্বর ইচ্ছায় আমি গত হই তবে আমি তোমাকে এতদ্দ্বারা ক্ষমতার্পণ করিতেছি যে তুমি ঐ সকল ক্রিয়া সম্পাদন করিবে। উপনয়ন ক্রিয়া যুগলকিশোর অথবা হরকিশোর করিবেন; শিবকিশোর যথাশাস্ত্র আমার ধনাধিকারী হইবে। এই দলীল দস্তখত হওনের পর দিবস হরনাথ কালপ্রাপ্ত হয়েন, এবং শিবকিশোর গঙ্গাদেবীকর্ত্তৃক দত্তক গৃহীত হইয়া নির্ব্বিবাদে জমীদারী দখল করে। ও ১২১৩ সালের ১৫ বৈশাখে সে নিস্‌সন্তান মরে, তখন গঙ্গাদেবী ঐ বিষয় দখলে রাখেন। ১২২৭ সালে তিনি মুরসিদাবাদে গঙ্গাস্নানার্থে গমন করেন, ও তথায় ২৫ চৈত্র তারিখে অকস্মাৎ ওলাউঠা রোগে মরেন। কথিত হইয়াছে যে পতির দত্ত সাধণ অনুমত্যনুসারে মরণের পূর্ব্ব দিবসে তিনি কৃষ্ণনাথ চৌধুরীকে দত্তক গ্রহণ করেন। কালেক্টর সাহেব এবং রেবিনিউ বোর্ড তাহার দত্তকতা স্বীকার করিলেন। রেস্‌পণ্ডেণ্টেরা ঐ দত্তকতা অসিদ্ধ করিবার নিমিত্তে ঢাকার প্রবিন্স্যাল কোর্টে কৃষ্ণনাথ চৌধুরী ও তাহার প্ররোচক কালীমোহন ঠাকুর রামনাথ মুনশী ও শিবনাথ মুনশীর নামে নালিশ করিল। তাহারা হরনাথের স্বাভাবিক উত্তরাধিকারি বলিয়া বিষয় দাওয়া করে। ১৮২৫ সালের ১৫ মার্চ তারিখে প্রবিন্স্যাল্ কোর্টের চতুর্থ জজ সি, ডব্লিউ, ইস্‌টিয়র সাহেব এই মকদ্দমা নিষ্পত্তি করিলেন। তিনি বিবেচনা করিলেন যে ঐ বিধবা দত্তক গ্রহণ করিতে যোগ্যা ছিল না, কারণ ঐ অনুমতিপত্রে বিশেষ দত্তক গ্রহণে তাঁহার ক্ষমতা ছিল মাত্র ঐ বিশেষ দত্তক গৃহীত না হইলে ঐ ক্ষমতা সাধারণ হইত; এতাবতা তিনি শিবকিশোরকে গ্রহণ করিবামাত্রে ঐ ক্ষমতা রহিত হইয়াছিল।—তৎক্ষমতার পোষক ২ চৈত্রে লিখিত দলীল তাহাতে স্পষ্টরূপে ঐ ক্ষমতা শিবকিশোরকে গ্রহণার্থে বিশেষে সঙ্কুচিত হয়। এই সকল কারণে বাদিদিগকে হরনাথের যথাশাস্ত্র উত্তরাধিকারি জ্ঞানে বিষয় দখল দেওয়া হইল।

এই নিষ্পত্তিতে অসম্মত হইয়া কৃষ্ণনাথ সদর দেওয়ানী আদালতে আপীল করিলেন। এবং ১৮ নবেম্বর তারিখে ঐ মকদ্দমা আর, এইচ, রাট্রে সাহেবের নিকট দরপেশ হইল। তাঁহার রায় এই হইল যে কৃষ্ণনাথের দত্তকতা সাবাস্ত হয় নাই, পরন্তু ঐ সমুদয় ব্যাপার কালীমোহন ঠাকুরের ও তৎসঙ্গি

Purmanund Bhuttacharjea, guardian of Kishennath Chowdhooree minor, Appellant, versus Woomakant Lahooree and others, Respondents.

Gunga Narain Chowdhooree, a *Zemindar*, died in 1183 B. S. leaving a son Hurnauth Chowdhooree, and a daughter Gouree Debea, mother of the respondents. Hurnauth Chowdhooree died childless, on the 3d of Cheyt 1199 B. S. but previous to his death he executed two deeds conveying to his wife Gunga Debea a limited permission to adopt a son. The first document was an *Anoomutty puttra*, to the following effect : "This deed is addressed to the fortunate Gunga Debea. I am in so weak a state that my life is very uncertain, and I have no son ; I therefore authorise you, should I be removed, (which God avert;) to adopt Shibkishore Surma, second son of Jugulkishore Roy, in order that he may perform my funeral rites and preside over my estate. I have written to Joogulkishore on the subject ; but should he refuse to give his consent, you may adopt the son of some other Brahmin. Such adopted son shall in that case perform my funeral rites and inherit my estate." Below the signature was written, "I have authorised her to adopt a son." The second document was confirmatory of the former. It also was addressed to Gunga Debea and ran thus : "On the 23d of Phalgoon, in consideration of my being childless and in a dangerous state of health, I gave you authority to adopt Shibkishore Roy, and wrote to Jugulkishore to authorise the gift of his son. Since that, Jugulkishore has deputed his wife, Rudranee Debea, to give his son in adoption. I accordingly adopt him as my son. If I recover, I will myself perform the prescribed rites ; but if it should please God to remove me, I hereby empower you to perform the ceremonies. The investiture of the Brahmanical thread must be performed by Jugulkishore, or Hurkishore. Shibkishore will be the lawful possessor of all my wealth." On the day following the execution of this deed, Hurnauth died ; and Shibkishore was adopted by Gunga Debea and obtained undisputed possession of the *Zemindaree*. He died childless on the 15th of Bysauk 1213, and Gunga Debea then held the estate. In 1227 she went to Moorshedabad to bathe in the Ganges, and there suddenly died of the cholera morbus on the 25th of Cheyt. On the day previous, however, she was said to have adopted Kishennath Chowdhooree, under the general authority given by her husband. The collector and Board of Revenue recognised the adoption ; and the Respondents brought their suit to set it aside in the Provincial Court of Dacca, against Kishennath Chowdhooree, and his abettors, Cally Mohun Thakoor, Ramnauth Moonshee, and Sheonauth Moonshee. They claimed the estate as the natural heirs of Hurnauth Chowdhooree. On the 15th of March 1825, Mr. C. W. Steer, fourth Judge in the Provincial Court, gave judgment in the case. He considered the widow incompetent to adopt, because the *Anoomutty puttra* gave her authority in a specific case, making the general authority contingent on its non-performance ; so that, as soon as she had adopted Shibkishore, the authority granted to her was annulled ; because the confirmatory deed, under date the 2nd of Cheyt, clearly restricted the authority to Shibkishore. On these grounds possession of the estate was decreed to the plaintiffs, as legal heirs to Hurnath, deceased.

Against this decision, Kishennath appealed to the Sudder Dewanny Adawlut ; and on the 18th of November the case came to a hearing before Mr. R. H. Rattray. He was of opinion that the adoption of Kishennath was not proved, but that the whole transaction was a fraud of Callymohun

দিগের ক্ষেত্রে, ঐ দত্তকতা যদি সাব্যস্তও হইত তথাপি তাহা আপীলাণ্টের ফলদায়ক হইত না,—যেহেতু উক্ত নারীর পতির অনুমতি বিনা ঐ দত্তকতা শাস্ত্র সিদ্ধ নহে, এবং ঐ নারীর জবানবন্দী ও হরনাথের দাখিল করা কাগজপত্র দ্বারা স্পষ্ট প্রমাণ যে ঐ অনুমতি কখনো দেওয়া হয় নাই, দেওয়ার মনস্থও করা হয় নাই। হরনাথ যে ক্ষমতা দান করে তাহা যুগলকিশোরের পুত্র শিবকিশোরকে গ্রহণার্থেই বিশেষে সঙ্কুচিত হইয়া ছিল, অথবা তাহার পিতা পুত্রদান করিতে অসম্মত হইলে অন্য কোন ব্রাহ্মণের পুত্রকে গ্রহণ বিষয়ে ছিল; প্রথম দত্তকের দৈব ঘটনা হইলে ঐ বিধবার ইচ্ছাক্রমে আর দত্তক গ্রহণের একটি কথাও ছিল না। এবং স্পষ্ট অনুমতি ব্যতিরিক্ত ঐ বিধবা নিজ ক্ষমতায় যথা-শাস্ত্র দত্তক গ্রহণ করিতে পারিত না। এই সকল কারণে মে. ম্রাটে প্রবিন্স্যাল্ কোর্টের ডিক্রী বহাল রাখিয়া রেস্পণ্ডেন্ট্দিগকে বিষয় দখল দিলেন। ১৮ নবেম্বর ১৮২৮ সাল। স, দে, আ, রি, বা, ৪, পৃ, ৩১৮, ৩১৯।

হিন্দুজাতীয়া কোন বিধবা মৃত পতির উত্তরাধিকারিণী বলিয়া (তৎ) পৈতৃক বিষয়ের অর্দ্ধেক দাওয়া করে ও কহে যে তৎপতি দত্তক গ্রহণার্থ তাহাকে অনুমতিপত্র দিয়া যায়,—কিন্তু সে কখনো তদনুমতির কার্য্য করে নাই। আদালত ইহা বিবেচনা করিয়া যে সে পতির মরণাবধি বাইশ বৎসর পর্য্যন্ত ঐ অনুমতির কোন উল্লেখ না করাতে তদনুমতিপত্র নিতান্ত অবিশ্বাসের যোগ্য, ঐ বিধবার দাবী ডিস্মিস্ করিলেন, এবং তাহার পতি নিজ পিতা ও ভ্রাতার জীবনকালে মরাতে আজ্ঞা করিলেন যে ঐ বিধবা কেবল অন্নাচ্ছাদন পাইতে অধিকারিণী। মোসম্মাৎ হেমলতা চৌধুরাণী—বনাম—পদ্মমণি চৌধুরাণী। ১৪ ফেব্রুয়ারি ১৮২৫ সাল। স, দে, আ, রি, বা, ৪, পৃ, ১৯।

৫০০, ৫০৫, ও ৫০৮ সংখ্যক ব্যবস্থার নজীর।

বল্লভকান্ত চৌধুরী আপীলাণ্ট—বনাম—নবকান্ত চৌধুরির ওসী কৃষ্ণপ্রিয়া দাসী চৌধুরাণী।

এই মকদ্দমা জিলার প্রধান সদর আমীনের নিকট সমর্পিত হয়, তিনি জিলার পণ্ডিতকে বক্ষ্যমাণ প্রশ্ন করেন—"তেলি জাতীয় কোন হিন্দু গৃহস্থ পৈতৃক ও স্বোপার্জ্জিত বিষয়ে দখিলকার থাকিয়া দশ বার দিবসের পীড়াতে কাল প্রাপ্ত হয়। এক দিবস সে অজ্ঞানাবস্থায় থাকন কালীন তাহার পিতৃ-ব্যপত্নী (যে তাহার সহিত একবাটীতে বাস করিত) ও তাহারি নিজ পত্নী সেই পরিবারের (অর্থাৎ গোত্রের) এক বালককে কএক জন যাজক ব্রাহ্মণ, ও তাহার গুরু, এবং সেই জাতীয় লোকদের ও প্রতিবাসিদের সম-ক্ষে আনিয়া তাহাকে কহিল—'তুমি এক দত্তক পুত্র রাখিতে চাহিয়াছিলে, একণে ইহাকে গ্রহণ কর'—তাহাকে দুই তিন বার ডাকাতে সে উত্তর করিল—'হাঁ'। পরে ঐ পিতৃব্যপত্নী ঐ পীড়িত ব্যক্তির (অর্থাৎ দত্তক গৃহীতা পিতার) হাত লইয়া ও তৎপুত্রের হাত লইয়া তাহার হাত পীড়িত ব্যক্তির হাতের উপর রাখিল; ঐ পীড়িত ব্যক্তি তাহার কএক ঘণ্টা পরে মরিল। তাহার শ্রাদ্ধাদি তাদৃশ দত্তক পুত্রে করিলেক তাহাতে প্রতিবাদী কোন আপত্তি করে নাই। ঐ দত্তক পুত্র উক্ত মৃত ব্যক্তির বিষয় তিন চারি মাস দখল করিলেক এবং তাহার পত্নীর সহিত একত্র বাস করিল। পতির মরণের পাঁচ মাস পরে ঐ পত্নীও কাল-প্রাপ্তা হইল। প্রতিবাদী মৃত ব্যক্তির পিতৃব্যপুত্র (অর্থাৎ তৎপিতার সহোদরাত্মজ,) সে ঐ বিষয় দখল করিয়া লইল। (ইহাতে) মৃত ব্যক্তির পিতৃব্যপত্নী নিজে উত্তরাধিকারিণী বলিয়া অথচ তৎকালে অপ্রাপ্তব্যবহার ছিল যে ঐ দত্তক পুত্র তাহার ওসী বলিয়া পুনর্ব্বার দখল পাইবার নিমিত্তে নালিশ করিল। ঐ বালক দত্তক গৃহীত হওয়ার সময়ে পঞ্চম বর্ষের ঊর্দ্ধ বয়স্ক থাকা স্বীকৃত হইয়াছে। প্রতিবাদী নিজ পিতৃ-ব্যের যথাশাস্ত্র উত্তরাধিকারী বলিয়া দাওয়া করে। মৃত ব্যক্তির বিষয়ে কে অধিকারী তাহা কহিবেন? এবং উপরি বর্ণিত দত্তক সিদ্ধ কি না তাহাও কহিবেন?"

পণ্ডিত যে উত্তর করিলেন তাহার মর্ম্ম এই যে—'যদি কোন সপিণ্ড ব্যক্তি আপন পুত্র আনিয়া ব্রাহ্মণদের ও গুরুর এবং আর ২ লোকের সম্মুখে কোন নিস্সন্তান ব্যক্তির হস্তে দেয়, তবে ঋষিদের

Thakoor and his associates; and that, even if it had been proved, it could be of no benefit to the appellant, inasmuch as it was illegal without the sanction of her husband, which, both by her own deposition in a former case, and Hurnath's papers produced in this, it was evident never was given, or intended to be given; that the power confered by Hurnath was explicitly confined to the son of Joogulkishore, Shibkishore, or, if the father were unwilling to give his son in adoption, the son of some other Brahmin; that there was not a word in relation to repeated adoption at the widow's pleasure, in the event of casualty to the first adopted son; and that without a distinct permission, she could not of herself do that legally. On these grounds Mr. Rattray affirmed the decree of the Provincial Court, awarding possession of the estate to the Respondents.—18th of November 1828. S. D. A. R. Vol. IV. pp. 318, 319.

A Hindoo widow claimed a moiety of an ancestral estate as heir to her deceased husband, who had given her, as she alleged, an *Anoomutty puttra*, which, however, she had never exercised. The Court, considering that the *Anoomutty puttra* was altogether unworthy of credit, as no mention has been made of it by the widow for twenty two years after her husband's death, dismissed the claim of the widow, and declared that she was only entitled to maintenance, her husband having died during the life time of his father and brothers. Musst. Hemluta Chowdhooraeen v. Puddomunee Chowdhooraeen. 14th Feb. 1825. S. D. A. R. Vol. IV. p. 19.

Bullubakant Chowdhree, Appellant, versus Kishenpria Dassea Chowdrain, guardian of Nubkant Chowdhree, Respondent.

CASE bearing on the Vyavasthás Nos. 500, 505, & 508.

This case was referred to the principal sudder ameen of the district, who put the following question to the pundit of the Zillah Court:

"A Hindoo householder, of the Telee caste, is possessed of property, ancestral and self-acquired he died childless after an illness of ten or twelve days. One day, when he was in a state of insensibility, the wife of his father's brother, who resided in the same house, and his own wife, brought to him a child of the same family, in the presence of some Brahmin priests, his *gooroo*, people of the same caste, and a few of the neighbours, and addressed him: 'You wished to adopt a son, now receive him.' After calling to him two or three times, he answered 'yes.' The uncle's wife then took the hand of the sick man,—the father of the boy to be adopted took his son's hand, and put it into that of the sick man. A few hours after, the sick man died. His obsequies were performed by the son thus adopted, to which no objection was made by the defendant. The adopted son entered upon and held possession of the estate of the deceased for three or four months, and lived with his widow. The widow died five months after her husband. On this the defendant, who is the cousin of the deceased on the father's side, (the defendant and deceased being the sons of whole brothers,) took possession of the property. The widow of the deceased's uncle has sued for recovery of possession, in her own right as heir, and as guardian of the adopted son, still a minor. The boy is admitted to have been upwards of five years old at the time of his adoption. The defendant claims as heir at law to his deceased uncle. State who is entitled to the property of the deceased? and whether the adoption, as above particularised, is legal or not?"

The pundit replied to the following purport: "If any *Sapinda* (or kinsman connected by an oblation of food) bring his own son, and give him into the hand of a childless man, in the

উক্তি আছে যে গ্রহীতা ব্যক্তি সজ্ঞানাবস্থায় থাকিলে ঐ দত্তক সিদ্ধ। প্রশ্ন হইতে প্রকাশ পাইতেছে যে ঐ গ্রহীতা দত্তক গ্রহণ করার কএক ঘণ্টা পরে কালপ্রাপ্ত হয়; এবং দত্তক গ্রহণ ক্রিয়াবিহিত হোম করা না হইয়া থাকিলেও তাহাতে ঐ দত্তক অসিদ্ধ নয়, যেহেতু ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্যদের দত্তক সিদ্ধি নিমিত্তেই হোম আবশ্যক, (কিন্তু) এ গ্রহীতা তন্মধ্যে কোন জাতীয় নয়। দত্তক গ্রহণের তাৎপর্য্য এই যে সে গ্রহীতার ও তৎপিতা পিতামহ ও প্রপিতামহের পিণ্ড দান করিবে। যেহেতু বর্ত্তমান মকদ্দমার উল্লিখিত দত্তকপুত্র (গ্রহীতা) পিতার অন্ত্যেষ্টি ক্রিয়াদি করিয়াছে এবং করিতে থাকিবে, অতএব তাহার দত্তকতা স্পষ্টতই সিদ্ধ,—ও সে বিনাপত্তিতে তদ্‌গ্রহীতা পিতার ধনাধিকারী”।

প্রধান সদর আমীন ইহা বিবেচনা করিয়া যে উক্ত ব্যবস্থাতে মৃত ব্যক্তির বিষয়ের কোন অংশে বাদিনী অধিকারিণী হওয়া না হওয়ার প্রশ্ন সম্বন্ধে কোন উত্তর নাই, পুনর্ব্বার প্রশ্ন করিয়া উক্ত বিষয়ে মত লিখিতে পণ্ডিতকে অনুরোধ করিলেন। তাহাতে পণ্ডিত উত্তর করিলেন—“যেহেতু দত্তক পুত্র আছে, অতএব মৃত ব্যক্তির পিতৃব্যপত্নী তদ্বিষয়ের কোন অংশে অধিকারিণী নয়।”

উক্ত ব্যবস্থানুসারে প্রধান সদর আমীন ঐ দত্তক পুত্রের পক্ষে ডিক্রী করিলেন।

প্রতিবাদী জিলার জজ সাহেবের নিকট আপীল করিলে তিনি প্রধান সদর আমীনের ফয়সলা বহাল রাখিলেন।

অনন্তর প্রতিবাদী সদর দেওয়ানী আদালতে খাস আপীল করণের প্রার্থনা করে, ও তাহা মঞ্জুর হয়।

এই মকদ্দমা প্রথমে হার্ডিং সাহেবের হুজুরে পেষ হয়, তিনি সদর আদালতের পণ্ডিতকে বক্ষ্যমাণ প্রশ্ন করেন—

“১ম। কোন সঙ্কটাপন্ন পীড়িত এবং অজ্ঞানাবস্থ ব্যক্তির নিকট এক বালক লইয়া গিয়া তাহাকে যদি কেহ জিজ্ঞাসা করে তুমি দত্তক গ্রহণ করিবে কি না, এবং ঐ পীড়িত ব্যক্তি যদি স্বীকারার্থক এক কথায় মাত্র উত্তর দেয়, তবে তাদৃশ দত্তক সিদ্ধ কি না?

২য়। শাস্ত্রে দত্তক হওনের নিমিত্তে বয়োবিশেষ নির্দ্দিষ্ট আছে কি না? যদি থাকে, তবে ঐ বয়স বিষয়ক শাস্ত্র হিন্দু মাত্রের উপর খাটে, কি জাতি বিশেষে?

পণ্ডিত প্রথম প্রশ্নের এই উত্তর করিলেন যে প্রশ্নে বর্ণিত অবস্থাতে গৃহীত দত্তক অসিদ্ধ, কেননা দত্তক সিদ্ধির নিমিত্তে যে ২ নিয়ম (পালন) আবশ্যক তাহা উক্ত অবস্থাপন্ন ব্যক্তি করিতে পারিত না, এবং ঐ সকল নিয়ম পালন না করিলেও দত্ত সিদ্ধ হইতে পারে না।

প্রমাণ—

দত্তকমীমাংসাধৃত বশিষ্ঠবচন—‘দত্তকগ্রহণোন্মুখ ব্যক্তি জ্ঞাতি কুটুম্বকে নিমন্ত্রণ করিয়া, রাজার নিকট নিবেদন করিয়া, এবং হোম করিয়া তবে দত্তক গ্রহণ করিবে’।

দ্বিতীয় প্রশ্নের পণ্ডিত এই উত্তর করিলেন যে—প্রধান তিন জাতির অর্থাৎ ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্যের দত্তকের বয়স উপনয়নের পূর্ব্বে, এবং শূদ্রের দত্তকের বয়স বিবাহ সংস্কারের পূর্ব্বে নির্দ্দিষ্ট আছে।

প্রমাণ—

১ দত্তকমীমাংসা—“চূড়াদি ক্রিয়া (চূড়াদ্যা) গ্রহীতার গোত্রোল্লেখে সম্পন্ন হইলে দত্তকেরা পুত্র গণিত হয়, নতুবা তাহারা দাস উক্ত হইয়াছে।”

২, দত্তকমীমাংসা—‘চূড়াদ্যা’ এই অতদ্‌গুণসম্বিজ্ঞান বহুব্রীহি সমাসে ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্যের উপনয়ন জ্ঞেয়, কিন্তু শূদ্রের বিবাহাদি বোধ্য।”

পণ্ডিতের উত্তর দৃষ্টে মে. হার্ডিং সাহেবের এই রায় হইল যে গৌরীকান্তকর্ত্তৃক নবকান্তের দত্তক গৃহীত হওয়া সপ্রমাণ করিতে বাদিনী সম্পূর্ণরূপে অশক্তা হইল, এতাবতা নিম্ন আদালতের ডিক্রী রদ করিয়া দাবী ডিস্‌মিস্ করার প্রস্তাব করিলেন।

presence of *Brahmin* priests, *gooroo*, and others, it is the declaration of the sages that, if the party adopting is conscious of what he is doing, the adoption is legal. It appears from the question that the adopter died a few hours after making the adoption; and although the burnt sacrifice prescribed in cases of *Dattaca* adoption, was not observed, that does not invalidate the adoption, as the sacrifice is only essential to the conditions of legal adoption among *Brahmins*, *Kshetriyas*, and *Voishyas*, to neither of which did the adopting party belong. The object of adopting a son is that he might offer the funeral cake to his adopting father, grandfather, and great grandfather. As, in the present instance, the son adopted has performed the funeral obsequies for his father, and will continue to do so, his adoption is clearly valid, and he is unquestionably entitled to the estate of his adopting father."

The principal sudder ameen, observing that the pundit's *Vyavasthá* contained no reply to the question of the right of succession of the plaintiff to any portion of the estate of the deceased, [illegible] a further question to him, desiring an opinion on that point. To which the pu[illegible] replied that, as there was an adopted son, the widow of the uncle of the deceased did not su[illegible]d to any portion of the estate.

The principal sudder ameen, with reference to the *Vyavasthá*, gave judgment in favor of the adopted son. The defendant appealed to the Zillah judge, who confirmed the decree of the principal sudder ameen.

The defendant then applied to the Sudder Dewanny Adawlut for permission to file a special appeal, which was granted.

The case was first laid before Mr. Hardinge, who put the following questions to the pundit of the Sudder Court.

1st. If one ask a person, who is dangerously ill and insensible, whether he will adopt a son, at the same time taking a child to him, and the sick man reply, merely by a single word, in the affirmative, is such adoption legal?

2nd. Is adoption restricted to any particular age by the Shasters? and if so, is the law respecting the particular age, applicable to all, or only to some of the *Hindoo* tribes?

The pundit replied to the first question that an adoption made under the circumstances stated in the question was illegal, because the conditions requisite to the validity of an adoption could not be performed by a person in the state mentioned; and without the performance of those conditions, the adoption could not be legal.

Authority.—Vasishtha in the *Dattaka-mímánsá.* "One about to adopt a son should invite his kinsmen and make (a) representation to the king, and offer a burnt sacrifice, and thus make the adoption."

To the 2nd question the pundit replied that the period fixed for adoption, with respect to the three superior tribes, *Brahmins*, *Kshetriyas*, and *Voisyas*, was prior to their investiture with the respective cords; and with respect to *Shúdras*, to their contracting marriage.

Authorities.—1. *Dattaka-mímánsá.* "The ceremony of tonsure (*Chúdádyá*) and other rites of initiation being performed under his own family name, sons given may be considered as issue: else they are termed slaves."

2. *Dattaka-mímánsá.* "By the compound epithet '*Chúdádyá*,' rites commencing with that of investiture for persons of the superior tribes would be suggested, but for *Shúdras*, marriage, and so forth, implied."

Mr. Hardinge, adverting to the replies of the pundit, was of opinion that the plaintiff had completely failed to establish that the adoption of Nubkant by Gowreekant was a legal transaction, and proposed to reverse the decrees of the lower courts, and dismiss the claim.

মে. মনি সাহেব হার্ডিং সাহেবের সহিত একমত হইয়া তদনুসারে চূড়ান্ত রূপে রায় দিলেন। ১৬ জানওয়রি ১৮৩৮ সাল,—স, দে, আ, রি, বা, ৩. পৃ, ২১৭।

পঞ্চম পরিচ্ছেদ।

কে কাহাকে দত্তকার্থে পুত্র দিতে পারে, ও কে পারে না।

ব্যবস্থা।

৫১৪ বহু পুত্রবান্ পিতা নিজ ক্ষমতায় ও বহুপুত্রবতী মাতা ভর্ত্তার অনুজ্ঞায় পুত্র-পৌত্রপ্রপৌত্র-হীন ও বাধক সম্বন্ধবিহীন* সজাতীয়কে দত্তকরূপে পুত্র দিতে পারে।

৫১৪ বহুপুত্রবান্ পিতা স্বতন্ত্রেচ্ছয়া বহুপুত্রবতী মাতা চ ভর্ত্তুরনুজ্ঞয়া পুত্র-পৌত্রপ্রপৌত্রহীনায় বাধকসম্বন্ধবিহীনায় চ* সবর্ণায় দত্রিমরূপেণ পুত্রং দাতুমর্হতি।

প্রমাণ।

মাতা বা পিতা যে সদৃশ (অ) পুত্রকে আপদে (ই) উদকদ্বারা দান করেন, সে (তদ্গ্রহীতার) দত্তক সুত। মনু।

(অ) 'সদৃশ'—অর্থাৎ সজাতীয়। বস্তুতঃ মনুবচনস্থ সদৃশ পদের অর্থ সজাতীয় হওয়াই যুক্ত,—কেননা পরে তাদৃশ দত্তকেরই ধনাধিকার দর্শিত হইয়াছে। এবং অসজাতীয় দত্তকের ধনাধিকারী হওয়া সম্ভব নহে। তাহা শৌনক কহিয়াছেন 'অন্যজাতীয় সুত কোথাও গৃহীত হইলেও তাহাকে বিষয়াধিকারি করিবে না,—শৌনকের এই মত'†। যাস্ক ব্যক্ত রূপেই কহিয়াছেন—'সজাতীয় সুতই গ্রহণ করিবে, সেই পিণ্ডদাতা ও বিষয়াধিকারী হইবে, তদভাবে বিজাতীয় (সুত গ্রহণ করিবে) সে কেবল বংশরক্ষক হইবে, ও বিষয়াধিকারি হইতে গ্রাসাচ্ছাদ মাত্র পাইবে'। দ, চ, পৃ, ৫।

অতএব বৃদ্ধ গৌতম—'অন্য জাতীয় সুত কোথাও গৃহীত হইলেও তাহাকে বিষয়াধিকারি করিবে না, শৌনকের এই মত'—ইহা কহিয়া বিজাতীয় দত্তকের বিষয়াধিকারিত্ব নিষেধ করিতেছেন। দ, মী, পৃ, ২৬।

এতাবতা অসমানজাতীয়কে দত্তক কর্ত্তব্য নয় এই সিদ্ধান্ত। দ, মী, পৃ, ২৬।

মাতা পিতা বা দদ্যাতাং যমদ্ভিঃ পুত্রমাপদি (ই)। সদৃশং (অ) প্রীতিসংযুক্তং সজ্ঞেয়ো দত্রিমঃ সুতঃ॥ মনুঃ।

(অ) 'সদৃশং'—সজাতীয়ং। বস্তুতস্তু মনুবচনে সদৃশপদস্য সজাতীয়ার্থকত্বৈব যুক্তা পরত্র তাদৃশ দত্তকস্য রিক্থগ্রদর্শনাৎ অসবর্ণস্য চ রিক্থযোগাসম্ভবাৎ†। যথা শৌনকঃ—'যদি স্যাদন্যজাতীয়ো গৃহীতোঽপি সুতঃ ক্বচিৎ। অংশভাজং ন তং কুর্য্যাচ্ছৌনকস্য মতং হি তৎ'†॥ ব্যক্তমাহ যাস্কঃ—'সজাতীয়ঃ সুতো গ্রাহ্যঃ পিণ্ডদাতা স রিক্থভাক্। তদভাবে বিজাতীয়ো বংশমাত্রকরঃ স্মৃতঃ॥ গ্রাসাচ্ছাদনমাত্রন্তু স লভেত তদৃক্থিনঃ†'। দ, চ, পৃ, ৪, ৫।

অতএব বৃদ্ধ গৌতমঃ—যদি স্যাদন্যজাতীয়ো গৃহীতো বা সুতঃ ক্বচিৎ। অংশভাজং ন তং কুর্য্যাচ্ছৌনকস্য মতং হি ওদিত্যসমানজাতীয়স্যাংশভাক্ত্বং নিষেধতি। দ, মী, পৃ, ২৬।

তস্মাদসমানজাতীয়ো ন পুত্রীকার্য্য ইতি সিদ্ধং। দ, মী, পৃ, ২৬।

---

* ইহার পর পরিচ্ছেদ দ্রষ্টব্য। দ্রষ্টব্য—মেক্. হি. ল. বা. ১, পৃ. ৬৬, ৬৭।

† কলিতে অসবর্ণ দত্তকের ধনাধিকারী হওয়া দূরে থাকুক (অসবর্ণাবিবাহ নিষেধে অসবর্ণপুত্রোৎপাদন নিষিদ্ধ হওয়াতে দণ্ডাপূপন্যায়ে) অসবর্ণ পুত্র গ্রহণই নিষিদ্ধ,—বিশেষতঃ তাহা আচার বিরুদ্ধ হেতু লোকতঃ ধর্ম্মতঃ উভয়তই বিরুদ্ধ,—কেননা আচার পরম ধর্ম্ম ও ধর্ম্মশাস্ত্রের বিধানের উপর প্রবল। দ্রষ্টব্য—ব্য, দ, পৃ, ২০, ৫০, ৩০২—৩১২।

Mr. Money concurred with Mr. Hardinge, and passed final judgment accordingly.—16th of January 1838.—S. D. A. Rep. vol. VI. p. 219.

SECTION V.

WHO TO WHOM MAY OR MAY NOT GIVE A SON FOR ADOPTION.

514 The father of several sons may of his own authority, and the mother of several sons may with the assent of her husband, give a son in adoption to a person, who is of the same class or caste, destitute of a son, son's son, and son's grandson in the male line, and not a prohibited relation.* Vyavasthá.

I. "He is called a son given, whom his father, or mother, affectionately gives as a son, being alike (a,) and in a time of distress (i,) conferring the gift with water.—*Manu*. D. Ch. Sect. I. § 12. Authority.

(a) '*Alike*'] Belonging to the same class.—In fact, the construction of the word 'alike' (*Sadriska*) in *Manu's* text, as signifying of the same class is only proper; for, elsewhere, the participating, as an heir, of such adopted son, is shown: and the participating in the inheritance, of one unequal in class, is impossible.† Thus *Shounaka* declares: "If one of a different class, should, however, in any case have been adopted as a son, he should not make him the participator of a share: this is the doctrine of *Shounaka*."†—*Yáska* explicitly declares this: "A person of the same class must be adopted as a son. Such a son performs the oblations, and takes the estate; in default of him, one different in class, who is regarded merely as prolonging the line. He receives food and raiment only, from the person succeeding to the estate."†—*Ibid.* § 13, 15, 16.

Accordingly, *Vriddha Goutama* forbids the participation, in inheritance, of one not of the same tribe, thus,—" or should one of a different class be taken as a son, in any instance, let him (the adopter) not make him a participator of a share: this is the doctrine of *Sounaka*."—D. Mím. Sect. II. § 21.

Hence, it is established, that one of a different class cannot be adopted as a son.—*Ibid.* § 22.

---

* See the section next following. See Macn. H. L. vol. I. pp. 66, 67.

† In the present (*kali*) age, the marriage with a damsel of a different class having been prohibited, and consequently the production of a son in the womb of such a wife, the adoption of a son of a different class, not to mention his disinherision, if ever adopted, must, *a fortiori*, be concluded to have been prohibited: such adoption is moreover contrary to custom, which itself is transcendant law, and supersedes the general maxims of the law. See *ante*, pp. 21, 51, 303—318.

(ই) ‘ আপদে ’—অর্থাৎ পুত্রপ্রতিগ্রহীতার পুত্রপৌত্রপ্রপৌত্রহীনাবস্থায়*। দ, চ, পৃ, ৫।

একপুত্র ব্যক্তির পুত্র দান করা কখনো কর্ত্তব্য নয়। যাহার বহুপুত্র প্রযত্ন হেতু তাহারই পুত্র দান কর্ত্তব্য॥—(শৌনক)। একমাত্র পুত্র যাহার সেই এক-পুত্র (অর্থাৎ একপুত্রবান্) এতাবতা সেই পুত্র দান কর্ত্তব্য নয়।—কেননা বশিষ্ঠের বচন এই যে ‘এক পুত্র দান করিবে না প্রতিগ্রহ-ও করিবে না’†। এস্থলে দানপদের অর্থ স্বস্বত্ব নিবৃত্তিপূর্ব্বক পরস্বত্বোৎপাদন হওয়াতে এবং পরস্বত্বোৎপত্তি পরের প্রতিগ্রহ বিনা উপপন্ন না হওয়াতে, তাহা উহ্য করিতেছেন, এতাবতা এতদ্দ্বারা (কেবল এক পুত্র) প্রতিগ্রহ করার-ও নিষেধ সিদ্ধ হইতেছে। এই নিমিত্তেই বশিষ্ঠ কহিয়াছেন এক পুত্র দিবে না প্রতিগ্রহও করিবে না’†। ও তাহার হেতুবাদ এই করিয়াছেন যে—‘সে পূর্ব্বপুরুষের বংশ রক্ষার নিমিত্ত’। বংশরক্ষা নিমিত্ত অভিহিত হওয়াতে এক পুত্র দানে বংশলোপ রূপ প্রত্যবায় বোধিত হইয়াছে। দ, মী, পৃ, ৫০, ৫১।

(ই) ‘ আপদি ’—পুত্রপ্রতিগ্রহীতুরপুত্রত্বে*। দ, চ, পৃ, ৫।

নৈকপুত্রেণ কর্ত্তব্যং পুত্রদানং কদাচন। বহুপুত্রেণ কর্ত্তব্যং পুত্রদানং প্রযত্নতঃ॥—(শৌনকঃ)। এক এব পুত্রো যস্যেতি এক-পুত্রঃ, তেন তৎপুত্রদানং ন কার্য্যং।—নত্বেবৈকং পুত্রং দদ্যাৎ প্রতিগৃহ্নীয়াদ্বেতি বশিষ্ঠস্মরণাৎ। অত্র স্বস্বত্বনিবৃত্তিপূর্ব্বক পরস্বত্বাপাদনস্য দানপদার্থত্বাৎ পরস্বত্বাপাদনস্য চ পরপ্রতিগ্রহংবিনানুপপত্তেস্তমপ্যাক্ষিপতি,—তেন প্রতিগ্রহনিষেধোঽপি অনেনৈব সিদ্ধ্যতি। এতএব বশিষ্ঠঃ—নত্বেবৈকং পুত্রংদদ্যাৎ প্রতিগৃহ্নীয়াদ্বেতি। তত্র হেতুমাহ—সহি সন্তানায় পূর্ব্বেষামিতি†। সন্তানার্থত্বাভিধানেনৈকস্য দানে সন্তানবিচ্ছিত্তি প্রত্যবায়ো বোধিতঃ স চ দাতৃপ্রতিগ্রহীত্রোরুভয়োরপি উভয়শেষত্বাৎ। দ, মী, পৃ, ৫০, ৫১।

অনন্তর—কাহাকর্ত্তৃক পুত্রদান কর্ত্তব্য—এতদুত্তরে কহিতেছেন ‘বহুপুত্রবান্ ব্যক্তিকর্ত্তৃক’। এক পুত্রবিশিষ্ট ব্যক্তির পুত্রদান কর্ত্তব্য নয়, এই নিষেধহেতু দুই পুত্র বিশিষ্ট ব্যক্তির পুত্রদান

তর্হি কেন পুত্রোদেয় ইত্যত আহ—‘বহুপুত্রেণেতি’। নৈকপুত্রেণেতি নিষেধাৎ দ্বিপুত্রস্যৈব দান প্রাপ্তৌ যদ্বহুপুত্রেণেত্যুচ্যতে তৎ দ্বিপুত্রস্যাপি তৎপ্রতিষেধায়।—‘ একপুত্রোহ্য-

* দত্তক মীমাংসাকার ‘আপদে’ এই পদের যে ব্যাখ্যা করিয়াছেন তদ্‌যথা, ‘আপদে’—অর্থাৎ দুর্ভিক্ষাদিতে॥ অনাপৎকালে দান করিলে দাতার দোষ হয়, যেহেতু—‘অন্যথা প্রবৃত্ত হইবে না’—এই নিষেধ আছে। অথবা প্রযত্নতঃ অর্থাৎ প্রতিগ্রহীতার প্রযত্নে অপুত্রত্বরূপ আপদে। যেহেতু অত্রির বচন এই যে অপুত্রের সর্ব্বদা পুত্রপ্রতিনিধি কর্ত্তব্য। এবং অপরার্ক ও চন্দ্রিকার-ও এই রূপ ব্যাখ্যা করিয়াছেন, যথা, ‘আপদে—অর্থাৎ গ্রহীতার অপুত্রত্বে (দ, মী, পৃ, ৫৩)। কিন্তু এতদ্দেশে দত্তকচন্দ্রিকারের উক্ত ব্যাখ্যাই প্রচলিত।

* দত্তকমীমাংসাকৃতা ‘আপদি’ ইতি পদস্য যদ্ব্যাখ্যাকৃতা তদ্‌যথা, ‘আপদি’—দুর্ভিক্ষাদৌ। অনাপদি দানে দাতুর্দোষঃ—অন্যথা ন প্রবর্ত্তেতেতি নিষেধাৎ। যদ্বা প্রযত্নত ইতি প্রতিগ্রহীতুঃ প্রযত্নাদাপদ্যপুত্রত্ব ইতি—অপুত্রেণৈব কর্ত্তব্যঃ পুত্রপ্রতিনিধিঃ সদেত্যত্রি স্মরণাৎ। ব্যাখ্যাতঞ্চৈবমেবাপরার্ক চন্দ্রিকাভ্যাং—‘আপদি’—গ্রহীতুরপুত্রত্ব ইতি (দ, মী, পৃ, ৫৩)। এতদ্দেশে তু চন্দ্রিকাব্যাখ্যৈব প্রচলিতা।

† (‘এক পুত্র) প্রতিগ্রহ করিবে না’ ইহার ভাব এই যে জনকের বংশলোপ অকর্ত্তব্য, কিন্তু তাহাতে দত্তক অসিদ্ধ হয় না।—বিবাদ ভঙ্গার্ণব।

† প্রতিগৃহ্নীয়াদিতি তৎকুলোচ্ছেদস্যাকর্ত্তব্যত্বাদিতি ভাবঃ,—ন তেন দত্তকস্যাসিদ্ধিঃ।—বিবাদভঙ্গার্ণবঃ।

দত্তকনির্ণয়ধৃত বশিষ্ঠ ও মনু;—কিন্তু এই বিধান এক পুত্রকে বা জ্যেষ্ঠ পুত্রকে দত্তকগ্রহণ নিষেধক না হইয়া বরং দান নিষেধক বটে, ঐ দান একবার কৃত হইলে আর নিষিদ্ধ হইতে পারে না। কোন বালক একবার দত্তক গৃহীত হইলে সে স্বতঃ জনক কুলের বিষয়ে এককালে অনধিকারী হয় ইহা বিবেচনা করিলে ঐ মত ন্যায্যই বোধ হইতেছে। দ্রষ্টব্য—বম্বের রিপোর্ট গোবিন্দ রাওর বিরুদ্ধে হয়বৎ রাওর মকদ্দমা, বা. ২, পৃ. ৭৫। মেক্‌, হি. ল. বা. ১, পৃ. ৭১।

(i) "*In a time of distress.*"] The adopter being destitute of male issue.*—D. Ch. Sect. I. § 13.

" By no man, having an only son, (*eka-puttra*) is the gift of a son to be ever made. By a man having several sons, (*bahu-puttra,*) such gift is to be made on account of difficulty, (*prayatnatas.*")—*Shounaka*. He, who has one son only, is '*eka-puttra,*' or one having an only son: by such a one, the gift of that son must not be made: for, a text of *Vashishtha* declares: " an only son, let no man give, &c." Since the word 'gift' means the establishing another's property, after the previous extinction of one's own; and another's property cannot be established without his acceptance; the author (*Shounaka*) implies this also, in his text in question. Therefore, a prohibition likewise against acceptance, is established, by that very text. Accordingly *Vashishtha:* " an only son, let no man give, or accept, &c." To this he subjoins a reason, " For, he is [destined] to continue the line of his ancestors."† His being intended for lineage, being thus ordained; in the gift of an only son the offence of extinction of lineage is implied. Now, this is incurred by both the giver and adopter also. For the [reason in question] is subjoined, after both [verbs: viz. give and accept.] D. Mím. Sect. IV. § 1—4.

Next, the author replies to the question,—By whom is a son to be given ? " By one having several sons. He who has several sons, is '*bahu-puttra,*' or 'one having several sons.' " By no man having an only son." From this prohibition, the gift, by one having two sons, being inferrible: this part of the text ("By one having several sons," &c.) is subjoined, to prohibit the

* The author of the *Dattaka-Mímánsá* explains the phrase " in a time of distress " as signifiing also in a famine, and so forth, thus: " *During distress.* "] In a famine, and so forth: should the gift be made, no distress existing, the giver commits a sin, on account of the prohibition, " otherwise he must not attempt the same." Or the term '*prayatnatas*' may signify—' on account of difficulty of the adopter, '*During distress;*' that is, when destitute of male issue: on account of the text of *Atri*, commencing.— " By a man destitute of a son only must a substitute for the same always be adopted, &c." and it is thus interpreted, even by *Apararka*, and in the *Chandriká*. "*During distress,*" that is,—the adopter having no son." (D. Mím. Sect. IV. § 20, 21.) The interpretation of the *Dattaka-chandriká* is alone accepted and used in Bengal.

† Let no man accept (an only son) because he should not do that whereby the family (of the natural father) becomes extinct: but this does not invalidate the adoption of such a son (actually) given (to him.)—Coleb. Dig. vol. III. p. 243.

Vashishtha, Datt. Nir. and *Manu*. Ibid; but this is an injunction rather against the giving than the receiving an only or elder son in adoption, and the transfer having been once made, it cannot be annulled. This seems but reasonable, considering that the adoption having once been made, the boy *ipso facto* loses all claim to the property of his natural family. See Bombay Reports, Case of Huebut Rao v. Govind Rao, vol. II. page 75.—Macn. H. L. vol. I. p. 67.

* A text of the *Veda*, a mystical verse or incantation, a form of prayer, a formula sacred to any particular deity.

† See *ante*, p. 710, Note. ‡ See *ante*, p. 17.

§ A wild fig, *Ficus glomerata*. ¶ Sacrificial fuel.

** *Homa*, an oblation to fire, a burnt offering or sacrifice.

৫৫৬ অনন্তর—শাট্যায়নাদি (হোম) বামদেব্য গানান্তে কর্ম্ম সমাপনপূর্ব্বক শ্রুবেতে লিপ্ত ভস্ম দ্বারা তিলক দিয়া দক্ষিণান্ত করিবেন।

এই সকল প্রক্রিয়া* এক্ষণে প্রচলিত, পরন্তু ঋষিগণকর্ত্তৃক এতদধিক প্রক্রিয়াও অভিহিত হইয়াছে, যথা,—

'আমি শৌনক পুত্র গ্রহণের উত্তম নিয়ম কহিতেছি, অপুত্র বা মৃতপুত্র ব্যক্তি পুত্রার্থে উপবাস করিয়া'। ইত্যাদি—দ. চ. পৃ. ১০।

বৃদ্ধগোতম—'দুই বস্ত্র, দুই কুণ্ডল, ও পাগড়ি এবং অঙ্গুরীয়ক দিয়া ধার্ম্মিক ও বেদবেত্তা আচার্য্যকে এবং মধুপর্কদ্বারা রাজাকে (অ) ও শুচি ব্রাহ্মণদিগকে (ই) পূজা করিয়া, এবঞ্চ কুশময় বর্হি ও পলাশ কাষ্ঠ আহরণ পূর্ব্বক বন্ধু ও জ্ঞাতিগণকে (উ) যত্নে আহ্বান করিয়া'।—বন্ধুগণকে (উ) বিশেষতঃ ব্রাহ্মণদিগকে ভোজন করাইয়া, অগ্নিস্থাপনাদি ঘৃতশোধনান্ত ক্রিয়া করণান্তে দাতার নিকট গিয়া—'পুত্রং দেহি'—ইহা বলিয়া যাচ্ঞা করাইবে। দানে সমর্থ দাতা—'যো যজ্ঞেন' ইত্যাদি পঞ্চ মন্ত্র পাঠ করিয়া†। তথা—'দেবস্য ত্বা' ইত্যাদি মন্ত্রে হস্তদ্বারা গ্রহণ করিয়া, 'অঙ্গাদঙ্গাৎ' এই মন্ত্র জপান্তে শিশুর মূর্দ্ধা আঘ্রাণ পূর্ব্বক ঔরস সদৃশ সুতকে বস্ত্রাদি দ্বারা অলঙ্কৃত করিয়া। তথা—নৃত্য গীত বাদ্য সহ স্বস্তি শব্দ সংযুত সুতকে গৃহমধ্যে আনিয়া ও বিধিপূর্ব্বক চরু করিয়া—'যস্ত্বাহৃদা' ও 'ত্বভামগ্নে' ইত্যাদি ঋকবেদমন্ত্র এবঞ্চ 'সোমোদদৎ' ইত্যাদি ঋক্-বেদ মন্ত্র পঞ্চ বার পাঠ করিয়া'।—দ. চ. পৃ. ১০।

বৃদ্ধগৌতম—"দুগ্ধ ও ঘৃতে শত সংখ্য হোম করিবে, ও 'প্রজাপতে ন ত্বদেতা' ইত্যাদি মন্ত্রে প্রজাপতির উদ্দেশ করিয়া"।—দ. চ. পৃ. ১১।

বশিষ্ঠ—'পুত্র প্রতিগ্রহণেচ্ছু বন্ধুদিগকে (উ) আহ্বান ও রাজাকে (অ) নিবেদন করিয়া নিবেশনমধ্যে ব্যাহৃতি হোম করত অদূরবান্ধব বন্ধু সন্নিকৃষ্টকে গ্রহণ করিবে'‡। ঐ।

৫৫৬ ততঃ—শাট্যায়নাদি বামদেব্য গানান্তং কর্ম্ম সমাপ্য শ্রুবলগ্ন ভস্মনা তিলকং দত্ত্বা দক্ষিণান্তং কুর্য্যাৎ।

ইমা এব প্রক্রিয়া* অধুনা প্রচলিতাঃ,—পরন্তু ঋষিভিরেতদধিকা অপি অভিহিতাঃ, তদ্যথা—

'শৌনকোঽহং প্রবক্ষ্যামি পুত্র সংগ্রহমুত্তমং। অপুত্রোমৃতপুত্রো বা পুত্রার্থং সমুপোষ্য চ'। ইত্যাদি।—দ. চ. পৃ. ১০।

বৃদ্ধগোতমঃ—'বাসসী কুণ্ডলে দত্ত্বা উষ্ণীষঞ্চাঙ্গুলীয়কং। আচার্য্যাং ধর্ম্মসংযুক্তং বৈষ্ণবং বেদপারগং। মধুপর্কেণ সংপূজ্য রাজানঞ্চ (অ) দ্বিজান্ (ই) শুচীন্॥ বর্হিঃ কুশময়ঞ্চৈব পলাশং চেধ্মমেব চ। এতানাহৃত্য বন্ধূংশ্চ জ্ঞাতীনাহূয় (উ) যত্নতঃ'।—বন্ধূনন্নেন সম্ভোজ্য ব্রাহ্মণাংশ্চ বিশেষতঃ। অগ্ন্যাধানাদিকং তত্র কৃত্বাজ্যোৎপবনান্তকং॥ দাতুঃ সমক্ষং গত্বা চ পুত্রং দেহীতি যাচয়েৎ। দানে সমর্থোদাতাস্মৈ যো যজ্ঞেনেতি পঞ্চভিঃ†॥ তথা—'দেবস্যত্বেতি মন্ত্রেণ হস্তাভ্যাং পরিগৃহ্যচ। অঙ্গাদঙ্গেত্যৃচাচং জপ্ত্বা আঘ্রায় শিশুমূর্দ্ধনি। বস্ত্রাদিভিরলঙ্কৃত্য পুত্রচ্ছায়াবহং সুতং'॥ তথা—'নৃত্যগীতৈশ্চ বাদ্যৈশ্চ স্বস্তিশব্দৈশ্চ সংযুতং। গৃহমধ্যে তমাধায় চরুংকৃত্বা বিধানতঃ। যস্ত্বাহৃদেত্যৃচা চৈব তুভামগ্নেত্যৃচৈকয়া। সোমোঽদদদিত্যেতাভিঃ প্রত্যৃচং পঞ্চভিস্তথেতি'।—দ. চ. পৃ. ১০।

বৃদ্ধগৌতমঃ—'পায়সংতত্র সাজ্যঞ্চ শত সংখ্যঞ্চ হোময়েৎ। প্রজাপতে ন ত্বদেতামিত্যৃদ্দিশ্য প্রজাপতিমিতি"।—দ. চ. পৃ. ১১।

বশিষ্ঠঃ—'পুত্রং প্রতিগ্রহীষ্যন্ বন্ধূনাহূয় (উ) রাজনি নিবেদ্য (অ) নিবেশনস্য মধ্যে ব্যাহৃতিভির্হুত্বা অদূরবান্ধবং বন্ধুসন্নিকৃষ্টমেব গৃহ্ণীয়াৎ'‡। ঐ।

* এই সকল প্রক্রিয়া দত্তক দীধিতিতে এবং দত্তক মীমাংসা ও দত্তকচন্দ্রিকার টীকার শেষে দ্রষ্টব্য
† 'গ্রহীতাকে দিবে'—একথা উহ্য আছে। † অস্মৈ দদ্যাদিতি শেষঃ। ‡ দ্রষ্টব্য পৃ. ২৯৭

VYAVASTHA

556. After that, the act (of adopting) being completed with the performance of the rites commencing with *Shátyáyana (homa)* and ending with the singing (called) '*Vámadeva*,' and the *tilaka* (a mark on the forehead) made with the *ash* attached to *sruva* (ash rake,) the act of giving remuneration *(dakkhiná)* shall be performed.

These rites and ceremonies are at present in use:* there are also some other rites ordained by the sages, as will be known from the texts subjoined.

"I, *Shounaka*, now declare, the best adoption: 'One having no male issue, or whose male issue has died, having fasted for a son," &c.—D. Ch. Sect. II. § 2.

Vriddha Gotama:—"Having given two pieces of cloth, a pair of ear-rings, a turban, a ring for the forefinger, to a priest religiously disposed, a follower of *Vishnu*, and thoroughly read in the *Vedas*. Having venerated the king (a), and virtuous *Bráhmanas* (i), by a *madhuparka*" (or prepared food consisting of honey, liquid butter, and curds.)—D. Ch. Sect. II. § 3.

"Both a bunch of sixty four stems, entirely of the *kusha* grass, and fuel of the *palásha* tree, —also having collected these articles: having earnestly invited kinsmen (u) and relations, having entertained the kinsmen with food, and especially *Bráhmanas* (i): having performed the rites, commencing with that of placing the consecrated fire, and ending with that of purifying the liquid butter, having advanced before the giver, let him cause to be asked thus: 'give the boy'.—The giver, being capable of the gift, (should give†) to him, with recitation of the five prayers, the initial words of the first of which, are "*Yo yajnyena*," &c.—(The same author continues:)—"Having taken him by both hands, with the recitation of the prayer, commencing, —*Devasya-tvá*," &c.: having inaudibly repeated the mystical invocation,—"*Angád-angnát*, &c.' having kissed the forehead of the child; having adorned with clothes, and so forth, the son bearing the reflection of a son." (The text continues:)—"Accompanied with dancing, songs, and benedictory words, having seated him, in the middle of the house; having, according to ordinance, offered a burnt-offering of milk and curds, (to each incantation,) with recitation of mystical invocation '*yas-tvá-hridá*,' &c.—the portion of the *Rik-veda* commencing '*Tubhhyamagne*,' —and the five prayers, of which the initial words of the first are "*Somodadat*," &c.—D. Ch. Sect. II. § 5, 7, & 9.

Vriddha Gautama:—"Let him then cause to be offered, as burnt-offerings, an hundred oblations of milk, with liquid butter, contemplating in his mind, as the object, the Lord of created beings, with recitation of the prayer:—'*Prájá-pate-na-twa-detám*."—D. Ch. Sect. II. § 10.

Vashishtha: "A person being about to adopt a son should take an unremote kinsman or the near relation of a kinsman‡; having convened his kinsmen (u), and announced his intention to the king (a), and having offered a burnt-offering, with recitation of prayers denominated '*Vyáhriti*' in the middle of his dwelling."—D. Ch. Sect. II. § 11.

* These are to be found in the *Dattaka-Didhiti*, and at the end of the commentaries on the *Dattaka-Mimánsá* and *Dattaka-Chandriká*.

† 'Should give' is understood.—D. Ch. Sect. II. § 6.

‡ See *ante*, p. 950

তৈত্তিরিবেদানুগামিদের নিমিত্তে বৌধায়ন ঋষি বিশেষ বিধান করিয়াছেন—“অথ পুত্র পরিগ্রহবিধি ব্যাখ্যা করিব,—‘পুত্র গ্রহণেচ্ছু ব্যক্তি দুই বস্ত্র, দুই কুণ্ডল, অঙ্গুরীয়ক এবং বেদবেত্তা আচার্য্যকে ও কুশময় বর্হি ও পর্ণকাষ্ঠ উপস্থিত করিয়া, নিজগৃহে বন্ধুগণকে (উ) নিমন্ত্রণ করিয়া রাজার নিকট (অ) আবেদন পূর্ব্বক সভাতে বা আগার মধ্যে ব্রাহ্মণদের আদেশে উপবিষ্ট হইয়া—‘পুণ্যাহ, স্বস্তি, ঋদ্ধি’ ইহা বলাইয়া,—‘যদ্দেব যজন’ উল্লেখ প্রভৃতি জলস্থাপন পর্য্যন্ত করিয়া দাতার সম্মুখে গিয়া—‘পুত্রং মে দেহি’—এই ভিক্ষা করিবে। দাতা ‘দদামি’ ইহা কহিবে। গ্রহীতা পুত্রকে গ্রহণ করিয়া—‘ধর্ম্মের নিমিত্তে তোমাকে গ্রহণ করিতেছি, সন্ততির নিমিত্তে তোমাকে গ্রহণ করিতেছি’—ইহা কহিয়া তাহাকে বস্ত্র কুণ্ডল আর অঙ্গুরীয়ক দ্বারা অলঙ্কৃত করিয়া ও পরিধান প্রভৃতি অগ্নিমুখ পর্য্যন্ত ক্রিয়া করতঃ চরুপাক করিয়া হোম করিবে। এবং ‘যস্ত্বা হৃদা কীরিণা মন্যমান’ ইত্যাদি (যজুর) বেদের প্রথমাধ্যায়ের বাক্য পাঠ পূর্ব্বক ‘যস্মৈ ত্বং সুকৃতে জাতবেদ’ ইত্যাদি মন্ত্র পাঠ করিয়া হোম করিবে। অনন্তর ব্যাহৃতি হোম করিয়া, স্বিষ্টিকৃত্ প্রভৃতি ধেনুদান পর্য্যন্ত সমাপ্ত করিয়া দক্ষিণা প্রদান পূর্ব্বক (কহিবে) ‘এই দুই বস্ত্র, কুণ্ডল, এবং এই অঙ্গুরীয়ক (আপনকার)’। দ. চ. ১২।

(অ) এস্থলে ‘রাজাপদে’—গ্রামস্বামী।—বৃদ্ধগৌতম কহিয়াছেন যে বন্ধু সকলকে ও গ্রামস্বামিকে আহ্বান করিবে।—দ. মী. পৃ. ৬৭।

রাজা দূরে থাকিলে গ্রামস্বামির নিকট নিবেদন করিবে, যেহেতু বন্ধুসকলকে ও গ্রামস্বামিকে আহ্বান করিবে ইহা উক্ত হইয়াছে।

(ই) ‘ব্রাহ্মণদিগকে’ এই বহুবচনহেতু তিন ব্রাহ্মণে পর্য্যাপ্ত হইবে। ব্রাহ্মণদের পূজা যাচনার্থে।—দ. চ. পৃ. ১০।

(উ) ‘বন্ধুগণকে’—অর্থাৎ আত্ম মাতৃ পিতৃ বন্ধুগণকে*; জ্ঞাতিগণকে,—অর্থাৎ সপিণ্ডদিগকে,† তাহাদিগকে আহ্বান করা দেখিবার নিমিত্তে।

তৈত্তিরীয়াণান্তু বিধিবিশেষমাহ বৌধায়নঃ—‘অথ পুত্রপরিগ্রহবিধিং ব্যাখ্যাস্যামঃ,—‘প্রতিগ্রহীষ্যন্নুপকল্পয়তে দ্বে বাসসী দ্বে কুণ্ডলে অঙ্গুলীয়কঞ্চাচার্য্যঞ্চ বেদপারগং কুশময়ং বর্হিঃ পর্ণময়মিধ্মমিত্যথ বন্ধূনাহূয় (উ) নিবেশনস্য মধ্যে ব্যাহৃতিভির্হুত্বা রাজনি চাবেদ্য (অ) পরিষদি বাগারমধ্যে ব্রাহ্মণান্নুপবিশ্য—‘পুণ্যাহং, স্বস্তি, ঋদ্ধিং’—ইতি বাচয়িত্বা ‘যদ্দেব যজন’ ইত্যুল্লেখপ্রভৃতি আপ্রণীতাভ্যঃ কৃত্বা দাতুঃ সমক্ষং গত্বা ‘পুত্রং মে দেহি’—ইতি ভিক্ষেত দদামীতীতর আহ তং পরিগৃহ্ণাতি, ধর্ম্মায় ত্বা পরিগৃহ্ণামি সন্তত্যৈ ত্বা পরিগৃহ্ণামীতথৈনং বস্ত্র কুণ্ডলাদিভিরলঙ্কৃত্য পরিধানপ্রভৃত্যগ্নিমুখং কৃত্বা পক্বা জুহোতি, যস্ত্বা হৃদা কীরিণা মন্যমান ইতি পুরোনুবাক্যমনূদ্য যস্মৈ ত্বং সুকৃতে জাতবেদ ইতি যাজ্যয়া জুহোতি অথ ব্যাহৃতীর্হুত্বা স্বিষ্টিকৃৎ প্রভৃতি সিদ্ধমাধেনুবর প্রদানাদ্দক্ষিণাং দদাত্যেতে চ বাসসী এতে কুণ্ডলে এতচ্চাঙ্গুরীয়কং। —দ. চ. পৃ. ১২।

(অ) রাজাত্র—গ্রামস্বামী। বন্ধূনাহূয় সর্ব্বাংস্তু গ্রামস্বামিনমেবচেতি বৃহদ্গৌতম স্মরণাৎ।—দ. মী. পৃ. ৬৭।

রাজ্ঞো বিপ্রকৃষ্টত্বে গ্রামস্বামিনং,—বন্ধূনাহূয় সর্ব্বাংস্তু গ্রামস্বামিনমেব চেতি স্মরণাৎ।—দ. চ. পৃ. ১০।

(ই) ‘দ্বিজান্’—ইতি বহুত্বং ত্রিত্বপর্য্যবসিতং দ্বিজানাং পূজনং যাচনার্থং। —দ. চ. পৃ. ১০।

(উ) ‘বন্ধূন্’—আত্মমাতৃপিতৃবন্ধূন্*। জ্ঞাতীন্ সপিণ্ডান্†। তদাহ্বানং দৃষ্টার্থং।—দ. চ. ১০।

† দ্রষ্টব্য—পৃ. ২৫৮

* দ্রষ্টব্য—পৃ. ২৮২, ২৮৩

Boudháyana propounds a special rule for the followers of the *Tittri-veda* :—"We are about to explain the mode for the adoption of a son. 'One about to adopt produces two pieces of cloth, a pair of ear-rings, a ring, and a priest thoroughly read in the *Vedas*, a bunch of sixty-four stems of the *kusha* grass, and fuel of the *parna* tree. Then having invited kinsmen (u), into the middle of the dwelling, and having made a representation to the king (a): having sat down by the direction of a *Bráhmana*, in the assembly; having caused to be exclaimed, —Auspicious day ! benediction ! prosperity ! : having performed the rites, commencing with the recitation of the prayer—'*Yad-deva-yajna*,'—down to the placing of the vessels for water : having advanced before the giver, let him thus beg : 'Give me this son.' The other replies, 'I give.' He receives the child (and says :) 'I receive thee for the sake of religious duty : I adopt thee for offspring.' Then having adorned him with clothes, the ear-rings, and ring : having performed the investiture, and other ceremonials down to the kindling of a flame of fire : having dressed the oblations, he offers a burnt-offering after having recited the incantation in the first chapter of the (*Yajur*) *veda* commencing,—'*Yastwá-hridá-kiriná-manaymána*' —with the recitation of the sacrificial prayer, '*Yas-yairam sukrite jita veda*,' &c.—he offers a burnt-offering. Next having performed the burnt sacraments, where the prayers denominated *vyáhriti* are recited : and that designated '*Swishtikrit*' with other ceremonials, being completed, down to the bestowing of an excellent cow, he presents the fee saying, yours (are) these two clothes, the ear-rings, and the ring likewise."

(a) 'The king' here signifies, the chief of the village, for the text of *Vrihad Goutama* recites, —"having invited all kinsmen and the chief of the village also."—D. Mím. Sect. V. § 5.

'If the king be at a distance, (he should thus venerate) the chief of the village,—for a text recites. "having united all kinsmen, and the chief of the village also."—D. Ch. Sect. II. § 1.

(i) *Bráhmanas*.] The plurality, meant by this word, is restricted to three.—The venerating of *Bráhmanas* is with a view to their asking (the child in adoption.)—*Ibid*

(u) Kinsmen.] The kinsmen of the father and mother.* Relations—*Sapindas*.† The inviting of these is for the sake of witnessing.—*Ibid*. § 6.

* See *ante*. p. 255 † See *ante*, pp. 283, 285

৫৫৭ উক্ত প্রয়োগ সমুহের মধ্যে দান ও গ্রহণ নিতান্ত আবশ্যক।

যেহেতু তদুভয়ের এক ব্যতীতও দত্তকতা অসিদ্ধ।

৫৫৮ হোমপ্রভৃতি প্রধান পরিগ্রহ বিধির পালন সম্পূর্ণপুত্রতা সম্পাদনের নিমিত্তে নিতান্তই আবশ্যক*।

যেহেতু তাহা পালন বিনা পরিগৃহীতের সম্পূর্ণ পুত্রাধিকার হয় না।

অতএব দত্তকাদির পুত্রত্ব সংস্কার নিমিত্তই সিদ্ধ। দান প্রতিগ্রহ ও হোম এই তিনের একাভাবেই পুত্রতাভাব।—দ. মী. পৃ. ৭৭, ৭৮।

পুত্রগ্রহণ বিধি অপালনের ফলাফল বিশেষ করিয়া মনু কহিয়াছেন, যথা,—"যে বিহিত বিধি পালন না করিয়া পুত্র গ্রহণ করে, সে ঐ পুত্রকে বিবাহ বিধির ভাজন করিবে ধনাধিকারি করিবে না"॥ ইহার অর্থ এই যে—গ্রহণ বিধির পালন বিনা গৃহীত পুত্রের বিবাহ দিবে তাহাকে ধনাধিকারি করিবে না। কিন্তু বিধির অপালন হেতু তাহার পুত্রত্ব সম্পাদন না হওয়াতে সে স্থলে পত্নী প্রভৃতি ধনাধিকারি। —দ. মী. পৃ. ৭৮।

এতাবতা উক্ত বিধির পালন বিনা পরিগৃহীত বিবাহের উপযুক্ত মাত্র ধনভাগী, (বিষয়ের) অংশ ভাগী নয় ইহা বক্তব্য। দ. চ. পৃ. ১৩।

৫৫৯ রাজাকে নিবেদন ও বন্ধুগণের নিমন্ত্রণ প্রভৃতি উপায়ের অপালনে দত্তকতা অসিদ্ধ নয়, অসম্পূর্ণও নয়†।

'বন্ধুগণকে'—অর্থাৎ আত্ম পিতৃ মাতৃ বন্ধুদিগকে। 'জ্ঞাতিগণকে'।—অর্থাৎ সপিণ্ডদিগকে

৫৫৭ উক্ত প্রয়োগাণাং মধ্যে দানপ্রতিগ্রহৌ নিতান্তাবশ্যকৌ।

তয়োরেকতরম্বিনা দত্তকত্বাসিদ্ধেঃ।

৫৫৮ হোমপ্রভৃতি প্রধান পরিগ্রহবিধেঃ পরিপালনঞ্চ সম্পূর্ণপুত্রতাসম্পাদনার্থং নিতান্তাবশ্যকমেব*

তৎপালনম্বিনা পরিগৃহীতস্য সম্পূর্ণপুত্রাধিকারাভাবাৎ।

তস্মাৎ দত্তকাদিষু সংস্কার নিমিত্তমেব পুত্রত্বমিতি সিদ্ধং। দানপ্রতিগ্রহহোমাদানামন্যতমাভাবেতু পুত্রত্বাভাব এবেতি।—দ. মী. পৃ. ৭৭, ৭৮।

পরিগ্রহ বিধাভাবে বিশেষমাহ মনুঃ 'অবিধায় বিধানং যঃ পরিগৃহ্ণাতি পুত্রকং। বিবাহ বিধিভাজং তং কুর্য্যান্ন ধনভাজন"। পরিগ্রহবিধিং বিনা পরিগৃহীতস্য বিবাহমাত্রং কার্য্যং ন ধনদানমিত্যর্থঃ। কিন্তু তত্রপত্ন্যাদয় এব ধনভাজঃ। বিধিংবিনা তস্য পুত্রত্বানুৎপাদাৎ।—দ. মী. পৃ ৭৪।

এবমুক্ত বিধাভাবে পরিগৃহীতস্য তু বিবাহোচিত ধনমাত্রভাগিত্বং নত্বংশভাগিত্বমিতি বক্তব্যং। —দ. চ. পৃ. ১৩।

৫৫৯ পরন্তু—রাজনিবেদন বন্ধুগণামন্ত্রণাদ্যপায়স্যাপালনে ন দত্তকতায়া অসিদ্ধিঃ, নাপ্যসম্পূর্ণতা†।

'বন্ধূন্'—আত্ম পিতৃ মাতৃ বন্ধূন্। জ্ঞাতীন্—সপিণ্ডান্।—বান্ধবাদাত্মনাং দৃষ্টার্থং রাজ-

* বিহিত ক্রিয়া সম্পাদন বিনা কোন পুত্র গৃহীত হইলে তাহার পুত্রতা সম্বন্ধ সাব্যস্ত হইবে না। কিন্তু সে কেবল বিবাহোপযুক্ত বিষয় বা ধন পাইতে অধিকারী হইবে।—সদরল্যাণ্ডের সিনপ্‌সিস্‌, তৃতীয় হেড্।

† 'রাজ' পদ টীকাকারগণ কর্ত্তৃক নগরের বা গ্রামের প্রধান বলিয়া ব্যাখ্যাত হইয়াছে।—তাঁহারা এবিষয়ে এক মত থাকা বোধ হইতেছে যে রাজাকে নিবেদন ও বন্ধুগণকে আমন্ত্রণ যথাশাস্ত্র দত্তকতা সিদ্ধির নিমিত্তে নিতান্ত আবশ্যক নয়, কেবল তৎকার্য্যের অধিক প্রকাশ নিমিত্তে এবং দায়াধিকার বিষয়ে অভিযোগ নিবারণ ও সন্দেহ ভঞ্জন জন্যে অভিপ্রেত।—সদরল্যাণ্ডের সিনপ্‌সিস্‌, তৃতীয় হেড্।

এই নিয়ম সমস্তের অধিকাংশ সামান্য মাত্র, তাহা পালন করিতেই হইবে এমত নহে। রাজার নিকট নিবেদন না করিলেও হয়।—কোলব্রুকের বিবেচনা। দ্রষ্টব্য—এস্‌ট্রে, হি. ল. বা. ২, পৃ. ৯৪।

সর্ব্ববাদিসম্মত এই যে রাজাকে সম্বাদ দেওন ও বন্ধুগণকে নিমন্ত্রণ নিতান্তই আবশ্যক নহে—কেননা তাহা ধনভাগী হইতে অধিকার বিষয়ে সন্দেহ দূরীকরণ নিমিত্তে মাত্র উক্ত কার্য্যকে অধিক প্রকাশ করণার্থে অভিপ্রেত হইয়াছে।—এস্‌ট্রে, হি. ল. ব. ১, পৃ. ৮৩।

557. Of the abovementioned ceremonies, the gift and acceptance are essentially necessary. Vyavasthá.

As in the absence of both of them the adoption is totally void. Reason.

558. The performance of the *homa* and the other principal rites is also essential to the completion of an adoption.* Vyavasthá.

Since without the performance thereof the adopted is not vested with the full rights of Reason.

I. It is therefore established, that the filial relation of adopted sons is occasioned only by the (proper) ceremonies. Of gift, acceptance, a burnt sacrifice, and so forth, should any be wanting, the filial relation even fails.—D. Mím. Sect. V. § 56. Authority.

II. *Manu* propounds a special rule, should the due form for adoption not be observed: "He who adopts a son, without observing the rules ordained, should make him a participator of the rights of marriage: not a sharer of the wealth." The meaning is; the marriage only, of one adopted without the form for adoption, is to be performed; no wealth is to be bestowed on him: on the contrary, in such case, the wife and the rest even succeed to the estate: for, without the observance of form, his filial relation is not produced.—D. Mím. Sect. V. § 45, 46. ,,

III. In case no form, as propounded, should be observed, it will be declared that the adopted son is entitled to assets, sufficient for his marriage.—D. Ch. Sect. II. § 17. ,,

559. The non-observance, however, of any of the unessential ceremonies,—such as representation to the king, invitation of friends or kinsmen, and so forth,—does not render the adoption invalid, nor even incomplete.† Vyavasthá

I. 'Kinsmen,' *(bandhún)*—his own and his father's and mother's kinsmen. Relations, *(jnyátín)*—*Sapindas*. The invitation of kinsmen and the others is for the sake of their witnessing; in the Authority.

* Should a son be adopted without the observance of prescribed form, his filial relation would not be established, but he would be entitled to assets sufficient to defray the expense of his marriage.—Sutherland's Synopsis, Head Third.

† The expression '*Rájá*' has been explained by commentators to signify the chief of the town or village. They seem however agreed, that the notice enjoined and the invitation of kinsmen are no legal essentials to the validity of the adoption, being merely intended to give greater publicity to the act, and to obviate litigation and doubt regarding the right of succession.—Sutherland's Synopsis, Head Third.

Most of these rules are general: they are not all imperative. The notice to the king may be dispensed with.—Colebrooke's remark. See Str. H. L. vol. II. p. 64.

As to notice to the *Rájá* and invitation to kinsmen, they are agreed not to be absolutely necessary, being merely intended to give greater notoriety to the thing, so as to obviate doubt regarding the right of succession.—Str. H. L. vol. I. p. 83.

বান্ধবাদিকে আহ্বান রাজকে আহ্বান বৎ দৃষ্টির নিমিত্তে, তাঁহারা একত্রিত হইয়া আত্মীয়তা হেতু পরিগৃহীত ব্যক্তিকে জানিবেন এই তাৎপর্য্য।

'পুত্র প্রতিগ্রহণেচ্ছু বন্ধুগণকে আহ্বান করিয়া' ইত্যাদি—ইহা এই সূচনার্থ কথিত হইয়াছে যে স্বীয় বন্ধুগণের জ্ঞাত পুত্র দায়াধিকারী হইবে ও শ্রাদ্ধাদি করিবে, বন্ধুরা তাহাকে নিবারণ করিবে না। রাজাকে নিবেদনেরও এই তাৎপর্য্য। বিবাদভঙ্গার্ণব।

রাজাকে নিবেদন ও বন্ধুগণের সমাগমন ভ্রাতাদির সন্তোষ নিমিত্তে ও নাম জাত্যাদি জ্ঞান রূপ দৃষ্টার্থ নিমিত্তে আবশ্যক, এতাবতা তদঙ্গ বিনাও কোন২ স্থলে পুত্রত্ব সিদ্ধ।—বিবাদভঙ্গার্ণব।

জ্ঞানবৎ, বধুস্তি জানন্ত্বাত্মীয়তয়া পরিগৃহীতনরমিত্যর্থঃ।—দ. মী. ৬৭।

'পুত্রং প্রতিগ্রহীষ্যন্ বন্ধূনাহূয়' ইত্যাদি—এতেন স্ববন্ধুভির্জ্ঞাত পুত্রো দায়ং গ্রহীষ্যতি, শ্রাদ্ধাদিকঞ্চ করিষ্যতি, বন্ধবস্তং ন নিবারয়িষ্যন্তীতি সূচনার্থং। রাজনি নিবেদনঞ্চাপ্যেতদর্থকমেব। বিবাদভঙ্গার্ণবঃ।

রাজনি নিবেদনবন্ধুসন্নিধানয়োস্তু ভ্রাত্রাদিনিষ্পত্ত্যহকারণং নাম জাত্যাদিজ্ঞানরূপ দৃষ্টার্থকত্বেনাবশ্যকমতদঙ্গং তদ্বিনাপি ক্বচিত্ পুত্রত্বসিদ্ধিঃ। বিবাদভঙ্গার্ণবঃ।

জগন্নাথ তর্কপঞ্চানন কহেন—"ব্যাহৃতি হোমশ্চাত্রাঙ্গং, তদসিদ্ধাবপি পুত্রত্বসিদ্ধিঃ, অঙ্গাসিদ্ধৌ প্রধানস্যাসিদ্ধেঃ কেনাপ্যঙ্গীকারাৎ। এবমসামর্থ্যে ক্বচিদ্ধোমাঙ্গাভাবেঽপি দ্রষ্টব্যং বিবাহাদিবদিতি'।—'পুত্রত্বেন ভবতে অহং দদামি' ইত্যভিসন্ধানে 'পুত্রত্বেনাহং গৃহ্ণামি' ইত্যভিসন্ধানেচ পুত্র এবেতি ন তত্রান্যাপেক্ষা'।—ব্যাহৃতি হোমাভাবে পুত্রত্বাভাবস্য কেনাপ্যপ্রতিপাদনাৎ ব্যাহৃতি হোমং বিনাপি দানপ্রতিগ্রহাভ্যাং পুত্রত্বসিদ্ধির্নিষ্পত্ত্যৈব'। অস্যার্থঃ—এস্থলে ব্যাহৃতি হোম-ও এক (অপ্রধান) অঙ্গ, তাহা অসিদ্ধ হইলেও দত্তকতা সিদ্ধ,—যেহেতু কেহই স্বীকার করেন নাই যে অঙ্গ অসিদ্ধ হইলে প্রধান কার্য্য-ও অসিদ্ধ হইবে। এইরূপ কোন২ স্থলে অসামর্থ্য হেতু হোমাঙ্গের আংশিকাভাবে-ও পুত্রত্ব সিদ্ধ, যথা বিবাহাদিতে'।—"ইহাকে 'পুত্ররূপে তোমাকে আমি দিতেছি' এই অভিসন্ধানে এবং 'পুত্ররূপে গ্রহণ আমি করিতেছি' এই অভিসন্ধানে পুত্র হয়, অন্য প্রয়োগের অপেক্ষা নাই"।—'ব্যাহৃতি হোম না হইলে পুত্রত্ব হয় না ইহা কোন গ্রন্থকর্ত্তাকর্ত্তৃক উক্ত না হওয়াতে ব্যাহৃতি হোম বিনাও দান প্রতিগ্রহ দ্বারা পুত্র সিদ্ধত্ব ইহা নির্ব্বিবাদে সাব্যস্ত'। বিবাদভঙ্গার্ণব দত্তক প্রকরণ।

কোলব্রুক্ সাহেব কহেন—'হোমক্রিয়া বিহিত হইয়াছে বটে; পরন্তু তাহা কৃত না হওনের কোন প্রমাণ না থাকিলে তাহা সম্পন্নই হইয়াছে এমত অনুভব করা যাইতে পারে'। অনন্তর তিনি জগন্নাথের বক্ষ্যমাণ উক্তিতে অবলম্বন করিয়াছেন, তদ্যথা,—'ভ্রমক্রমে কোন ক্রিয়া সম্পন্ন না হইলে তাহাতে দত্তকতা অসিদ্ধ হয় না'। এবঞ্চ উক্ত পণ্ডিতবর সাহেব সর্ টামস্ এস্‌ট্রেঞ্জ সাহেবকে লিখিত লিখন সম্বলিত যে নিজ মত লিখিয়া পাঠান তন্মধ্যে লিখিয়াছেন যে,—'গ্রহীতার মনস্থ করিয়া কিছু মাত্র ক্রিয়া না করাতে দত্তক অসিদ্ধ হইলেও, বিনামনস্থে কিয়দংশ বর্জ্জিত হইলে তাহাতে দত্তকতা প্রায় অসিদ্ধ হয় না;—কেননা চূড়াকরণ প্রভৃতি সংস্কার গ্রহীতার কুলে হওয়া দত্তকতা সম্পূর্ণতার নিমিত্তে নিতান্ত আবশ্যক'। দ্রষ্টব্য—এস্‌ট্রে. হি. ল. বা. ২, পৃ. ১০৬, ১৩০।

সর্ টামস্ এস্‌ট্রেঞ্জ সাহেব (মনু ও জগন্নাথের, এবং কোলব্রুক্, সদরলাণ্ড, আর এলিস্ সাহেবের উক্তি প্রমাণে) লিখিয়াছেন,—'কোন প্রকাশ্য কার্য্যের দ্বারা দান ও প্রতিগ্রহকে প্রকাশমান করিতে হইবে। ব্যবহার শাস্ত্রানুসারে বলিতে হইলে তদতিরেকে আর কিছুই নিতান্ত আবশ্যক নয়,—হোমক্রিয়া ধর্ম্মতঃ আবশ্যক বিবেচিত হইলেও তাহা কেবল ব্রাহ্মণের পক্ষে তদ্রূপ; বচন ও টীকাচয় দ্বারা ব্রাহ্মণ ও আর২ জাতির মধ্যে চিরকাল যে বিশেষ করা হইয়া আসিয়াছে (তাহাতে) ব্রাহ্মণ কর্ত্তৃকই কেবল দত্ত-হোম পবিত্র বেদমন্ত্রদ্বারা যথোপযুক্তরূপে সম্পন্ন হইতে পারে। অন্য জাতীয়েরা বিশেষতঃ

same manner as the invitation of the king: for, both terms are confirmatory of this, in the sense,—"they unite with (*badhnanti*") and "know (*Jánánti*,") as their own, the adopted person.—D. Mím. Sect. V. § 9.

II. "He who means to adopt a son, must assemble his kinsmen," &c.—This is intended to show that a son known by kinsmen (to have been adopted,) shall take the inheritance, and perform the *Sráddha* and the like; and they shall not molest him. The notice given to the king is intended for the same purpose.—Coleb. Dig. vol. III. p. 244.

III. Notice to the king and convocation of kinsmen are necessary for a seen (or secular purpose,) namely, that the adopter's brothers and the rest may know the name and class (of the child,) and so forth, after thoroughly investigating (all circumstances.) For this reason (the purpose not being indispensable,) affiliation is in some instances valid, even without this *unessential* part (of the ceremony.)—Coleb. Dig. vol. III. 248.

Remarks

Jagannátha says "The oblation to fire with holy words from the *Veda* is *an unessential* part of the ceremony; even though it be defective, the adoption is nevertheless valid, for no one admits that the principal object is unattained if an unessential part be defective."—"In like manner, should the oblation to fire be partly omitted in consequence of inability (to complete it,) the adoption is sometimes good in law, as marriage and the like are valid in similar circumstances."—If the declared intention be expressed in these words, 'I give him to you as a son,' and if the acceptor's intention be thus expressed, 'I take him as a son,' he becomes a son: nothing else is required."—"Since no one has declared that filiation is null, if the oblation to fire with holy words from the *Veda* be omitted, the validity of adoption, by gift and acceptance only, without such an oblation, is fully proved by reasoning."—See. Coleb. Dig. vol. III. pp. 244—248.

Mr. Colebrooke remarks:—"As to oblation to fire, the ceremony is prescribed; but the fact of its celebration may be presumed if there be no proof to the contrary." Then he relies upon the following dictum of *Jagannátha*:—"The inadvertent omission of a ceremony would not invalidate the adoption." Again, amongst his remarks accompanying his letter to Sir Thomas Strange, the learned gentleman observes that "the unintentional omission of some part of them by the adopter would hardly invalidate adoption, though the wilful omission of the whole by him might have that effect: since the performance of the ceremony of tonsure or other rights in the family of the adopter is indispensable to the completion of the adoption."—See Str. H. L. vol. II. pp. 106, 130

Sir, Thomas Strange, on the authority of *Manu*, *Jagannátha*, Colebrooke, Sutherland, and Ellis, observes: "There must be *gift* and *acceptance*, manifested by some overt act. Beyond this, legally speaking, it does not appear that any thing is absolutely necessary. And even with regard to the sacrifice of fire, important as it may be deemed, in a spiritual point of view, it is so with regard to a *Bráhmana* only; according to the constant distinction, in the texts and glosses, upon matters of ritual observance, between *Bráhmanas* and other classes; it being

শূদ্রেরা দত্তক গ্রহণে এবং তদ্রূপ আরং কর্ম্মেও পুরাণমন্ত্রদ্বারা হোমের অনুরূপ করে মাত্র। এবঞ্চ ব্রাহ্মণের পক্ষেও যদি হোমদ্বারা পারলৌকিক উপকার মানাও যায় তথাপি ব্যবহারে তাহা ঐ (দত্তক গ্রহণ) ক্রিয়া সিদ্ধির নিমিত্তে নিতান্ত আবশ্যক নয়, প্রত্যুত তদ্বিপরীতই অনুভবনীয়; এবং সিদ্ধান্ত এই যে—আবশ্যক ব্যক্তিদের সম্মতি, গ্রহীতার তখন অপুত্রক হওয়া, গ্রহীতব্য বালকের শাস্ত্রানুমত বয়ঃক্রমের অসূর্দ্ধ বয়স্ক হওয়া, ও সে দাতার একমাত্র বা জ্যেষ্ঠ পুত্র না হওয়া—এই কএকের উপর দত্তকতার সিদ্ধি নির্ভর করে, বিহিতক্রিয়া সকল নিতান্ত আবশ্যক নয়'।—এসট্রে. হি. ল. বা. ১, পৃ. ৮৩, ৮৪।

জগন্নাথের উক্তির প্রথমাংশ (অর্থাৎ—হোম দত্তক গ্রহণক্রিয়ার উপাঙ্গ বই প্রধান নয়) ভ্রমময় বোধ হইতেছে, কেননা যখন দত্তকমীমাংসাদি মহাপ্রামাণিক গ্রন্থে দৃঢ় রূপে উক্ত হইয়াছে যে হোম প্রভৃতি ক্রিয়াসম্পাদন বিনা গৃহীত দত্তকের পুত্রতা হয় না, ও সে বালক ধনাধিকারী হয় না, তখন শুদ্ধ জগন্নাথের কথায় তাহা অপ্রধান অঙ্গ হইতে পারে না, এবং তাহা বিনাও পুত্রত্ব সম্পূর্ণ হইতে পারে না। জগন্নাথের অপর উক্তি (অর্থাৎ 'অসামর্থ্য প্রযুক্ত হোমের কিয়দংশ সম্পন্ন না হইলেও কখনো দত্তকতা সিদ্ধ হয়) সর্ব্বাঙ্গ শুদ্ধ বোধ হইতেছে না, কেননা হোম কয়েকের মধ্যে কেবল সাট্যায়ন-হোম (যাহা অতিরিক্ত মাত্র) না করিলেও চলে, তদ্ভিন্ন অন্য কোন হোম (যাহা দত্তক গ্রহণে অত্যাবশ্যক) সম্পূর্ণ রূপে বা কিয়দংশে না করিলে দত্তকতা সম্পূর্ণ হয় না। তাঁহার শেষোল্লিখিত মতবিষয়ে (অর্থাৎ 'আমি ইহাকে পুত্ররূপে তোমাকে দান করিলাম, আমি ইহাকে পুত্ররূপে গ্রহণ করিলাম' এই অভিসন্ধিতেই পুত্রত্ব হয়, আর কিছুর আবশ্যকতা নাই, যেহেতু হোম না হইলে পুত্রত্ব হইবে না ইহা কেহই বলেন নাই') বক্তব্য এই যে দত্তক বিষয়ে অত্যন্ত প্রামাণিক এবং সকল গ্রন্থ অপেক্ষা করিয়া ব্যবহারে প্রচলিত দত্তকমীমাংসাতে সিদ্ধান্তরূপে স্পষ্ট লিখিত ও দত্তকচন্দ্রিকাতে ইঙ্গিত হইয়াছে যে দান প্রতিগ্রহ ও হোমাদির কোন একের অভাবে পুত্রত্বাভাব ও ধনাধিকারাভাব হয়, এতাবতা—'হোম না হইলে পুত্রত্ব হইবে না ইহা কেহই কহেন নাই'—বলা নিতান্ত অসঙ্গত। অপিচ, দত্তক-গ্রহণ এই নিয়মে কর্ত্তব্য কথিত হইয়াছে যে গ্রহীতার কুলে দত্তক পুনর্জ্জন্ম প্রাপ্ত হইবে, এই পুনর্জ্জন্ম বিহিত সংস্কার করণেই কেবল হয়। তাহা উক্ত পণ্ডিতবরের বক্ষ্যমাণ উক্তিতেই প্রকাশ, যথা—"বীজশোণিতসম্বন্ধাজ্জন্ম একং, যেন কেন বা কৃতেন সংস্কারেণ চ জন্মান্তরং, একেন পুত্রমুৎপাদ্য যদান্যস্মৈ দদাতি সচ সংস্কারেণ পুনর্জ্জনয়তি, তদা দাতুঃ সম্বন্ধবিনাশে গ্রহীতুরেব সম্বন্ধো ভবতি, অনন্তরং ভ্রান্ত্যা গোত্রব্যতিক্রমেঽপি জন্মাসিদ্ধিরিতি"। অস্যার্থঃ—শুক্রশোণিত মূলক জন্ম এক, ও যেকেহকর্ত্তৃক কৃত সংস্কারমূলক জন্মান্তর, এক ব্যক্তি পুত্র উৎপন্ন করিয়া অন্যকে দান করিলে সে সংস্কারদ্বারা পুনর্জ্জন্ম প্রাপ্ত হয়। তখন দাতার সম্বন্ধবিনাশে গ্রহীতারই সম্বন্ধ হয়। অনন্তর ভ্রান্তিতে আদিকুলে ফিরিয়া আইলেও ঐ জন্ম অসিদ্ধ হয় না। অপিচ, যদি কেবল দান ও গ্রহণ গ্রহীতার সহিত গৃহীতের পুত্রত্ব সম্বন্ধ সাব্যস্ত করণ নিমিত্তে যথেষ্ট হইত তবে গৃহীতৃকর্ত্তৃক গ্রহীতের সংস্কার না হইলে সে দাস হইত না (দ্রষ্টব্য পৃ. ৯৭৭)। এতাবতা কেবল দানে ও গ্রহণে দত্তকতা সম্পূর্ণও সিদ্ধ নহে, কিন্তু যথাশাস্ত্র দান ও গ্রহণান্তে বিহিত ক্রিয়াচয় করণে সিদ্ধ হয়, তন্মধ্যে কোন এক ক্রিয়া বর্জ্জিত হইলে পুত্রত্ব সম্বন্ধেরও অভাব হয় যথা দত্তকমীমাংসাকারকর্ত্তৃক যথার্থরূপেই সিদ্ধান্ত করা হইয়াছে। অতএব—দানও প্রতিগ্রহ বই দত্তকতা সিদ্ধির নিমিত্তে আর কিছুর অপেক্ষা নাই—জগন্নাথের এই উক্তি নিতান্ত ভ্রমময়, তাহা উক্ত মহাপ্রামাণিক গ্রন্থদ্বয়ের মত বিরুদ্ধে কখনই প্রামাণিক হইতে পারে না, ব্যবহারেও মান্য যাইতে পারে না।

কোলব্রুক্ সাহেবের মত প্রধানতঃ জগন্নাথের উক্তিমূলক হওয়াতে যাহা উপরি উক্ত হইল তাহা তদুত্তরেও প্রযুজ্য। উক্ত রূপ মত লিখনকালে বোধ হয় দত্তকমীমাংসার ও দত্তকচন্দ্রিকার লিখিত কথা কোলব্রুক্ সাহেবের মনে উদয় হয় নাই, নতুবা তাদৃশ পণ্ডিতবর ঐ অত্যন্ত প্রামাণিক গ্রন্থদ্বয়ের মত অপেক্ষা করিয়া কখনই জগন্নাথের কথাবলম্বী হইতেন না।

by the former only that the *datta-homa*, with holy texts from the *Veda*, can properly be performed. The other classes, and particularly the *Shúdra*, upon this, and other like occasions, perform an imitation of it, with texts from the *Puránas*. And, even with regard to the *Bráhmanas*, admitting their conception in favor of its spiritual benefit, it by no means follows that it is essential to the efficacy of the rite, for civil purposes; but the contrary is to be inferred; and the conclusion is, that its validity, for these, consists generally in the consent of the necessary parties, the adopter having at the time no male issue, and the child to be received being within the legal age, and not being either an only, or the eldest, son of the giver; the prescribed ceremonies not being essential.—Str. H. L. vol. I. pp. 83, 84.

The first part of *Jagannátha's* remarks, namely,—that the oblation to fire (*homa*) is an unessential part of the ceremony of adoption—appears to be inaccurate; for when it is explicitly laid down in the *Dattaka-Mimansá* and other works of paramount authority, that the filial relation of a boy adopted without the observance of the *homa* and other rites fails to accrue, and the boy so adopted does not inherit the adopter's property, then the *homa* and other necessary rites cannot, upon the mere saying of *Jagannátha*, be unessential parts of an adoption, neither can the adoption be complete without the observance of the same: (See *ante*, pp. 992, 994.) His other remark,—namely, should the oblation to fire be partly omitted, in consequence of inability, the adoption is sometimes good in law,—seems not to be correct in every respect, inasmuch as of the several *homas*, only the *Sátyáyana* (which is a supplementary one) can be dispensed with: save and except that, no other *homa*, necessary in adoption, can be wholly or partly omitted without leaving the adoption incomplete. And as to his remark last quoted,—namely, if the intention of giving and receiving be expressed in the terms: 'I give him to you as a son,' 'I take him as a son,' he becomes a son, nothing else is required: since no one has declared that filiation is null if the oblation to fire be omitted,—it is to be observed that it has been conclusively laid down in the *Dattaka-Mimánsá* and intimated in the *Dattaka-Chandriká*, which are paramount authorities on the subject of adoption, and are followed in practice in preference to all others, that—of gift, acceptance, burnt sacrifice (*homa,*) and so forth, should any be wanting, the filial relation and even the heritable right fail. Consequently, the assertion that—no one has declared that filiation is null if the oblation to fire be omitted—is contrary to fact. Besides, adoption is permitted on the principle that the adopted son is born again in the family of his adopting father, and this regeneration can only take place by the performance of the religious rites ordained: thus much is manifest from the following dictum of his own: 'Birth caused by male seed and uterine blood is one ground of filiation; the second birth, by investiture or other ceremonies, is equally a ground of filiation, by whomsoever performed. When he who has procreated a son gives him to another, and that child is born again by the rites of initiation, then his relation to the giver ceases, and a relation to the adopter commences: this birth cannot afterwards become null by his erroneously reverting to his original family:" (See Coleb. Dig. vol. II. pp. 149, 150.)—Further, had the mere gift and acceptance been sufficient to establish the relation of the adopted as son to the adopter, then the non-performance of his initiatory ceremonies by the adopter would not have rendered him a slave. An adoption, therefore, is complete and valid not merely by gift and acceptance, but by the performance of the necessary rites, preceded by a legal gift and acceptance: should any of them be wanting, the filial relation must also be wanting, as has been justly concluded in the *Dattaka-Mimánsá*. Thus *Jagannátha's* dictum that, save and except gift and acceptance, nothing else is required (for the validity of an adoption.) is quite erroneous, and as such cannot be followed in opposition the doctrine laid down in those two works, which are of paramount authority in adoption.

The above is also applicable to Mr. Colebrooke's remarks, which are founded principally upon those of *Jagannátha*. It would seem that, at the time of writing them, the passages contained in the *Dattaka-Mimánsá* and *Dattaka-Chandriká* did not occur to the mind of Mr. Colebrooke, as otherwise he would not have followed *Jagannátha* in preference to those paramount authorities.

অতঃপর সর্ টামস্ এস্‌ট্রেঞ্জ সাহেব যাহা লিখিয়াছেন তাহার দোষগুণ বিবেচনা অনাবশ্যক, তন্মধ্যে কেবল এক কথা বিবেচনার যোগ্য, তাহা এই যে—তিনি কহেন "পবিত্র বেদমন্ত্রে দত্ত-হোম কেবল ব্রাহ্মণ-কর্ত্তৃকই সম্পন্ন হইতে পারে, অন্য জাতীয়েরা, বিশেষতঃ শূদ্রেরা, আর২ ধর্ম্মকর্ম্মের ন্যায়, এই কর্ম্মেতে পুরাণমন্ত্রদ্বারা ঐ হোমের অনুরূপ করে"। পরন্তু যদিও ব্রাহ্মণ ভিন্ন অন্য ব্যক্তি স্বয়ং বেদমন্ত্র পাঠ করিতে ও তদ্দ্বারা ক্রিয়া করিতে প্রতিষিদ্ধ, তথাপি ঐ সকল জাতীয় ব্যক্তিরা নিজ নিজ নিমিত্তে তৎক্রিয়া করিতে ব্রাহ্মণ নিযুক্ত করিতে পারে, এবং যথার্থতঃ করিয়াও থাকে। অপিচ এতদ্দেশে প্রচলিত ধর্ম্মশাস্ত্রানুসারে ব্রাহ্মণের ন্যায় আর২ জাতীয় ব্যক্তিদের-ও হোম করা আবশ্যক হওয়াতে এদেশে কোন গুরুতর ধর্ম্ম কর্ম্ম সম্পূর্ণ রূপ সম্পন্নের নিমিত্তে শূদ্রদের পক্ষেও ব্রাহ্মণদ্বারা হোম করান বিহিত হইয়াছে, তাহা বক্ষ্যমাণ প্রমাণে প্রকাশ। "বশিষ্ঠঃ—'ন স্ত্রী পুত্রং দদ্যাৎ প্রতিগৃহ্ণীয়াদ্বা অন্যত্রানুজ্ঞানাদ্ভর্ত্তুঃ। পুত্রং প্রতিগ্রহীষ্যন্ বন্ধূনাহূয় রাজনি নিবেদ্য নিবেশনস্য মধ্যে ব্যাহৃতিভির্হুত্বা প্রতিগৃহ্ণীয়াৎ'। অত্র স্ত্রিয়াঃ পত্যনুমত্যা দানগ্রহণশ্রুতেঃ প্রতিগ্রহে হুত্বেতি শ্রবণাৎ ব্রতাদি প্রতিষ্ঠাবৎ ব্রাহ্মণদ্বারা হোমেনাবিরুদ্ধং জ্ঞেয়ং, এবং শূদ্রাণামপীতি'—দত্তক নির্ণয়ঃ। শূদ্রাণামপীতি কথনাৎ ক্ষত্রিয়বৈশ্যানাং ব্রাহ্মণদ্বারা হোম করণাধিকারো দণ্ডাপূপন্যায়েন সিদ্ধ এব। অস্যার্থঃ "বশিষ্ঠ কহিয়াছেন—'ভর্ত্তার অনুজ্ঞাব্যতিরিক্ত স্ত্রী পুত্র দান করিবে না প্রতিগ্রহ-ও করিবে না। পুত্র প্রতিগ্রহকরণেচ্ছু ব্যক্তি বন্ধুগণকে আহ্বান ও রাজাকে নিবেদন করিয়া নিবেশনমধ্যে ব্যাহৃতি হোম করণপূর্ব্বক গ্রহণ করিবে'। এস্থলে পতির অনুমতি ক্রমে পত্নীকর্ত্তৃক দান ও গ্রহণ হওয়া শ্রুত হওয়াতেও 'প্রতিগ্রহে হোম করিবে' ইহা শ্রুত হওয়াতে ব্রতাদি প্রতিষ্ঠাবৎ ব্রাহ্মণদ্বারা হোম করাইলে অবিরুদ্ধ হয়, ইহা জ্ঞাতব্য। শূদ্রদের-ও এইরূপ"—দত্তক নির্ণয়। 'শূদ্রদের-ও এইরূপ' ইহা বলাতে দণ্ডাপূপন্যায়ে ক্ষত্রিয় ও বৈশ্যদের-ও ব্রাহ্মণদ্বারা হোম করণের অধিকার সিদ্ধঃ।

দেবলবচনানুসারে দত্তকনির্ণয়কর্ত্তার মতে—ভ্রাতৃপুত্র ও দৌহিত্রকে গ্রহণে হোমাদির আবশ্যকতা নাই, তদ্যথা—'দৌহিত্র ও ভ্রাতৃপুত্রকে গ্রহণে হোমাদি নিয়ম নয়, তাহা বাগ্দানেই সিদ্ধ, ইহা ভগবান্ যম কহিয়াছেন'। দ্বৈপায়ন সরস্বতীবিলাস ধৃত দেবল বচন।

দেবলবচনানুসারেণ দত্তক নির্ণয়কৃন্মতে ভ্রাতৃপুত্রস্য দৌহিত্রস্য চ গ্রহণে হোমাদিকরণমনাবশ্যকমেব। তদ্যথা,—'দৌহিত্রে ভ্রাতৃপুত্রে চ হোমাদি নিয়মো নহি। বাগ্দানাদেব সিদ্ধিঃ স্যাদিত্যাহ ভগবান্ যম' ইতি দ্বৈপায়ন সরস্বতীবিলাসধৃত-দেবলবচনং।

প্রাগুক্ত প্রয়োগাতিরেকে বক্ষ্যমাণ ক্রিয়াকলাপ-ও গ্রহীতার করণীয়—

প্রাগুক্ত প্রয়োগাতিরেকো বক্ষ্যমাণ ক্রিয়াকলাপোঽপি গ্রহীত্রা করণীয়ঃ—

ব্যবস্থা। ৫৬০ যদি তৎ পূর্ব্বে করণীয় সংস্কার সমস্ত জনককর্ত্তৃক কৃত না হইয়া থাকে তবে বীজ ও গর্ভ দোষ পরিহার নিমিত্তে সংস্কারের ক্রমানুরোধেও ঐ সমস্ত প্রতিগ্রহীতার কর্ত্তব্য।—দ. চ. পৃ. ১৩।

৫৬০ যদি চ তৎ পূর্ব্বভাবিনোঽপি সংস্কারাঃ জনকেন ন কৃতাস্তদা বীজগর্ভদোষনাশাবশ্যকত্বেন ক্রমানুরোধেন চ প্রতিগ্রহীত্রৈব তে সমাধেয়াঃ।—দ. চ. পৃ. ১৩।

৫৬১ যে বালকের চূড়াকরণ হইয়াছে তাহাকে গ্রহণ করিলে ব্রাহ্মণাদি স্থলে তাহার পুত্রেষ্টি যাগপূর্ব্বক উপনয়নাদিদ্বারা ও সে শূদ্র হইলে বিবাহদ্বারা পুত্রত্ব সম্পাদন করিতে হইবে।

৫৬১ কৃতচূড়স্য গ্রহণে ব্রাহ্মণাদীনাং পুত্রেষ্টিপূর্ব্বকং উপনয়নাদিভিঃ শূদ্রস্য বিবাহেন পুত্রত্বং সম্পাদ্যং।

" ৫৬২ যাহার বয়ঃক্রম পঞ্চবর্ষ অতীত হইয়াছে ও চূড়াকরণ হয় নাই তাহাকে গ্রহণ করিতে হইলে পুত্রেষ্টিপূর্ব্বক যথা সম্ভব চূড়াকরণ প্রভৃতি সংস্কারদ্বারা পুত্রত্ব সম্পূর্ণ করিতে হইবে।

৫৬২ অকৃতচূড়াতীতপঞ্চবর্ষস্য গ্রহণে যথাসম্ভব পুত্রেষ্টি পূর্ব্বকং চূড়াপ্রভৃতি সংস্কারৈঃ তৎপুত্রত্বং সম্পাদ্যং।

After this, it is unnecessary to criticise the remarks of Sir Thomas Strange. The only one to be taken notice of is, that he says 'the *Datta-homa* with the holy texts of the *Veda* can only be performed by the *Bráhmanas*: the other classes, particularly the *Shúdras*, upon this, like other occasions, perform an imitation of it from the *Puránas*.' But although no other class than that of *Bráhmanas* are allowed *personally* to repeat the holy words from the *Veda*, and perform the rites thereby to be performed, yet all those classes can, and do actually, employ *Bráhmanas* to officiate for them in the performance of such rites. Moreover, according to the *Dharma-shástra*, as current in this country, it being necessary for the inferior classes also to perform the *homa* like the *Bráhmanas*, even the *Shúdras* are, for completion of the religious ceremonies of great consequence, directed to have the *homa* performed by *Bráhmanas*, as is evident from the following passage of the *Dattaka-nirnaya*: "*Vashishtha*—'Nor let a woman give or accept a son, unless with the assent of her lord. A person being about to adopt a son, should receive him having convened (his) kinsmen, announced (his) intention) to the king, and having offered a burnt offering with recitation of prayers (denominated) *Vyárhiti* in the middle of his dwelling.'—Here it being intimated that a woman may give or accept (a son,) and that *homa* should be performed in the adoption of a son, let it be known that there is no impropriety in her performing the *homa* through *Bráhmanas*, just as (she does) when completing a voluntary religious ceremony (*vratra,)* and so forth;—a *Shúdra* also should act in like manner." By the assertion 'a *Shúdra* also should act in like manner,' the *Kshatriyas* and *Voishyas* are *a fortiori* entitled to perform the *homa* through *Bráhmanas*.

The author of the *Dattaka-nirnaya*, in accordance with the following text of *Devala*, is of opinion that there is no necessity for *homa* and so forth in the adoption for a daughter's son or a brother's son: "*Homa*, &c. are not ordained in the (adoption of a) daughter's son, and brother's son: the same being valid by the verbal gift alone: this is said by the glorious *Yama*." A text of *Devala* cited in the *Dwoipáyana Saraswati-viláśa*.

The following rites and ceremonies are also to be performed by the adopter besides those already mentioned:—

560. If, however, the initiatory rites, which should have taken place previously, have not been performed, by the natural father, they are, in that case, to be completed, by the adopter even, on account of the indispensable necessity of removing the taint of the seed and womb, and for the sake of preserving the order, prescribed for the performance of the rites in question.—D. Ch. Sect. II. §22. Vyavasthá.

561. If a boy whose tonsure has been already performed be received in adoption, his filiation must be completed by the performance of the *Upanayana*, &c. preceded by the *puttreshti* (sacrifice for male issue,) in case of his belonging to one of the three superior classes, and by the performance of the ceremony of marriage, in case of his being a *Shúdra*.

562. Should a boy who is above five years of age, and whose tonsure has not as yet been performed, be received in adoption, his filiation must be completed, as the case may be, by the performance of *tonsure*, &c. preceded by *puttreshti*.

প্রমাণ

৵৹ জনকগোত্রে চূড়াকরণপর্য্যন্ত সংস্কার প্রাপ্ত বালকের পুত্রত্ব নিষিদ্ধ হওয়াতে প্রতিগ্রহীতা পুনশ্চূড়াদি সংস্কার করিলে ঐ সম্বন্ধ অনিষিদ্ধ হয়। অনন্তর, কৃতচূড় এবং অতীতপঞ্চবর্ষবয়স্ক বালকের গ্রহীতাকর্ত্তৃক চূড়াদি কৃত না হইয়া থাকিলে সে দাস হওয়ার আশঙ্কা থাকাতে তাহার চূড়াদি (অ) করিলে পুত্রত্ব লাভ হয়।—দ. চ. পৃ. ১৬।

জনকগোত্রেণ কৃতচূড়ান্তসংস্কারস্য পুত্রত্বং নিষিদ্ধং প্রতিগ্রহীত্রা পুনশ্চূড়াদিকরণে তৎপ্রভৃতিপ্রসূতং। ততশ্চ কৃতসংস্কারস্যাতীতপঞ্চবর্ষস্য চ গ্রহীত্রা চূড়াদিকরণাৎ পূর্ব্বং দাসত্বাক্ষেপাৎ চূড়াদি (অ) করণানন্তরং পুত্রত্বং লব্ধং।—দ. চ. পৃ. ১৬।

৶৹ 'পুত্রেষ্টি'—ইহাতে ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্যের মাত্র অধিকার থাকাতে তাহারা পুত্রেষ্টি পূর্ব্বক চূড়াদি দ্বারা পুত্রত্ব সম্পাদন করিবে, শূদ্রের তখনো বিবাহ সংস্কার দ্বারা পুত্রত্ব হইবে।

পুত্রেষ্টিমিতি—বর্ণত্রয়স্যৈবাধিকারাৎ তেন পুত্রেষ্টি পূর্ব্বক চূড়াদিভিঃ পুত্রত্বং সম্পাদ্যং। শূদ্রেণ তু তদাপি সংস্কারমাত্রাদেবেতি।—দ. চ. ১৬।

(অ) চূড়াদি পদ—অতদ্গুণ সম্বিজ্ঞান বহুব্রীহি সমাস হওয়াতে ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য জাতির উপনয়ন ও শূদ্রের বিবাহ পাওয়া যাইতেছে।

(অ) 'চূড়াদি'—ইত্যতদ্গুণ সম্বিজ্ঞান বহুব্রীহিনা দ্বিজাতীনামুপনয়নলাভঃ, শূদ্রস্য বিবাহাদি লাভঃ।—দ্রষ্টব্য. দ. চ. পৃ. ১৬।

তথাপি চূড়াকরণ না হইয়া থাকিলে তাহাও করিতে হইবে, যথা ৫৬০ সংখ্যক ব্যবস্থাতে বিবৃত।

তথাপ্যকৃতচূড়স্য চূড়াকরণমপি করণীয়ং তদ্বিবৃতং ৫৬০ সংখ্যকব্যবস্থায়াং।

ব্যবস্থা

৫৬৩ দত্তকের বিবাহক্রিয়াও গ্রহীতার করণীয়, গ্রহীতা মরিলে বা অশক্ত হইলে তাহার নামে ও গোত্রে করণীয়*।

৫৬৩ দত্তকস্য পাণিগ্রহণমপি গ্রহীত্রা সমাধেয়ং, তস্মিন্ মৃতে অশক্তে বা তন্নাম্না তদ্গোত্রেণ চ করণীয়ং*।

কারণ।

কেননা তৎকালে তাহার জনকের সহিত (পুত্রত্ব) সম্বন্ধ না থাকাতে গ্রহীতাই তাহার পিতা ও গ্রহীতার গোত্রই তাহার গোত্র।

তদা তস্য জনকেন সহ পুত্রত্বসম্বন্ধাভাবেন গ্রহীতুরেব পিতৃত্বাৎ তদ্গোত্রত্বাচ্চ।

বিবেচনা

সদরল্যাণ্ড্ সাহেব উপরি উক্ত স্থলে 'পুনঃ' শব্দের অনুবাদ 'রিপিটিসন' অর্থাৎ 'পুনর্ব্বারকরণ' শব্দ দ্বারা করিয়াছেন, তাহাতে তাঁহার অভিপ্রায়ে চূড়াকরণ জনককর্ত্তৃক একবার হইয়া থাকিলেও পুনর্ব্বার করিতে হয়,† এবং তিনি চূড়াকরণ পুনর্ব্বার করণের কথা ১১ সংখ্যক নোটে স্পষ্টই লিখিয়াছেন‡। কিন্তু চূড়াকরণ একবার হইয়া থাকিলে তাহা পুনর্ব্বার হইবার বিধান কোন গ্রন্থে নাই।—প্রত্যুত দত্তকচন্দ্রিকাকার 'চূড়াদি' পদকে অতদ্গুণসম্বিজ্ঞান বহুব্রীহি সমাস বলিয়া, তদ্দ্বারা—চূড়া আদিতে বা পূর্ব্বে যাহার সেই ক্রিয়া অর্থাৎ—উপনয়ন মনস্থ করিয়াছেন এবং তট্টীকাকর্ত্তা স্পষ্টই লিখিয়াছেন যে কৃতচূড় বালককে গ্রহণ করিতে হইলে পুনর্ব্বার তাহার চূড়াকরণ করিতে হইবে না কিন্তু পুত্রেষ্টিপূর্ব্বক উপনয়ন করিতে হইবে। অপিচ—"গোত্রাদি নিবৃত্তিরেব দর্শনাৎ, সংস্কুর্য্যাৎ স্বসুতান্ পিতেতি স্মরণাৎ গ্রহণানন্তর সম্ভাব্যমানা এব দত্তকস্য সংস্কারাঃ প্রতিগ্রহীত্রা কার্য্যাঃ ন পুনর্জ্জনকেন কৃতপূর্ব্বা অপি নিবর্ত্তনীয়াঃ"—অর্থাৎ গোত্রাদির নিবৃত্তি দৃষ্ট হওয়াতে এবং পিতা নিজ সুতদের সংস্কার করিবেন ইহা কথিত হওয়াতে,—গ্রহণের পর দত্তকের সম্ভাব্যমান সংস্কারই গ্রহীতার করণীয়, জনককর্ত্তৃক পূর্ব্বে যেং সংস্কার

* দত্তক চন্দ্রিকাতে দত্তক গ্রহণের কাল বৃদ্ধি করা হইয়াছে, তিন প্রধান জাতীয়ের গ্রহণ কাল উপনয়ন পর্য্যন্ত তাহা চূড়াকরণের পরেই হয়, শূদ্রের গ্রহণকাল বিবাহপর্য্যন্ত। কিন্তু ব্রাহ্মণাদি জাতিত্রয়ের উপনয়ন ও শূদ্রের বিবাহ গ্রহীতা পিতার গোত্রে অবশ্যই হইবে।—মেক্. হি. ল. ব. ১, পৃ. ৭২।

† এই পৃষ্ঠার প্রথম পারাগ্রাফ্ দ্রষ্টব্য।

‡ দ্রষ্টব্য ব্য. দ. পৃ. ৯১৫।

I. **Filial relation (to the adopter,) of one initiated down to tonsure, under the family name of his natural father, being first barred,—on the repetition of that ceremony, and the rest, such relation is exempted from the prohibition: and accordingly, since previous to the performance of the tonsure, and the other rites, by the adopter, the servile estate of one initiated (by his natural father into that ceremony,) and of him, who has passed his fifth year, is intimated: after the performance of that ceremony, and the rest, (by the adopter,) the filial relation is established.**—D. Ch. Sect. II. § 27. Authority.

'Sacrifice for male issue.'] Since a person of the first three tribes only is competent to perform this, by such person the filial relation must be completed, through the rites of tonsure, and the rest, preceded by a sacrifice for male issue. But, by a *Shúdra*, the same even, (is produced,) through the rite of marriage alone.—Thus the whole is unimpeachable.—D. Ch. Sect. II. § 32.

(a) The term *Chúrádi* (ceremonies having tonsure at the beginning) being a compound one, termed *atadguna sambigyána bahuvrihi*, (not including what is signified by the first word) rites commencing with that of investiture would be suggested for persons of a regenerate tribe; but, for a *Shúdra*, marriage would be implied.—See D. Ch. Sect. II. § 26.

Yet, if tonsure have not been performed (by the natural father,) that also must be performed by the adopter: this is already expressed in the Vyavasthá No. 560.

563. The marriage ceremony of the adopted must also be performed by the adopter; should he die or be unable to perform it, still it must be performed in his name and *gotra*.* Vyavasthá.

For, then the relation of the adopted, as son to his natural father, having ceased to exist, the adopter alone is his father, and the adopted belongs to his *gotra* only. Reason.

Mr. Sutherland has translated the word '*punah*,' contained in the first paragraph of this page, by "*repetition*," whence it appears to be his opinion that tonsure should be again performed by the adopter, even though once done by the natural father:† nay, it is plainly stated by him, in note XI‡, appended to his Synopsis, that it must be so done. But it is not laid down in any of the Sanscrit works that tonsure, once performed (by the natural father,) must be repeated by the adopter.—On the contrary, the author of the *Dattaka-Chandriká*, asserting the term *chúdádi* to be a compound epithet denominated *atadguna sambigyána bahuvrihi* (not including the meaning of the first word,) means that rites having *chúdá* (tonsure) at the beginning, that is *upanayana* and the rest, must be performed. And the Commentator has plainly laid down that, on adopting a boy, whose tonsure has been already performed, the adopter will not have again to perform his tonsure, but the *upanayana* and other rites preceded by *puttreshti*. Moreover, from the following dictum of the author of the *Datta-Chandriká*—"Since extinction of relation to the family (of the natural father,) and so forth, is shown, and as a text recites: 'let the father initiate his own sons,'—the initiatory rites even of the adopted, which are yet to be completed, subsequent to adoption, are to be performed by the adopter; but those already performed by the natural father, are not to be cancelled," (D. Sect. II. § 20,)—it appears quite clear that tonsure, once performed, Remarks.

* In the *Dattaka-Chandriká* the period fixed for adoption is extended, with respect to the three superior tribes, to their investiture with the characteristic cords, which ceremony is termed *upanayana*, and is subsequent to that of tonsure, or *chúrákarana*, and, with respect to *Shúdras*, to their contracting marriage. But investiture in the one case, and marriage in the other, must be performed in the family of the adopting father.—Macn. H. L. vol. I. p. 72.

† See the first paragraph of this page.

‡ See *ante*, p. 176.

কৃত হইয়াছে তাহা নিবারণীয় নয়। দত্তক চন্দ্রিকাকারের এই উক্তিতে স্পষ্টই দৃষ্ট হইতেছে যে—চূড়াকরণ সংস্কার জনককর্ত্তৃক একবার হইয়া থাকিলে তাহা নিবর্ত্তনপূর্ব্বক গ্রহীতাকে পুনর্ব্বার চূড়াকরণ করিতে হইবে না। কেবল পূর্ব্বে চূড়াকরণ হওন রূপ দোষের পরিহার নিমিত্তে পুত্রেষ্টি যাগ করিতে হইবে, অনন্তর উপনয়ন প্রভৃতি যথাসম্ভব সংস্কার করিতে হইবে। এবঞ্চ একবার চূড়াকরণ হইয়া থাকিলে তাহা পুনর্ব্বার হওনের আচারও নাই, আচার না থাকিলে তাহা বিধিবিহিত হইলেও কর্ত্তব্য নয়, কেননা শ্রুতি ও স্মৃতির উক্তিতে আচারই পরম ধর্ম্ম ও ধর্ম্মশাস্ত্রের সাধারণ বিধানের উপর প্রবল*। এতাবতা উক্ত স্থলে ব্যবহৃত 'পুনঃ' শব্দ কেবল বাক্যালঙ্কার মাত্র, তাহার পৃথগর্থ নাই। উক্ত সাহেব যিনি সংস্কার কি পদার্থ তাহা কথনো কার্য্যদ্বারা জানেন নাই করিতেও দেখন নাই তাঁহা হইতে এমত ভ্রম হওয়া আশ্চর্য্য নহে, কিন্তু তাঁহার কথায় হিন্দুরা ঐ ভ্রমে পতিত হইলে আশ্চর্য্যের বিষয় বটে।

দশম পরিচ্ছেদ।

দান, গ্রহণ, সম্বন্ধ, বয়ঃক্রম ও ক্রিয়া প্রভৃত্যনুসারে গৃহীত দত্তকের গুণাগুণ

প্রথম প্রকরণ।

দানবিষয়ে—

ব্যবস্থা। ৫৬৪ জনকজননীকর্ত্তৃক অথবা জননীর সম্মতিতে জনককর্ত্তৃক দত্ত পুত্র শ্রেষ্ঠ; জনকের অনুমতিতে জননীকর্ত্তৃক দত্ত তদনুকল্প; জননীর সম্মতি বিনা জনককর্ত্তৃক দত্ত মধ্যম; পতি মৃত, পতিত, প্রব্রজিত বা প্রোষিত হইলে শুদ্ধ জননীকর্ত্তৃক দত্ত পুত্র অপ্রশস্ত, কিন্তু সিদ্ধ;—অন্যাবস্থাতে পত্নীর দত্ত, অথবা জনক জননী ভিন্ন অন্যকর্ত্তৃক দত্ত পুত্র অসিদ্ধ‡।

" ৫৬৫ গ্রহীতব্য প্রাপ্তব্যবহার হইলে তাহার সম্মতি-ও আবশ্যক।

৫৬৬ জ্যেষ্ঠ বা একমাত্র পুত্র শুদ্ধ দত্তক রূপে

দানবিষয়ে—

৫৬৪ জনকজননীভ্যাং জননীসম্মত্যা জনকেন বা দত্তঃপুত্রঃশ্রেষ্ঠঃ; জনকানুমত্যা জনন্যা দত্তস্তদনুকল্পঃ; জননীসম্মতিং বিনা জনকেন দত্তো মধ্যমকল্পঃ, মৃতে, পতিতে, প্রব্রজিতে প্রোষিতে বা ভর্ত্তরি জনন্যা দত্তোঽপ্রশস্তঃ, কিন্তু সিদ্ধঃ—অন্যাবস্থায়াং তয়া দত্তস্তাভ্যামন্যতো দত্তো বা অসিদ্ধঃ†।

৫৬৫ প্রাপ্তব্যবহারশ্চেদ্ গ্রহীতব্যস্তৎসম্মতিরপি আবশ্যকী†।

৫৬৬ জ্যেষ্ঠপুত্রঃ একমাত্র পুত্রো বা শুদ্ধদত্তক

* দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ৩০২—৩০৪।

† দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ২৭১।

‡ দত্তকতার সম্পূর্ণতা ও সিদ্ধ্যর্থে আবশ্যক যে গ্রহীতব্য ব্যক্তিও সম্মতি দেয়, অথবা সে অপ্রাপ্তব্যবহার থাকিলে যোগ্য ব্যক্তি কর্ত্তৃক দত্ত হয়। কোন বালককে দত্তক গ্রহণার্থে দানের যথাশাস্ত্র ক্ষমতা বিষয়ে সম্মত মত নিষ্কর্ষ করা কঠিন। যাহাহউক মত এই রূপ বোধ হইতেছে যথা—প্রথমতঃ, পিতা অপ্রাপ্তব্যবহার পুত্রকে তাহার জননীর সম্মতি বিনা-ও দিতে পারেন, পরন্তু তাঁহার সম্মতি লইলে অধিক প্রশস্ত হয়। দ্বিতীয়তঃ—জনক থাকিতে জননী সচরাচর তাদৃশ দানে ক্ষমতাবতী নয়। তৃতীয়তঃ—জননী নিজ পতির মরণান্তে অপ্রাপ্তব্যবহার পুত্রকে মহাকষ্ট বা আবশ্যক হইলে (দ্রষ্টব্য পৃ. ২২৩) দিতে পারেন। কোন পুরুষ চিরপ্রোষিত, প্রব্রজিত, বা পতিত হইলে শাস্ত্রতঃ মৃত হওয়াতে ফলতঃ মৃত কল্পিত হইবে।—মাকনাটেনের প্রিন্সিপল্স্, দ্বিতীয় হেড।

পুত্রের অসম্মতিতে সামান্যতঃ তাহাকে দানকরার নিষেধাত্মক বচনের অভাব নাই বটে, কিন্তু এই অর্থ স্পষ্ট বোধ হইতেছে যে ঐ সকল বচন প্রাপ্তব্যবহার পুত্র বিষয়ক। অপ্রাপ্তব্যবহারের শাস্ত্রতঃ কোন অনুমতি হইতে পারে না।—মাকনাটেনের প্রিন্সিপল্স্, নোট্ ৮।

It being contended against the plaintiff, Tarinee Debea alias Shoyamunee, that since there is such a mention, distinctly made, of authority to adopt, in her plaint before the Court, her personal right, as widow, must be taken, upon her own statement, to have lapsed,—the right vesting, from the date of her husband's death, in the boy thereafter to be adopted by her, according to the principles of Hindoo law, and specially according to the precedent in the case *Bijoyah Debea* versus *Shama Soonderee Debea*, (Sudder Dewanny Adwalut Reports of 1848, pp. 762 to 766.)

We have, after a full and careful examination of the question, and with the advantage of a very protracted discussion, and of a minute examination of all the authorities, by the pleaders of the parties in this appeal, come to a conclusion differing from that of the majority, (Messrs Tucker and Hawkins,) who ruled the point in the recent decision, in the case above cited of Bijoyah Debea *versus* Shama Soonderee Debeah; and are of opinion that the fact of an authority to adopt a son being possessed by a widow, does not supersede and destroy her personal rights as widow; and that those rights continuing of force *till an adoption is actually* made,* there is no bar to the admission of the present claim by the plaintiff as widow.

The subjoined extract from the decision in question shows all the grounds on which it rested. These grounds, it will be seen, are the opinion given by the *pundit* on the question put

---

* This is erroneous, inasmuch as, in the first place, a widow, authorised to adopt a son has no heritable right in her late husband's estate. See *ante*, p. 1042.

আদালতীয় রিপোর্টের ৩ বালামের ২২৮ পৃষ্ঠায় ধৃত) রাণী কৃষ্ণমণির মকদ্দমায় পণ্ডিতেরা যে সকল মত দেন, ঐ সমস্ত তৎকারণ।

"শ্রীযুক্ত টকর ও হাকিন্‌স্ সাহেবান্—বাদিনী মৃত পুত্রের উত্তরাধিকারিণী বলিয়া (সাধারণ) বিষয়ে নিজ অংশের নিমিত্তে নালিশ করে; এবং আর্জিতে বয়ান করে যে তজ্জাত পুত্রের মৃত্যু ঘটন সত্বে তৎপতি তাহাকে দত্তক গ্রহণের অনুমতি দিয়াছেন। অত্র আদালতের পণ্ডিতকে এই প্রশ্ন করা হয় যে—'পতি হইতে দত্তক গ্রহণের অনুমতিপ্রাপ্তা কোন বিধবা নারী নিজ স্বত্ব বলিয়া পৈতৃক বিষয়ে অংশের নিমিত্তে নালিশ করিতে পারে কি না?'—পণ্ডিত স্পষ্টরূপে এই উত্তর দিলেন যে সে পারে না। বস্তুতঃ রাজা উদন্ত সিংহ প্রভৃতি রেস্‌পণ্ডেণ্টের বিরুদ্ধে রাণী কৃষ্ণমণি আপিলাণ্টের মকদ্দমাতে (দ্রষ্টব্য স. দে. আ. রি. বা. ৩, পৃ. ২২৮) স্পষ্ট লিখিত হইয়াছে যে পত্নীর প্রতি দত্তক গ্রহণের অনুমতি উচ্চরিত হইবা মাত্রে তাহার সেই ফল হইবে যেমত ঐ বিধবার গর্ভে পুত্র থাকিলে হয়, এবং তদনুমত্যানুসারে তাহার দত্তক গ্রহণের অভিপ্রায় সর্ব্বতোভাবে সেইরূপই কর্ম্মণ্য হইবে যে মত সে গর্ব্বিণী থাকিলে হয়; আর তৎকর্ত্তৃক পরে গৃহীত বালকের সেই সমস্ত অধিকার হইবে যাহা পিতৃমরণকালীন গর্ভস্থ পরে ভূমিষ্ঠ বালকের হইয়া থাকে, এতাবতা দৃষ্ট হইতেছে যে বর্ত্তমান মকদ্দমার আর্জি স্থিরতর থাকিতে পারে না, বাদিনী কহে—দত্তক গ্রহণ করিতে তাহার ক্ষমতা আছে; অতএব তাহার নালিশী আর্জি প্রায় ঐ রূপ যেন তাহার অধিকারের পূর্ব্বে অধিকারবিশিষ্ট আর এক উত্তরাধিকারী থাকার উল্লেখে নিজে উত্তরাধিকারিণী এজহারে নালিশ করিয়াছে"।

রাণী কৃষ্ণমণির মকদ্দমা যাহা হাকিন্‌স্ ও টকর্ সাহেবের কৃত নিষ্পত্তির আর এক মূল তাহা বর্ত্তমান মকদ্দমাতে আমাদের বিচার্য্য কথা হইতে সম্পূর্ণরূপে বিভিন্ন কথার উপর নিষ্পন্ন হইয়াছিল। উক্ত মকদ্দমাতে বিচারের বিষয় এই ছিল যে কোন ব্যক্তি দত্তক রূপে গৃহীত হওনের পর তৎপূর্ব্ব হইতে তাহার অধিকার থাকার দাওয়া করিতে পারে কি না, যথা তাহার গৃহীত হওনের পূর্ব্বে তদ্গ্রহীত্রী মাতা তাহার তৎকালে সম্ভাব্য ও ভবিতব্য স্বত্বের হানি করিয়া বিক্রয় করিলে তাহা রদ করিতে পারে কি না? সে মকদ্দমায় দত্তক পুত্র গৃহীত হইলে নিঃসন্দেহে উত্তরাধিকারী হইত। এবং এই মত অবশ্যই যথার্থ—যে কোন বিষয়ে যাবজ্জীবন সঙ্কুচিত স্বত্ববতী বিধবা ঐ বিষয় বিক্রয় করিলে তাহা অত্যন্ত আবশ্যকতা বশতঃ না হইয়া থাকিলে দত্তক পুত্র বা অন্য কোন ভাবি উত্তরাধিকারির বিরুদ্ধে স্থিরতর থাকিতে পারে না। এতাবতা ঐ মকদ্দমার নিষ্পত্তি অনাত্তে প্রযুজ্য নয়, এবং তাহা সাধারণ নজীর-ও হইতে পারে না, যদিও তাহা হয় তথাপি দত্তক গৃহীত হওনের 'পর দত্তক পুত্র যেং অধিকার দাওয়া করিতে পারে তাহা তদ্বিষয়ক (মাত্র)।

এক্ষণে ইহাতে সন্দেহ নাই যে বঙ্গদেশে পতির মরণে প্রপৌত্র পর্য্যন্ত উত্তরাধিকারির অভাবে (মৃত ব্যক্তির) বিধবার পতির ধনে অধিকার স্বীকৃত হইয়াছে।—ঐ অধিকার নিশ্চিত ও নির্ব্বিবাদ। পক্ষান্তরে এমত কোন স্পষ্ট বচন দর্শিত হয় নাই যে কোন নারী পতির মরণ কালীন গর্ব্বিণী থাকিলে সে পুত্র সন্তান কি কন্যা সন্তান প্রসব করে ইহা যাবৎ দৃষ্ট না হয়, তাবৎ তাহার বিষয়াধিকারিণী হওনের অধিকার অনাশ্রিত থাকিবে*। দত্তক গ্রহণ করিতে অনুমতিপ্রাপ্তা বিধবাকে যে গর্ব্বিণী বিবেচনা করিতে হইবে এ তর্ক কেবল পণ্ডিতদিগের উক্তি মূলক। বস্তুতঃ গর্ব্বিণী যে নারী তাহার স্বত্ব অনাশ্রিত থাকার বিষয়ে যদি কোন বচন দর্শান না যাইতে পারে*, তবে দত্তক গ্রহণের অনুমতি বলে কল্পিতা গর্ব্বিণী নারীর অধিকার ধ্বংস বোধক তদ্রূপ কোন বিধান নাই ইহা আরো নিশ্চিত।

---

* এই কথা ভ্রমময় বোধ হইতেছে,—কেননা বিবাদভঙ্গার্ণবে ধৃত বশিষ্ঠ বচনে ও তদ্ব্যাখ্যানে স্পষ্টই কথিত হইয়াছে যে শঙ্কিতগর্ভা নারী অংশ পাইতে পারে বটে, কিন্তু সে তাহা নিজ অধিকারে পায় না, পরন্তু তদ্গর্ভস্থ ভবিষ্যৎ পুত্রের উদ্দেশেই পায়। দ্রষ্টব্য. ব্য. দ. পৃ. ৩, নোট্।

to him in that appeal, and the opinions of the *pundits* in Ranee Kishen-munee's case, (Reports, Sudder Dewanny Adawlut, vol. III. p. 228.)

"Messrs Tucker and Hawkins.—The plaintiff sues for her share of the estate as heir to her deceased son; and in her plaint sets forth that she has power from her husband, in the event of her born son's death, to adopt a son. The question was put to the *pundit* of this Court, whether a widow, with power from her husband to adopt a son, can sue as heir in her own right for a share of the ancestral estate? The *pundit* replied distinctly that she cannot. In fact, it was laid down by the *pundits* in the case of Ranee Kishen-munnee, appellant, *versus* Rajah Woodwunt Singh and another, respondents, (p. 228, vol. III. Sudder Dewanny Adawlut Reports,) that the moment permission to a widow to adopt a son was pronounced, it had the same effect as if a child had been conceived in the womb of the widow; and her intention to adopt, under the permission, operated, to all intents and purposes, as if she were *enceinte;* and that the boy, subsequently adopted by her had all the rights of a posthumous child. It thus appears that the plaint in the present case cannot be sustained. The plaintiff declares she has a power to adopt: her plaint, therefore, is much the same as if she had sued as heir alleging, that another existed having a right by inheritance prior to her own."

The case of Ranee Kishen-munee, which is the other ground on which the judgment of Messrs Hawkins and Tucker proceeded, is one which turned on a point perfectly distinct from that now before us. The point in that suit was whether a *retrospective* right could be claimed by a son *after he had been adopted,* so as to bar a sale made by his adoptive mother, previous to his adoption, to the injury of the rights, at that time contingent and eventual, but which actually accrued to him upon his adoption. In that case, the son, *when adopted,* became an undoubted heir; and it was of course the correct doctrine that no sale, made by a widow, who possesses only a very restricted life interest in an estate, could have been good against any ultimate heir, whether an adopted son or otherwise, unless made under circumstances of strict necessity. The case, then, stands by itself, and affords no general precedent, although, even if it did, it would relate only to the rights claimable by an adopted son, after adoption made.

Now, there is no doubt as to the declared right of a widow in Bengal to succeed to her husband's estate upon his death, in default of lineal male heirs, down to the great grandson in the male line. This is a right certain and incontestable. It is not urged, on the other hand, that there is any direct text, enjoining that, in the event of the pregnancy of a widow on the death of her husband, her right to succeed shall be held in abeyance, until it be seen whether she is delivered of a male or a female child.* The argument as to a widow who has a permission to adopt, is only that, according to the *dicta* of the *pundits,* she is to be regarded as *enceinte.* If no text can be shown for the suspension of the rights of a widow actually pregnant,* it is still more certain that there is no similar provision for divesture of right in the case of a widow, held only to be constructively pregnant of a son through the effect of a permission to adopt.

* This finding appears to be erroneous; inasmuch as in the text of *Vashishtha* and the interpretation thereof as contained in the *Vivádabhangárnava,* (the translation whereof is known as 'Colebrooke's Digest,') it is plainly mentioned that a woman supposed to be pregnant can have a share, but she is to have it not in her own right, but for the behoof of her son to be born. See *ante,* p. 6, note.

হিন্দুদের ধর্ম্মশাস্ত্রীয় যে বাক্য বলে বিধবার (সে যথার্থতঃ বা কাল্পনিক রূপ গর্ব্ভিণী হউক) অধিকারের প্রতি আপত্তি সংস্থাপন করা হইয়াছে তাহা নিম্নে ধৃত হইল, এবং তাহা উক্ত দুই মকদ্দমাতেও উল্লিখিত হইয়াছে*, ও তাহার অনুবাদ কোলব্রুকের দায়ভাগানুবাদ হইতে দেওয়া গেল।—'যাহারা জাত, যাহারা অদ্যাপি অজাত, ও যাহারা (যথার্থতঃ) গর্ব্ভস্থিত, সকলেই বৃত্তি আকাঙ্ক্ষা করে; বৃত্তিলোপ বিগর্হিত (কর্ম্ম)''। এই বচনের উপর বিধবার পক্ষে এই আপত্তি করা হইয়াছে যে—তাহা কর্ত্তব্যতাসূচক, শাস্ত্রতঃ করিতেই হইবে এমত বোধক নয়।—কেননা ঐ বচন যদি দৃঢ় বিধান রূপে বলবৎ হইত তবে তাহা বঙ্গদেশে কোন হিন্দু পিতার স্বেচ্ছানুসারে উইলের দ্বারা বিষয় দানাদি করিতে স্বীকৃত ক্ষমতার বাধক হইত। পরন্তু এতদ্ভিন্ন উক্ত বচনের যেং উক্তি অদ্যাপি অজাত পুত্রদের উপায় বিধায়ক তাহা সম্ভাব্য ও ভবিতব্য স্বত্বের সহিত সম্বন্ধ রাখে, বর্ত্তমান স্বত্বের সহিত সম্বন্ধ রাখে না†। এই কথার সহিত সম্পূর্ণ সঙ্গতরূপে দৃষ্ট হইতেছে যে উক্ত গ্রন্থতেই পরে জাত পুত্রের পৈতৃক স্থাবর বিষয়ে স্বত্ব বক্ষ্যমাণ রূপে কথিত হইয়াছে।

তাহা বিষ্ণুকর্ত্তৃক উক্ত হইয়াছে—"পিতৃকর্ত্তৃক বিভক্তেরা বিভাগের পর উৎপন্ন পুত্রকে ভাগ দিবে"। (তথা) যাজ্ঞবল্ক্য—"পুত্রেরা পৃথক্ হইলে পর ধনির সবর্ণা স্ত্রীর গর্ভে যে পুত্র জন্মে সে ভাগভাগী,—তদ্বিভাগ আয় ব্যয়ান্তে স্থিত বিষয়ের হইবে"‡।

মিতাক্ষরানুযায়ি বিভাগশাস্ত্রে এক দৃঢ় দৃষ্টান্ত পাওয়া যাইতেছে, (দ্রষ্টব্য চ্যা. ৬, সেক্. ১১, ১২,) তাহাতে লিখিত হইয়াছে যে—'যদি অভিপ্রেত বিভাগকালে ভ্রাতৃপত্নী জাতগর্ভা হয় তবে তাঁহার প্রসবকাল পর্য্যন্ত বিভাগ হওয়া স্থগিত থাকিবে'।—কোনং টীকাকর্ত্তা কহেন উক্ত উক্তির অর্থ এই যে বিভাগ একেবারেই হইতে পারে, কিন্তু ঐ অনুভূতগর্ভা বিধবা (ভ্রাতৃ) পত্নীর অংশ পৃথক্ করিয়া রাখিতে হইবে, এবং সে (পুত্র) প্রসব করিলে ঐ অংশ তৎপুত্রের হইবে। অন্যান্য টীকাকর্ত্তারা এই অর্থ অগ্রাহ্য করেন, তাহার প্রধান কারণ এই যে পশ্চিম প্রদেশীয় শাস্ত্রানুসারে বিষয় অবিভক্ত থাকিলে পত্নীরা উত্তরাধিকারিণী রূপে অংশ ভাগিনী নয়§।

---

* উপরি উক্ত রাণী কৃষ্ণমণির মকদ্দমা। রিপোর্টবহি, বা. ৩, পৃ. ২২৮ হইতে ২৩১।
রামকৃষ্ণ সরখেলের মকদ্দমা। ঐ পৃ. ৩৩৭।

† অদ্যাপি অজাত পুত্রের স্বত্ব এক প্রকার ভবিষ্যৎ কথিত হইতে পারিলেও তাহা পিতৃমরণকালীন গর্ভস্থ পশ্চাৎ ভূমিষ্ঠ পুত্রের স্বত্ব বৎ। এবং দত্তক গৃহীত হওনমাত্রে তদ্গ্রহীতৃপিতার ধনে তাহার অধিকার অবশ্যম্ভাবি, কিন্তু বিজ্ঞবর জজদিগের বিচারানুসারে তৎস্বত্ব পূর্ব্বেই ঐ বিধবাতে জন্মিয়াগেলে তাহা তৎসম্বন্ধে ধ্বংস হইতে না পারায় ঐ দত্তকে বর্ত্তিতে পারিবে না—কেননা শাস্ত্র এই যে একবার কাহারো অধিকার জন্মিয়াগেলে, তদধিকার তাহার মরণ পাতিত্যাদি বা উপরতস্পৃহা বিনা ধ্বংস হইতে পারে না, এতাবতা ঐ বিচারের ফল এই হইবে যে দত্তক পুত্র গৃহীত হইয়া শাস্ত্রবিধানানুসারে তৎক্ষণাৎ পিতৃ ধনে অধিকারী হইলেও সে বস্তুতঃ অধিকারী হইতে পারিবে না, কিন্তু সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ ও মুখ্য উত্তরাধিকারী যে পুত্র সে থাকিতে তাহাকে নিরাস করিয়া পত্নী ধনাধিকারিণী থাকিবে,—ইহা হইতে অন্যায় ও অকারণ আর কি আছে?

‡ চ্যা. ৭, সেক্. ১১, ১২। দায়ক্রম সংগ্রহের বিভক্ত-বিভাগ প্রকরণ-ও দ্রষ্টব্য,—চ্যা. ৫, সেক্. ২১—২৪।
পরন্তু ইহা সম্পূর্ণরূপ ভিন্ন অধ্যায়ের কথা, ঐ অধ্যায়—তৎকালীন বর্ত্তমান পুত্রদের মধ্যে পৈতৃক ধন বিভাগ বিষয়ক, এবং তাহাতে,—যে পর্য্যন্ত ধনির আর পুত্র হওনের সম্ভাবনা থাকে সে পর্য্যন্ত পুত্রেরা পৈতৃক ধন বিভাগ করিবে না, তথাপি যদি পুত্রেরা ঐ ধনবিভাগ করে তবে কোন ভ্রাতা পরে জাত হইলে অন্য ভ্রাতারা নিজং অংশ হইতে পরিমাণানুসারে দিয়া তাহার অংশ পূরণ করিবে।—ইহা বলিয়া তৎকালে গর্ভস্থ অথচ অজাত ও পরে গর্ভস্থ ও জাত পুত্রের উপায় বিধান করা হইয়াছে। উক্ত অধ্যায়ে পত্নীর অধিকারের কোন উল্লেখ না থাকাতে, এবং যাবজ্জীবন সঙ্কুচিত ও অন্যন্য স্বত্ববতী পত্নীর অধিকার পুত্র পৌত্র ও প্রপৌত্রের অভাবে মাত্র হওয়াতে সে কখনই পুত্রের সম্ভাবনা স্বত্বে তাহার অগ্রে অধিকারিণী হইতেও থাকিতে পারে না, অতএব উক্ত অধ্যায়স্থ বচনাদি কোন ক্রমে উক্তাবস্থায় পত্নীর অধিকারের সূচক বা পোষক হইতে পারে না।

§ ইঁহাদের এ বিবেচনা অবশ্য বোধ করিতে হইবে—কেননা গর্ব্ভিণী নারী যে অংশ পায় তাহা সে নিজ স্বত্বাধিকার বলিয়া পায়না, কিন্তু তদ্গর্ভস্থ পুত্রের স্বত্ব বলিয়া তাহারই নিমিত্তে এক প্রকার নিয়াসীর্থ বা নিকটতম বন্ধু রূপে প্রাপ্তা হয় (দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ৩)। অতএব বিষয়ের বিভক্ততা বা অবিভক্ততা পুত্রের স্বত্বের ও অংশের বাধক হইতে না পারাতে প্রথম-শ্রেণি টীকাকারদিগের কৃত অর্থই যথার্থ।

The one passage of the Hindoo law on which the objection to the widow's right, in the either of a real or of a constructive pregnancy, is directly based, is the following, which is noticed in the two cases,* and of which a translation is subjoined from Colebrooke's translation of the *Dáyabhága*: "They who are born, they who are yet unbegotten, and they who are (actually) in the womb, all require the means of support; and the dissipation of their hereditary maintenance is censured." Upon this passage, it has been contended, on behalf of the widow, that it prescribes a moral duty rather than a legal obligation; as, were it held to be of strict legal force, it would militate against the admitted right of a Hindoo father in Bengal to dispose of his property according to his own choice by will. But, apart from this, it is to be observed that the very terms of the text, providing for sons *yet unbegotten*, refer to a contigent and future, and not to a present right†. In perfect consistency with this, we find that the right accruing to an after-born son, in regard to real ancestral property, is thus described in the same treatise.

"That is declared by *Vishnu*, 'sons with whom the father has made a partition, should give a share to the son *born* after the distribution.' *Jágnyavalkya*:—'When the sons have been separated one *afterwards born*, of a woman equal in class, shares in the distribution. His allotment must positively he made out of the *visible estate, corrected for income and expenditure*."‡

A strong illustration to the same effect is to be drawn from the law of partition, according to the *Mitákshará*, in which it is laid down, (Chap. VI. Sects. 11 and12,) that if the pregnancy of a brother's widow be manifest at the time of an intended partition, the partition should be postponed *till after the delivery*. Some commentators hold the sense of the passage to be that partition may at once take place, but that a share should be set apart *for the widow* who is supposed to be pregnant, *and, when she is delivered, the share is to be assigned to her son*; and this interpretation is rejected by others, chiefly because, according to the law of the Western schools in regard to an estate *still undivided*, 'widows are not *entitled* to participate *as heirs*.'§

* Ranee Kishenmunee's case, above referred to, Reports, vol. III, pp. 228—231.

Ramkishen Surkeyl's case, ditto, page 367.

† The right of an *yet unbegotten* son, though it may in a manner be called 'contingent or future,' is similar to that of a posthumous son; so the heritable right to the property of the adoptive father must, as a matter of course, vest in the adopted son as soon as he is adopted; but if, according to the holding of the learned Judges, the right had already vested in the widow, it could not again vest in the son,—as long as the widow is not divested of it; for our law is that a right being once vested in one, that person cannot be deprived of it before his or her death, natural or civil, or voluntary abandonment. The result of the above finding would, however, be that an adopted son, when adopted, shall not be vested with his father's property, though it is provided by the law that it must devolve upon him immediately on his being adopted, but that the widow shall continue to hold it in preference to, and to the exclusion of, the son, the best and foremost of the heirs. This is as illegal and absurd as any thing can be.

‡ Chap VII. Sect. 11 to 12. See also the *Dáyakramasangraha*, as to the right accruing to sons afterwards born. Chap, V. Sect. 21 to 24.

But this is the subject of an altogether different chapter, which refers to the partition of the paternal property amongst the sons in existence, and provides for the son (if any) then conceived but not known, or afterwards conceived and born, laying down that sons should not divide the patrimony whilst there is a probability of another son being born, but if they nevertheless divide it, they must, in that case, contribute portions from their respective shares to make up the share of their after-born brother. Thus as the chapter in question does not treat of the inheritance of a widow, whose right is limited to a restricted life interest, and who, being as she is entitled only where there is no son, son's son, or son's grandson in themale line, can by on means have a heritable right where a posthumous son is to be born, and inherit prior to such son, the texts in question cannot serve as authority for the position above laid down.

§ The judgment of the latter (set of commentators) must be pronounced to be erroneous, inasmuch as the share which is received by a pregnant widow is not received in her own right, but as a guardian, or *prochein amie*, for the behoof of her to-be son. (See *ante*, p. 1042.) Therefore, the circumstance of the estate being joint or divided being no bar to the inheritance and participation of a son, the interpretation given by the first set of commentators is only right.

ধর্ম্ম শাস্ত্রের উক্তি ও টীকা ভিন্ন অন্যান্য প্রমাণ সকলের মধ্যে বলবান প্রমাণ কতিপয় উদ্ধৃত হইতে পারে—

মেকনাটনের হিন্দু-ল, বা. ১, পৃ. ২।—'অত্যন্ত প্রামাণিক নিষ্কর্ষ এই বোধ হইতেছে যে (উত্তরাধিকারির) জন্মাধীন স্বত্ব এবং ধন স্বামির মরণ বা অন্য হেতুতে স্বত্বত্যাগ এতদুভয়ে মিলিতরূপে ঐ স্বত্বোৎপাদক। পূর্ব্বে জন্মাধীন যে স্বত্ব জন্মে তাহা ধনির মরণাদিতে ও ইচ্ছাপূর্ব্বক স্বত্বত্যাগে সম্পূর্ণ হয়'*।

এসট্রেঞ্জ সাহেবের গ্রন্থের দ্বিতীয় বালামে ধৃত হেনরি কোলব্রুক সাহেবের মত—'এস্থলে কথিত বিষয় ঐ নারীর স্ত্রী-ধন না হইয়া পতির মরণে তাহা তাহাতে বর্ত্তিয়াছে এমত বিবেচনা করিলেও সে নিজ পতির ও নিজের নিমিত্তে যথাশাস্ত্র দত্তক গ্রহণ করণমাত্রে ঐ বিষয় আর তাহার রহিল না, যথা গর্ভিণী নারীর হস্তে বিষয় আসিলে পুত্র ভূমিষ্ঠ হওন মাত্রে সে নারী ঐ উপায়দ্বারা তাহা স্বকীয় বিষয়ের ন্যায় ব্যবহার করিতে পারে না। দত্তক গৃহীত হওন মাত্রে তদ্বালক ঐ বিধবার (অর্থাৎ গ্রহীত্রীর) পতির উত্তরাধিকারী হয়, এবং মাতা ও নিসৃষ্টার্থের যে অধিকার তাহা বই ঐ বিধবার আর কোন অধিকার থাকে না'†।

বিচার্য্য বিষয়ে এই গুরুতর ও মুখ্য রূপে প্রযুজ্য মতের প্রয়োগ হইতে না দেওয়ার উপায় কেবল এই তর্কদ্বারা করা হইয়াছিল যে তাহা মান্দ্রাজের এক মকদ্দমাতে ধৃত হয় ও তাহা মিতাক্ষরা শাস্ত্রের সহিত সম্বন্ধ রাখে।

শ্যামাসুন্দরীর বিরুদ্ধে ধর্ম্মদাস পাঁড়ের মকদ্দমাতে প্রিবি কৌন্‌সিলের উক্তি (দ্রষ্টব্য—মুর্‌স্‌ রিপোর্ট বা. ৩, পৃ. ২৪৩)।—'এক্ষণে উক্ত প্রমাণানুসারে ইহাতে কোন সন্দেহ নাই যে দত্তক গ্রহণ ক্রিয়ার তাৎপর্য্য-ই ঐ,—কেননা স্বামির মৃত্যুর দিবস হইতে দত্তক গ্রহণার্থ প্রাপ্ত ক্ষমতার কার্য্য হওন (অর্থাৎ দত্তক গ্রহণ করণ) পর্য্যন্ত বিষয় ঐ বিধবাতে বর্ত্তে। অনন্তর দত্তক গ্রহণ কারণে বিধবার স্বত্ব ধ্বংস হইয়া তাহা দত্তক পুত্রে বর্ত্তে'‡।

মর্লির রিপোর্টে (তাহার দ্বিতীয় বালামে) ধৃত সর্ এড্‌ওয়ার্ড হাইড্‌ ইস্ট সাহেবের অমুদ্রিত কাগজে লিখিত মকদ্দমাও উল্লিখিত হইতে পারে, তাহাতে প্রসঙ্গাধীন উক্ত মত দৃঢ় রূপে প্রকাশ করা হইয়াছে, তদ্‌যথা— প্রতিবাদী ষোড়শ বর্ষবয়স্ক হইলে ঐ বিধবা তাহার সম্পূর্ণ কর্ত্তৃত্বাধীনে ও লাভ ভোগ জন্যে বিষয় পরিত্যাগ করিয়াছিল, এই কথা (এ মকদ্দমার) প্রতিবাদিনীর এজহারের দৃঢ় পোষক, কেননা উক্ত দত্তক গৃহীত হইলে ঐ বিধবা আপনার জীবনান্ত স্বত্বে আপনি বর্জ্জিতা হইয়াছিল'§।

কোলব্রুকের ডাইজেষ্টের দ্বিতীয় বালামের ৫০৫ পৃষ্ঠায় এক বাক্যের উল্লেখ করা হইয়াছে, তাহাতে কথিত হইয়াছে যে—'জন্ম শরীরের সম্বন্ধ বিশেষ, পরন্তু তাহা জন্মদেওন মাত্রেই হয় না'। করুণাময়ীর মকদ্দমাতে দত্ত প্রথম ব্যবস্থাতে এই আদালতের পণ্ডিত কহিয়াছেন—'জন্ম দুই প্রকার'।

---

* এই স্বত্ব কারণ বর্ণনা এতদ্দেশীয় মতানুমত নয়। দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ৪, নোট্।

† এই মত এতদ্দেশপ্রচলিত শাস্ত্রের সহিত সম্বন্ধ রাখিলে-ও ইহা পূর্ব্বোক্ত দোষ জন্য কোন মকদ্দমাতে প্রযুজ্য ও ব্যবহারে মান্য হইতে পারে না। দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ১০৪১, ও ১০৩৭, নোট্।

‡ এই উক্তি ভ্রমময়—কেননা স্বত্ব একবার ঐ বিধবাতে বর্ত্তিলে তাহা সে থাকিতে বা নির্দ্দোষে, বাঁচিয়া থাকিতে কিম্বা উপরতস্পৃহা না হইলে আমাদের ধর্ম্মশাস্ত্রানুসারে তৎস্বত্ব কখনো ধ্বংস হইতে ও দত্তক পুত্রে বর্ত্তিতে পারে না।— দ্রষ্টব্য ব্য. দ. পৃ. ১—১০।

§ উক্ত মকদ্দমাতে স্পষ্টই দৃষ্ট হইতেছে যে ঐ বিধবা উপরতস্পৃহা হইয়া বিষয় পরিত্যাগ করাতে তাহা ঐ দত্তক পুত্রে অর্শিয়াছিল, পরন্তু সে যদি তাহা ত্যাগ না করিত তবে সে পাতিত্যাদি দোষে অদূষিতরূপে বাঁচিয়া থাকিতে কখনই তাহার অধিকার ধ্বংস হইতে ও তাহা ঐ দত্তক পুত্রে বর্ত্তিতে পারিত না। কিন্তু বর্ত্তমান মকদ্দমার বাদিনী যে বিষয় পরিত্যাগ করিয়া তদ্দত্তক পুত্রকে দিবে ইহার প্রতীতি কই,—সে তাহা শাস্ত্রানুসারে অধিকারিণীরূপে পাইয়া পরিত্যাগ করিতে নিজে স্বীকার না করিলে কেহ তাহাকে শাস্ত্রানুসারে তাহা ছাড়াইতে পারে না, এবং তাহাকে ছাড়াইতে না পারিলেও তদ্দত্তক বিষয় প্রাপ্ত হইতে পারে না,—সে স্বতঃ পরিত্যাগ করিয়া দত্তককে দিবে এমত বিধানেও ডিক্রী দেওয়া হইতে পারে না,—অতএব উক্ত মকদ্দমার অবস্থা এমকদ্দমা হইতে ভিন্ন হওয়াতে উক্ত দৃষ্টান্ত ইহাতে অযুজ্য নয়।

Of authorities, other than the direct text of the law and commentaries, the following may be quoted:—

Macnaghten's Hindu Law, volume I. p 2.—"The most approved conclusion appears to be that the inchoate right *arising from birth*, and the relinquishment by the occupant (whether effected by death or otherwise,) conjointly create this right,—the inchoate right which previously existed becoming perfected by the removal of the obstacle.*"

H. Colebrooke in Strange, vol. II. p. 157.—"Presuming the property, here spoken of as the woman's, to have been what devolved upon her by the death of her husband, and not to have been her proper *strídhun*, it *ceased to be hers at the moment of a valid adoption*, made by her, of a son to her husband and herself; in the same manner as property, *coming into the hands of a pregnant widow*, by the same means, cannot be used by her *as her own, after the birth of a son.* From the moment of the *adoption taking effect*, the child became heir of the widow's husband, and the widow could have no other authority but that of mother and guardian."†

The only means of evading the application of this opinion, so weighty and so directly to the point, has been by arguing that it was given in regard to a Madras case, and had reference to the law of the *Mitákshárá*.†

Dictum of the Privy Council in case of *Dhurm Dáss Panday* versus *Sham Soondree Debeah.*—

Moore's Rep. vol. III. p. 243—"Now that, upon the authorities, there can be no doubt that that is the result of an act of adoption, because *the property is in the widow from the death of the husband* till the power of adoption is exercised; *then*, that adoption divests it from the widow, and vests it in the adopted son."‡

A case may also be cited from the manuscript papers of Sir E. H. East, in Morley's Reports, (vol. II. p 18,) in which, incidentally, the same opinion is very strongly expressed.—"Since the defendant had come to the age of 16, the widow had given up the property entirely to his management and benefit, which was a strong corroboration of the truth of the defendant's case, *because the widow herself had actually by the adoption deprived herself of a life estate.*§

A passage in Colebrooke's Digest (vol. II. p. 505) has been referred to, in which birth is spoken of, 'as a praticular relation of body, not a relation taking place at the first instant of procreation.' The *pundit* of this Court, in his first *Vyavasthá* in Kuroonamye's case, says: 'Birth

* This definition of the cause of the heritable right is not according to the doctrine current in Bengal.—See *ante*, p. 5, note.

† Even if it had reference to the law as current in Bengal, it could not be applicable to any case and followed in practice, for the defects already stated.—See *ante*, pp. 1042 & 1068, notes.

‡ This is erroneous, inasmuch as the heritable right, if once vested in the widow, according to our law, could never be divested from her and vested in the adopted son, so long as she lived or continued free from any defect causing disinherison, or so long as she did not voluntarily abandon.—See *ante*, pp. 2,—11.

§ In the above case it clearly appeared that, the widow having voluntarily abandoned the property, it had vested in the adopted son; but if she had not so abandoned it, she could not have been divested of it, and the same vested in the adopted son, so long as she lived or continued free from any of the defects causing disinherison. How can it be certain that the plaintiff in the present case will relinquish the property and give it up to the adopted son? If she gets the property as heir according to law, then no one can oblige her to give it up, unless she voluntarily agrees to do so; and the adopted son connot get the property, unless *she* can be made to give it up; nor can a decree be made upon the belief that she will voluntarily abandon it. The circumstances of the above case being therefore different from those of the present, it cannot be a precedent in the latter.

ইহাতে গর্ভব্যবস্থার অথবা ভূমিষ্ঠ হওনের কাল লক্ষ্য হইতে পারে। লক্ষ্মীপ্রিয়ার মকদ্দমায় হাসিয়াতে যে. জে. সি. সি. সদরল্যাণ্ড সাহেব (যাঁহার মত হিন্দুদের ধর্ম্মশাস্ত্র বিষয়ে অতিশয় মাননীয়) বক্ষ্যমাণ কথা লিখিয়াছেন—'ধনির স্বত্ব ধ্বংসকালীন তাদৃশ উত্তরাধিকারির গর্ভাধান না হইলে তাহার জন্মের অপেক্ষাতে স্বত্ব নিরাশ্রয় থাকিতে পারে না'*। এই তর্ক করা হইয়াছে যে—হিন্দুদের নিয়ম ও কুলাচারানুসারে গর্ভাধানের ষষ্ঠমাস কাল হইতে শাস্ত্রতঃ গর্ভ গণ্য করা যাইতে পারে। পরন্তু এই সকল অতি দুর্ব্বল কারণ। এবং বস্তুতঃ গর্ভাধানের ও দত্তকগ্রহণের অনুমতিবলে কল্পিত গর্ভাধানের মধ্যে যে সাদৃশ্য থাকার আনুমানিক তর্ক করা হইয়াছে তাহা এস্থলে খাটিবে না, কেননা ঐ তর্ক এই যে পতিকর্ত্তৃক দত্তক গ্রহণের অনুমতি উচ্চরিত হইবা মাত্রে গ্রহীতব্য বালকে স্বত্ব বর্ত্তিয়াছে,—তাহা গর্ভাধানের ষষ্ঠ মাসে কিম্বা তৎপরে অন্য কোন কালে বর্ত্তে নাই।

ফল কথা এই যে—যে ভ্রূণ কখনো সম্পূর্ণ জীবদ্দশাপ্রাপ্ত হইয়া বিদ্যমান হইতে পারে না তাহাতে নিশ্চিত ও যথার্থরূপে স্বত্ব বর্ত্তিবার যে কল্পনা তাহা কথিত হওনমাত্রে অগ্রাহ্য করা উচিত। বিশেষতঃ যে স্থলে দত্তক গ্রহণের সম্ভাবনা থাকে মাত্র তাহা অনেক বৎসর গতে হইতে অথবা কখনো না হইতেও পারে সে স্থলে (যে ভ্রূণ সম্পূর্ণ জীবদ্দশাপ্রাপ্ত হইয়া কখনো বিদ্যমান হইতে না পারে তাহাতে নিশ্চিত ও যথার্থরূপে স্বত্ব বর্ত্তিবার কল্পনা) সাধারণ বিবেচনার বিরুদ্ধ। যদি ঐ কল্পনা স্বীকার ও তদনুসারে কার্য্য করা হয় তবে তাহার ফল এই হইবে যে স্বাভাবিক উত্তরাধিকারির শৃঙ্খলা সম্পূর্ণরূপে উলটিয়া যাইবে,†—কেননা দত্তক পুত্রের দায়াধিকারিদিগের এক শৃঙ্খলা হইবে, এবং ঐ বিধবার মরণে তাহার স্বামির উত্তরাধিকারিদের অন্য শৃঙ্খলা হইবে (যথা এক্ষণে হইতেছে)—তাহার দৃষ্টান্ত এই যে প্রথম অবস্থাতে (অর্থাৎ দত্তকের ধন হইলে) ঐ বিধবার পতির কন্যাদের স্বত্ব এককালে রহিত হইত।

অতএব আমারদিগের মত এই যে উপরি উক্ত বিষয়ে নিজ স্বামির অংশের এবং মহাদেব হইতে তাঁহার উত্তরাধিকারিদিগকে যে বিষয় অর্শিয়াছে ও যাহা প্রতিবাদি বামনদাসের হস্তে আছে তাহার অংশের ডিক্রী বাদিনীর পক্ষে হয়।

বিবেচনা—'কোন ব্যক্তি নিজ পত্নীকে দত্তক গ্রহণের অনুমতি দিলে তদনুমতিকে ঐ পত্নীর গর্ভে তৎপুত্রের গর্ভাধান জ্ঞান কর্ত্তব্য'—এই তর্ক অগ্রাহ্য করণে এবং যে ভ্রূণ সম্পূর্ণ জীবদ্দশাপ্রাপ্ত হইয়া কখনো বিদ্যমান হইতে না পারে তাহার নিশ্চিত ও যথার্থ রূপে স্বত্ব হওয়ার কল্পনা অগ্রাহ্য করণে আদালত ন্যায্য কার্য্যই করিয়াছেন, পরন্তু 'ঐ বিধবা যতকাল দত্তক গ্রহণ না করে ততকাল সে পতির উত্তরাধিকারিণী রূপে নিজ স্বত্বে ধনাধিকারিণী থাকিবে, (পরে) যখন দত্তক গৃহীত হইবে তখন ঐ স্বত্ব বিধবার সম্বন্ধে ধ্বংস হইয়া তৎপুত্রকে বর্ত্তিবে' ইহা বলিয়া ঐ বিধবার নিজ স্বত্বে ঐ বিষয় তাহার হস্তে ডিক্রী করণে ভ্রমের কার্য্য করিয়াছেন। বর্ত্তমান মকদ্দমাতে যে সকল উক্তি করা হইয়াছে বোধ হইতেছে তৎসমস্তই প্রায় এক বিষয়ের ভ্রমমূলক, অর্থাৎ তাহা দত্তক গ্রহণ হওনমাত্রে ঐ বিধবা হইতে স্বত্ব ধ্বংস হইয়া তৎপুত্রে বর্ত্তিতে পারার ভ্রমময় অনুমান মূলক; এবং দৃষ্ট হইতেছে যে এই ভ্রম প্রথমে হেনরি কোলব্রুক সাহেব হইতে হয় (যাঁহা হইতে কখনো এমত ভ্রম হইবার আশা করা যাইতে

* রিপোর্ট, বা. ৫, পৃ. ৩১৫। ব্য. দ. পৃ. ২২০।

† এই বিবেচনা যথার্থ বোধ হইতেছে না,—কারণ দত্তক পুত্র গৃহীত হইলে উত্তরাধিকারির শৃঙ্খলা কিছু মাত্র উলটিতে পারিবে না,—তাহার পর তাহার দায়াদই অধিকারী হইবে, আর যদি দত্তক না হয়, তবে ঐ দত্তকের স্বত্ব বলিয়া ডিক্রী করিলে পরে ঐ দত্তকের দায়াদ পাইবার আশঙ্কাতে মূলধনির দায়াদের নিরাশ হওয়ার যে আশঙ্কা সে মূলে ভুল,—কেননা ঐ পুত্র মূলে গৃহীত না হইলে তাহার স্বত্ব বলিয়া রাখা হইত যে ধন তাহা তাহার অভাব হেতু তৎ পূর্ব্ব স্বামির উত্তরাধিকারির অর্থাৎ ঐ বিধবারই হইবে অতএব এ অবস্থাতেও উত্তরাধিকারির শৃঙ্খলা পরিবর্ত্তনের আশঙ্কা নাই, যেহেতু যখন ঐ দত্তকই হইল না, তখন তাহার উত্তরাধিকারীও হইতে পারিবে না।

† এই বিষয় মূল নিষ্পত্তিপত্রে উক্ত হইয়াছে, ইহাতে ভুলা হয় নাই।

was twofold.' It might be referred *to the period of 'conception or of actual production.'* In the marginal note by Mr. J. C. C. Sutherland, (a gentleman whose opinion on points of Hindoo law is deserving of much respect,) to the case of Lukkhipria,* he has introduced the words :—'Right of succession cannot remain in abeyance in expectation of the future production of such heir, *not conceived* at the time of *succession* opened.' It has been urged that Hindoo rules and family customs have established a period in the sixth month of pregnancy, from which conception, in a legal sense, can be calculated. These, however, are very feeble grounds; and it is obvious that the fanciful analogy, which has been contended for, between a real pregnancy, and a constructive pregnancy through a permission to adopt, will here fail; for the argument has been that the right vests in the child to be adopted *from the moment that permission* to adopt is pronounced by the husband, and not from the sixth month, or any other period after that.

The truth is, that the supposition of a positive and actual right, vested in an embryo, which may never come into full existence, is one which must almost be rejected on the mere statement of it. It is particularly repugnant to reason in the case of a possible adoption, which may be made after the lapse of many years, or may never be made at all. If the supposition were to be admitted and acted upon, the effect would be to alter the whole course of natural inheritance;† for there would be one course of inheritance *as from the son to be adopted,* and another (as is usual at present) from the widow's husband, upon her own death. The rights, for instance, of any daughters of the husband would, in the former case, be wholly set aside.

We are, therefore, of opinion that a decree must pass in favour of plaintiff for her husband's share of the above mentioned property,‡ as well as for that which, it is admitted, descended from Mohadeb to his heirs, and was held by the defendant Bamun Doss.—Sudder Reports, 30th of September 1850.

Remark.—The Court was right in overruling the argument that—'the permission to one's own wife to adopt a son is to be dealt with as the conception of a son in her womb,' as well as in rejecting the supposition of positive and actual right in an embryo which may never come into full existence; but wrong in decreeing that the widow was to have the property in her own right as heir to her husband, until she adopted a son, when divesting of her it was to vest it in the son adopted.—Almost all the rulings in the present case appear to have proceeded from the error in one point,—namely, the erroneous supposition of the widow's being divested of the right, and its being vested in the son as soon as adopted. The error in question seems to have been made originally by Mr. H. Colebrooke (from whom it was not to be expected.) We are nevertheless led to suppose that, at the time of writing the foregoing opinion, it did not occur to the

* Reports, vol. V. p. 315; *ante*, p. 225.

† This does not appear to be accurate, for, if a son be adopted, there would be no change in the order of succession, as in that case the heir of that son would succeed after him; and if a son be not adopted, in such case the apprehension of the succession of the heir of such son, to the exclusion of the heir of the former owner, on the ground of the decree having been made in right of the son, is quite groundless; because, when the expected son did not at all come into existence, the property reserved as his, must, owing to his non-existence, exclusively belong to the heir (that is, the widow) of the original-proprietor: so, in this case also, there is no apprehension of the order of succession being changed, inasmuch as, when the adopted son did not come into existence, there could be no heir to him.

‡ The mention of this property is not quoted here from the original decision.

পারিত না)। বোধ হইতেছে উপরি উক্ত মত লিখিবার সময়ে ঐ পণ্ডিতবর সাহেবের মনে স্মরণ হয় নাই যে যেশাস্ত্রানুসারে তিনি ঐ মত দিতেছেন সেই শাস্ত্রানুসারেই স্বত্ব একবার কোন ব্যক্তিতে বর্ত্তিলে ঐ ব্যক্তি যতকাল থাকে বা স্বত্বনাশকদোষবর্জ্জিতরূপে বাঁচিয়া থাকে অথবা উপরতস্পৃহ হইয়া পরিত্যাগ না করে ততকাল ঐ স্বত্ব তৎ সম্বন্ধে ধ্বংস হইতে এবং অন্য ব্যক্তিতে বর্ত্তিতে পারে না,—নতুবা ঐ পণ্ডিতবরকর্ত্তৃক তাদৃশ ভ্রমময় মত লিখিত হওন সম্ভাব্য নহে; এবং যখন কোল্‌ব্রুক সাহেব কর্ত্তৃক এই ভ্রম হইল তখন তাহা শাস্ত্র বিষয়ে লেখক অন্য সাহেব কর্ত্তৃক সংশুদ্ধ হইবে এমত আশা করা যাইতে পারে না। উক্ত ভ্রমে ভ্রান্ত হইয়া সদর আদালত তদনুরূপে এই ডিক্রী করিয়াছেন। আমি এমত বলি না যে ঐ বিধবার পক্ষে ডিক্রী করা অনুচিত হইয়াছে, কিন্তু আমি ইহা বলি যে উক্ত কারণে ঐ বিধবাকে পতির উত্তরাধিকারিণী বলিয়া তাহার নিজ স্বত্বে তাহার হস্তে ডিক্রী দিয়া আবার দত্তক পুত্র গৃহীত হইলে সে ঐ বিধবার স্বত্ব ধ্বংস করিয়া স্বয়ং স্বত্ববান্ হইবে এমত আদেশ করা শাস্ত্রসম্মত হয় নাই,—কেননা ঐ বিধবার স্বত্ব জন্মিয়াগেলে পর দত্তক পুত্র গৃহীত হইলেও শাস্ত্রানুসারে তদ্বিধবার স্বত্ব ধ্বংসে ঐ দত্তকের স্বত্ব হইতে পারে না। এতাবতা তৎসম্ভাব্য দত্তক পুত্রের উদ্দেশে ঐ বিধবার পক্ষে বিষয় ডিক্রী করাই উচিত ছিল তাহা করিলে ঐ বিধবা অধিকারিণী পত্নীর ন্যায় বিষয়ের উপভোগ রূপ ফল পাইতে পারিত, অথচ দত্তক পুত্র গৃহীত হইলে পর সে তাহাতে অধিকারী হওয়ার কোন বাধা থাকিত না। পরন্তু যে রূপ ডিক্রী করা হইয়াছে তাহাতে ঐ পত্নী থাকিতে বা নির্দ্দোষে বাঁচিয়া থাকিতে অথবা সে পরিত্যাগ না করিলে দত্তক পুত্র ডিক্রীতে আদেশ থাকিলেও তদ্ধনাধিকারী হইতে পারিবে না।

আদালত (এমত) কএকটি প্রমাণ তুলিয়া (যাহা প্রকৃত প্রস্তাবে বিচার্য্য বিষয়ে প্রযুজ্য নয়) বিচার করিলেন যে ঐ বিধবা যতকাল দত্তক গ্রহণ না করে ততকাল সে নিজে দায়াধিকারিণী থাকিবে, অনন্তর দত্তক পুত্র গৃহীত হইলে সে ঐ বিধবার স্বত্বাধিকার নাশ পূর্ব্বক অধিকারী হইবে,—কিন্তু এই বিচার যে ঐ দত্তক পুত্রের অধিকারজ্ঞাপক হইয়াও তদধিকারের বাধক হইল বোধ হইতেছে এ বিবেচনা তাঁহাদের হয় নাই,—অর্থাৎ বিধবাকে তাহার নিজ স্বত্বে দায়াধিকারিণী করিলে পর যে দত্তক পুত্র শাস্ত্রানুসারে তাহার স্বত্ব নাশ পূর্ব্বক স্বয়ং তদ্ধনাধিকারী হইতে পারিবে না ইহা বিচার কালে বিচারপতিদিগের মনে পড়ে নাই। এমত নিষ্পত্তির মত শাস্ত্রবিরুদ্ধ ও যুক্তিবিরুদ্ধ আর কিছুই হইতে পারে না যদ্দ্বারা প্রপৌত্রের পর জঘন্য স্বত্ববতী পত্নী মুখ্য দায়াধিকারি ও সকল দায়াধিকারিকে নিরাসকারী যে পুত্র তাহাকে যাবজ্জীবন নিরাস করিয়া অধিকারিণী হয় ও থাকে। অতএব উক্ত ডিক্রী প্রাগুক্ত বশিষ্ঠ বচন ব্যাখ্যানুসারেই* হওয়া উচিত ছিল—অর্থাৎ এমত হুকুম হওয়া উচিত ছিল যে বাদিনী ঐ বিষয় তাহার সম্ভাব্য পুত্রের নিমিত্তে পাইবে, ও পুত্র গৃহীত হইলে সে তাহাতে অধিকারী হইবে। এমত করিলে তৎপুত্রের অধিকারে প্রতি শাস্ত্রানুসারে কোন প্রতিবন্ধক থাকিত না, বাদিনীর পক্ষে হানি হইত না, উত্তরাধিকারির শৃঙ্খলা পরিবর্ত্তনও হইত না,—কেননা তাহাতে পুত্র গৃহীত হইলে সে অনায়াসে ঐ বিষয়ে অধিকারী হইতে পারিত, বাদিনী যে রূপ ফলভোগিনী হওয়া উক্ত ডিক্রীতে বিবেচিতা হইয়াছে, ইহাতেও সেইরূপ উপভোগাধিকারিণী হইত, (অর্থাৎ বিরোধীয় বিষয় তাহার নিজ স্বত্বে ডিক্রী হউক বা ভাবি পুত্রের স্বত্বরূপে ডিক্রী হউক উভয়থা ঐ বিধবার একই ফল হইত, কেননা উভয়থা সে শাস্ত্রবিহিত সঙ্কুচিতরূপে যাবজ্জীবন বিষয়ের উপভোগ করণে ক্ষমতা পাইত মাত্র,) এবঞ্চ কোন ভ্রূণ শব রূপে বা জীবিত কন্যা রূপে ভূমিষ্ঠ হইলে যেমত তাহার নিমিত্তে রক্ষিত বিষয়ে পূর্ব্বস্বামির কন্যাপেক্ষা প্রবল উত্তরাধিকারী অধিকারী হয়, দত্তক পুত্র না হইলেও সেইরূপ হইত।

* দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ১০৪১ ও ১০৭৭, নোট্।

mind of that learned gentleman that, according to the law, which he was administering, the right once vested in one could not be divested from that person and vested in another as long as the former lived, or continued free from any of the faults causing disinherison, or voluntarily abandoned it; or else that scholar was not the person to write so unfounded an opinion. And when Mr. Colebrooke fell into such an error, it could by no means be expected to be rectified by the other gentlemen who wrote on the subject. Misled by that erroneous opinon, the Sudder Court accordingly passed the above decree. I do not say that the Court were wrong in making the decree in favor of the widow, but I do say that they did not act consistently with Hindoo law in making the decree in her favor, declaring her (on the above mentioned ground) to be heir to her husband, and holding at the same time that, as soon as a valid adoption should be made by her, she would be divested of the property already held by her; and the same should vest in the son; inasmuch as, according to our law, the right vested in the widow cannot be divested from her and vest in the son subsequently adopted. The court ought therefore to have passed the decree in favor of the widow, but for the behoof of the son to be adopted, as in that case, she, like a widow, could enjoy the benefit of the property, and there could be no legal impediment to the succession of her son, when adopted. But according to the decree, as it has been made, the adopted son, when he came into existence, would not by law be entitled to the property, notwithstanding the decretal order, so long as the widow lived, or continued free from any defect causing disinherison, or voluntarily abandoned it.

The Court, by citing some authorities, which strictly speaking are irrelevant to the matter in question, held that the widow should inherit until the actual adoption of the son, who, when adopted, would take the inheritance, which, passing from the widow, would then vest in the son but they appear not to have perceived the barrier thrown by such holding of theirs to the succession of the son when adopted; that is to say, they provided that the widow should inherit the property until the adoption of a son by her, and that such son, when adopted, would be vested with the property, and the widow, divested of it, but at the same time forgot that such order could not be executed consistently with the law, according to which property already vesting in the widow could not be divested from her and vested in the son. Nothing could therefore be more illegal and absurd than the finding by which a son, who is the best and foremost of all heirs, and has a right to inherit to the exclusion of all other heirs, should himself be excluded by the widow, who by our law has a much weaker right, and is excluded not only where there is a son, but also where there is a son's son or son's grandson (in the male line.) The decree in question ought therefore to have been, as already said, according to the interpretation of the text of *Vashishtha**,—that is, the widow ought to have been ordered to have the property in behoof of her to-be son, who would take it, when adopted, as in that form there would be no legal impediment to the succession of the son, no injury to the widow, and no change in the order of succession;—the son being enabled to inherit the property as soon as adopted, the widow having the same benefit under it as is contemplated under the decree in question, (for, whether the property sued for be decreed to her in her own right or in right of her to-be son, the effect as respected herself would be the same, namely, in both cases she would only have a restricted life interest as prescribed by the law,) and as in the case of a fœtus being born dead, or a living daughter, the heir of the former owner, whose claim is superior to that of a daughter, is entitled to the property reserved for the fœtus, so also would be the case in the instance of non-adoption of the son.

* See *ante*, pp. 1042 & 1068, notes.

(মৃত রামলক্ষ্মীদেবীর অপ্রাপ্তব্যবহার দত্তক পুত্র ঈশ্বরচন্দ্র রায়ের ওসী) রামকৃষ্ণ সরখেল আপিলান্ট—বনাম—মোসম্মাৎ শ্রীমতীদেবী প্রভৃতি-রেস্‌পণ্ডেন্ট্‌।

মোসম্মাৎ রামলক্ষ্মীদেবী জমীদারী কৃষ্ণরায় চৌধুরীর সাড়ে তিন আনা অংশের এক আনা তিনগণ্ডা এক কড়া এক ক্রান্তি পরিমাণে এবং উক্ত কৃষ্ণরায় চৌধুরী নামে খ্যাত তালুকের পাঁচ আনা ছয় গণ্ডা দুই কড়া অংশে আর নৃসিংহদেব রায় নামে খ্যাত তালুকের পাঁচ আনা সাড়ে ছয় গণ্ডা অংশে দখল পাইবার নিমিত্তে রেস্‌পণ্ডেন্ট্‌ প্রভৃতির নামে এই নালিশ উপস্থিত করে।

আর্জির বয়ান এই যে উপরি উক্ত ভূমিসকল বাদিনীর শ্বশুর কালিকাপ্রসাদের সম্পত্তি,—তিনি বাঙ্গলা ১২২৩ সালের পৌষ মাসে কালপ্রাপ্ত হয়েন, বাদিনী ও তাহার গৃহীত দত্তক পুত্র তাঁহার উত্তরাধিকারি। পরন্তু তাঁহার মৃত্যু ঘটনায় বাদিনীর শ্বশুরের দুহিতা শ্রীমতীদেবী নিজ পতি কালীপ্রসাদ গাঙ্গুলি এবং আর২ প্রতিবাদির সহিত মন্ত্রণা করিয়া ঐ বিষয় দখল করিয়া লইয়াছে, তন্নিমিত্তে বাদিনী উক্ত বিষয়ের স্বত্বাধিকারী যে তৎপুত্র তাহার নিসৃষ্টার্থরূপে নালিশ করে।

প্রতিবাদিদের মধ্যে একজন কালীপ্রসাদ গাঙ্গুলি বয়ান করে যে মৃত কালিকাপ্রসাদ তাহার সহিত নিজ কন্যার বিবাহ দেন, এবং পুত্র সন্তান বর্ত্তমান না থাকাতে আর্জ্জিভুক্ত তাবৎ ভূমি এক দানপত্র-দ্বারা ঐ প্রতিবাদিকে দেন ও তৎসম্বলিত শায়স্তানগরের অন্তর্গত কতক ভূমি এবং আরঙ্গপুর পরগণার অন্তর্গত কৃষ্ণরাম রায় নামক তালুক-ও দিয়া যান, কেবল নিজ ভরণ পোষণের নিমিত্তে দুই মৌজা রাখেন, ও মৃত পুত্রের পত্নীর অর্থাৎ বাদিনীর ভরণ পোষণের নিমিত্তে এক মৌজা রাখেন। অপিচ তাহার শ্বশুর আর এক দস্তাবেজ লিখিয়া দেন যদ্দ্বারা এমত একরার করেন যে নিজ ভরণপোষণার্থে যে দুই মৌজা পৃথক্‌ রাখিলেন তাহা তন্মরণান্তে তাঁহার কন্যা শ্রীমতীর হইবে। কালিকাপ্রসাদের জীবনকালেই প্রতি-বাদী উক্ত দলীলের বুনিয়াদে ঐ বিষয় দখল করিয়াছে ও তদবধি মালগুজারি করিয়া আসিতেছে। সে আরো বয়ান করে যে বাদিনীর পতি দত্তক গ্রহণার্থ তাহাকে অনুমতি না দিয়া কালপ্রাপ্ত হইয়াছে,— এতাবতা যে দত্তকতার উপর বাদিনীর আদ্দাশ নির্ভর করে তাহা সর্ব্বথা অশাস্ত্রীয় বিবেচনা করিতে হইবে।

বাদিনী জিলা আদালতের নিষ্পত্তিতে অসন্তুষ্টা হইয়া ঢাকার প্রবিন্সাল কোর্টে আপীল করে; এবং কালিকাপ্রসাদ মরাতে তৎপত্নী শ্রীমতী আপনাকে তাহার উত্তরাধিকারিণী প্রমাণ করিয়া মকদ্দমা চালায়। ঐ কোর্টের প্রথম জজ তৃতীয় জজের সহিত একমত হইয়া যে বিচার করিলেন তাহার মর্ম্ম এই যে আপিলান্টের দাবীর ডিস্‌মিস্‌ স্থিরতর থাকিবে, কিন্তু ঈশ্বরচন্দ্রের দত্তকতার অসিদ্ধি বিষয়ক যে উক্তি তাহা স্থিরতর থাকিবে না।

আপিলান্টের খাস আপীলের ওজর সদর দেওয়ানী আদাতে মঞ্জুর হইল। এবংআদালতের পণ্ডি-তের প্রতি বক্ষ্যমাণ প্রশ্ন কএকটি করা হইয়া তাঁহা হইতে তাহার উত্তর প্রাপ্তি হইল।

প্রথম প্রশ্ন,—বঙ্গদেশবাসী কোন হিন্দু এক সধবা দুহিতা রাখিয়া এবং আপনার অগ্রে মৃত পুত্রের এক দত্তক পুত্র রাখিয়া লোকান্তরগত হয়েন; তাঁহার মৃত্যুর কএক বৎসর পরে ঐ দুহিতা এক পুত্র প্রসব করে। এমত অবস্থায় বঙ্গদেশ প্রচলিত শাস্ত্রানুসারে তাঁহার দায়রূপ ধন তৎপুত্রের দত্তককে অর্শিবে, অথবা তাহার দৌহিত্রকে অর্শিবে;—যদি উভয়কেই অর্শে, তবে তৎপ্রত্যেকের অংশের পরিমাণ কি?

দ্বিতীয় প্রশ্ন,—কোন হিন্দু বিধবা পতি হইতে দত্তক গ্রহণের অনুমতি প্রাপ্তা হইয়া পতির মৃত্যুর দশ বৎসর পরে দত্তক গ্রহণ করে, ঐ বিধবা নিজ পতির মৃত্যুর এত দীর্ঘকাল পরে দত্তক গ্রহণ করাতে তাহা বৈধ ও শাস্ত্রসিদ্ধ কি না? ও তাদৃশ দত্তক পুত্র গ্রহীতৃমাতার শ্বশুরের ধন পাইতে অধিকারী কি না?

Ramkishen Surkeyl, (Guardian of Iswur Chunder Roy, minor, adopted son of Ramlukkhee Debya, deceased,) appellant, versus *Mussummat Sreemotee Debya, and others, respondents.*

CASES Bearing on the Vyavasthá No. 592.

I. This was an action brought by *Mussummat* Ramlukkhee Debya, against the present respondent and others, to obtain possession of a one *anna*, three *gunda*, one *cowree*, one *krant* share of a three and half anna share in the Zemindary of Kishenram Roy Choudery, of a five *anna*, six *gunda*, tow *cowree* share of a *talook* known by the name of the said Kishenram Roy, and of a five *anna*, six and half *gunda* share in a *talook* known by the name of Nursingdeb Roy.

The plaint set forth that the above lands had been the property of the plaintiff's father-in-law Kalikaprosaud, who died in the month of Pous 1223, B. S., and of whom she and a son adopted by her were the heirs; that however on the occurrence of the aforesaid death, the defendant Sreemotee Debya, daughter of her father-in-law, with Cally Prosaud Gangooly her husband, had conspired with the other defendants, and taken possession of the estate; that, therefore, she sued in her capacity of guardian of her son who was the rightful proprietor.

Cally Prosaud Gangooly, one of the defendants, stated that the deceased Kalikaprosaud had given his daughter in marriage to him, and, having no son living, had made over to him, the defendant, by a deed of gift, all the lands included in the present plaint, with some others situated in the pergunnah of Shayustanugur and a talook known by the name of Kishenram Roy, in the pergunnah of Arungpore, reserving only two mouzahs for his own maintenance, and one for that of the plaintiff, his deceased son's wife; that his father-in-law had, at the same time, executed an engagement promising that, on his death, the two mouzahs, which he had set aside for his own support, should belong to his daughter Sreemotee; that he, the defendant, had obtained possession through the aforesaid deed during Kalikaprosaud's life time, and had paid the *jumma* ever since. He further stated that the husband of the plaintiff had died without giving powers to his wife to adopt a son; and that, therefore, the adoption on which the plaintiff rested her plea must be held altogether illegal.

The plaintiff, dissatisfied with the Zillah Court's decision, appealed to the Provincial Court of Dacca; and Cally Prosaud dying, his widow *Sreemotee*, proving herself to be his heir, maintained the suit.

The first Judge of the Court, agreeing in the opinion of the third Judge, gave judgment to the effect that the dismission of the appellant's claim should be affirmed, but the declaration as to the illegality of the adoption of Iswur Chunder should not be maintained.

The appellant's plea of special appeal was admitted in the Sudder Dewanny Adawlut.

The following interrogatories were put to the court *pundit*, and answers received from him. *Question* 1st.—A Hindoo inhabitant of Bengal died, leaving a daughter, whose husband is alive, an adopted son of his son who died before him; and some years after his death his daughter brought forth a male child. In this case, according to the law, as current in Bengal, will his inheritance devolve on the adopted son of his son, or on his daughter's son? if on both, what are their respective shares?

Question 2nd.—A Hindoo widow, having obtained her husband's sanction to adopt a son, does so ten years after his death. Is the adoption which took place after so long a period from her husband's death good and legal, and is such adopted son entitled to inherit from his adopting mother's father-in-law or otherwise?

তৃতীয় প্রশ্ন,—ঐ দত্তক তাহার পিতামহের অনুজ্ঞা ও সম্মতিতে উক্ত বিধবাকর্ত্তৃক গৃহীত হইয়াছিল, দত্তক গৃহীত হওনের পর তিনি পুত্রবধূর উপর বিরক্ত হইয়া জামাতাকে এক দানপত্র লিখিয়া দিয়া পৈতৃক ও স্বোপার্জ্জিত সমুদায় ভূমি-সম্পত্তিতে তাহাকে দখিলকার করেন। এমত অবস্থায়, ঐ দানপত্র সিদ্ধ কি না, ও তাহা উক্ত বিষয়ে ঐ দত্তক পুত্রের অধিকারী হওনের বাধক কি না ?

চতুর্থ প্রশ্ন,—দত্তক গৃহীত হওনের পূর্ব্বে যদি তৎপিতামহ নিজ জামাতাকে দানপত্র লিখিয়া দিয়া থাকেন, তবে এমত অবস্থায় তাহার বিষয় ঐ দত্তক পুত্রকে অর্শিবে কি না ?

পঞ্চম প্রশ্ন,—উক্ত দাতা যদি ঐ দানপত্র বাঙ্গলা ১২২১ বা ১২২২ সালে দস্তখত করিয়া জামাতার সহিত যোগ সাজসে তাহা পূর্ব্বকার (অর্থাৎ) বাঙ্গলা ১২১৮ সালের তারিখ দিয়া থাকেন, তবে এমত অবস্থায় ঐ মিথ্যা লিপি থাকার নিমিত্তে ঐ দানপত্র অসিদ্ধ ও অকর্ম্মণ্য গণ্য হইবে, অথবা ইহাতে-ও তাহা বৈধ ও শাস্ত্রসিদ্ধ বিবেচিত হইবে ?

প্রথম উত্তর,—বঙ্গদেশবাসী কোন হিন্দু যদি পুত্রসম্ভাবিতা এক দুহিতা রাখিয়া আর আপনার অগ্রে মৃত নিজপুত্রের এক দত্তক পুত্র রাখিয়া মরে, এবং তাহার কএক বৎসর পর ঐ দুহিতার এক পুত্র হয়, তবে এমত অবস্থায় ঐ দুহিতা ও তাহার পুত্র বাঁচিয়া থাকিতে-ও ঐ দত্তক পুত্র ধনাধিকারী হইতে অধিকারী। পরন্তু দায়ভাগধৃত দেবলবচনে এবং ধর্ম্মশাস্ত্রকারিদের মধ্যে প্রধান যে মনু তাঁহার বচনে উক্ত বিষয়ে মতবৈলক্ষণ্য আছে। এই মত মনুবচনানুসারে দত্ত হইল।

দ্বিতীয় উত্তর,—কোন হিন্দু বিধবা পতির অনুমতি প্রাপ্তা হইয়া পতির মৃত্যুর দশ বৎসর পর দত্তক গ্রহণ করিতে পারে, ও তদ্দত্তকতা সিদ্ধ। তাদৃশ দত্তক পুত্র গ্রহীতৃপিতার পিতৃধনে অধিকারী,—কেননা দত্তক গ্রহণের নিমিত্তে এমত কোন সময় নির্ণীত নাই যে তাহা অতীত হইলে পর দত্তকতা অসিদ্ধ হইবে।

তৃতীয় উত্তর,—ঐ বিধবা যদি মৃত পতির ও তৎপতির পিতার সম্মতিতে দত্তক গ্রহণ করিয়া থাকে, অনন্তর ঐ পিতা যদি পুত্রবধূর প্রতি বিরক্ত হইয়া নিজ স্থাবর অস্থাবর বিষয় জামাতাকে দিয়া থাকেন, তবে ঐ দানকে অসিদ্ধ বিবেচনা করিতে হইবে। এবং তদ্দ্বারা ঐ দত্ত বিষয়ে উক্ত জামাতার কোন স্বত্ব হইতে পারে না।

প্রমাণ,—"ভয়ার্ত্ত, রাগার্ত্ত, কামার্ত্ত, শোকার্ত্ত, এবং অচিকিৎস্যরোগার্ত্ত প্রভৃতি ব্যক্তিকর্ত্তৃক যাহা দত্ত হয় তাহা অদত্ত বিবেচনা করিতে হইবে"। বিবাদার্ণবসেতুধৃত নারদবচন।

চতুর্থ উত্তর,—যদিও ঐ পিতামহ দত্তক গ্রহণের পূর্ব্বে নিজ বিষয় জামাতাকে দানপূর্ব্বক এক দানপত্র সহি করিয়া দিয়া থাকেন, তথাপি তদ্বিষয়ে ঐ দত্তক পুত্রের স্বত্ব অগ্রে বর্ত্তিয়াছে,—কেননা পরে গৃহীত দত্তকের ঐ সমস্ত অধিকারই হয় যাহা পিতৃমরণকালীন গর্ভস্থ পশ্চাৎ ভূমিষ্ঠ পুত্রের হইয়া থাকে।

প্রমাণ,—"যাহারা জাত; যাহারা (অদ্যাপি) অজাত, ও যাহারা গর্ভে স্থিত সকলেই জীবিকা আকাঙ্ক্ষা করে, জীবিকালোপ বিগর্হিত কর্ম্ম"॥—দায়ভাগধৃত মনুবচন।

পঞ্চম উত্তর,—ঐ দাতা যদি বাঙ্গলা ১২২১ বা ১২২২ সালে নিজ জামাতাকে দানপত্র সহি করিয়া দিয়া, পুত্রের দত্তককে বঞ্চনা করিবার নিমিত্তে পূর্ব্বকার (অর্থাৎ) বাঙ্গলা ১২১৮ সালের তারিখ দিয়া থাকেন, এমত অবস্থায় ঐ দানপত্রে মিথ্যা লিপি থাকাতে তাহা অসিদ্ধ ও অকর্ম্মণ্য বিবেচনা করিতে হইবে। এই ব্যবস্থা মনু ও দায়ভাগ এবং বঙ্গদেশে প্রচলিত আর২ গ্রন্থমতানুমত।

৫২২ সংখ্যক ব্যবস্থার। নজীর।

Vigyáneshwara has laid down almost the same doctrine. Thus: "*Manu*, having premised two sets of six sons, declares the first six to be heirs and kinsmen; and the last to be not heirs, but kinsmen: 'The true legitimate issue, the son of a wife, a son given, and one made by adoption, a son of concealed origin, and one rejected (by his parents,) are the six heirs and kinsmen. The son of an unmarried woman, the son of a pregnant bride, a son bought, a son by a twice married woman, a son self-given, and a son by a *shúdrá* woman, are six not heirs but kinsmen.'—

* "With every quality"—class, science, and observance of duties.—D. Ch. Sect. V. § 20.

† See *ante*, pp. 283, 285. ‡ See *ante*, pp. 283, 285.

§ The above commentary is quoted from the Institutes of *Manu*, published under the authority of the Committee of Public Instruction.—Although the reading of the commentary on the above text of *Manu*, as quoted in the *Vivádabhangárnava*, and translated by Mr. Colebrooke, is somewhat different from that of the commentary inquestion, yet both are of the same purport and result.—The reading of the latter commentary is as follows: "*Manu*, sprung from the self-existent *Brahmá*, and first of the fourteen *Manus*: among those twelve sons of men whom he has named, the first six are pronounced as kinsmen and heirs to collaterals: the result is, that, as kinsmen, they offer the funeral cakes and water to *sapindas* and *samánodakas*; as heirs, they succeed to the heritage of their collateral relations on failure of male issue, as well as to the estate of their own father. The last six may not take the heritage of any except their owr father; but they partcipate in his wealth. for it is declared generally without any exception, that sons inherit the estate of their father."—Coleb. Dig. vol. III. p. 146.

নিকট দায়াধিকারির অভাবে পূর্ব্বষট্ক নিজপিতৃ-সপিণ্ড সমানোদকদের ধনে অধিকারি, উত্তর ষট্কের সে অধিকার নাই।—মিতাক্ষরা, পৃ. ২০৪।

সমানোদকানাং সন্নিহিত রিক্থহরাভাবাত্তু পূর্ব্বষট্কস্য তদ্রিক্থহরত্বমুত্তরষট্কস্য তু তদাপি" ।—মিতাক্ষরা, পৃ. ২০৪।

বহু গ্রন্থকর্ত্তার আদৃত এই সমন্বয়ই অধুনা প্রযুজ্য বলিয়া প্রচলিত, কেননা কলিতে গুণবান্ দত্তকাভাবে গুণবান্ ও গুণহীন ভেদে কৃত যে প্রাগুক্ত সমন্বয় তাহা ব্যর্থই*। অতএব,—

বহুভির্গ্রন্থকৃদ্ভিরাদৃত এবএব সমন্বয়োঽধুনা প্রযুজ্যত্বেন প্রচলিতঃ,—গুণবদগুণবদ্ভেদেন কৃত প্রাগুক্ত সমন্বয়স্য কলৌগুণবদ্দত্তকাভাবেন ব্যর্থত্বাৎ*। অতএব,—

ব্যবস্থা। ৫৯৫ দত্তক সগোত্র বন্ধুর ধনে অধিকারী, অসগোত্র বন্ধুর ধনে নয়।

৫৯৫ দত্তকঃ সংগোত্র-বন্ধু-ধনে অধিকারী, নত্বসগোত্রবন্ধুধনে।

প্রমাণান্তর। দত্তক চন্দ্রিকার টীকা-কর্ত্তা তদ্বিবৃতিতে কুল্লূকভট্টের মতানুগামী হইয়া তন্মতই ব্যবস্থাপিত করিয়াছেন, তদুক্তি যথা,—"যেমন দত্তক পিতার ধনে অধিকারী তদ্রূপ পিতামহাদি এবং মাতামহাদি বন্ধুর ধনেও অধিকারী হয় (৩০। ২০) ইহা দত্তকচন্দ্রিকার মতে বোধ হয় বটে, কিন্তু অনেক মুনিবচনে যদ্যপি দত্তকের পূর্ব্বষট্ক মধ্যে গণনা করেন নাই তথাপি সকল স্মৃতি হইতে মনুর স্মৃতির প্রাধান্য, মনু পূর্ব্ব ষট্ক মধ্যে দত্তকের গ্রহণ করিয়াছেন,—এ বিধায় নিবন্ধারা এই ব্যবস্থা স্থির করিয়াছেন যে দত্তক সগোত্র-বন্ধুর ধন পাইতে পারিবেন, ভিন্ন-গোত্র বন্ধু মাতামহাদির ধনে অধিকারী হইবেন না। তদনুসারে আদালত পর্য্যন্ত-ও এই ব্যবস্থা চলিতেছে, এবং এরূপ মীমাংসায় সকল বচনের সমাধা-ও হইয়া উঠে,—যে যে মুনি দত্তককে বন্ধুদায়াদ বলেন নাই সে বন্ধু অসগোত্র বন্ধু অর্থাৎ মাতামহাদি রূপ বন্ধু জানিবে, আর যে যে মুনি বন্ধুদায়াদ রূপে দত্তককে পরিগণিত করিয়াছেন সে সগোত্র বন্ধু পিতামহ ভ্রাতৃ প্রভৃতি জানিবে।—ইহার প্রমাণ ২১৩ পৃষ্ঠায় মনু সংহিতার ১৫৮ শ্লোকের টীকা দৃষ্টি করিলে পাইবে‡।—দত্তক চন্দ্রিকার তাৎপর্য্যার্থ বিবৃতি, পৃ. ৫, ৬। অতএব,—

আর এক কথা—যাহার উপর অনেক বিবাদ হইয়াছে, তাহা—এই যে দত্তকরূপে গৃহীত পুত্র যেমত ক্রমাগত ধনে অধিকারী তদ্রূপ জ্ঞাতির ধনে অধিকারী কি না,—একণে ন্যায্যরূপেই বলা যাইতে পারে যে ঐ কথার মীমাংসা হইয়া সে তদ্ধনে অধিকারী ইহা স্থির হইয়াছে। জীমূতবাহন নিজ দায়ভাগে—দত্তকরূপে গৃহীত পুত্র গ্রহীতৃপিতার কুটুম্বের (অর্থাৎ জ্ঞাতি প্রভৃতির) ধনে অধিকারী হইতে পারে না এই আপত্তি করিয়াছেন বটে; কিন্তু ঐ মত মনুবচনের বিরুদ্ধ হওয়াতে কিছু মাত্র মান্য হইতে পারে না। পরন্তু বিবেচ্য এই যে বন্ধুর বা ভিন্ন গোত্র সম্পর্কীয়ের ধনে এরূপে গৃহীত পুত্রের শাস্ত্রানুসারে কোন দাওয়া নাই, যথা যে নারীকে পিতৃধন অর্শিয়াছে সে যদি পতির অনুমত্যনুসারে দত্তক পুত্র গ্রহণ করে, তবে তাদৃশ দত্তক পুত্র গ্রহীত্রী মাতার মরণে ঐ ধনে অধিকারী হইবে না; নিকটতর দায়াদ না থাকিলে ঐ ধন ঐ নারীর পিতার ভ্রাতৃপুত্রকে অর্শিবে। সদরদেওয়ানী আদালতে অধুনা নিষ্পন্ন এক

*০ দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ১০৮২, ১০৮৪ ও ৮০৮৩।

† দত্তক চন্দ্রিকায় উক্ত বন্ধু-ধনাধিকারী দত্তক পদে গুণবান্ দত্তক বোধ্য, কারণ টীকাকর্ত্তা প্রমাণার্থে নিজ বৃত্তিতে দত্তক চন্দ্রিকার ৩০ পৃষ্ঠার ২০ পংক্তিতে বরাত দিতেছেন, (তদ্যথা—'এতেনৌরসস্য ভ্রাত্রাদি ধনে যেনৈব ভ্রাতৃত্বাদিনা সম্বন্ধেনাধিকারিত্বং তাদৃশেনৈব সম্বন্ধেন তাদৃশ দত্তকস্যাপি যথা সম্ভবমুচিতাংশভাগিত্বমবধেয়ং। অস্যার্থঃ—যে ভ্রাতৃত্বাদি সম্বন্ধজন্য ঔরস পুত্র ভ্রাত্রাদির ধনে অধিকারী, তাদৃশ সম্বন্ধজন্যই তাদৃশ দত্তক উচিতাংশভাগী ইহা অবধেয়। কিন্তু ইহা তদব্যবহিত পূর্ব্ববর্ত্তি ১৮ ও ১৯ পংক্তিতে লিখিত কথার ফলবাচক মাত্র, তাহাতে (বন্ধু-ধনে) গুণবান্ দত্তকের অধিকার ও নির্গুণ দত্তকের অনধিকার উক্ত হইয়াছে (দ্রষ্টব্য ব্য. দ. পৃ. ১০৮৯)।

‡ এতথা কুল্লূকভট্টের কৃত ব্যাখ্যা, সমন্বয় ও মীমাংসা সঙ্গত হইয়াছে।

That must be expounded as signifying that the first six may take the heritage of their father's collateral kinsmen (*sapindas* and *samánodakas;*) if there be no nearer heir, but not so the last six.—: *Mitákshará*, Ch. I. Sect. 11, § 30, 31, p. 317.

Respected and adopted by many authors, this reconciliation is the prevalent one, as being applicable to the present age: the other, made as it is by distinction of the *dattaka* son's being endued or not endued with qualities, is at present quite useless, a *dattaka* son endued with good qualities being are in the *Kali* age. Consequently,—

Vyavasthá.

594. The *dattaka* or given son is entitled to inherit from a *bandhu* of the same race as his adoptive father, but not from a *bandhu* of a different race.

Additioanl Authority.

The commentator on the *Dattaka-Chandriká* has, in his Synopsis, exclusively adopted the above mentioned doctrine of *Kullúka Bhatta*. Thus: "As a *dattaka* son is entitled to inherit from his (adoptive) father, so is he entitled to the property of his maternal grandfather and the other *bandhus* or cognates: this is according to the doctrine of the *Dattaka-Chandriká*.* But (although) many of the sages have included the *dattaka* son amongst the last six sons, yet *Manu*, who held the first rank amongst legislators, having included him among the first six, the compilers of the Digests have come to this decision that a *dattaka* son is entitled to inherit from those *bandhus* who belong to the *gotra* or race to which his adoptive father belonged, he shall not be entitled to the property of the *bandhus* of a different race, (such as) the maternal grandfather and the rest. This opinion is accepted and acted upon by the Courts of justice; and the decision has reconciled all the texts. Those legislators who declared the *dattaka* son not entitled to the property of *bandhus*, must have meant the *bandhus* of a different *gotra* or race, that is, the maternal grandfather and the like. And the other legislators, who recognised the *dattaka* son to be entitled to the property of *bandhus*, must have meant them to be such *bandhus* as are of the same *gotra*, (viz.) the paternal grandfather, brother, and the rest. For authority hereof, see *Manu* (Sanscrit,) page 14, verse 158."†

Another point, which has been the subject of much discussion, is, as to whether an adopted son by the *dattaka* form succeeds collaterally, as well as lineally; but this may now be fairly said to be set at rest, and decided in the affirmative. It is true that *Jímútaváhana*, in the *Dáyabhága*, has contended that the son adopted in the *dattaka* form cannot succeed to the property of his adopting father's relations; but the doctrine, being in opposition to the text of *Manu*, cannot be held entitled to any weight. It should be observed, however, that a son so adopted has no legal claim to the property of a *bandhu* or cognate relation: for instance, if a woman, on whom her father's estate had devolved, adopt a son with the permission of her husband, the son so adopted will not be entitled to such estate, on his adopting mother's death. It will go to her father's brother's son, in default of nearer heirs. This point was determined

* By a *dattaka* son, entitled to inherit from a *bandhu*, is, however, meant, in the *Dattaka-Chandriká*, that son who may be endued with good qualities; inasmuch as the commentator for his authority refers to line 20, page 30 of the Sanscrit *Dattaka-Chandriká*, published by himself, but this line, the translation whereof is as follows: ('Therefore, by the same relationship of brother, and so forth, in virtue of which the real legitimate son should succeed to the estate of a brother or other kinsmen, where such son may not exist, (the adopted son) takes the whole estate even'—) is the consequential clause of the lines 18 and 19 just above it, wherein the title and non-title of a *dattaka* son is recognised, in accordance with his being endued with good or bad qualities. See D. Ch. Sect. V. § 22, 23, and *ante*, p. 1090.

† By this he alludes to the interpretation, reconciliation, and determination of *Kullúka Bhatta* already noticed.

মকদ্দমাতে§ এই কথার মীমাংসা হইয়াছে। পুত্রের দত্তক জ্ঞাতি ধনে অধিকারী ইহা স্বীকৃত হইয়াও যে দুহিতার দত্তক গ্রহীত্রী মাতার পিতৃধনে কেন অধিকারী নয় ইহা স্পষ্টতঃ প্রকাশ পাইতেছে না, কেননা হিন্দুদের ধর্ম্মশাস্ত্র কর্ত্তারা সকলেই মাতামহকে কুটুম্বমধ্যে গণ্য করিয়াছেন;—পরন্তু ইহার কারণ এই যে শেষোক্ত অবস্থাতে গৃহীত দত্তক ঐ ব্যক্তিরই পুত্র হয় যাহার বংশ মাতামহ বংশ হইতে সম্পূর্ণ রূপে ভিন্ন।—মেক্. হি. ল. বা. ১, পৃ. ৭৮।

গ্রহীতৃ-মাতার পিতৃধনে অধিকারী না হওন পক্ষে মেক্নাটন্ সাহেব উপরি উক্ত যে এক কারণ দর্শাইয়াছেন তদ্বিষয়ে শুদ্ধ ঐ কারণটি মাত্র আছে এমত নহে, কিন্তু তদতিরেকে আরো অনেক কারণ আছে; তন্মধ্যে কতিপয় যথা,—

২ 'অপুত্রেণৈব কর্ত্তব্যঃ পুত্রপ্রতিনিধি সদা। পিণ্ডোদকক্রিয়াহেতোর্যস্মাৎ তস্মাৎ প্রযত্নতঃ' ॥—অত্রি। 'অপুত্রেণেতি'—পুংস্ত্বশ্রবণাৎ ন স্ত্রিয়া অধিকার ইতি গম্যতে; অতএব বশিষ্ঠঃ—'ন স্ত্রী পুত্রং দদ্যাৎ প্রতিগৃহ্ণীয়াদ্বা অন্যত্রানুজ্ঞানাদ্ভর্তুরিতি'। অস্যার্থঃ—শ্রাদ্ধ তর্পণ ও ক্রিয়া নিমিত্ত অপুত্রব্যক্তি যে কোন উপায়ে যত্নপূর্ব্বক সর্ব্বদা পুত্রপ্রতিনিধি করিবে॥ 'অপুত্র'—এই পুংলিঙ্গ পদ শ্রুত হওয়াতে স্ত্রী লোকের অধিকার নাই; অতএব বশিষ্ঠ কহিয়াছেন—'স্ত্রীলোকে ভর্ত্তার অনুজ্ঞাবিনা পুত্র দিবেনা প্রতিগ্রহ-ও করিবে না'।—দ. মী. পৃ. ৬।

৩ 'প্রতিগৃহ্ণীয়াদ্বেতি'—ভর্ত্রনুজ্ঞাং বিনা ভার্য্যয়া প্রতিগৃহীতে পুত্রে স্বত্বং সিদ্ধ্যতি, ন তত্র পুত্রকার্য্যকারিত্বং দায়গ্রহণ শ্রাদ্ধদানাদিকং,—পুত্রকরণস্য পুংকর্ত্তৃকত্ব বোধনাৎ, নহি ক্বচিৎ শাস্ত্রে স্ত্রিয়াঃ পুত্রকরণং দৃশ্যতে"। অস্যার্থঃ—'(ভর্ত্তার অনুজ্ঞাবিনা) প্রতিগ্রহ-ও করিবে না'—ভর্ত্তার অনুজ্ঞাবিনা ভার্য্যাকর্ত্তৃক পুত্র গৃহীত হইলে ঐ পুত্রে ভার্য্যার স্বত্ব সিদ্ধ হইবে, কিন্তু সে পুত্র পুত্রের কার্য্য কারক (অর্থাৎ) দায়গ্রাহী ও শ্রাদ্ধকারী হইবে না, কেননা পুত্রকরা পুরুষের কার্য্যই বোধিত হইয়াছে, স্ত্রীতে পুত্র করিবে শাস্ত্রে কোথাও এমত দৃষ্ট হয় না।—বিবাদ ভঙ্গার্ণব।

৪ ন চ 'পত্নী বিরোহীনো গার্হস্থ্যাশ্রমবিরহিত্বাৎ গার্হস্থ্যপ্রকরণোক্তং পুত্রকরণং ন সঙ্গচ্ছতে' ইতি বাচ্যং, প্রমাণাভাবাৎ। অতএব ব্যাসাদীনাং অকৃতবিবাহানাং শুকদেবাদিরূপ পুত্রোৎপত্তিশ্চ শ্রূয়তে। অকৃতোদ্বাহকস্য মৃতপত্নীকস্য ত্যক্তপত্নীকস্য বা যস্য দৈবাৎ বিবাহো ন ভবতি অগত্যা সোঽসম্পূর্ণ সংস্কারক অগৃহস্থো বা, দত্তক প্রয়োগানামবধানসত্ত্বেঽপি তস্যাপুত্রত্বং অনুভববিরুদ্ধং জ্ঞেয়ং'। অস্যার্থঃ—পত্নীবিহীন ব্যক্তি গৃহস্থাশ্রমশূন্য হওয়াতে গৃহস্থাশ্রম প্রকরণোক্ত যে পুত্র করণ তাহা তৎপ্রতি সঙ্গত হয় না—ইহা প্রমাণাভাব হেতু বাচ্য নয়। অতএব ব্যাসাদি অবিবাহিত হইয়া-ও শুকদেবাদিরূপ পুত্রোৎপত্তি করিয়াছেন ইহা শ্রুত আছে। যাহার বিবাহ হয় নাই, যাহার পত্নী মরিয়াছে, যে পত্নীত্যাগ করিয়াছে, অথবা দৈবাৎ যাহার বিবাহ হয় নাই সে অগত্যা অসম্পূর্ণসংস্কার কিম্বা অগৃহস্থ হইলেও দত্তক-গ্রহণের প্রয়োগ সকল পালনপূর্ব্বক পুত্রগ্রহণ করিলে যে সে পুত্রের পুত্রত্ব হইবে না ইহা অনুভব বিরুদ্ধ জানিতে হইবে।—বিবাদভঙ্গার্ণব।

৫ 'পিতৃঋণমোক্ষার্থং পুংসামেব পুত্র আবশ্যকঃ'। অস্যার্থঃ—পিতৃঋণ মোচনার্থ পুরুষদেরই পুত্র আবশ্যক।—ঐ।

৬ 'এবমুক্তঞ্চ জরৎকারু রুচি প্রভৃতি পুংসঃ পুত্রার্থং ভার্য্যা গ্রহণাদিকঞ্চ মহাভারতাদৌ, ন ক্বচিৎ স্ত্রিয়াঃ। অস্যার্থঃ—মহাভারতাদিতে উক্ত হইয়াছে যে জরৎকারু রুচি প্রভৃতি পুরুষেরা পুত্রার্থে দারপরিগ্রহাদি করিয়াছেন, কিন্তু কোথাও এমত উক্ত হয় নাই যে নারীতে (পুত্রার্থে) বিবাহ করিয়াছেন।—ঐ।

§ অর্থাৎ গঙ্গামায়া—বনাম—কৃষ্ণকিশোরপ্রভৃতি—এই মকদ্দমাতে। দ্রষ্টব্য স. দে. আ. রি. বা. ৩, পৃ. ১২৮; এবং ব. ব. পৃ. ১২৮, ১৩০।

in a case recently decided by the Court of Sudder Dewanny Adawlut.* It is not quite evident why a daughter's adopted son should be excluded from inheriting the estate of his adopting mother's father, while a son's adopted son's right of succeeding collaterally has been acknowledged, inasmuch as the maternal grandfather is enumerated among the kindred by all the Hindu legislators; but the reason is, that the party adopted in the latter case becomes the son of a person whose lineage is distinct from that of the maternal grandfather.—Macn. H. L. vol. I. p. 78.

The reason assigned by Sir William Macnaghten is not the only one, but there are many other reasons for an adopted son's not having legal claims to inherit from the adoptive mother's father; some of which are as follow:—

2. 'By a man destitute of a son only, must a substitute for the same always be adopted: with some one resource, for the sake of the funeral cake, water, and solemn rites." (Atri.)—"By a man destitute of a son."] From the masculine gender being here used, it follows that a woman is incompetent (to adopt.) Accordingly *Vashishtha* ordains: "let not a woman either give or receive a son in adoption, unless with the assent of her husband.—D. Mím. Sect. I. § 15.

"Nor let a woman accept a son (without the assent of her husband.)"—If a son be accepted by a wife without the assent of her husband, her property in that child is valid, but not his performance of filial duties: he can neither possess the heritage, nor offer the *śráddha* or the like; for it is shown that the adoption of a son is the act of the man; in no code of law is it found that adoption can be the act of the woman.—Coleb. Dig. vol. III. p. 244.

4. It should not be argued, that one who has no wife, being consequently excluded from the order of the householder, cannot properly adopt a son, this being an act mentioned when treating of the order of a housekeeper or married man. There is no argument to support such an induction. And it is recorded, that *Vyása* and others, who had contracted no marriages, nevertheless obtained sons, namely, *Sukadeva* and others. He who happens to have no wife, (whether he have contracted no marriage, or his wife have died, or have been forsaken by him,) either has not completed the ceremonies or belongs to no order; but it is contrary to common sense that, although the form of adopting a son given have been observed, the adoption should be void.—Coleb. Dig. vol. III. pp. 252, 253.

5. Males only need sons to relieve them from the debt due to ancestors.—*Ibid.* p. 253.

6. And it is recorded in the *Mahábhárata* and other works, that *Jaratkáru*, *Ruchi*, and other males, have taken wives for the sake of obtaining male issue, but it is no where said that a woman has taken a husband for that purpose.—*Ibid.* p. 53.

* That is, Gunga Mya *versus* Kishen Kishore and others.—S. D. A. R. vol. III. p. 128: see *ante*, pp. 159, 161.

৭ অতএব পার্ব্বণে পিতৃপক্ষশ্রাদ্ধস্যৈব আবশ্যকত্বং পুত্রস্য, নতু মাতামহপক্ষশ্রাদ্ধস্য, কিন্তু পিতৃপক্ষ শ্রাদ্ধং কুর্ব্বতো মাতামহপক্ষশ্রাদ্ধাকরণে এব নিন্দা। তথাচ বিকৃতপার্ব্বণাদৌ মাতামহপক্ষবির্জ্জিতকৃতশ্রাদ্ধসিদ্ধেঃ কৃষ্ণপক্ষশ্রাদ্ধসিদ্ধৌ মাতামহশ্রাদ্ধস্যানুষ্ঠানমিতি স্মার্ত্তভট্টাচার্য্যাদিভিরুক্তং সঙ্গচ্ছতে। অস্যার্থঃ—অতএব পার্ব্বণে পিতৃপক্ষের শ্রাদ্ধ করাই পুত্রের আবশ্যক, মাতামহপক্ষের শ্রাদ্ধ নয়, কিন্তু পিতৃপক্ষের শ্রাদ্ধকারী মাতামহের শ্রাদ্ধ না করিলে নিন্দা হয়। তথাচ বিকৃতপার্ব্বণাদিতে মাতামহপক্ষ বর্জ্জিয়া কৃত শ্রাদ্ধ সিদ্ধ হওয়াতে কৃষ্ণপক্ষের শ্রাদ্ধ সম্পাদনে মাতামহের শ্রাদ্ধের অনুষ্ঠান নয়—স্মার্ত্তভট্টাচার্য্য প্রভৃতির এই উক্তি সঙ্গত।—ঐ।

৮ এতাবতা শ্রেষ্ঠ কারণ এই বোধ হইতেছে যে শ্রাদ্ধাদি সম্পাদন নিমিত্তে পুত্রের যে আবশ্যকতা সে পুরুষেরই নারীর নয়,—তাহার মুক্তি তদুপায়ের উপর তাদৃক্ নির্ভর করে না, এমতে যখন উপযুক্ত রূপে অনুমতিপ্রাপ্তা কোন স্ত্রী দত্তক গ্রহণ করে সে তাহা নিজ পতির নিমিত্তেই করে নিজের নিমিত্তে করে না।—এস্ট্রে. হি. ল. বা. ১, পৃ. ৬৭।

ব্যবস্থা। ৫৯৬ কিন্তু দত্তকের ধনে সগোত্রের ন্যায় অসগোত্র বন্ধুর-ও অধিকার নির্ব্বিবাদ।*

৫৯৬ দত্তকস্ত ধনে তু সগোত্রবদসগোত্র বন্ধূনামপ্যধিকারো নির্ব্বিবাদঃ।

কারণ। যেহেতু দত্তকের ধনে তাহাদের অধিকার কুত্রাপি নিষিদ্ধ না হওয়াতে তাহাতে বাধা নাই।

তেষাং তদ্ধনাধিকারে কুত্রাপি নিষেধাভাবেন বাধকাভাবাৎ।

ব্যবস্থা। ৫৯৭ ধনির অন্য পুত্র থাকিলে যে দত্তক রূপ পৌত্রের (গ্রহীতা) পিতা মৃত সেও দত্তকযোগ্যাংশভাগী*।—দ. চ. পৃ. ৩০।

৫৯৭ ধনিনঃ পুত্রান্তরসত্ত্বে মৃতপিতৃকস্য দত্তকপৌত্রস্যাপি দত্তোচিতাংশভাগিত্বং*।—দ. চ. পৃ. ৩০।

৫৯৮ অন্য পুত্র না থাকিলে (মৃত পুত্রের দত্তক) সমগ্রধনাধিকারী*।—ঐ, পৃ. ৩০।

৫৯৮ তদসত্ত্বে সর্ব্বহরত্বমপীতি*।—ঐ, পৃ. ৩০।

৫৯৯ কিন্তু ধনির দত্তকের ঔরসপুত্র ঔরসপিতৃব্যের সহিত সমাংশভাগী, তদভাবে সমস্তধনাধিকারী।

৫৯৯ ধনিনো দত্তকস্যৌরসপুত্রস্তু ঔরসপিতৃব্যেণ সহ সমাংশভাগী, তদভাবে সমগ্রধনাধিকারী।

৬০০ প্রপৌত্রেতেও এই নিয়ম চলিবে।—দ. চ. পৃ. ৩১।

৬০০ এবং রীতিঃ প্রপৌত্রেপ্যনুসর্ত্তব্যেতি।—দ. চ. পৃ. ৩১।

কারণ। কেননা বিশেষ নিয়ম এই যে যে পৌত্রের পিতা মৃত তাহারা স্বসমান পিতার যোগ্যাংশ পাইবে।

মৃতপিতৃক পৌত্রাণাং স্বসমানপিতৃতুল্যাংশ গ্রহণস্য বিশেষনিয়মাৎ।

প্রমাণ। পৌত্র স্বপিতৃযোগ্যাংশভাগী এই নিয়ম হওয়ায়,† দত্তকগ্রহীতা (ঐ দত্তকের) পিতামহের ঔরস পুত্র হইলে ঔরস পিতৃব্যের তুল্যাংশ ঐ দত্তকের যোগ্যাংশ হওয়ায় দত্তকরূপ পৌত্র পিতৃতুল্যাংশই পাইবে—ইহা বাচ্য নয়, কেননা তাহাতে এই বৈষম্য ঘটে যে পুত্র দত্তক হইলে চতুর্থাংশ‡, ও

ন চ—পৌত্রস্য স্বপিতৃযোগ্যাংশ ভাগিত্বনিয়মাৎ† দত্তকস্য গ্রহীতুঃ পিতামহৌরসত্বে তাদৃশ পিতৃব্য তুল্যাংশস্যৈবাংশস্য তদ্যোগ্যত্বাদ্দত্তক পৌত্রঃ পিতৃতুল্যমেবাংশং লভতাং—ইতি বাচ্যং, পুত্রস্য দত্তকত্বে চতুর্থাংশঃ‡ পৌত্রস্য তু তথাত্বে সমানাংশ

* এই দুই ব্যবস্থা অবিকল রূপে সংস্কৃত দত্তকচন্দ্রিকাতে আছে, কিন্তু সদরল্যাণ্ড সাহেবের ইংরাজি অনুবাদে নাই, বোধ হয় তদনুবাদ তাহাতে ভ্রম বশতঃ বর্জ্জিত হইয়া থাকিবে।

† দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ২৫।

‡ এতদ্দেশে তৃতীয়াংশ। দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ১০৪১।

7. Accordingly, in the double set of oblations, it is indispensably necessary that the son should perform the *Sráddha* for the paternal line, not for the line of his maternal grandfather: but it is simply reprehensible in one who performs the *sráddha* for the paternal ancestors, not to perform it also for the maternal grandfather and his progenitors. Consequently, since the *sráddha* may be performed without noticing the maternal grandfather's line in a subordinate double set of oblations, and the like, the *sráddha* for the maternal ancestors is not requisite to the completion of the obsequies performed in the dark fortnight of *A'swina*. This observation of *Ragunandana* and others is accurate.—*Iibd.* p. 253.

8, The better reason, therefore, perhaps is that the necessity of a son to celebrate the funeral rites regards the man, rather than the woman, who depends less for redemption upon such means, so that whenever a woman, duly authorised, adopts, it is on her husband's account, and for his sake, not her own.—Str. H. L. vol. I. p. 67.

596. The right of the relations of a different race, like those of the same race, to inherit from a *dattaka*, is, however, unquestionable. — Vyavasthá.

For there is no impediment to their succession to the property of a *dattaka* relation, the same not being prohibited by any authority. — Reason.

597. If there exist a another son of the proprietor, then the adopted son of his deceased son will get such share as an adopted son would have been entitled to.* — Vyavasthá.

698. Should there exist no son, the adopted son of the deceased son will take the whole property.* — „

599. An adopted son's legitimately begotten son is entitled to an equal share with the legitimately begotten son of his adoptive grandfather; and in default of such uncle, he is entitled to the whole property. — „

600. The same rule is to be applied by inference to the great grandson also.—D. Ch. Sect. V. § 25. — „

For, the special rule is, that grandsons, whose father is dead, take such share (of the heritage) as would have devolved upon their father of the same description as themselves. — Reason.

'Since it is a restrictive rule, that a grandson succeed to the appropriate share of his own father†, the son given, where his adopter is the real legitimate son of the paternal grandfather, is entitled to an equal share, even with a paternal uncle, who is also such description of son: therefore, a grandson, who is an adopted son, may (in all cases) inherit an equal share even with an uncle.'—This must not be alleged (as a general rule.) For there would be this discrepancy: if the father of the grandson were an adopted son, he would receive a fourth share‡, but the grandson, if he were such son (of him,) would receive an equal share (with an uncle in — Authority.

* The original of these two *Vyavasthás* is in the Sanscrit *Dattaka-Chandriká*, but an English version thereof is not to be found in Mr. Sutherland's translation of the work, and must have been inadvertently omitted.

† See *ante*, p. 26.

‡ In Bengal, a third share: see *ante*, p. 1042.

পৌত্র তদ্রূপ হইলে সমানাংশ পায়, এতাবতা অসমানরূপ পিতার যে পরিমিত অংশ শাস্ত্রসিদ্ধ তাহাই তাহার পিতৃযোগ্যাংশ—এইরূপ যাহা উক্ত হইয়াছে তাহাই শুদ্ধ।—দ. চ. পৃ. ৩০, ৩১।

৬০১ বেদবিহিত ক্রিয়াদ্বারা গৃহীত যথাযোগ্য দত্তক প্রতিগ্রহক্রিয়ার উপাঙ্গ হীন হইলে অথবা অন্য কারণে অসিদ্ধ এবং অনধিকারী হইতে পারে না*।

৬০২ বিধিবিহিতরূপে দত্তক গ্রহণোত্তর গ্রহীতা উইলপত্রাদিদ্বারা ঐ দত্তককে বিষয়ে অনধিকারি করিতে পারেন না।

৬০৩ একমাত্র বা জ্যেষ্ঠ পুত্র যদি বেদবিহিত ক্রিয়াদ্বারা গৃহীত হয় (তবে) অপ্রশস্ত হইলেও অসিদ্ধ নয়।

৬০৪ ঔরসের ন্যায় দত্তক পুত্র-ও (গ্রহীতা) পিতার ধন ত্যাগ করিতে পারে, কিন্তু পুত্রত্ব-সম্বন্ধ ও তৎকর্ত্তব্যতা হইতে মুক্ত হইতে পারে না।

৬০৫ প্রাপ্তব্যবহার দত্তক যদি এমত নিয়ম করে যে অমুক কর্ম্ম না করিলে আমার অধিকারধ্বংস হইবে তবে তন্নিয়মের অসম্পাদনে তাহার অধিকার লোপ হয়§।

ইতি বৈষম্যাৎ। অতঃ অসমানরূপস্য পিতুর্যাবানংশঃ শাস্ত্রসিদ্ধস্তদেব স্বপিতৃযোগ্যাংশশব্দেনেতি যথোক্তমেব সাধুঃ।—দ. চ. পৃ. ৩০, ৩১।

৬০১ বেদবিহিত ক্রিয়য়া গৃহীতো যথাযোগ্য দত্তকঃ প্রতিগ্রহক্রিয়াণামুপাঙ্গহীনত্বেন কারণান্তরেণ বা অসিদ্ধঃ অনধিকারী চ ভবিতুং নার্হতি*।

৬০২ বিধিপূর্ব্বকগ্রহণানন্তরং গ্রহীতা স্বেচ্ছাপত্রাদিনা দত্তকং বিষয়ানধিকারিণং কর্ত্তুং ন শক্নোতি।

৬০৩ একমাত্রো জ্যেষ্ঠ পুত্রো‡ বা বেদবিহিত ক্রিয়য়া গৃহীতশ্চেৎ অপ্রশস্তঃ সন্নপি নাসিদ্ধঃ।

৬০৪ ঔরসবদ্দত্তকোঽপি পিতৃধনং পরিত্যক্তুমর্হতি, পরন্তু পুত্রত্বসম্বন্ধাৎ তৎকর্ত্তব্যত্বাচ্চ মুক্তোভবিতুমক্ষমঃ।

৬০৫ অনাচরিতে বিশেষকর্ম্মণি মমাধিকারধ্বংসো ভবিষ্যতি ইতি নিয়মে কৃতে প্রাপ্তব্যবহার দত্তকেন তদাচরণং বিনা তস্যাধিকারো লুপ্যতে§।

সদরদেওয়ানী আদালতে দত্ত ও গ্রাহ্য হওয়া এবং সর উইলিয়ম্ মেক্‌নাটন্ সাহেবের পরীক্ষিত ও মনোনীত ব্যবস্থা।

প্র.। বঙ্গদেশনিবাসী পৈতৃক ভূমি সম্পত্তির অর্দ্ধভাগী শিবনাথনামক এক ব্যক্তি বাঙ্গলা ১২০৪ সালে ভগবতী নাম্নী এক গর্ভিণী পত্নীকে ও গোবিন্দপ্রসাদ নামক এক সহোদর ভ্রাতাকে রাখিয়া

* দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ১০০৯।

† ('নত্বেকং পুত্রং) প্রতিগৃহ্নীয়াদিতি তৎকুলোচ্ছেদস্যাকর্ত্তব্যত্বাদিতিভাবঃ নতেন দত্তকত্বাসিদ্ধিঃ'—'এক পুত্র প্রতিগ্রহ করিবে না' ইহার ভাব এই যে তদ্বংশ লোপ কর্ত্তব্য নয়, (কিন্তু) তাহাতে দত্তকত্ব অসিদ্ধ হয় না।—বিবাদভঙ্গার্ণব। এই মত অসঙ্গত বোধ হয় না, কেননা দাতা যদি নিজ বংশ লোপ করিয়া একমাত্র পুত্র দান করে তবে তদ্গ্রহণ দুষ্য হইলেও অসিদ্ধ হওয়ার কোন কারণ নাই। ‡ দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ৯৭১।

§ দ্রষ্টব্য—মেক্. হি. ল. বা. ২, চ্যা. ৩, মকদ্দমা ১০, পৃ. ১৮৩, ১৮৩। ব্য. দ. পৃ. ১০২১, ১০৫৩।

the heritage of the grandfather.) And accordingly whatever share may be established by law, for a father of the same description as himself, to such appropriate share of his father does the individual in question (viz. the adopted son of one adopted) succeed. Thus, only what had been advanced is correct.—The same rule is to be applied by inference to the great grandson also.—D. Ch. Sect. V. § 25.

601. The adoption of a fit person made by the performance of the rites ordained in the *Vedas* cannot be rendered invalid by the omission to perform an unessential ceremony, or any other cause.* Vyavasthá.

602. The adoption of an only son†, or the eldest son‡ (of a person,§) if made by the performance of the rites ordained in the *Vedas*, cannot be invalidated or set aside, although it should be deemed not to be a good one.

603. After having adopted a son in due form, the adopter, by his will or other deed, cannot disinherit such son.

604. Like a lawfully begotten son, an adopted son also may resign his right to the property of his adoptive father, but nevertheless he cannot free himself from his connection and duties as adopted son.

605. If an adult adopted son make an agreement, stipulating the stability of his right to depend upon his performance of certain conditions, his non-performance of those conditions will cause his right to become extinct.

Legal opinion delivered in, and admitted by, the Sudder Dewanny Adawlut, and approved of by Sir William Macnaghten.

Q. A person named Sheonath, an inhabitant of Bengal and proprietor of half an ancestral landed estate, died in the year 1204 B. S., leaving a pregnant widow by name *Bhugovutty*,

* See *ante*, page 1010.

† "Let no man accept (an only son") because he should not do that whereby the family of the natural father becomes extinct: but this does not invalidate the adoption of such son (actually) given. (Coleb. Dig. vol. III. 243.) This opinion of *Jagannátha* does not seem to be an inconsistent one, for if the giver give his only son in adoption causing his own lineage to become extinct, there is no reason why the adoption of such son should be invalid, though it be a blamable act.

‡ See *ante*, page 938.

§ See Macn. H. L. vol. II. Ch. 6, Case 10, pp. 183, 184. See also *ante*, pp. 1052, 1054.

কাল প্রাপ্ত হয়; ঐ বৎসরেই তাহার পত্নী এক কন্যা প্রসব করে, তাহার নাম গঙ্গামায়া, বাঙ্গলা ১২০৭ সালে ঐ পত্নী মরে, ও ১২১৭ সালে গঙ্গামায়া রামকেশব দত্ত নামক এক ব্যক্তির সহিত বিবাহিতা হয়। মূল ধনির ভ্রাতা গোবিন্দপ্রসাদ বাঙ্গলা ১২১৮ সালে কৃষ্ণকিশোর নামে এক পুত্র ও দয়াময়ী নামে এক কন্যা রাখিয়া লোকান্তর গত হয়। বাঙ্গলা ১২২৬ সালে গঙ্গামায়ার পতি রামকেশব দত্ত নিঃসন্তান মরে। মূল ধনির মরণে তৎপত্নী ভগবতী অথবা তদ্ভ্রাতা গোবিন্দপ্রসাদ তাহার ধনে অধিকারী? যদি ঐ পত্নী যথার্থতঃ উত্তরাধিকারিণী হয়, তবে তাহার মরণে তৎকন্যা গঙ্গামায়া অথবা গোবিন্দপ্রসাদ ঐ বিষয়ে অধিকারী? যদি ঐ কন্যা উপযুক্ত উত্তরাধিকারিণী হয়, ও পতির অনুমতিক্রমে দত্তক গ্রহণ করিয়া থাকে, তবে গঙ্গামায়ার মরণে তাদৃশ দত্তকপুত্র ধনাধিকারী কি না? যদি সে ধনাধিকারী না হয়, তবে গঙ্গামায়ার মরণে শাস্ত্রানুসারে কে অধিকারী, ও কাহাকে ধন অর্শিতে পারে।

দুহিতাকে পৈতৃক ধন অর্শিলে ঐ দুহিতার মরণে তাহা তাহার দত্তক পুত্রকে অর্শিবে না, কিন্তু ঐ দুহিতার পিতার উত্তরাধিকারিদিগকে অর্শিবে।

উ.। শিবনাথের মরণে তাহার বিষয় তৎপত্নী ভগবতীকে স্বত্বরূপে অর্শে, শিবনাথের ভ্রাতা গোবিন্দপ্রসাদকে অর্শে না; কেননা প্রপৌত্র পর্যন্ত অধিকারি না রাখিয়া মরে যে ব্যক্তি তাহার ধন দায়শাস্ত্রানুসারে তৎপত্নীকে বর্ত্তে। ভগবতীর মরণে ঐ বিষয় (যাহা সে পতির উত্তরাধিকারিণী রূপে প্রাপ্ত হইয়াছিল) তৎকন্যা গঙ্গামায়াকে (যে ভগবতীর পতির মরণকালীন অবিবাহিতা ছিল) অর্শে, ঐ ভ্রাতা শিবনাথকে অর্শে না; কেননা দায়শাস্ত্রানুসারে তিন প্রকার দুহিতার মধ্যে অর্থাৎ কুমারী, সম্ভাবিত পুত্রা সধবা ও পুত্রবতী ইহাদের মধ্যে প্রথমোল্লিখিতাই আর২ উত্তরাধিকারি হইতে শ্রেষ্ঠা অধিকারিণী, কিন্তু গঙ্গামায়া যে ধনে অধিকারিণী হইয়াছে—তাহাতে তাহার পতির অনুমতিক্রমে গৃহীত দত্তকের অনধিকার, কেননা দায়ভাগানুসারে বন্ধুর ধন দাওয়া করিতে দত্তক পুত্রের অধিকার নাই, এবং মনুর যে বচনে দত্তক বন্ধুর ধনে অধিকারী কথিত তাহার অর্থ এই যে 'সে গ্রহীতৃ-পিতার সগোত্র বন্ধুর ধনে অধিকারী,' যথা কুল্লূকভট্ট প্রভৃতির কৃত মন্বর্থমুক্তাবলী নাম্নী টীকাতে এবং আর২ গ্রন্থে প্রকাশ। এতাবতা গঙ্গামায়ার মরণে তাহার পিতার ত্যক্ত বিষয় (যাহাতে সে নিজ মাতার মরণান্তে অধিকারিণী হইয়াছিল, ও যাহাতে তাহার যাবজ্জীবনমাত্র স্বত্ব ছিল,) তাহার মাতার দেবরপুত্র কৃষ্ণকিশোরকে অর্শিবে, কেননা যখন (পতির অর্দ্ধাঙ্গ রূপে স্বীকৃতা) কোন অবীরা নারীকে বিষয় অর্শিলে ঐ বিষয় ঐ নারীর মরণে তাহার পতির উত্তরাধিকারিগণকে বর্ত্তে, তখন পত্নীর অপেক্ষা জঘন্যা উত্তরাধিকারিণী যে দুহিতা তাঁহাকে বিষয় অর্শিলে তাহা অবশ্যই তৎপিতার উত্তরাধিকারিদিগকে বর্ত্তিবে।

প্রমাণ—দায়ভাগপ্রভৃতি গ্রন্থে ধৃত যাজ্ঞবল্ক্যবচন—'পত্নী ও দুহিতারা, পিতামাতা, তথা ভ্রাতারা ও ভ্রাতৃপুত্রেরা, গোত্রজ ও বন্ধুরা' ইত্যাদি—(দায়ভাগ পৃষ্ঠা ১৬০)।

সদরদেওয়ানী আদালত, ১ সেপ্টেম্বর ১৮২১ সাল। গঙ্গামায়া—বনাম—কৃষ্ণকিশোর চৌধুরী প্রভৃতি।—মেক্ হি. ল. বা. ২, চ্যা. ৬, মকদ্দমা ১৩, পৃ. ১৮৭—১৮৯।

বিবেচনা। মেকনাটনের উক্ত গ্রন্থের ৮৮ ও ৮৯ পৃষ্ঠায় ব্যবস্থা (দ্রষ্টব্য ব্য. দ. পৃ. ১৪৫৩) এই ব্যবস্থার স্পষ্টতঃ বিপরীত। এক বিষয়ে পরস্পর বিপরীত ব্যবস্থাদ্বয় উক্ত সর্ উইলিয়ম্ মেকনাটন্ সাহেব কর্ত্তৃক শুদ্ধ ও সিদ্ধ বলিয়া স্বীকৃত হইলেও তন্মধ্যে একটিবই শুদ্ধ হইতে ও সিদ্ধ থাকিতে পারে না; এতাবতা তাহার কোনটি শুদ্ধ ও কোন্‌টি অশুদ্ধ তন্নির্ণয় আবশ্যক। যদিও পূর্ব্বব্যবস্থায় তিন জন ভাগিনেয়ের সহিত আর এক ভগিনীর দত্তক পুত্র বিভাগে সপ্তমাংশে অধিকারী কথিত হইয়াছে বটে, তথাপি লিখনের ভঙ্গিতে বোধ হয় তাদৃশ ব্যবস্থা প্রশ্নের উদ্দেশ্যানুসারেই দেওয়া হইয়াছিল, তদুদ্দেশ্য এই ছিল যে—'বিষয়ের কি পরিমাণে তৎপ্রত্যেক ব্যক্তি অধিকারী হইবে'? যদি এমত উদ্দেশ্য হইত যে ভাগিনীর দত্তক মাতুলের ধনে অধিকারী কি না? তবে ভিন্ন প্রকার ব্যবস্থাই হইত। অপিচ

and an uterine brother named Gobindprosad; in the same year his widow brought forth a daughter, who was named *Gunga Mya*. The widow died in 1207 B. S. *Gunga Mya*, in the year 1217 B. S., was married to a person called Ramkesob Dutt. Gobindprosad, the original proprietor's brother, died in the year 1218 B. S., leaving *Kishenkishore* a son, and *Dayamye* a daughter. In the year 1226 B. S., Ramkesob Dutt, the husband of Gunga Mya, died childless. Whether, on the death of the original proprietor, was his widow Bhugovuttv, or his brother Gobindprosad, entitled to inherit his estate? If the widow was the proper heir, whether was Gobindprosad or her daughter Gunga Mya entitled to inherit the estate on her death? If the daughter was the proper heir, and if she by consent of her husband adopted a son, was such adopted son entitled to inherit the estate on her death; and if he was not, who was the proper heir on whom the estate should devolve after the death of Gunga Mya?

Ancestral property which had devolved on a daughter will not at her death go to her adopted son, but to the heirs of her father.

R. On the death of Sheonath, his property belonged, of right, to his widow Bhugovutty, and not to his brother Gobindprosad; for the estate of him who dies leaving no other heir down to a great grandson, devolves by the law of inheritance on his widow. On the death of Bhugovutty, the estate which she had inherited from her husband should devolve on her daughter, who was unmarried at the time of her husband's death, and not on the brother of Sheonath; for, by the law of inheritance, of the three descriptions of daughters, that is, the unmarried daughter, she whose husband is living, and of whom there is probability of a son being born, and the daughter who has borne a son, the first mentioned has the best title to the succession, in default of other preferable heirs; but the son adopted by Gunga Mya, by the consent of her husband, has no title to the estate to which she had succeeded, because, according to the *Dáyabhága*, an adopted son has no legal claim to the property of a *bandhu* or cognate; and according to the interpretation of the text of *Manu*, which admits adopted sons to the right of succession collaterally, the meaning is, succession to the property of persons belonging to the same family as the adopting father, as fully appears from the *Manwartha Mooktávallee*, compiled by *Kullúka Bhatta*, and other authorities. On the death of Gunga Mya, therefore, the estate left by her father, to which she had succeeded on the death of her mother, and her right to which was limited to a life-interest, should devolve on Kishenkishore, the brother's son of her husband, because when an estate devolves on a childless widow, who is held to be half the body of her husband, it reverts at her death to the heirs of her husband. So an estate which had devolved on a daughter, who has a weaker claim, should, *a fortiori*, revert to the heirs of her father.

Authority—The text of *Jágnyavalkya*, cited in the *Dáyabhága* and other law tracts: "The wife and the daughters, also both parents, brothers likewise and their sons, gentiles, cognates", &c. (*Dáyabhága*, p. 160.)

Sudder Dewanny Audawlut, September 1st, 1821. *Gunga Mya* versus *Kishenkishore Chowdhooree* and others. Macn. H. L. vol. II. Case XIII. pp. 187—189.

Remark.

The *Vyavasthá* or law opinion contained at pages 87—89 of the above work of Macnaghten's (see *ante*, p. 1054) is directly opposed to the *Vyavasthá* quoted above; and though both of them are approved of by him as correct and valid, yet only one of those two *Vyavasthás* can be so held. It is therefore necessary to ascertain which of them is to be preferred as being the just one. Although in the former of the two *Vyavasthás* in question, the adopted son of a sister is declared entitled to a seventh, as coheir with three sons of another sister, yet it appears, from the manner of writing the *Vyavasthá*, that it was given agreeably to the object of the question, which was: "to what proportion of the estate will each individual survivor be entitled?"

সর্ উইলিয়ম্ মেক্‌নাটিন্ সাহেব তদ্বিষয়ে নিজ লিখিত নোটে পণ্ডিতের উক্ত অংশপরিমাণকে শুদ্ধ কথনপূর্ব্বক 'ভগিনীর দত্তকপুত্রের অধিকারসূচক স্পষ্টতঃ শাস্ত্র নাই' ইহা স্বীকার করিয়াছেন; তথাপি 'কিন্তু তাহার স্বত্ব অনুভবদ্বারা স্বীকৃত হইয়াছে'—এই যে একটি কথা যোগ করিয়াছেন ইহাতে বোধ হয় ঐ নোট্ লিখনকালীন তদ্বিষয়ে গ্রন্থকর্ত্তাদের মত কি তদনুসন্ধান না করিয়া নিজেই ঐ অনুভব করিয়া থাকিবেন। কেননা ভারতবর্ষীয় কোন স্মার্ত্ত সে অনুভব প্রকাশ করেন নাই, প্রত্যুত তাহা মহামান্য গ্রন্থকর্ত্তাদের মতের বিপরীতই দৃষ্ট হইতেছে, যথা প্রাগুক্ত মনুবচনব্যাখ্যানে মিতাক্ষরাকার বন্ধু পদে সপিণ্ড সমানোদক ধরিয়া তাহাদের ধনেই দত্তকের অধিকার কহিয়াছেন*; দায়ভাগকর্ত্তা দত্তককে বন্ধুধনে এককালে অনধিকারি করিয়াছেন*; দত্তকচন্দ্রিকাকার গুণবান্ দত্তককেমাত্র (বন্ধুধনে) অধিকারি বলায় এবং গুণবান্ দত্তক কলিযুগে অপ্রাপ্য হওয়ায় সুতরাং তন্মতে কলিতে দত্তক বন্ধুধনে অনধিকারী*; জগন্নাথকেও তন্মতাবলম্বি বলা যাইতে পারে*। কুল্লূকভট্ট উক্ত মনুবচনের টীকায় দত্তককে সগোত্রবন্ধুমাত্রের ধনে অধিকারি স্থির করিয়াছেন*; আর২ গ্রন্থকর্ত্তরাও অসগোত্র বন্ধুধনে দত্তকের অধিকার লিখেন নাই। লিখিলেও তাহা উক্ত মহামান্য গ্রন্থকর্ত্তাদের মতবিরুদ্ধে মাননীয় হইত না। পরন্তু দৃষ্ট হইতেছে যে পরে সর্ উইলিয়ম্ মেক্‌নাটন্ সাহেব নিজেই তদনুভবের ও ব্যবস্থার বিরুদ্ধ মত সংস্থাপিত করিয়াছেন,—অর্থাৎ তাঁহার ধর্ম্মশাস্ত্রীয় গ্রন্থের দ্বিতীয় বালাম (যাহাতে ঐ বিরোধীয় ব্যবস্থা ও অনুভব আছে, ও আদালতের মঞ্জুরী ব্যবস্থাসমূহমাত্র যাহার অভিধেয়) ১৮২৮ সালে প্রকাশিত হয়, ও প্রথম বালাম (যাহা তাঁহার মত সমূহে পূর্ণ) ১৮২৯ সালে মুদ্রিত হয়, এই বালামে তিনি মনু, দায়ভাগ ও দত্তকচন্দ্রিকা প্রভৃতি গ্রন্থের মত বিবেচনা করতঃ নিজ ধৃত পূর্ব্ব-ব্যবস্থার ও নিজকৃত পূর্ব্ব-অনুভবের বিরুদ্ধে এই মর্ম্মে নিজ মত ব্যক্ত করিয়াছেন যে 'দত্তক রূপে গৃহীত পুত্র যেমত ক্রমাগত ধনে তেমনি জ্ঞাতির ধনে অধিকারী, ইহা এক্ষণে স্থির হওয়া ন্যায়ানুরূপেই বলা যাইতে পারে; তদ্রূপে গৃহীত পুত্রের অসগোত্র বন্ধুধনে শাস্ত্রানুসারে কোন দাওয়া নাই,'—এবং অসগোত্র বন্ধুরধনে দত্তকের যথাশাস্ত্র দাওয়া না থাকার কারণও দর্শাইয়াছেন, ও নিজ মতের নজীরস্বরূপ কৃষ্ণকিশোর প্রভৃতির বিরুদ্ধে গঙ্গামায়ার মকদ্দমার উল্লেখ করিয়াছেন†—যাহা উক্ত বিপরীত ব্যবস্থাদ্বয়ের শেষ ব্যবস্থানুসারে নিষ্পন্ন, ও তদ্ব্যবস্থা কুল্লূকভট্টের মতানুসারে দত্ত। এতাবতা পূর্ব্বে একরূপ ব্যবস্থা প্রকটিত করিয়া পরে যখন তাহার বিপরীত ব্যবস্থা ধরিয়াছেন ও তদনুসারে নিজ মত স্থাপন করিয়াছেন তখন স্পষ্টতঃই জানা যাইতেছে যে মেক্‌নাটন সাহেব নিজ পূর্ব্ব ব্যবস্থা ও অনুভবকে অগ্রাহ্য করিয়া পর ব্যবস্থাকে ব্যবস্থাপিত করিয়াছেন;—বিশেষতঃ ঐ পর ব্যবস্থা যখন তাঁহার সংস্থাপিত মতের ও দত্ত কারণের সহিত সম্পূর্ণ রূপে মিলে তখন আর তদ্বিষয়ে কোন সন্দেহ হইতে পারে না। ফলতঃ তাঁহার পরে লিখিত ব্যবস্থা ও মতই প্রচলিত শাস্ত্রসম্মত, প্রথমে প্রকটিত ব্যবস্থা নয়।

শ্যামচন্দ্র ও রুদ্রচন্দ্র আপিলান্ট—বনাম—নারায়ণীদেবী ও রামকিশোর রায় রেস্পণ্ডেন্ট্।

৩৬৫ সংখ্যক ব্যবস্থার। নজীর।

শ্যামচন্দ্র ও রুদ্রচন্দ্রকর্ত্তৃক নারায়ণীদেবীর ও রামকিশোর রায়ের স্থানে কৃষ্ণকিশোর রায়ের বিভব পরগনা মৈমন সিংহ প্রভৃতির চারি আনা অংশ পাইবার নিমিত্তে জিলা মৈমন সিংহের আদালতে এই নালিস উপস্থিত করা হয়; উভয় পক্ষের পরিবারীয় ব্যক্তিগণের বিবরণ যথা,—মৈমন সিংহ প্রভৃতির জমীদার শ্রীকৃষ্ণ চারি পুত্র রাখিয়া লোকান্তর গত হয়েন, অর্থাৎ—এক স্ত্রীর গর্ভজাত প্রথম ও দ্বিতীয় পুত্র, ও অন্যা স্ত্রীর গর্ভজাত তৃতীয় ও চতুর্থ পুত্র। (তন্মধ্যে) প্রথম (পুত্র) কৃষ্ণকিশোর রায় বিরোধীয় চারি আনার জমীদার ১১৭১ সালে দুই পত্নী রাখিয়া নিঃসন্তান কালপ্রাপ্ত হয়েন। (তাঁহার) প্রথমা পত্নী বড়মালা নন্দকিশোরকে দত্তক গ্রহণ করিয়া ১১৯১ সালে কালপ্রাপ্তা হয়েন; দ্বিতীয়া স্ত্রী (প্রতিবাদিনী) নারায়ণীদেবী নন্দকিশোরের মরণান্তে প্রতিবাদিরামকিশোরকে দত্তক গ্রহণ করেন। (শ্রীকৃষ্ণের)

* দ্রষ্টব্য—ব্য. দ. পৃ. ১০৮৩—১০১১। † দ্রষ্টব্য—মেক্. হি. ল. বা. ১ পৃ. ৭৮, ৭৯

and the law officer's answer was restricted to that alone. Had the question been, 'whether a sister's adopted son is entitled to inherit from a maternal uncle?' the answer had doubtless been a different one. The learned compiler, morover, having, in his note thereon declared the pundit's proportion of the shares to be accurate, has at the same time admitted that there is no express authority for the succession of the adopted son of a sister. But nevertheless he has added: 'but his right is admitted by inference.' It seems that, at the time of writing the note, he himself must have drawn the inference without consulting the paramount authorities on the law; for, none of them has drawn such an inference as the above. In fact, it appears to be contrary to their doctrine on the point in question. For instance, the author of the *Mitákshará* in his exposition of the text of *Manu*, already cited, having taken the word '*bandhu*' to mean *sapindas* and *samánodakas*, has held the *dattaka* son entitled to their property;* the author of the *Dáyabhága* has at once denied his title to inherit from a *bandhu*;* the author of the *Dattaka-Chandriká* having recognised such *dattaka* alone as may be endued with good qualities entitled to inherit from a *bandhu*, and a *dattaka* endued with the required qualities not being found at the present (*kali*) age, the effect of his opinion is that a *dattaka* at the present age is not entitled to inherit from a *bandhu*.* *Jagannátha* may be said to have followed the above doctrine. *Kullúka Bhatta*, in his commentary upon the above text of *Manu*, has determined that the *dattaka* son is entitled to inherit from a *bandhu* of the same family as his adoptive father. The other authors have said nothing in particular regarding an adopted son's succession to the property of a *bandhu*; and even if they had, their doctrine could not be of any weight against the doctrine of the paramount authorities aforesaid. It appears, however, that the learned gentleman himself has subsequently laid down his principle of the law, with regard to the point in question, contrary to the former *Vyavasthá* and the inference; that is to say, after having published the *Vyavasthá* and inference in question in vol. II (of his work on Hindu Law) which contains the admitted law opinions, and was published in 1828, he, in vol. I. which was published in 1829, and contains his doctrine and principles of Hindu law, having consulted and considered the text of *Manu* and the doctrines of the *Dáyabhága*, *Dattaka-Chandriká*, and other authorities, has, in spite of the Vyavasthá and the inference in question, laid down the principle to the effect that "an adopted son by the *dattaka* form succeeds collaterally as well as lineally: this may now be fairly said to be set at rest; and that a son so adopted has no legal claim to the property of a *bandhu* or cognate relation." He has then given his reason why a *dattaka* son has no legal claim to inherit from a cognate relation; and, as a precedent of the principle laid down by him, he has cited the case of Gunga Mya *versus* Kishen Kishore and others,† which was decided according to the latter of the two conflicting *Vyavasthás*, and this (latter) *Vyavasthá* is based upon the doctrine of *Kullúka Bhatta*.‡ Thus when, having already published a *Vyavasthá*, he has afterwards published another directly opposed to the former, though relating to the same point, and has, in accordance with the latter, laid down his principle of the law, then it is quite clear that the learned compiler has rejected the former *Vyavasthá* and the inference in question, and approved of the latter *Vyavasthá*; particularly when the principle of the law laid down by him entirely corresponds with the latter *Vyavasthá*.—Indeed, it is not the former, but the latter *Vyavasthá* and his principle that are in accordance with the law in force.

Sham Chunder and Rooder Chunder, Appellants, versus *Narayni Debeh and Ramkishor Roy, Respondents.*

CASE Bearing on the Vyavasthá No. 595.

This was an action brought by Sham Chunder and Rooder Chunder in the Zillah Court of Mymunsing, to recover from Narayni Debeh and Ramkishor Roy, a 4 anna share of Pergunnah Mymunsing, forming the estate of the late Kishenkishor Roy. The family of the parties was as follows:—Srikishen, Zemindar of Mymunsing, &c. left four sons, the 1st and 2nd by one wife; the 3rd and 4th by another.—1st Kishenkishor Roy, the Zemindar of the 4 annas in dispute died in 1171, without issue, leaving two widows,—1st, Ruttunmala, who died in 1191, after adopting Nundkishor; 2nd Narayni Debeh (defendant) adopted Ramkishor Roy (defendant) after Nundkishore's death.—The 2nd son Gopaulkishor, had no issue, but an adopted son Joogulkishor;

* See *ante*, pp. 1086—1094. † See Macn. H. L. vol. I. pp. 78, 79. ‡ See *ante*, pp. 159—161.

দ্বিতীয় পুত্র গোপালকিশোর নিঃসন্তান হওয়াতে যুগলকিশোরকে দত্তক গ্রহণ করেন। তৃতীয় পুত্র গঙ্গানারায়ণও সন্ততি ও বনিতা না রাখিয়া মরেন; চতুর্থ পুত্র লক্ষ্মীনারায়ণ দুই পুত্র অর্থাৎ (বাদিদ্বয়) শ্যামচন্দ্র ও রুদ্রচন্দ্রকে রাখিয়া কালপ্রাপ্ত হয়েন। বাদিরা চারি আনা অংশের প্রতি তাহাদের দাবীর পোষকতার্থে বয়ান করে যে প্রতিবাদিনী নারায়ণীদেবী রামকিশোরকে দত্তক গ্রহণার্থে যথাযোগ্য ক্ষমতা প্রাপ্তা হয়েন নাই; বিরোধীয় চারি আনা অংশ সমুদায়ের মালিক-জমীদারের জ্যেষ্ঠা পত্নী রত্নমালার গৃহীত দত্তক নন্দকিশোরের মরণান্তে বাদিরা তাঁহার গ্রহীতৃপিতাকৃষ্ণকিশোরের ভ্রাতৃপুত্র বলিয়া তাঁহার দায়াদ বটে। প্রতিবাদিরা প্রথমতঃ রামকিশোরের দত্তকতা অবৈধ হওন বিষয়ক বাদিদের উক্তি অস্বীকার করেন। দ্বিতীয়তঃ আপত্তি করেন যে বাদিরা নন্দকিশোরের গ্রহীতৃপিতার বৈমাত্রেয় ভ্রাতার পুত্র মাত্র, তাহারা নন্দকিশোরের অনিকট সম্পর্কীয় হওয়াতে তাঁহার বিষয়ে অধিকারি নয়। জিলাতে পূর্ব্বে নিষ্পন্ন আর-এক মকদ্দমার কাগজ পত্র দৃষ্টে জিলার জজের বিবেচনা হইল যে (বর্ত্তমান মকদ্দমায়) বিচার্য্য কথার পূর্ব্বেই মীমাংসা হইয়াছে। উল্লিখিত মকদ্দমাতে কৃষ্ণকিশোরের ভ্রাতা গোপালকিশোরের গৃহীত দত্তক যুগলকিশোর নন্দকিশোরের উত্তরাধিকারিত্ব সত্ত্বে বিরোধীয় বিষয়ের দুই আনার নিমিত্তে নারায়ণীদেবীর নামে অভিযোগ করে। পতির অনুমত্যনুসারে নারায়ণীদেবীকর্ত্তৃক রামকিশোর দত্তক গৃহীত হওন বিষয়ে তৎকালে প্রমাণ গৃহীত হয়, তাহাতে সাক্ষিরা সাক্ষ্য দেয় যে ঐ অনুমতি তাহাদের শ্রবণ গোচরে বাচনিক দত্ত হইয়াছিল। বহুকালান্তে সাক্ষিরা স্মরণ বলে এইরূপ বর্ণনা করাতে এবং তদুপলক্ষে উপস্থিতি কৃত কোন২ কাগজের প্রতি সন্দেহ জন্মিবাতে তদ্দত্তকতা স্বীকার করা উপযুক্ত বিবেচনা হয় নাই। অনন্তর ঐ জিলা আদালতের এবং নিকটবর্ত্তি জিলা সকলের অথচ সদরদেওয়ানী আদালতের পণ্ডিতদিগকে এই কথার নিশ্চয়ার্থে ব্যবস্থা জিজ্ঞাসা করা হয় যে—নন্দকিশোরের অধিকৃত দুই আনা রকম বিষয়ের অধিকার হিন্দুদের শাস্ত্রানুসারে কৃষ্ণকিশোরের জীবিতা পত্নী নারায়ণীকে বর্ত্তিবে, অথবা কৃষ্ণকিশোরের ভ্রাতার দত্তক পুত্র যুগলকিশোরকে অর্শিবে, কিম্বা কৃষ্ণকিশোরের বৈমাত্রেয় ভ্রাতার পুত্র শ্যামচন্দ্র ও রুদ্রচন্দ্রকে বর্ত্তিবে? ভিন্ন২ জিলার পণ্ডিতেরা যে সকল উত্তর পাঠাইলেন তাহা পরস্পর বিপরীত; কিন্তু ত্রিপুরা জিলার ও সদরদেওয়ানী আদালতের পণ্ডিতেরা পৃষ্ট প্রশ্নের যে মীমাংসা করেন (অর্থাৎ উত্তর দেন) তাহা এই যে যুগলকিশোর কৃষ্ণকিশোরের ভ্রাতার দত্তক পুত্র বলিয়া উক্ত দুই আনা অংশের যথাশাস্ত্র অধিকারী; তদনুসারে যুগলকিশোরের পক্ষে ডিক্রী হয়। অতএব বর্ত্তমান মকদ্দমাতে জিলা জজের এমত মত হওয়াতে যে বাদিরা (অর্থাৎ শ্যামচন্দ্র ও রুদ্রচন্দ্র) বিরোধীয় চারি আনার কোন অংশে অধিকারি নয়, জিলা আদালতে খরচা সমেত তাহাদের দাবী ডিস্‌মিস্ হইল।

বাদিরা উক্ত নিষ্পত্তির প্রতি ঢাকার প্রবিন্‌স্যাল কোর্টে আপিল করিল। প্রকাশ পাইল যে ১৮০১ সালের ৪টা ডিসেম্বর তারিখে নারায়ণীদেবীর এবং গোপালকিশোরের দত্তক যুগলকিশোরের মধ্যে উপস্থিত মকদ্দমার আপিলে সদরদেওয়ানী আদালতে এক ডিক্রী সাদের হয়। ঐ আপিলে সদরদেওয়ানী আদালতের পণ্ডিতেরা ব্যবস্থা দেন যে নন্দকিশোরের উত্তরাধিকারী হরকিশোরই হইবে, নারায়ণী হইবেন না, কেননা তিনি নন্দকিশোরের বিমাতা, মাতা নহেন;—পরন্তু যদি তাঁহার দত্তক গ্রহণে ক্ষমতা ছিল তবে রামকিশোর তৎকর্ত্তৃক গৃহীত হওয়াতে রামকিশোরই নন্দকিশোরের দত্তকরূপ ভ্রাতা বলিয়া উত্তরাধিকারী হইবে। জিলা রংপুরে পূর্ব্ব এক মকদ্দমাতে রামকিশোরকে দত্তক গ্রহণ বিষয়ে (নারায়ণীর) ক্ষমতা থাকা সম্বন্ধে যে প্রমাণ দেওয়া হয় তাহা প্রবিন্‌স্যাল কোর্টের সন্তোষজনক হওয়াতে ঐ আদালত এই স্থির করিলেন যে রামকিশোর যথাযোগ্য রূপে ও যথাশাস্ত্র দত্তক গৃহীত হইয়াছে, ও তদ্ধেতু এমত বিবেচিত হওয়ায় যে আপিলান্টেরা ঐ চারি আনা রকমের কোন অংশে অধিকারি নয়, জিলার নিষ্পত্তির প্রতি কৃত আপিল খরচা সমেত ডিস্‌মিস্ হইল।

অনন্তর শ্যামচন্দ্র ও রুদ্রচন্দ্র সদরদেওয়ানী আদালতে (এইচ্. কোল্‌ব্রুক্ ও জে. ফম্বেল সাহেবের নিকট) আপিল করে, পূর্ব্বোক্ত দুই ডিক্রীর বিরুদ্ধে তাহারা যে যে আপত্তি করে তাহার প্রথম এই যে

the 3rd son Gunganaraen left neither issue nor a widow; the 4th son Lukkhoenaraen left two sons, viz. Shamchunder and Rooder Chunder (plaintiffs.) The plaintiffs, in support of their claim to the 4 anna share in dispute, alleged, that the defendant, Narayni Debeh, had not been duly empowered to adopt Ramkishor: that, on the decease of Nundkishor, adopted by Ruttunmala, the Zemindar's elder widow, and therefore by law proprietor of the whole 4 anna share, the plaintiffs were his heirs, as nephews of Kishenkishor, his adoptive father. The defendants, first, contradicted the assertion of the plaintiffs with respect to the illegality of Ramkishor's adoption; second, insisted, that the plaintiffs were only sons of the half brothers of the adoptive father of Nundkishor, and the distant degree of relationship which they bore to Nundkishor, would not entitle them to succeed to his property. On referring to the proceedings in another cause before tried by the Zillah Court, it appeared to the Zillah Judge, that the question at issue had been already virtually decided. In the cause alluded to, a claim had been preferred against Narayni Debeh, by Joogulkishor (who was adopted by Gopaulkishor, brother of Kishenkishor) for 2 annas of it, by right of succession to Nubkishor. Evidence was at that time taken as to the adoption of Ramkishor by Narayni Debeh under authority from her husband; and it was deposed by witnesses, that permission had been granted her verbally, in their hearing. On the ground of this being related by the witnesses from memory, after a long lapse of time, and of its being thought that suspicion attached to some documents brought forward on the occasion, it was not thought proper to admit the adoption. A reference was then made to the pundit of the Court, as well as to those of the adjacent Zillahs, and of the Sudder Dewanny Adawlut, to ascertain whether the succession to the 2 annas, held by Nundkishor, was vested, by the Hindoo law, in Narayni Debeh, the surviving widow of Kishenkishor; or in Joogulkishor, the adopted son of Kishenkishor's brother; or in Sham Chunder and Rooder Chunder, sons of his half brother? The answers returned by the pundits of several Zillahs were contradictory; but the solution of the question, as given by the pundits of Zillah Tiperah and the Sudder Dewanny Awdalut, was that Joogulkishor, as adopted son of Kishenkishor's brother, was legal heir to the 2 anna share; and judgment was passed accordingly in Joogulkishor's favour. In the present case, therefore, the Zillah Judge being of opinion that the plaintiffs (Sham Chunder and Rooder Chunder) were not entitled to any part of the 4 anna share in dispute, judgment was given against them in the Zillah Court, with costs.

আদিম চারিজাতির আদৌ ব্যবসায় বিশেষ নির্দ্দেশ হয়, যথা মনুঃ—"অধ্যাপনমধ্যয়নং যজনংযাজনন্তথা, দানংপ্রতিগ্রহঞ্চৈব ব্রাহ্মণানামকল্পয়ং॥ প্রজানাং রক্ষণংদানমিজ্যাধ্যয়নমেব চ। বিষয়েষ্বপ্রশক্তিশ্চ ক্ষত্রিয়স্য সমাসতঃ॥ পশূনাংরক্ষণংদানমিজ্যাধ্যয়নমেব চ। বণিক্পথংকুশীদঞ্চ বৈশ্যস্য কৃষিমেব চ॥ একমেবতু শূদ্রস্য প্রভুঃ কর্ম্মসমাদিশৎ। এতেষামেব বর্ণানাংশুশ্রূষামনসূয়য়া"॥ অস্যার্থঃ—বেদাধ্যয়ন ও অধ্যাপন, তথা যজন, যাজন, দান ও প্রতিগ্রহ ব্রাহ্মণের কর্ম্ম নির্দ্দেশ করিয়াছেন। প্রজাদের রক্ষণ, দান, যজ্ঞ, বেদাধ্যয়ন, এবং বিষয়ে অপ্রশক্তি সংক্ষেপতঃ ক্ষত্রিয়ের কর্ম্ম। পশুরক্ষা, দান, যজ্ঞ, বেদাধ্যয়ন, বাণিজ্য ও ব্যাজার্থে ঋণদান বৈশ্যের কর্ম্ম॥ অনসূয়াপূর্ব্বক ঐ তিন জাতির সেবা এই একমাত্র কর্ম্ম শূদ্রের প্রতি প্রভু (অর্থাৎ ব্রহ্মা) কর্ত্তৃক নির্দ্দিষ্ট হইয়াছে।—অ, ১, ব, ৮৮—৯১।

সঙ্করদের মধ্যে-ও কতিপয় জাতির ব্যবসায় নির্দ্দিষ্ট হইয়াছে, তাহা তত্তদ্বর্ণনাত্মক বচনচয়ে প্রকাশ। বৈদ্যের ব্যবসায় চিকিৎসা।

আদৌ যদিও শূদ্র একজাতি ও তদ্ব্যবসায় এক মাত্র বলিয়া উক্ত, তথাপি অনন্তর দেশভেদে শূদ্র মধ্যে অনেক জাতিভেদ ও জাতিভেদে ব্যবসায়ভেদ হইয়াছে; প্রত্যেক শূদ্র জাতিরই প্রায় ব্যবসায় বিশেষ নির্দ্দিষ্ট আছে, তন্মধ্যে এতদ্দেশীয় শূদ্রদের জাতি ও ব্যবসায় ভেদ যথা,—

জাতি	ব্যবসায়	জাতি	ব্যবসায়।
কায়স্থ *	লিখন পঠন।	গোপ, পল্লবগোপ বা গোয়ালা।	দুগ্ধ দধিপ্রভৃতি বিক্রয়।
সদ্গোপ বা চাষাগোয়ালা	কৃষিকর্ম্ম, তরকারীপ্রভৃতি বিক্রয়।	গন্ধবণিক বা গন্ধবেণিয়া	গন্ধদ্রব্য ও মসলা বিক্রয়।

* উদ্ধৃ—পৃ. ১১৩০।

not a slave, he must live by slavish work, and may also gain subsistence by catching wild beasts in toils. A *Voidéha* begets on her a sweet-voiced *Moitreyaka*, who, ringing a bell at the appearance of dawn, continually praises great men. A *Nishâda* begets on her a *Márgava*, or *Dásha*, who subsists by his labor in boats, and is named *Coiverta* by those, who dwell in *Aryáverta*, or the land of the venerable. Those three of a base tribe are severally begotten on *Ayogaví* women, who wear the clothes of the deceased and eat reprehensible food. From a *Nisháda* springs *by a woman of the Voideha tribe, a Càràvára*, who cuts leather, and from a *Voideha spring, by women of the Cáràvára and Nisháda casts*, an *Andhra* and a *Mèda*, who must live without the town; From a *Chandála*, by a *Voidehí* woman, comes a *Pándusopáka*, who works with canes and reeds. and from a *Nisháda*, an *Ahindika*, who acts as a jailor. From a *Chandála*, by a *Pukkasí* woman, is born a *Sopáka*, who lives by punishing criminals condemned by the king, a sinful wretch ever despised by the virtuous. A *Nishádí* woman by a *Chandála* produces a son called *Antyávasái*, employed in places for burning the dead, contemned even by the contemptible.—These, among various mixed classes, have been described by their several fathers and mothers : and, whether concealed or open, they may be known by their occupations.—*Manu*, ch. X. v. 26—40.

Castes (of the Hindus) are also enumerated and described in the *Brahma Voivarta Purána*, and *Parashuráma-Paddhati* : almost all of which castes are the same as those mentioned in the Institutes of *Manu*, from which those appear to have been taken. Of the above mentioned mixed castes, many are not to be found in Bengal, and some are scarce even in the other countries.

The *Bráhmens* of this country are divided into three principal classes :—the *Rárhí*, *Bárendra*, and *Voidika*. The *Voidika*, again, is subdivided into *Páshchátya* and *Dákkhinátya* classes :—they whose common ancestor came from *Drávira* are of the *Dákkhinátya* class; and they whose common ancestor emigrated from the *Marhatta* country belong to the *Páshchátya* class.

Besides, by acting as *Purohits* (priests) of, as well as by accepting or receiving religious donations from, low castes, many of the *Bráhmens* have been partially degraded and formed, according to their acts or faults, into several subordinate classes : they nevertheless belong to, or are included in, the great or general classes above mentioned.

Special duties and professions were originally assigned to the primitive or pure classes.

Thus *Manu* :—" To *Bráhmens* he assigned the duties of reading the *Veda*, of teaching it of sacrificing, of assisting others to sacrifice, of giving alms, (if they be rich,) and (if indigent) of receiving gifts. To defend (protect) the people, to give alms, to sacrifice, to read the *Veda*, to shun the allurements of sensual gratification, are in few words the duties of a *Kshatriya*. To keep herds of cattle, to bestow largesses, to sacrifice, to read the scripture, to carry on trade, to lend at interest, and to cultivate land, are prescribed or permitted to a *Voishya*. One principal duty the Supreme ruler assigned to a *Shúdra*, namely, to serve the before mentioned classes, without depreciating their worth." Ch. I. v. 88—91.

The duties and professions of some of the mixed classes also have been ordained, as is apparent from the texts describing them.

The profession or duty of the *Voidya* caste is to be physicians and prescribe and adminster medicines.

Although originally the *Shúdras* were but of one caste, and had but one principal duty or profession, yet the members of this caste have subsequently been divided into many sub-castes or classes; and almost every one of such castes has a peculiar profession assigned. The *Shùdra* castes common in Bengal, and their respective professions, are as follows:—

Caste or Class.	Profession.	Caste or Class.	Profession.
*Káyastha**	Reading and writing.	*Gopa*, *Pallava Gopa*, or *Gowálá*	Pasturage and sale of dairy produce.
Sad-gopa or Chásá-Gowálá	Cultivating land, growing and selling vegetables, &c.	*Gandha Banika*, or *Ghandha Beniyá*	Perfumery and grocery.

* See *ante*, *page* 1164.

জাতি	ব্যবসায়।
সংখবণিক বা সাঁখারী	বাদ্যসংখাদি প্রস্তুত ও বিক্রয় করণ।
কংসবণিক বা কাঁশারী	কাঁসা পিত্তলপ্রভৃতির দ্রব্য প্রস্তুত ও বিক্রয় করণ।
সুবর্ণবণিক বা সোনার বেণিয়া	সোনা রূপা ও মুদ্রাদি ক্রয় বিক্রয়।
তেলী তিলী ও তামলী	প্রধানতঃ শস্য ক্রয় বিক্রয়।
মাল্যকার, মালাকর বা মালী	পুষ্প ও পুষ্পমালা প্রভৃতি বিক্রয়,পুষ্পোদ্যানাদির কর্ম্ম।
কর্ম্মকার, কামার	লোহার ও ইস্পাতের দ্রব্যাদি নির্ম্মাণ ও বিক্রয়।
কুম্ভকার, কুমার	মৃত্তিকার পাত্র ও প্রতিমাদি নির্ম্মাণ।
স্বর্ণকার, সেকরা	সোণা রূপার অলঙ্কারাদি নির্ম্মাণ।
নাপিত	ক্ষেউরি করণ।
মোদক, মধুনাপিত* বা ময়রা	মিস্টান্ন প্রস্তুত ও বিক্রয়করা।
কুরী	মিষ্টান্ন প্রস্তুত ও বিক্রয় করা।
আগুরী	প্রধানতঃ কৃষিকর্ম্ম করণ।
তন্ত্রবায় বা তাঁতি	বস্ত্র নির্ম্মাণ ও বিক্রয়।
যুগি	বস্ত্র নির্ম্মাণ ও বিক্রয়।
ভাস্কর	প্রস্তর খুদিয়া প্রতিমাদি নির্ম্মাণ করণ।

জাতি	ব্যবসায়।
বারুই	তাম্বুল প্রস্তুত ও বিক্রয় করণ।
নুড়ি	গালার চুরি প্রভৃতি প্রস্তুত ও বিক্রয় করা।
শুঁড়ি	অনির্দ্দিষ্ট।
কৈবর্ত্ত†	প্রধানতঃ কৃষিকর্ম্ম।
ধীবর, জালিয়া	জাল বুনন, মৎস্য ধরিয়া বিক্রয় করণ ও নৌকা বাহন।
সূত্রধর, ছুতার	কাষ্ঠের দ্রব্য নির্ম্মাণ ও চিত্র করণ।
রাজবংশী বা তিয়র	ইষ্টকের প্রাচীরাদি গাথন, এবং কোন কোন স্থানে মৎস বিক্রয় করণ।
কপালী	শণসূত্র প্রভৃতি প্রস্তুত ও বিক্রয় করা।
রজক, ধোপা	বস্ত্র ধৌত বা পরিষ্কার করণ।
চাশা-ধোপা	প্রধানতঃ চাউল প্রস্তুত ও বিক্রয় করা।
কলু	তৈল প্রস্তুত ও বিক্রয় করণ।
কোল	অনির্দ্দিষ্ট।
করঙ্গা	ঐ
শৌণ্ডিক বা শুঁড়ি	মদ্য প্রস্তুত ও বিক্রয় করণ।
পাটুনি	খেয়া দেওয়া।
কান	প্রধানতঃ গীত বাদ্য করণ।

অপর ব্যক্তির নরনখ কাটিতে অনিচ্ছু হওয়ায় চৈতন্যদেব তাহাকে ময়রার ব্যবসায় করিতে আদেশ করেন, তদবধি সে ও তাহার জাতিকুটম্ব তদ্ব্যবসায় অবলম্বন করে, এবং এই কর্ম্ম ও ব্যবসায় ভেদে তাহাদের সহিত আমুং নাপিতের জাতি ভেদ হয়।

† দ্রষ্টব্য পৃ. ১১৩১ ; কৈবর্ত্ত এক্ষণে শুদ্ধ শূদ্র জাতি মধ্যে পরিগণিত।

Caste.	Profession.
Sankha Banika or *Sánkhári*	Preparing and selling for blowing conchs, &c.
Kangsa Banika or *Kánsári*	Brasiery.
Suvarna Banika or *Sonár beniyá*	Dealing in gold and silver and money.
Telí / *Tili* / *Támlí*	Trade, chiefly in grain, &c.
Málya kár, màlákar, or *Màlí**	Cultivating flower-gardens and selling flowers and garlands, &c.
Karmakàr or *kámàr*	Blacksmith's
Kumbhakàr or *Kumàr.*	Pottery and making earthen images, and so forth.
Swarnakár or *Sekrà.*	Goldsmith.
Nápit.	Shaving.
Modak, Madhu Nàpit, or *Moyrá* *	Preparing and selling sweetmeats.
Kuri.	*Ibid.*
A'guri.	Principally cultivation.
Tantrabày or *Tànti.*	Weaving and selling cloths.
Jugi	Weaving and selling cloths, and so forth.
Bháskar	Sculpture.
Bárui	Growing and selling betel leaves.
Nurí	Preparing and selling lac bracelets and so forth.
Gunrì	Uncertain.
Kivarota†	Cultivation, occassionly navigation.
Dhíbar or *Jáliyá*	Fishing, and selling fish, and making nets.
Sútradhár, or *Chhutár*	Carpentry.
Rájbangsí or *Tiyor*	Principally masonry.
Kapálí	Spinning and selling hemp thread.
Rajak or *Dhopá*	Bleaching cloths and washing clothes.
Chásà-dhopá	Preparing and selling rice, &c.
Kalu	Manufacturing and selling oil.
Kol	Uncertain.
Karangá	Uncertain.
Shoundik or *Shunrì*	Distilling and selling spirits and so forth.
Pátaní	Ferry-man.
Kán	Singing and so forth

* N. B. There is a tradition that *Madhu Nápit* (a shaver named *Madhu*,) after shaving the head of *Choitanya Deva* (See Pre. P. XI, note) at the time of his becoming a *Sanyási*, was unwilling to cut thereafter the toe-nails of any other person, upon which *Choitanya Deva* directed him to follow the profession of a confectioner; and since that time he and his relations became confectioners, and in consequence they formed a class different from that of the other shavers.

† See page 1168. *Koivarta* is at present reckoned to be one of the *Shúdra* castes.

জাতি	ব্যবসায়	জাতি	ব্যবসায়।
গাঁড়ার	চিবিটক বা চিড়া প্রস্তুত ও বিক্রয় করা।	চণ্ডাল, চাঁড়াল বা নমশূদ্র	প্রধানতঃ খেজুরগাছ চুলিয়া গুড় প্রস্তুত করণ।
কাঁড়রা	বাঁসের চেটাই ও চেঙ্গারী প্রভৃতি প্রস্তুত ও বিক্রয় করা।	হাড়ি	পুরিষ পরিষ্কার; শূকর পালন, তাহা ও তাহার মাংসাদি বিক্রয় করণ।
দুলিয়া	পালকী ইত্যাদি স্কন্ধে বহন, বেহারার কর্ম্ম।		
বাওরী	ঐ	কাওরা	প্রধানতঃ শূকর পালন ও বিক্রয়।
বাগদী	প্রধানতঃ মৎস্য ধরিয়া বিক্রয়।	ডোম	বাঁসের চেটাই ও চেঙ্গারী প্রভৃতি প্রস্তুত ও বিক্রয় করা।
পোদ	প্রধানতঃ মৎস্য ধরিয়া বিক্রয়।		
বেদিয়া	ঔষধের গাছড়া বিক্রয়।	মুর্দাফরাস	চিতা নির্ম্মাণ, শব বহন ও ক্ষেপন।
কোড়া	পুষ্করিণী প্রভৃতি খোদন।		
চুনারী	চুন প্রস্তুত ও বিক্রয় করা।	মুচি, চর্ম্মকার, রুহিদাস	চর্ম্ম প্রস্তুত ও বিক্রয় করা,—ঢাক ঢোল, প্রভৃতি বাদন, বস্ত্রনির্ম্মাণ ও বিক্রয়।
বাইতি	ঢোল প্রভৃতি বাজান, মাদুর ও দরমা প্রস্তুত ও বিক্রয় করা		

৬০১ উপরি দর্শিত প্রত্যেক জাতি বা শ্রেণি অধুনা পৃথক্ বা বিশেষ এক জাতি, এবং তজ্জাতি বা শ্রেণিসমূহের মধ্যে পরস্পর বিবাহ না হওয়াতে এই নিস্কর্ষ করিতে হইবে যে উক্তরূপ পৃথক্ জাতিদ্বয়ের মধ্যে বিবাহ হইলে তাহা এক্ষণে বিবাহই নয়, ও তদ্বিবাহে জাত সন্তান অবৈধত্বহেতু দায়াধিকারী নয়।

Caste.	Profession.	Caste.	Profession.
Gáurár	Preparing and selling *chirá.**	*Báiti*	Playing on the *dhol*†, and preparing and selling mats.
Kánrrá	Making and selling bamboo baskets.	*Chandál, Chánrál*, or *Noma shúdra*	Preparing date-*goor*, and cultivating lands.
Duliyá	Carrying palkees, &c on the shoulders, doing the work of a bearer.	*Hárí*	Keeping and selling swine and selling swine's flesh; scavengering and carrying filth.
Báori	*Ibid.*	*Káorá*	Keeping and selling swine.
Bágdi	Generally, catching and selling fish.	*Dóm*	Making and selling bamboo baskets, &c.
Pód	*Ibid.*		
Bediyá	Selling medicinal drugs.	*Murdá-farásh*	Preparing funeral piles, carrying or dealing with dead bodies.
Korá	Digging, or excavating tanks, canals, &c.	*Muchi, Charmakár*, or *Ruhidás*	Skinning dead and slaughtered animals, tanning, selling hides, leather, &c.; playing on the *dhol, dhák*‡, &c.; weaving cloths.
Chunárí	Preparing and selling lime.		

601 Each of the castes or classes above mentioned is at present a separate or distinct tribe. Intermarriages, between any two of these castes or classes, being abrogated or not being in practice, it must be concluded that the marriage between any two of them, if contracted, is null and void, and the issue of such marriage not entitled to inheritance, the same being considered as unlawfully born. Vyavastha'.

* Paddy when wetted, parched, and flattened.

† A drum of a particular description which the drummer carries by slinging it round his neck with cord.

‡ The drum of the largest kind, carried by the left arm and shoulder, and played only on one side.

অতিরিক্ত।

বঙ্গভিন্ন অন্য দেশীয় দায়শাস্ত্র প্রভৃতির সার।

স্বত্ব-কারণ। (উত্তরাধিকারির) জন্মজন্যাধিকার এবং ধনস্বামির মরণে বা অন্যকারণে* স্বত্বনাশ এতদুভয় সংযুক্তরূপে দায়রূপ ধনে স্বত্বোৎপাদক। পূর্ব্বে জন্মাধীন যে স্বত্ব জন্মে তাহা ধনির মরণে বা মরণতুল্যাবস্থাপন্নে* অথবা ইচ্ছাপূর্ব্বক স্বত্বত্যাগে সম্পূর্ণ হয়।

দায়াধিকার। মরণ পাতিত্য আশ্রমান্তর গমন কিম্বা উপেক্ষাতে ধনির স্বত্ব ধ্বংস হইলে, তদ্ধনে—পুত্রের অধিকার, তদভাবে পৌত্রের তদভবে প্রপৌত্রের অধিকার। যে পৌত্রের পিতামৃত ও প্রপৌত্রের পিতৃপিতামহ মৃত তাহারা জীবিত পুত্রের সহিত সমকালে অধিকারি। তাদৃশ পৌত্র ও প্রপৌত্রগণ স্ব স্ব পিতৃ পিতামহের যোগ্যাংশে অধিকারি, নিজ নিজ সংখ্যানুসারে নয়। বিষয় বিভক্ত হইয়া থাকিলে প্রপৌত্রের অভাবে পত্নী অধিকারিণী†, পরন্তু অনিবার্য্যরূপ আবশ্যক কার্য্যে অথবা শাস্ত্রাদিষ্টকারণে ভিন্ন পত্নী পতিদায়ের অত্যাল্প ভাগও দান বিক্রয়াদি করিতে পারে না। এতবতা তাহাকে কোন ব্যবহারের নিমিত্তে জিম্মাদার বই গণ্য করা যাইতে পারে না। এমত যে যদি সে অপহার করে তবে তৎপতির দায়ে যাহাদের ভবিষ্যৎ স্বত্ব-সম্বন্ধ আছে তাহারা তেমত করণে তাহাকে নিবারণ করিতে পারে‡। পত্নীর অভাবে দুহিতার অধিকার§, দুহিতাদের মধ্যে কেহ অবিবাহিতা থাকিলে কাশ্যাদিদেশে আর২ দুহিতাকে নিরাস করিয়া অবিবাহিতা অধিকারিণী, তদভাবে দরিদ্রা, তদভাবে ধনশালিনী দুহিতা অধিকারিণী, কিন্তু পুত্রবতী বা সম্ভাবিতপুত্রা দুহিতা কোন ক্রমে বন্ধ্যা বা পুত্রহীন বিধবা হইতে প্রশস্তা নয়। মিথিলা প্রদেশীয় শাস্ত্রানুসারেও প্রথমে অবিবাহিতা দুহিতা অধিকারিণী, তদভাবে বিবাহিতা দুহিতারা অবিশেষে অধিকারিণী ;—পুত্রবতী ও সম্ভাবিতপুত্রা দুহিতা বন্ধ্যা ও বিধবা হইতে প্রশস্তা নয়, দরিদ্রা ও ধনশালিনীর মধ্যে ও বিশেষ নাই। দুহিতার অভাবে দৌহিত্র অধিকারী§, দৌহিত্র অধিক থাকিলে তাহারা স্ব স্ব সংখ্যানুসারে অধিকারি, মাতৃ সংখ্যানুসারে নয়;—মিথিলা প্রদেশে দৌহিত্র রাজার পর অধিকারী কথিত হওয়াতে সে পাকতঃ অনধিকারী ইহা অবধৃত। দৌহিত্রের অভাবে মাতা§, তদভাবে পিতা ; কিন্তু বিষয় অবিভক্ত থাকিলে প্রপৌত্রের অভাবেই পিতা (পত্নী প্রভৃতি থাকিলেও তাহারদিগকে নিরাস করিয়া) অধিকারী, পিতার অভাবে সহোদর ভ্রাতা, তদভাবে বৈমাত্রেয় ভ্রাতা অধিকারি, উভয়রূপ ভ্রাতার অভাবে তাহাদের পুত্রেরা যথাক্রমে অধিকারি। তদভাবে পিতামহীর§, তদন্তর পিতামহের অধিকার, তদভাবে পিতার সহোদর ও বৈমাত্রেয় ভ্রাতারা ক্রমে অধিকারি, অনন্তর তাহাদের পুত্রেরা যথাক্রমে অধিকারি। তদভাবে প্রপিতামহী§ প্রপিতামহ ক্রমে অধিকারি, তদভাবে প্রপিতামহের পুত্র ও পৌত্র ক্রমে অধিকারি, তদভাবে বৃদ্ধপ্রপিতামহী§ বৃদ্ধপ্রপিতামহ, বৃদ্ধপ্রপিতামহের পুত্রপৌত্র ক্রমে অধিকারি।

---

* দ্রষ্টব্য—মেক. হি, ল, বা, ১ পৃ ২। ব্য. দ, পৃ. ৪, ১০ও ১৩।

† দ্রাবিড় বা দক্ষিণ দেশে অত্যন্ত আদৃত স্মৃতিচন্দ্রিকার মতে বিষয় বিভক্ত থাকিলে কন্যাবতী পত্নী পতির স্থাবরাস্থাবর বিষয়ে অধিকারিণী, নিস্সন্তান পত্নী কেবল অস্থাবরে অধিকারিণী। যে স্থলে দুই বিধবা থাকে তন্মধ্যে এক কন্যাবতী ও অন্যা সন্তানহীনা, সে স্থলে কন্যাবতী সমুদায় স্থাবর বিষয় পাইবে, এবং অস্থাবর ধন তদুভয়ের মধ্যে সমানভাগে বিভক্ত হইবে।

‡ পরন্তু মিতাক্ষরানুসারে স্ত্রীর অধিকৃত সহ্যাভধন এক প্রকার স্ত্রীধন হওয়াতে সে তাহা যথেচ্ছারূপ দানাদি করিতে পারে, তথাচ মিতাক্ষরাতে এমত লিখিত নাই যে ঐ স্ত্রীর মরণান্তে তৎস্বামির উত্তরাধিকারী অধিকারী না হইয়া স্ত্রীধনের অধিকারী তাদৃশধনে অধিকারী হইবে, বরং তাহাতে যে আভাস আছে তাহা হইতে এমত নিষ্কর্ষ হইতে পারে যে তাদৃশধন পতির উত্তরাধিকারিকে অর্শিবে স্ত্রীধনের অধিকারিকে অর্শিবে না। অপিচ কাশীপ্রদেশে মিতাক্ষরা সদৃশ মান্য বীরমিত্রোদয়ে ইহা স্পষ্টই লিখিত আছে যে স্ত্রীর মরণান্তে তদধিকৃত পতিসহ্যাভ ধনে পতির উত্তরাধিকারী অধিকারী হইবে।

§ দুহিতা, মাতা, পিতামহী, প্রপিতামহী এবং বৃদ্ধপ্রপিতামহীও সহ্যাভধন দানাদি বিষয়ে পত্নীর ন্যায় সংযতা, ন্যস্য ও স্বাধ্যোক, কারণ বিনা তাহার কিয়দংশদানাদি করিতেও অধিকারিণী নয়। আর বিষয় অবিভক্ত থাকিলে ইঁহারা এবং দৌহিত্র ও ধনাধিকারি নয়, তদবস্থাতে উক্ত পত্নী প্রভৃতির অভাবে যাহারা অধিকারি উক্ত হইয়াছে, তাহারাই অধিকারি। দ্রষ্টব্য, মেক্, হি, ল, বা, ১, পৃ. ২২।

ADDENDA.

ABSTRACT OF THE LAW OF INHERITANCE, &C. AS CURRENT IN THE SCHOOLS OTHER THAN THAT OF BENGAL.

Cause of heritable right.

The inchoate right arising from birth, and the relinquishment by the occupant (whether effected by death or otherwise) conjointly create the heritable right, the inchoate right which previously existed becoming perfect by the owner's death (natural or civil) or his voluntary abandonment.*

Order of succession.

When a person's right of property ceases by death, by degradation, by the quitting of the condition of a householder, or by voluntary abandonment, the property devolves on the son; in default of the son, the grandson, and failing him the great grandson, takes the inheritance; the grandson, whose father is dead, and the great grandson, whose father and grandfather are dead, inherit simultaneously with the (late proprietor's) surviving son: such grandsons and great grandsons, however, inherit *per stirpes* and not *per capita*. In the case of the property having been already divided, the widow succeeds† in default of the great grandson: she cannot, however, dispose of the smallest part by gift, sale, or the like, except for purposes indispensably necessary, and certain other objects recognised by law; it follows then that she can be considered in no other light than as a holder in trust for certain uses; so much so, that should she make waste, they who have the reversionary interest have clearly a right to restrain her from so doing‡. In default of the widow the daughter succeeds§; if there be an unmarried daughter, then, according to the law of Benares, she would take the inheritance to the exclusion of other daughters; failing her, the succession devolves on the married daughter who is indigent; in her default the wealthy daughter succeeds: but no preference is given to the daugther who has, or is likely to have, male issue, over a daughter who is barren or a childless widow. According to the *Mithilá* law also, the unmarried daughter succeeds first; failing her, the married daughters are, without distinction, entitled to the inheritance; the daughter who is married, and has, or is likely to have, male issue, is not preferred to one who is widowed and barren; nor is there any distinction made between indigence and wealth. In default of the daughter, the daughter's son inherits§: if there be many daughters' sons, they inherit *per capita* and not *per stirpes*. The *Mithilá* authorities hold that the daughter's son should succeed after (that is, on failure of) the king, and thereby determine, though indirectly, that the daughter's son should never succeed. Failing the daughter's son, the mother§, in her default, the father succeeds. The father, however, would succeed immediately after the great grandson in the case of the estate being joint and held in coparcenary (excluding the widow and the rest.) In default of him the brother of the whole blood succeeds, in his default the brother of the half blood; then their sons inherit successively; next the paternal grandmother§, then the paternal grandfather, the paternal uncle of the whole blood, of the half blood, and their sons successively succeed; next the paternal great grandmother§, the paternal great grandfather, his son and grandson successively; then the paternal great grandfather's mother§, his father, his brother, his

* See Macn. H. L. vol. I. 2. *Ante*, pp. 5,11, and 17.

† According to the doctrine of the *Smriti-Chandriká*, which is of great and paramount authority in the South of India, a widow, being the mother of daughters, takes her husband's property, both movable and immovable, where the family is divided: but a childless widow takes only the movable property. Where there are two widows, one the mother of daughters, and the other childless, the former alone takes the immovable estate, and the movable property is equally divided between them.

‡ According to the *Mitákshará*, however, the property inherited by a widow becomes a kind of *Stridhan*, and it being so, she may be at liberty to make any disposition thereof. This authority, however, does not lay down that, instead of her husband's heir, the heir of her proper *stridhan* would succeed to such property after her death; but from the manner of the writing it may be concluded that it should devolve on the heir of her husband and not on the successor to her other *stridhan*. And the *Virmitrodoy*, which also is a great authority in Benares, has clearly laid down that, after her death, the heir of her husband shall succeed to the property inherited by her from him.

§ The daughter, mother, grandmother, great grandmother, and great great grandmother too, are, like the widow, restricted by law from making a gift or other disposition of the property without a proper and legal cause. And they, as well as the daughter's son, are not entitled to inherit if the property be joint and undivided, in which case they, and they only, who are said to have been entitled, on the non-existence of the widow and the rest above mentioned, would inherit.—*Vide* Macn. H. L. vol. I. p. 22

তদভাবে (মৃত ধনি হইতে) সপ্তম পুরুষ পর্য্যন্ত সপিণ্ড, তদভাবে (মৃত ধনি হইতে) চতুর্দ্দশ পুরুষ পর্য্যন্ত সমানোদক যথাক্রমে অধিকারি, সমানোদকাভাবে বন্ধু অধিকারী, বন্ধু তিন প্রকার,—আত্মবন্ধু, পিতৃবন্ধু ও মাতৃবন্ধু,—আপন পিস্‌তুতা ভাই, মাস্‌তুতা ভাই, ও মামতো ভাই ইহারা আত্মবন্ধু; পিতার পিস্‌তুতা ভাই, মাস্‌তুতা ভাই ও মামতো ভাই পিতৃবন্ধু; মাতার পিস্‌তুতা ভাই, মাস্‌তুতা ভাই, ও মামতো ভাই ইহারা মাতৃ বন্ধু। তদভাবে আচার্য্য, শিষ্য, ও একত্র বেদাধ্যায়ী ক্রমে অধিকারি, তদভাবে বেদজ্ঞ ব্রাহ্মণ, তদভাবে ব্রাহ্মণের ধনভিন্ন অন্য ধনে রাজা অধিকারী।

মহারাষ্ট্র দেশে মহামান্য ব্যবহার ময়ূখের দায়াধিকারক্রম উপরি উক্ত ক্রম হইতে অনেক বিভিন্ন দৃষ্ট হইতেছে, মাতার পর তাহাতে লিখিত অধিকারিগণের ক্রম যথা—সহোদর ভ্রাতা, তাহার পুত্র, পিতামহী, ভগিনী, পিতামহ, ও বৈমাত্রেয় ভ্রাতা একত্র অধিকারি। ইহাদের অভাবে সপিণ্ড, সমানোদক, ও বন্ধুরা নৈকট্যক্রমেঅধিকারি।

দত্তক প্রকরণ।

দত্তক বিষয়ে দেশভেদে তাদৃক মতভেদ নাই।—তথাপি বিশেষে জ্ঞাতব্য এই যে বঙ্গদেশে ও দ্রাবিড় বা দেকান অর্থাৎ দক্ষিন দেশে দত্তকমীমাংসাদি গ্রন্থ অপেক্ষা করিয়া দত্তকচন্দ্রিকা অধিক আদৃত ও ব্যবহৃত হওয়াতে* এতদ্দেশে দত্তক বিষয়ক যে২ বিধান প্রচলিত দ্রাবিড় দেশেও অবিকল তাহাই প্রবল। এবং আর২ দেশে দত্তক মীমাংসা সর্ব্বাপেক্ষা আদৃতও প্রচলিত হওয়াতে† তদ্‌ গ্রন্থের ও দত্তক চন্দ্রিকার মধ্যে যে২ বিষয়ে প্রভেদ আছে বঙ্গ ও দ্রাবিড় হইতে আর২ দেশে দত্তক বিষয়ে সেই২ প্রভেদ মাত্র। তন্মধ্যে প্রধান২ প্রভেদ যথা,—বঙ্গ ও দ্রাবিড় ভিন্ন অন্য দেশে চূড়াকরণের পূর্ব্বে অথচ পঞ্চম বর্ষ বয়ক্রমের পূর্ব্বে দত্তক গ্রহণ করিতে হইবে,—কোন বালকের পঞ্চম বর্ষের পূর্ব্বে চূড়াকরণ হইয়া থাকিলে সে বালককে গ্রহণ করা যাইতে পারে বটে, কিন্তু গৃহিতৃকুলে আবার ঐ সংস্কার হইলেও সে শুদ্ধ দত্তক নাহইয়া অনিত্যামুষ্যায়ণ হয়; পরন্তু দ্রাবিড় ওবঙ্গদেশে দ্বিজাতির উপনয়নের পূর্ব্বে ও শূদ্রের বিবাহের পূর্ব্বে দত্তক গ্রহণ করিলে হয়। এই দেশদ্বয়ে পত্নী পতির অনুমতি ভিন্ন দত্তক গ্রহণ করিতে পারে না, কিন্তু কাশ্যাদি আর২ দেশে শ্বশুরাদি নিকট জ্ঞাতির অনুমতিতেও মৃতধনির পত্নী দত্তক গ্রহণ করিতে পারে। অপিচ তত্তৎপ্রদেশে দৌর্ভিক্ষ্যাদি কারণে পত্নী দত্তক করণার্থে নিজ ক্ষমতায় পুত্র দান করিতে পারে, কিন্তু বঙ্গ ও দ্রাবিড় দেশে তাহা পারে না। দত্তক গ্রহণের পর ঔরস পুত্র জন্মিলে কাশ্যাদি প্রদেশে দত্তক পুত্র গ্রহীতার বিষয়ের একাংশ পায়, ও ঔরস তিন অংশ পায়। কিন্তু বঙ্গ ও দ্রাবিড় দেশে দত্তক ঔরসের অর্দ্ধেক পায় অর্থাৎ ঔরস দত্তকের দ্বিগুণ ধনে অধিকারী হয়।

* দত্তক মীমাংসা প্রভৃতি গ্রন্থের মতসমূহও এতদ্দেশে মানিত ও চলিত, কেবল তত্তদ্‌ গ্রন্থের যে২ ব্যবস্থা দত্তক চন্দ্রিকার বিরুদ্ধ তাহই মান্য নয়। দ্রষ্টব্যাভূমিকা পৃ. ।।৶০ ও।।৵০

† আর২ বিষয়ে দত্তক মীমাংসা প্রভৃতির ও দত্তকচন্দ্রিকার মধ্যে তাদৃক্‌ মতভেদ নাই, প্রত্যুত প্রায়ই ঐক্য আছে।

brother's son, successively succeed. In default of all these, the *sapindas* in the same order as far as the seventh degree in ascent (enumerated from the late proprietor inclusive.) In default of *sapindas*, the succession devolves on the *samánodakas*, (kinsmen allied by a common libation of water,) who are kinsmen as far as the fourteenth degree, including those above enumerated. In default of the *samánodakas*, the *bandhus* or cognates succeed. These kindred are of three descriptions, personal, paternal, and maternal. The personal kindred are the sons of his own father's sister; the sons of his own mother's sister, and the sons of his maternal uncle. The paternal kindred are the sons of his father's paternal aunt, the sons of his father's maternal aunt, and the sons of his father's maternal uncle. The maternal kindred are the sons of his mother's paternal aunt, the sons of his mother's maternal aunt, and the sons of his mother's maternal uncle. In default of them, the *A'chárjya* or spiritual preceptor, the pupil, fellow student in the *Vedas*, and *Brahmens* learned in the *Vedas*, successively succeed; and lastly, always excepting the property of *Brahmens*, the estate escheats to the ruling power.

In the *Vyavahára-Mayúkha*, an authority of great eminence in the west of India, a considerable deviation from the above order appears, and the heirs after the mother are thus enumerated. The brother of the whole blood, his son, the paternal grandmother, the sister, the paternal grandfather, and the brother of the half blood, inherit together. In default of these, the *sapindas*, the *samánodakas*, and the *bandhus* inherit successively, according to their degrees of proximity.

ADOPTION.

The law of adoption does not exhibit much conflict of doctrines between the several schools. It must be known, however, that in Bengal and *Drávira* (the Deccan) the *Dattaka-Chandriká* being respected and followed in preference to the *Dattaka-Mímánsá* and the other works (on the subject,)* the adoption rules followed in this country are the same as those in force and acted upon in the Deccan; whereas in the other schools the *Dattaka-Mímánsá* being followed in preference to the other works, the differences (in the doctrines of adoption) between those schools and that of the Bengal or *Deccan* school are the same as those between the *Dattaka-Chandriká* and *Dattaka-Mímánsá*. Of those, the material ones are as follows.—In the schools other than Bengal and *Drávira*, a *Dattaka* son must be adopted previous to his initiation by the ceremony of tonsure, and before the fifth year of his age. And although a boy, whose tonsure has been performed within the fifth year of his age (in the family of the natural father) may be adopted, yet he cannot become a *Dattaka* son in the ordinary form, but must be considered an *Anitya-Dwyámushyáyana*, notwithstanding the tonsure be repeated in the family of the adopter; whereas in Bengal and the Deccan a twice born man may adopt a son before the *upanayana*, and a *Shúdra* before the marriage, of the boy. In the two latter schools, a wife cannot adopt a son without her husband's consent or authority, whereas in the Benares and other Provinces she can do so with the sanction of her husband's nearest of kin, her father-in-law and the rest. In the case of famine or a like distress, a woman can, of her own authority, give a son for adoption in the provinces other than Bengal and *Drávira*. Where a legitimate son is born subsequently to the adoption, (he and the adopted son inherit together; but) the adopted son takes one-third according to the law of Bengal and the Deccan, and one fourth according to the doctrine of the other schools.†

* The doctrines of the *Dattaka-Mímánsá*, &c. are also respected and followed in this country, with the exception of such of them as are contrary to the doctrines of the *Dattaka-Chandriká*.—*Vide* Preface, pp. xii and xiii.

† In other respects the doctrines of the *Dattaka-Mímánsá*, &c., generally agree with, and do not matterially differ from, those of the *Dattaka-Chandriká*.

মহারাষ্ট্র দেশে মহাপ্রামাণিক প্রমাণরূপে আদৃত ময়ূখ গ্রন্থের মতানুসারে নিস্সম্বন্ধ ব্যক্তিকে গ্রহণ স্থলেই কেবল বয়ঃক্রমের ধরাধর হয়, কুটুম্ব বা স্বগোত্রকে গ্রহণ করণ স্থলে গ্রহীতব্য প্রাপ্ত-ব্যবহার-কাল, বিবাহিত এবং পরিবারবিশিষ্ট হইলেও তাহাতে বাধা জন্মে না।

মিথিলা প্রদেশে কৃত্রিম পুত্র করণ প্রথা প্রচলিত আছে, তাহাতে জাতিবিষয়ক ভিন্ন অন্য কোন সঙ্কোচ বা নিয়ম নাই, কেবল গ্রহীতৃ-পিতার ও গ্রহীতব্য পুত্রের এক জাতীয় হওয়া আবশ্যক। বয়সের নিয়ম নাই, এবং (হোমাদি) গ্রহণ ক্রিয়া সম্পাদন করিতেই হইবে এমত নহে; এতাবতা দ্বৈত পরিশিষ্টে কেশব মিশ্র এই রূপ পুত্র গ্রহণের উল্লেখ করিয়া উক্তি করিয়াছেন যে—কোন ব্যক্তি আপন ভ্রাতাকে অথবা-পিতাকেও গ্রহণ করিতে পারে। কিন্তু গৃহীত হওনের পর ঐ পুত্র ও তাহার সন্ততি জনকগোত্র বলিয়াই অবধৃত হয়, এবং তাদৃশ পুত্র জনক ও গ্রহীতা উভয় কুলের দায়াধিকারী হয়। এই রূপ পুত্র গ্রহণে আর এক বিশেষ এই যে কোন বিধবা পতির স্থানে তাদৃশ পুত্র গ্রহণার্থে অনুমতি পাইয়া থাকিলেও তাহার গৃহীত পুত্র তদ্গ্রহণদ্বারা তৎপতির পুত্র হইবে না, অপিচ যে ব্যক্তি গৃহীত হওনের নিমিত্তে নামিত হয় তাহার স্পষ্ট অনুমতি গ্রহীতৃ-ব্যক্তির জীবনকালেই লইতে হইবে। এই কৃত্রিম পুত্রত্ব সম্বন্ধ (যথা উপরেই উক্ত হইয়াছে) গ্রহীতা ও গৃহীতের মধ্যেই বর্ত্তে,—এতাবতা এই রূপে গৃহীত পুত্র গ্রহীতার পিতার পৌত্র গণিত হইবে না, এবং গৃহীতের পুত্রও গ্রহীতার পৌত্র হইবে না, কৃত্রিম পুত্র যাজ্ঞবল্ক্যের গণনানুসারে নবম পুত্র হওয়াতে জ্ঞাতির ধনে অধিকারী হয় না।

স্ত্রী-ধন।

কোন নারী সন্তান বিহীনাবস্থায় মরিলে অর্থাৎ দুহিতা*, দৌহিত্রী, দৌহিত্র পুত্র ও পৌত্র বিহীনাবস্থায় মরিলে সৌদায়িকাদি স্ত্রীধন তাহার ভর্ত্তা প্রভৃতি পাইবে। ব্রাহ্ম, দৈব, আর্ষ বা প্রাজাপত্য বিবাহে বিবাহিতা স্ত্রী উপরি উক্ত রূপ সন্তান বিহীনাবস্থায় মরিলে তাহার ধনে প্রথমে ভর্ত্তার অধিকার, তদভাবে আসন্নতম সপিণ্ডদের অধিকার; পরন্তু আসুর, গান্ধর্ব্ব, রাক্ষস বা পৈশাচ বিবাহে বিবাহিতা নিস্সন্তান নারীর ধনে তাহার মাতা পিতা ক্রমে অধিকারি। ইহাদের অভাবে ইহাদের আসন্নতম সম্পর্কীয়েরা ক্রমে অধিকারি, যে কোনরূপ বিবাহে বিবাহিতা নারী সন্তান রাখিয়া মরিলে তদ্ধনে দুহিতা অধিকারিণী*;—বিবাহিতা এবং অবিবাহিতা উভয়রূপ দুহিতা থাকিলে প্রথমে অবিবাহিতা অধিকারিণী, তদভাবে বিবাহিতা অধিকারিণী, বিবাহিতাদের মধ্যে প্রথমে দরিদ্রা তদভাবে ধনশালিনী অধিকারিণী; পরন্তু (মাতৃ-ধনে উক্ত ক্রমে দুহিতাদের অধিকারের যে নিয়ম সে শুল্ক ভিন্ন অন্যধনে, কেননা) শুল্ক রূপ ধন সহোদর ভ্রাতার হয়। সকলরূপ দুহিতার অভাবে দৌহিত্রী অধিকারিণী, ভিন্ন২ মাতৃজা অসম সংখ্যা অনেক দৌহিত্রী থাকিলে তত্তন্মাতৃ সংখ্যানুসারে তাহাদের মধ্যে ধন বিভক্ত হইবে। দুহিতা ও দৌহিত্রী উভয়ই বর্ত্তমানা থাকিলে দৌহিত্রীকে যৎকিঞ্চিৎ দত্ত হইবে, দৌহিত্রীর অভাবে দৌহিত্র অধিকারী, দৌহিত্রের অভাবে পুত্র*, পুত্রাভাবে পৌত্রেরা পিতামহীর ধনে অধিকারি। তদভাবে ভর্ত্তা ও ভর্ত্তৃসপিণ্ডেরা উক্ত ক্রমে অধিকারি*।

---

* মাধ্যাচার্য্য কহেন "মাতার কেবল তাদৃশ স্ত্রীধনে যাহা পতিকুল হইতে লব্ধ পুত্র ও দুহিতা একত্র অধিকারি।

+ দ্রষ্টব্য—মিতাক্ষরা পৃ. ২২৮—২৩১। কোলব্রুকের মিতাক্ষরানুবাদ. পৃ. ৩৬১—৩৭২। এস্‌ট্রে, হি ল, বা, ১, পৃ, ২৪১, ২৪৮। এবঞ্চ মেক্‌, হি, ল, বা, ১, পৃ, ৩৮—৪০।

দায় ভাগের টীকায় শ্রীকৃষ্ণতর্কালঙ্কারের লিখিত স্ত্রীধনের ক্রম, যাহা কোলব্রুক সাহেব অনুবাদ করিয়াছেন, সর উইলিয়ম মেকনাটনসাহেব তাহাই নিজগ্রন্থে তুলিয়া কহেন—"যে ক্রম উপরি দর্শিত হইল তাহা প্রধানতঃ কোলব্রুকের

According to the *Mayúkha*, an authority of the greatest eminence among the *Mahrattas*, the restriction as to age relates only to cases where no relationship subsists; but when a relation, or *sagotra*, is to be adopted, no obstacle exists on account of his being of mature age, married, and having a family.

In *Mithilà*, where the *Kritrima* form of adoption prevails, there is no sort of restriction except as to tribe, it being requisite that the tribe of the adopting father and that of the adopted son be the same. There is no limit as to age, and no condition as to the performance of ceremonies; so much so that *Keshava Misra*, in the *Dvoita-Purishishta*, treating of this description of adoption, has declared that a man may adopt his own brother, or even his own father. But he, as well as his issue, continues after the adoption to be considered a member of his natural family, and he takes the inheritance both of his own family and that of his adopting father. Another peculiarity of this species of adoption, is that a person, adopted in this form by a widow, does not thereby become the adopted son of the husband, even though the adoption should have been permitted by the husband; and the express consent of the person nominated for the adoption must be obtained during the life-time of the adopting party. This relation of *Kritrima* son extends, as has been already observed, to the contracting parties only; and the son so adopted will not be considered the grandson of the adopting father's father, nor will the son of the adopted be considered the grandson of his adopting father. He does not inherits collaterally, being the ninth in the enumeration, according to *Jágnyavalkya*.

STRI'DHAN.

If a woman die "without issue," that is, leaving no progeny, in other words, having no daughter, nor daughter's daughter, nor daughter's son, nor son, nor son's son, the woman's property, given by affectionate friends and so forth, shall be taken by her husband and the rest. —Of a woman, who dies without issue, as before stated, and who had become a wife by any of the four modes of marriage denominated *Bráhma*, *Doiva*, *A'rsha*, and *Prájápatya*, the property, as before described, belongs in the first place to her husband. On failure of him, it goes to his nearest kinsmen (*sapiñdas*) allied by funeral oblations. But, in the other forms of marriage, called *A'sura*, *Gándharva*, *Rákshasa*, and *Poishácha*, the property of a childless woman goes successively to her mother and father. On failure of them, their next of kin take the succession. In all forms of marriage, if the woman leave progeny, her property goes to her daughter.* And here in the case of competition between married and maiden daughters, the unmarried take the succession; but, on failure of them, the married daughters, and here again in the case of competition between such as are provided and those who are unendowed, the unendowed take the succession first; but, on failure of them, those who are endowed. But this (rule, for the daughter's succession to the mother's goods) is exclusive of the fee or gratuity; for that goes to the brothers of the whole blood. On failure of all daughters, the grandaughters in the female line take the succession. If there be a multitude of these [grandaughters,] children of different mothers, and unequal in number, shares should be allotted to them through their mothers. But if there be daughters as well as daughter's daughters, a trifle only is given to the daughter's daughters; on failure also of daughter's daughters, the daughter's sons are entitled to the succession. If there be no grandsons in the female line, sons* take the property; on failure of sons, grandsons inherit their paternal grandmother's wealth. On failure of grandsons also, the husband and other relatives abovementioned are successors to the wealth.†

* *Mádhyáchárjya* contends that sons and daughters inherit their mother's *peculium* together, only where it was derived from the family of the husband.

† *Vide* Coleb. *Miták.* Ch. II. Sect. 11, § 9—33; Str. H. L. Vol. II. p. 247,248; also Macn. H. L. Vol. I. pp. 38—40.

Sir. William Macnaghten, adopting in his book *Srikrishna Tarkálankára's* order of succession

কোন রূপে বাগ্‌দত্তা কন্যা বিবাহ সম্পূর্ণ হওনের পূর্ব্বে মরিলে বরদত্ত ধন বরে উভয় পক্ষের ব্যয় দিয়া পুনর্গ্রহণ করিবে। কিন্তু ঐ কন্যার মাতামহ প্রভৃতির দত্ত শিরোভূষণ এবং আর২ উপঢৌকন, ও সে উত্তরাধিকারিণী রূপে যে ধন অধিকার করিয়া থাকে তাহাতে তাহার সহোদরভ্রাতার অধিকার। ঐ ভ্রাতার অভাবে তাহাতে মাতা অধিকারিণী তদভাবে পিতা অধিকারী।

কোন২ অবস্থাতে সন্তান থাকিলেও পতি পত্নীর ধন তাহার জীবন কালে লইতে পারে। যথা দৌর্ভিক্ষ্যে পরিবার পালনার্থে, অবশ্য কর্ত্তব্য ধর্ম্ম কার্য্যে, পীড়িতাবস্থায়, কারারুদ্ধাবস্থায়, শারীরিক দণ্ডকালে, পতি উপায়ান্তর বিহীন হইয়া পত্নীর ধন লইলে তাহা পুনর্ব্বার দিতে বাধিত নহে; কিন্তু যদি অন্য কোন অবস্থায় গ্রহণ করে তবে অবশ্যই তাহা পরিশোধ করিতে হইবে। পরন্তু পত্নীর জীবন কালে তাহার ধন পতি ভিন্ন অন্য কেহ লইতে পারিবে না। পত্নীরা পতির জীবন কালে যে যে অলঙ্কার পরিধান করে তাহা পতির উত্তরাধিকারিরা বিভাগ করিয়া লইতে পারিবে না। যাহারা তাহা লইবে তাহারা পতিত।

বিভক্ত বা অবিভক্ত বিষয়ের দানাদি।

বঙ্গভিন্ন অন্য প্রদেশে প্রচলিত শাস্ত্রে প্রাদেশিক স্বত্ব স্বীকৃত না হওয়াতে অবিভক্ত দায়াদগণের মধ্যে কেহ সাধারণ বিষয়ের কিয়দংশও দানাদি করিতে পারেনা। পরন্তু পুত্রেরা ও পৌত্রেরা অপ্রাপ্তব্যবহার ও দানাদিতে সম্মতি দিতে অযোগ্য বা অপারক হইলে অথবা অবিভক্ত ভ্রাতারা তদবস্থ থাকিলে (তৎপরিবারের মধ্যে) সমর্থ এক জনও স্থাবর বিষয়ের দানাধান বা বিক্রয় করিতে পারে—যদি তাহা পরিবারবর্গের বিপদ্‌মোচন অথবা পালনজন্য আবশ্যক হয় কিম্বা অবশ্য কর্ত্তব্য কার্য্যে যথা পিতৃশ্রাদ্ধাদি নিমিত্তে নিতান্ত আবশ্যক হয়*। যে ব্যক্তির প্রতিবন্ধক উত্তরাধিকারি পুত্রাদি সন্তান নাই বিষয়ের উপর (তাহা যে কোন রূপে লব্ধ বা উপার্জ্জিত হউক) তাহার সম্পূর্ণ প্রভুত্ব আছে। কিন্তু যাহার প্রতিবন্ধক উত্তরাধিকারী আছে সে স্বার্জ্জিত বা পৈতৃক অস্থাবর বিষয় শাস্ত্রাদিষ্টকার্য্যে দানাদি করিতে পারে, স্বার্জ্জিত স্থাবর বিষয় তদ্রূপ দায়াদের সম্মতি না লইয়া দানাদি করিতে পারে না। বিশেষতঃ পৈতৃক স্থাবর বিষয় দানাদি করিতে তাহার কোন ক্ষমতা নাই,—কেননা তাহাতে তদ্ধনির স্বত্ব সর্ব্বদা সঙ্কুচিত, ও পুত্র পৌত্র প্রপৌত্রেরা অধিকারধ্বংসি দোষবর্জ্জিত হইলে তাহাতে তাহারা ধনির সম স্বত্ববন্ত কথিত,—এমত যে বিশেষ এবং অত্যাবশ্যক কার্য্য ভিন্ন ধনি সন্তানদিগের সম্মতি বিনা তাহা দানাদি করিতে অথবা তন্মধ্যে কাহাকেও অন্যাপেক্ষা করিয়া অধিক দিতে পারেননা†। কেবল পরিবার পালনার্থে যথেষ্ট হইয়া উদ্বৃত্ত থাকিলে কিঞ্চিন্মাত্র দানাদি করিতে পারে‡।

আর২ বিষয়ে বঙ্গদেশীয় এবং অন্যান্য দেশীয় ব্যবহার শাস্ত্রের মধ্যে তাদৃক্ প্রভেদ নাই।

দায়ভাগের অনুবাদ হইতে নীত; আমার বোধ হয় না যে এবিষয়ে ভিন্ন২ প্রদেশে প্রচলিত শাস্ত্রে গুরুতররূপ বিশেষ আছে। কেবল (সঙ্ক্রান্ত ধনাধিকার বৎ) কাশীপ্রদেশীয় শাস্ত্রে দরিদ্রা ও ধনশালিনী দুহিতাদের মধ্যে বিশেষ করা হইয়াছে”। কিন্তু তাঁহার লিখিত ক্রম (যাহা কেবল বঙ্গদেশীয় শাস্ত্রানুসারি মাত্র) আর২ দেশীয় স্ত্রী ধনাধিকার ক্রম হইতে অনেক বিভিন্ন, তাহা অব্যবহিত উপরি বর্ণিত ক্রম (যাহা মিতাক্ষরা হইতে নীত হওয়ায় কাশ্যাদি দেশীয় শাস্ত্রাসম্মত স্ত্রীধনাধিকার ক্রম) ৮২১ পৃষ্ঠায় শ্রীকৃষ্ণতর্কালঙ্কারের ক্রমানুসারে লিখিত স্ত্রী-ধনাধিকার ক্রমের সহিত মিলাইলেই স্পষ্ট উপলব্ধি হইবে।

* দ্রষ্টব্য মিতাক্ষরা পৃ. ১৭৩। কোল, ঐ, পৃ. ২৫৭।

† দ্রষ্টব্য—মিতাক্ষরা পৃ০ ১৭৭ ও ১৭৩। কোল, ঐ, পৃ, ২৪২, ২৫৩। এস্‌ট্রে০ হি০ ল০ বা০ ২, পৃ০ ২। এবঙ্ মেক০ হি০ ল০ বা. ১, পৃ, ২ ও ৩।

‡ দ্রষ্টব্য—মিতাক্ষরা পৃ. ২৫৯। কোল, ডা, বা, ২, পৃ ১১২, ১১৩, ১২৮।

সত্যং স্মরন্ বিতনুতে ব্যবস্থা-দর্পণং স্মৃতেঃ।
শ্রীশ্যামাচরণো বিপ্রোব্যবস্থাসুখদৃষ্টয়ে॥

সমাপ্ত।

Should a damsel, any how affianced, die before the completion of the marriage, let the bridegroom take back the gifts which he had presented, paying, however, the charges on both sides. But her uterine brother shall have the ornaments for the head, and other gifts which may have been presented to the maiden by her maternal grandfather, or other relations; as well as the property which may have been regulary inherited by her. On failure of them, it shall belong to the mother; or if she be dead, to the father.

In certain circumstances, a husband is allowed to take his wife's goods in her life time, and although she have issue. For instance, in a famine, for the preservation of the family, or at a time when a religious duty must indispensably be performed, or in illness, or during restraint or confinement in prison or under corporal penalties, the husband, being destitute of other funds and therefore taking his wife's property, is not liable to restore it. But if he seize it in any other manner, or under other circumstances, he must make it good. The property of a woman must not be taken in her life-time by any relation other than her husband: and such ornaments, as are worn by women during the life of their husbands, the heirs of the husband shall not divide among themselves: they who do so are degraded from their tribe.

ALIENATION OF THE UNDIVIDED OR DIVIDED PROPERTY.

The *Hindu* law, as current in the provinces other than that of Bengal, not recognising, any individual co-parcener's proportional right in the joint property, none of the co-parceners in those provinces is competent to make a gift or other disposition of the undivided estate. Nevertheless, while the sons and grandsons are minors, and incaplable of giving their consent to a gift and the like or while brothers are so and continue unseparated; even one person, who iscapable, may make a gift, mortgage or sale of immovable property, if a calamity affecting the whole family require it, or the support of the family render it necessary, or indispensable duties, such as the obsequies of the father or the like, make it unavoidable.* The man, who has no son or other descendant capable of obstructing, has absolute power over the property any how acquired; but he, who has an heir or heirs of the above description, can alienate the movable property, ancestral or self-acquired, for purposes prescribed by law, but cannot alienate the self-acquired real property without the consent of such heir or heirs; more especially he has no power to alienate the ancestral real property, because in such property the right is always limited; and the sons, grandsons, and great grandsons of the occupant, supposing them to be free from those defects, mental or corporeal, which are held to defeat the right of inheritance, are declared to possess an interest in the property in question equal to that of the occupant himself; except when the income of the property is more than sufficient for the maintenance of the family, in which case he may dispose of some part of it.‡

In other respects there is no material difference between the law as current in Bengal and that in the other schools.

to the *Strídhan*, says: "The order above given is chiefly taken from Colebrooke's translation of the *Dáyabhága*, page 100. I do not find that the law in this particular varies materially in the different schools; except that (as in the case of succession to ordinary property) a distinction is made by the law of Benares, and other schools, between wealthy and indigent daughters." (vol. I. p. 40.) But the order of succession which is adopted by him and which in truth is exclusively according to the Bengal law, is far different from that laid down by the authorities of the other schools; as will be manifest by collating the order of succession, set forth above, (which, being taken from the *Mitákshará*, is according to the law other than that of Bengal) with that shown at page 920, which is in accordance with *Srí krishna Tarkálankára's* order adopted by the learned gentleman.

* *Vide* Coleb. *Miták.* Ch. I. Sect. 1. § 29. † *Vide* Coleb. *Miták.* Ch. I. Sect. 1, § 3 & 27.

‡ See *Miták.* Sans. p. 259. and Coleb. Dig. vol. II. pp. 112, 118, & 128.

☞ This Index, though more copious than any other of the kind, relates generally to the *Vyavasthás* or principles, besides which there are, at the end of each section or set of *Vyavasthás*, admitted legal opinions called precedents, and cases bearing on most of those principles. All these are not, however, invariably noted in the Index, as the opinions bearing on a particular point may be easily found at the end of the section in which the principle respecting the same is laid down; and the case or cases illustrating a particular principle by tracing the number thereof which is the same with that of the principle itself. See Pref. p. xxix.

INDEX.

Page.

B.

C.

D.

M.

N

O

T.

U.

V.

W